# The Ramakrishna Mission Institute of Culture Library

Presented by

Si S. Nr. Sen

6

137191



### শ্রীগোপাল বস্থ-মন্লিক

# ফেলোশিপ-প্রবন্ধ।

চতুৰ্থ খণ্ড

( হিন্দুদর্শন "তৃতীয় অংশ )

#### মহামহোপাধ্যায় ---

## শ্রীযুক্ত তুর্গাচরণ সাংখ্য-বেদাস্ততীর্থ-বেদাস্তবারিধি-

প্রণীত।

প্রীসুরেন্দ্রনাথ ভট্টাচার্য্য কর্তৃক্ প্রকাশিত।

> ৭৯৷১, পদ্মপুকুর রোড্, ভবানীপুর, কলিকাতা।

> > সন ১০০০–চৈত্ৰ।



न्गा->॥• जाना यादा ।

#### TARAK CH. DAS

AT THE

#### BIANA PRINTING WORKS.

6, ASHUTOSH MODKERJEE ROAD.

BROWARIPUR, CALCUTTA,

RMICLIBRARY

Presented by Sni S. Ir. Sen

rd

### প্রস্তাবনা।

ভগবৎকুপার আন্ধ প্রিলোপোলা বাসু-মন্ত্রিক কেলোবিপাপ-প্রবিদ্ধের চতুর্থ খণ্ড মৃত্রিত ও প্রকাশিত ইইল। এই
খণ্ড প্রধানতঃ বেলান্তবিষয়ক আলোচনায় পরিসমাপ্ত ইইয়াছে। ভগবান্
বেলব্যাস-প্রনীত বেলান্তবর্গরক আলোচনায় পরিসমাপ্ত ইইয়াছে। ভগবান্
বেলব্যাস-প্রনীত বেলান্তবর্গনিই ও থণ্ডের প্রধান উপজীবা। বেলান্তদর্শনের চারে অধ্যান্তের বোলটী পালে যে সমূল্য বিষয় আলোচিত ও
মীমাংসিত ইইয়াছে, প্রবন্ধে পর্যায়ক্রমে সেই সমন্ত বিষয়ই সনিবেশিন্ত
ইইয়াছে। মানিত্রশিক্ত বিষয়গুলির দৃঢ়তা ও প্রামাণ্য সংপাদনার্থ
উপযোগীমত—প্রায় সমন্ত স্থাই প্রবন্ধনাধ্য সন্নিবেশিন্ত করা ইইয়াছে।
দর্শনের যে সকল অংশ নিভান্ত কঠোর তর্কজালে জড়িত, অথবা সাধারণ
বৃদ্ধির অগম্য—হুরুহতন্তে পরিপূর্ণ, কেবল দেই সকল অংশই পরিত্যক্ত
ইইয়াছে; কিন্তু অংশগুলি পবিত্যক্ত ইইলেও সে সকলের স্থুল তাৎপর্য্য
বা সার-মর্ম্ম কোধাণ্ড উপেক্ষিত হয় নাই।

প্রবন্ধনথ্য প্রধানতঃ আচার্য্য শব্ধবের অভিমত্ত —বিশুদ্ধ অবৈতবাদশব্দত বেলান্তব্যাপাই সর্ব্ধান অনুস্ত হইরাছে। আনশ্যকমতে অক্সাক্ত
দার্শনিকগণের মতবাদও স্থানে স্থানে সন্নিবেশিত ও আলোচিত ইইরাছে।
আচার্য্য শব্ধরের অভিমত অবৈতবাদ প্রধানতঃ মারাবাদের উপর প্রতিক্তিত। শাক্ষর দর্শন হইতে মারাবাদ উঠাইয়া লইলে শব্ধবের অভিপ্রির
অবৈতবাদই চলিল্লা ধার। সেই জন্যই আচার্য্য শব্ধর মানার উপরে

বিশেষ নির্ভর করিয়াছেন। অঘটন-ঘটনপটীয়পী মায়ার সহারতা লইয়াই তিনি একদিকে ব্রহ্মের নির্কিশেষ আধিতীয়ভাব রক্ষা করিয়াছিলেন, এবং অপর দিকে জীব ও জগৎপ্রশক্ষের ভেদও রক্ষা করিতে সমর্থ হইয়াছিলেন। কাজেই বলিতে হর যে, শক্ষরের অধৈতবাদ মায়াবাদের উপর প্রতিষ্ঠিত।

আচার্য্য শকর, বে মায়ার সহায়তার আপনাব অভিমত সিদ্ধান্ত সংস্থাপন করিয়াছিলেন। সেই মায়ার মূল কোথায় ? তিনি কোথা হইতে এই মায়ার সন্ধান পাইলেন, তাহা জানিবার জন্য বাধে হয়, আনেকেরই কৌতৃহল হইতে পারে। যুক্তির সাহায্যে মায়ার প্রক্লক অকসা নির্দ্ধান করা বড় সহজ্ঞ হয় না। পরিমাজ্ঞিত তর্কহারা ঐরপ একটা কিছু থাকা অমুমিত হইলেও উহা সম্পূর্ণরূপে সংশয়শূন্য হয় না। বিশেষতঃ আচার্য্যসম্প্রদার মায়ার বেরপে ছবি অঞ্চিত ইয় না। বিশেষতঃ আচার্য্যসম্প্রদার মায়ার বেরপে ছবি অঞ্চিত হয় না। বিশেষতঃ আচার্য্যসম্প্রদার মায়ার বেরপে ছবি অঞ্চিত হয় না। এই কারণেই রামায়্রপ্রভৃতি অচার্য্যগণ শকর-সন্মত মায়াবাদের বিরুদ্ধে বহুপ্রকার তর্কয়ুক্তির অবতারণা করিতে সমর্থ হয়্য়াছেন। অতএব কেবল মুক্তিতর্কের সাহায্যে মায়ার য়র্প্রপ ও সদ্ভাব নির্ণন্ন করা নিরাপদ নহে। শাল্লের দিক্ দিয়া মায়ার মূলায়্রসন্ধান করিতে গেলে, উপনিষদের মধ্যে আমরা প্রথমে মায়ার উল্লেখ দেখিতে পাই। প্রামাণিক উপনিষদের মধ্যে বহুদারণ্যক ও শ্রেতাশ্বতর উপনিষদেই আমরা প্রথমে মায়ার সঙ্গেপরিচিত হই। বহুদারণ্যকে আছে—

"ইন্দ্রো মায়াভি: প্রকরণ সমতে"

শর্কাৎ ইস্ত-শব্দবাচ্য প্রদেশর মায়াঘারা বছরণে প্রকাশ পান।

 শেতাশতরে আছে—

"মায়াং ভূ প্রকৃতিং বিদ্যাৎ মারিনং ভূ বহেশরষ্"।

অর্থাৎ মায়াকে প্রকৃতি বলিরা জানিবে, আর মারাবিশিষ্টকে পর-মেশ্বর বলিয়া জানিবে। আরও আছে—

#### "ভিস্মিংশ্চান্যো মার্যা সরিরু**দ্ধঃ"।**

অর্ধাৎ অজ্ঞ জীব মারাদারা সংসারে আবদ্ধ হর। এইরূপ আরও বছঝানে মারাশব্দের উল্লেখ দৃষ্ট হর। ইহা ছাড়া বেদাস্তদর্শনের ভৃতীর অধ্যারে অপ্রদৃশ্যের অরপ নির্দেশ প্রসঙ্গে একটীমাত্র স্থতে "মারা" শব্দের বিশাই উল্লেখ দেখিতে পাওয়া যার—

### "নারামাত্রং তু কাৎস্মে নানভিব্যক্তমন্ত্রপদ্বাৎ" **॥**

কিন্তু এ সকলের মধ্যে কোথাও "মারা"র অরপ বা পরিচয় বির্তু করা হয় লাই, কেবল অ্বুল ভল্লাভ মাত্র উহার ব্যবহারিক অর্থ কতকটা উদ্লাটিভ করা বাইতে পারে। প্রকৃতপক্ষে মায়ার অরপ আচার্য্যপণ বেভাবে বির্তু করিরাছেন, মনে হর, প্রধানতঃ প্রাণ ও ইতিহাস শাস্ত্র ইতেই তাহার উপান্ধান সংগ্রহ করিয়াছেন। কারণ, পুরাণ শাস্ত্রই নানায়ানে মায়াশজির ক্রমণ মহিমা তারঅরে ঘোষণা করিয়া স্প্রতিত্ব ও ভগবৎ-তত্ব ব্রাইতে সম্ধিক প্রয়াস পাইয়াছেন। মনে হয়, আচার্য্য শহরর প্রাণাদিপ্রসিদ্ধ সেই মায়াবাদকেই অবলম্বন করিয়াছেন, এবং তাহার সাহায্যেই আপনার অভীই অবৈতবাদ সমর্থন করিয়াছেন; স্বতরাং শহরকে মায়াবাদের স্প্রইক্র্যা বাল্যা কিংবা তাঁহাকে মায়াবাদী বলিয়া বাহারা উপহাস করেন, তাঁহারা আপনাদেরই অনভিজ্ঞতার পূর্ণ পরিচয় প্রদান করিয়া থাকেন। আচার্য্য শহর এই মায়াবাদের সাহায্যে যে উদারমত (অবৈতবাদ) প্রচার করিয়া গিয়ছেন, তাহার নিগৃত্ রহস্য হ্রদয়ে ধারণা করিতে পারিলে, সর্বপ্রকার নাম্প্রদারিক বিরোধ তিরোহিত হইয়া যায়, এবং শান্তির সহচর সমদর্শনের বার পুলিয়া যায়। এই জন্য আমরা প্রবন্ধয়ে প্রধানতঃ শহর-মতেরই

অনুসরণ করিয়াছি, এবং পরিশেষে উপসংহারপ্রসঙ্গে বেদাস্তাম্থ্যত অস্তান্ত দার্শনিক সম্প্রদায়ের সম্মত মুক্তির কথাও আলোচনা করিয়া এই প্রবন্ধ শেষ করা হইয়াছে।

প্রবন্ধে স্থাতঃ বেদান্তের সমস্ত বিষয় সন্নিবেশিত হইলেও প্রবন্ধের আন্তরন্ধিব ভবে সকল বিষয় বিশ্লেষণপূর্ব্ধক ইচ্ছামত আলোচনা করিবার ক্ষয়োগ ঘটে নাই। এই জন্ত ইহারই পরিশিষ্টরূপে 'ব্রেদ্যান্ত-প্রবন্ধে?' নামে আব একটী স্বতন্ত্র প্রবন্ধ প্রকাশ করিতে ইচ্ছা আছে; এবং তাহার মূদ্রণকার্যাও আরম্ভ করা হইয়াছে। তাহা পাঠ করিলে বেদান্ত-বিষয়ে কোন কথাই অবিজ্ঞাত থাকিবে না। আশা করি, শীঘ্রই ঐ ধন্ত পাঠকবর্দের সম্মুখে উপস্থিত করিতে সমর্থ ইইব। ইতি—সন ১৩৩০, চৈত্র।

ভবানীপুর— ভাগবভ চতুসাঠী সন ১৩৩০, চৈত্র

শ্রিদুর্গাচরণ শর্মা

বেদান্ত-প্রবিক্ষ নামে যে, আর একটা খণ্ড মুদ্রিত হই-তেছে, তাহাতে কেবল শঙ্করাচার্য্যের অবৈতবাদমাত্র থাকিবে না। বেদান্ত-দর্শন অবলম্বনে বত প্রকার দার্শনিক সম্প্রদায় আছে, সেই সকল সম্প্রদায়ের মতবাদন্ত সেই খণ্ডে বিশন্ধ ভাবে আলোচিত হইয়াছে। ফল কথা, এই পুস্তকখানি বেদান্তের সর্ববাবয়বপূর্ণ পুস্তক বলিলে অত্যক্তি হয় না।

## বিষয়-সূচী।

विवर			পূচা
১1 অবতরণিকা	•••	***	5
(ক) বেদান্তের প্রভাব ও প্রতিষ্ঠা	•••	•••	ર
(শ) বেড়ান্ত ও উপনিষদ্কধার অর্থ	•••	•••	•
(গ) বেদান্তের প্রস্থানতম 🚥	•••	•••	•
(খ) প্রাও অপ্রাবিদ্বা 🐽	•••	***	٩
२। বেদান্তদর্শন ও তাহার শুরুত্ব	•••	100	۶.
<ul> <li>। द्वारायम्बित्व द्वलाभ्योदिष्</li> </ul>	•••	•••	20
8। (वनास्त्रपर्णातत्र প্রতি সর্ব্বসম্প্রদায়কর্তৃক	वानत होन	নি 😉	
गाथाश्रद्ध व्यन्त्रन		•••	56
(क) (वनास मन्दक डेनवनाচार्यात मछ	•••	•••	36
৫। বেদবাদের আবির্ভাব কাল	400	•••	₹•
৬। এক্সহত্র-রচনার কাল	•••	•••	42
(ক) পুরাণ ও ইতিহাসের উদ্দেশ্ত	***	•••	રદ
(ধ) ব্ৰহ্মত্ত পুরাণাদি শাল্পেরও বছপূর্বব	ৰ্জী	•••	26
१। 'दामास मर्नात्म विवय विकाश	•••	•••	२७
(ক) বেদাক্তদর্শনের অধ্যার, পাদ ও ক্রেস	रका	***	ર૧

विवन्न		পৃষ্ঠা
(ৰ) "সমখরাধ্য" প্রথম অধ্যায়ের প্রতিপাদ্য বিষয়	•••	२१
(গ) "অবিরোধাধ্য" বিতীয় 🦼 🍃	•••	**
(ৰ) "সাধনাৰঃ" তৃতীয় 🍃 🍃	••	₹ >
(৩) "ফলাধ্যার" নামক চতুর্থ 🔭 🦼	•••	••
৮। বেদাস্তদর্শনে শ্রুতিবাক্যের প্রাধান্য	•••	٥5
>। উল্লেখবোগ্য ব্যাখ্যা ও প্রকবণগ্রন্থ-প্রণেড়গণের নাম		৩২
>•। বেদাস্তদর্শনের ভাষ্যাদি ব্যাৎ্যগ্রন্থ	•••	••
১ <b>১ ৷ আচার্য্য শহ</b> রের আনির্ভাবকাল	•••	28
১২। " শহর বিভ্রতবৈত্বাদী ছিলেন 🚥	¶	30
১৩। শান্ধর ভাষ্যের নীকাকাংগণের নাম	.444	<b>د</b> د
১৪। শাহৰ সম্প্ৰদায়কত একবণ গ্ৰন্থ	• • •	8 •
১৫। ভগৰান্ শহরের বিভদ্ধারৈতবাদ	•••	8 •
১৬। সৃষ্টিসম্বন্ধে তিনপ্রকার মতবাদ (ফুট নোট)	•. •	85
১ । বেদের কোন অংশই অপ্রমাণ বা উপেক্ষণীর নছে	•••	8.9
১৮। বৈতবোধক শ্রুতি অমুবাদকমাত্র (অপ্রমাণ)	74.	88
১৯। বিবর্ত্তবাদ ও সগুণবাদের কথা	•••	8.9
(ক) নিশুৰ্ণমুবোধক শ্ৰুতিবাক্ষেয়ৰ বলবন্তা	•••	86
(ৰ) স্থেপ্ৰবাদের সাৰ্থকতা উপাসনা কাৰ্য্যে, আরু নিশু	<b>14</b> .	
বাদের সার্থকতা তত্ত্বস্থানে	***	8>
২ <b>০। শন্ধ</b> রের অভিমন্ত ব্রহ্ম	•••	8>
২১। শাক্তরমতের বিরুদ্ধে নৈরারিকমত 🗂		•
. ২২। দৈরাধিকমতের উত্তরে শাস্কর সম্প্রদারের কথা	•••	45
		,

विवद			<del>१।</del>
২৩। বৌদ্ধনত ও তাহার সম্প্রদায়বিভাগ	•••	•••	•
(ক) "সৌত্রান্তিক" ও "বৈভাষিকে"র ম	· &	•••	•
(ৰ) "যোগাচার" মত	•••	•••	er
(গ) "মাণ্যমিক" মত	•••	•••	93
২৪। বৌদ্ধমতের সহিত শাঙ্করমতের তুলনা	•••	•••	4
<b>२९। भात्राचान अध्यक्त (बोक्स्वान नरह</b>	•••	•••	٩.
२७। मक्टवत् व्यशामवाम	•••	•••	1>
(ক: "ভাদাখ্যাধ্যাস" ও "সংসগ্যাধ্যাস"	(স্ট নোট		9.8
(খ) স্ষ্টিপ্ৰবাহ অনাদি	•••	•••	16
(গ) অধ্যাদেব অর্থ	•••	•••	99
(খ) - মার। ৰাদেব উপযোগিতা	•••	•••	۲,
(ঙ) আত্মজ্ঞান ৰাতীত অধ্যাস-নিবৃত্তি অ	সম্ভব	•••	45
২৭। ব্ৰদ্ধ-জিজাসাও বড়্বিধ সাধন	***	•••	ъ,
২৮ ৷ ব্রন্ধের পরিচয়	•••	•••	<b>b</b> 8
২১। ব্রন্ধের "স্বরূপ লক্ষণ" ও "ভটস্থ লক্ষণ"	•••	•••	<b>&gt;</b>
৩০ ৷ জগতের মূল কারণসক্ষমে অক্তান্ত দর্শনে	র মন্ত	•••	<b>&gt; •</b>
७)। द्याञ्चनर्गत्मत्र श्राम उत्पन	•••	•••	<b>b</b>
৫২। শব্দেব মুখ্য ও গৌণ অর্থ (ফুট নোট)	•••	•••	>>
👓। বাক্যের তাৎপর্যানির্ণয়ের উপান্ন	•••	•••	24
<ul> <li>পৃৰ্ব শীমাংসাৰ মতে ক্রিৱাহীন বাকে</li> </ul>	-	ৰে আপন্তি	> 8
(খ) শহবমতে উক্ত আপত্তির খণ্ডন	***	•••	20
৩৪। জ্ঞান ও উপাসনার প্রতেদ		•••	:4
🕬। 'ব্ৰহ্ম জগতেৰ মৃদ্য কাৰণ	•••	•••	22
(ক) "সদেব সোম্যা শ্রাভির শঙ্কা-সন্মত '	4 d	,	>>

<del>विवर</del>	পৃষ্ঠা
(খ) সাংখ্যসম্ভ প্রকৃতি উপনিষদ ্প্রতিপাদ্য নহে	··· >•·
(গ) "মহতঃ পরং" কথার অর্থ	>•9
(ম) 'অজা' প্রভৃতি শব্দ 'প্রকৃতির' পরিচারক নহে	*** 55
🕶 । ব্রহ্ম-কারণতাবাদের বিপক্ষে দ্বিতীয় আপত্তি	>>
৩৭। উক্ত আপন্তির থণ্ডন	>>8
(ক) স্ষ্টিতম্ব প্রতিপাদন করা উপনিবদের উচ্চেশ্র নহে	
৩৮। ব্ৰহ্ম নিমিত্ত কারণ ও উপাদান কারণ	>>9
(ক) একই বস্তুৰ উভয়প্ৰকায় কাৰণতাপক্ষে দৃঠান্ত	>>>
৩৯। জগতেব মৃশ কবেণসম্বন্ধে মতাস্তর	A. 250
(ক) মাহেখব সম্প্রদারেব মত	a 588
(ৰ) বৈশেষিকগণেৰ মত	5 <b>२</b> €
(গ) উক্ত মতস্কলের খণ্ডম	> <b>&gt;</b> e
(ব) চতুৰ্তিহবাদী পাঞ্চবাত সি <b>দার</b>	>>6
(६) উक त्रिकारछत्र थश्वन	>₹1
👀। ভৃতস্থ ও ভৌতিক সৃষ্টি	500
(ক) আকাশের উৎপত্তি	505
(খ) আকাণের নিরবয়বন্ধ ও নিত্যন্থ খণ্ডন	>08
৪১। বায়ুর উৎপত্তি	501
এং। স্টেতিদের আলোচনা	••• >৩৮
(ক) আকাশ ও বায়ুস্থকে দাৰ্শনিক পঞ্চিতগণের মতবাদ	
(খ) বেদান্তমতে উক্ত মঙৰাদ খণ্ডৰ	>0>
<b>এ</b> ও। আত্মার উৎপত্তি-চিস্তা	** >8>
(ক) জীব ও বন্ধ একই প্রধ্র	\8>

विवन	পৃষ্ঠা
🕬 । আত্মার বরপবিচার •••	>89
(ক) আত্মাসম্বন্ধে নৈয়ায়িকগণের মত	>85
(খ) 🔒 🧳 পূর্বমীমাংসকগণের মত	>88
(গ) ,, ,, সাংখ্য সম্প্রদারের মত	>88
se। চৈত্য মান্মার স্বভাব, গুণ নহে	588
(ক) জ্ঞানোংপত্তিব প্রণালী •••	>8€
(খ) স্বপ্ন ও স্ব্ধিসময়ে চৈতন্তের অবস্থা •••	\$86
৪৬। আত্মাৰ ব্যাপকতা	>81
(ক) আঝার ব্যাপকভাসমূদ্ধে দার্শনিকগণের মভ	*** >89
(৩) ু, ,, ,, শ্রুতির আলোচনা	>81
(গ) স্থাত্থাৰ অণুপৰিমাণ ধৰন •••	>6>
(ঘ) আত্মার চৈত্তসম্বন্ধে প্রদীপ দৃষ্টাস্ত	>68
(ঙ) অন্ত:করণ ও ভাহার বিভাগ (ফুটনোটু)	>69
৪৭। আত্মার কর্ত্ত	>61
(ক) আত্মার কর্ত্তসম্বন্ধে দার্শনিকগণের মন্ত	>er
(খ) ,, ,, বেদান্তের সিদ্ধান্ত	ser
(গ) ,, ,, জৈমিনি মূনির মত	>6.
(ব) কর্মান্দলে কর্ত্তারই অধিকার	>4•
(ঙ) আত্মার কর্তৃত্বাভাবে বিধিশান্ত নিরর্থ <b>ক</b> হয়	>02
(চ) আহার কর্তৃহসহদ্ধে আপত্তি	>66
(ছ) উক্ত আপত্তির খণ্ডন	>46
৪৮।' আত্মার কর্ত্বত ঔপাধিক •••"	>63
(क) फ्रेंक विकास देवारिक क वीशांक का सम्मागात ग्राह्म	>00

<b>विराद्य</b>	পৃষ্ঠা
(খ) আত্মার কর্জৃত্বসম্বন্ধে বৈদান্তিক মত 🔐	>1•
ঃ১। আত্মান কর্জুত্বে হুদৃষ্ট ও ঈশ্বনের প্রভাব	>90
< । অবচ্ছিরবাদ—জীব ও প্রমাত্মার অংশাংশিভার	> ? €
(ক) অংবচিছন্নবাদীৰ মড	>94
(খ) জীব-ব্ৰহ্মেৰ অংশাংশিভাৰ কল্পিড (ফুট নোট)	*** >9%
(গ) জীব-ত্রন্মের ভেদাভেদবাদ	>>•
<b>€</b> >। প্রতিবিশ্ববাদ	··· 2p.
। ক। প্রতিবিশ্ববাদে স্ত্রকারের আদরপ্রদর্শন	رمر
e২ ৷ অনেক-জ্বারবাল •••	. 200
€৩। এক- <del>হা</del> ব্বাদ ···	500
(ক) এক জ বের বহু দেতে কাণ্য সম্পাদন	349
(খ) একেব মুক্তিতে সকলেব মুক্তি	244
€8। ব্রহ্মে জীবগুর্মেব ক্রসংক্রমণ •••	366
<। প্রাণ-চিন্তা—	>>0
(ক) জাৰ ও প্ৰাণেৰ ঘনিষ্ঠ সম্বন্ধ 🐽	>>>
(ব) প্রাণের উৎপ'তৃসযক্ষে সংশয়	>>8
(.) প্রাণাদিদ্ধন্দে সিদ্ধাস্ত	>>¢
৫৬। মুখ্য প্রাণের উৎপত্তি •••	٠٠٠ ١٩٢
< । প্রাণের স্বরূপসম্বন্ধ মন্তরে <b>ল</b> •••	>>>
কে সাংব্যবাদীদিব্যৰ মক্ত 🐽 🚥	>>>
(ৰ) বেদাহেৰ দিন্ধান্ত •••	>••
৫৮। প্রাণের বিভাগ ও পরিমাণ	> • ₹
<ul> <li>ইক্সিমগণের ক্ষিতাত্রী দেবতা</li> </ul>	en 2+8

বিষয়		পৃষ্ঠা
৬০। দেবতাহিষ্টিত ইন্দ্রিগণের সঙ্গে ঐানের সম্বন্ধ	•••	२०१
৬১ ৷ প্ৰমেশ্ব ১ইতে নামন্ত্ৰপপ্ৰকাশ	990	٤٠٨
৬২: ভুক্ত অলাদি ইইতে শ্রীরের উ <b>পাদান গ্রহণ</b>	•••	२ऽ२
৬০ : জন্মান্তর-চিন্তা		<b>२</b> >8
(ক) শ্ৰীবকৰ্ত্ক শোকান্তরে নৃত্ন দেহ নিশ্মাৰ	•••	<b>\$</b> 56
(ব) স্বাভূতদম্ভ সঙ্গে লইয়া জীবের লোকাস্তরে গমন	•••	२७७
(গ) দিব্-পজ্জগুপ্রভৃতি পঞ্চাঘি-সম্বন্ধের ফলে দেছের		
⊌न;	•••	२ऽ१
(ব) পরগোকগানী জীবের স <b>ক্তে প্রাণ ও ইন্দ্রিরগণের গমন</b>	•••	२२•
🅦 । क्यों क्षेत्रारनव यर्गामरनारक गण्डि 🚥	•••	२२३
(ক) ইষ্টাপূর্জা দ কর্ম্মের পবিচয় 🚥	•••	<b>૨</b> ૨૨
<ul> <li>6 । 5 खुने छन ३ ई ८ ई १ न १ न १ न १ न १ न १ न १ न १ न १ न १</li></ul>	•••	२२७
(ক) আশোহণ ও অববোহণে পথভেদ	•••	228
(ব) 'অনুশয়' কথার অর্থভেদ	•••	२२७
(গ) অনবোহনকালে জাবের আকাশাদি-সাম্যপ্রাপ্তি এবং		
ত্ৰাহিষ্বাদভাৰ হ <b>ইতে নিৰ্গমনে বিশ্ব</b>	•••	२२४
৬৬। বৈধহিংসার পাপের অভাব	•••	<b>२७</b> •
৬৭। পার্পাদেগের মৃত্যুর পর ধনালয়ে গতি 🗼 🚥	•••	२७५
🐆। নরকেও সংখ্যাও নরকের অধিপত্তি 🗽	•••	२७२
৬৯। তৃত'য় স্থান মশক-মক্ষিকাদি অব্য	***	२०8
10। শরার ধারণের ভক্ত সর্বতে পঞ্চাত্মগংবোগ আবভক নহে		२७६
१)।. यथायम्	•••	200
<ul> <li>(₹) নৈয়ায়িকপ্রভৃতির মতে স্বপ্নাবস্থার অবাস্তবতা</li> </ul>	•••	२७१

विवद	পৃষ্ঠা
(ব) বেদাস্থমতে স্বপ্নে দৃশ্রবস্তর সৃষ্টি	२७१
(গ) শীবই স্বপ্ল-দৃশ্তের স্ষ্টিকর্তা	२७৮
(ব) স্বপ্নদর্শন নারামাত্র, কিন্তু সময়ে সত্যেরও স্চক হয়	२०३
৭২। সুষ্প্তি-অবস্থা	২৪•
(ক) স্যুপ্তির স্থানতার	₹85
<ul> <li>প্রাপ্তিভকে পর্মাত্মা হইতে জীবের উত্থান</li> </ul>	*** 383
(গ) स्रुष्ट कीरवबरें भूनकथान—च उद्य कीरवब नरह	२89
৭৩। মুচ্ছাবয়াও তাহার স্বরূপ	₹8¢
৭৪। পরতক্ষের স্বরূপ নিরূপ <b>ণ</b>	₹8€
(ক) পরবৃদ্ধ রূপহীন চৈত্রস্তব্ধপ	<b>₩.</b> , २8€
(খ) 💃 ইন্দ্রিয়ের অগ্রাহ্ন, কেবল মনোগ্রাহ্	1 287
৭৫। সপ্তণোপাসকের মৃত্যুকালে পুণ্যপাপকর	··· 38F
<b>৭৬। 'আ</b> ধিকারিক' জীব ও তাহাদের অবস্থিতি <b>ভাগ</b>	₹8≯
৭৭। জ্ঞানদগ্ধ কর্মে ফল্জনায় না	<b>२</b> ६०
৭৮। উপাসনার সহিত কর্মের সম্বন্ধ নির্ণয়	२८>
(ক) এ বিষয়ে জৈমিনি ও বেদব্যাসের মতন্তেদ	২৫২
(ব) জ্ঞান কর্ম্ম-সাপেক্ষ নহে, শম-দমাদি-সাপেক্ষ	২৫৩
(গ) সন্ন্যাদীৰ নিৰ্মণজ্বনে লোৰ	*** 269
<b>৭৯। উপদেনার প্রতীক্ও সম্পদাদিভেদ •••</b>	··· ২ ( C
(ক) 'অহংগ্ৰহ' উপাসনাম্ব জীবে ত্ৰহ্মচৃষ্টি কৰ্মব্য	२६७
(৭) প্রতীকাদি উপাসনার চিস্তার নিরম 🚥	२६१
(গ) উপাসনার বারংবার কর্তব্যতা 🚥	२६४
(৭) মুত্যুকাল পর্যান্ত উপাসনার বিধি	<b>{e&gt;</b>

<b>वि</b> वन्न	পূৰ্বগ
<ul> <li>উপাসনায় আসন ও উপবেশনের নিয়য়</li> </ul>	··· >%·
৮> ৷ পশুণোপাসকের মৃত্যুকালীন অবস্থা 🐭	··· 50>
(ক) বাক্প্রভৃতি ইক্রিয়ের মনেতে লয় 🚥	*** 547
(খ) জীবে ইক্সিয়াদি-সমন্বিত প্রাণের লয়	··· <*>>
(গ) জীবের তেজ:প্রভৃতি স্ক্ষ ভৃতে লয় •••	<del>۰۰۰</del> ২৬৩
(ম) দেহ হটতে উৎক্রমণের প্রশালী (মুট নোট)	··· ২৬৩
৮২। হক্ষ শরীর ও তাহার পরিমাণ •••	*** 546
(ক) স্কুশরীরের হিতিকাল 🔐	*** 564
৮৩। উপাসকগণের উৎক্রমণের প্রণালী	२७৮
(ক) নাড়ীৰ সভিত হৰ্য্যরশ্বির সম্বন্ধ 👓	२७৮
(থ) রাতিতেও রশিষস্ক পাকে 🔐	₹७३
(গ) রাত্রি-মৃত্যু উৎক্রমণেক বাধক নহে	··· ২9°
৮৪। গীতোক্ত উত্তৰায়ণাদিপথ ও উপনিষহক পথ এক ন	एड २१>
be । जन मूर्जि	<del>۵۰۰</del> ২۹২
(ক) উপাদকের <b>অচি</b> রাদি দেববান-পথে গতি	***
(ব) দেবধনি-পথের ক্রম ও পরিচয় 👵	২98
<ul> <li>১৬। অভিরোদি তথ আতিবাহিক পুরুষ •••</li> </ul>	<b>٠٠٠</b>
৮৭। জমানব বৈহাত পুরুষ 🛶	··· 29b
৮৮। প্রতাকোপাসকর্পনের ব্রহ্মলোকে গতি হয় না	*** 298
<b>৮৯। উপাসকদিগের প্রাণ্য ত্রধ্মদহক্ষে আলোচনা</b>	··· 2b·
(ক) বাদরির মতে উক্ত ব্রহ্ম কার্যাব্রহ্ম (হিরণ্যগর্ভ)	২৮১
(খ) কৈমিনির মতে প্রক্রম · · ·	*** 945

বিষয়		পৃষ্ঠা
<ul> <li>। বৃদ্ধলোকগত জীৰগণের শ্রীর থাকা সং</li> </ul>	দক্ষে বাদরি	७ देविय-
নিৰ মতভেদ ••• ···	•••	\$40
৯১।   ব্ৰহ্মলোকগত পুৰুষ্দিগের ক্ষমতার পরি	गान	२४६
৯২। ত্রহাব মুক্তির সঙ্গে সঙ্গে ত্রহ্ম <b>ো</b> ব	- ৰাসিদিগে	ৰ মুক্তি ও
অপুনরার্ত্তি •••	•••	••• २৮٩
৯৩। জীবলুক ও ভাহার পুণা-পাপ নিবৃত্তি	•••	२৮৮
(ক) জ্ঞানে প্রারম্ভ কর্মেব নাশ হয় না	•••	22)
<ul><li>अडान-वक्तन এकमाछ काननिवर्का</li></ul>	•••	২৯৩
<b>&gt;৫। উপসং</b> ধার—বিভিন্ন দার্শনিক মতের জ	লোচনা	્, ર≽¢
(ক)   ঘৃক্তি সম্বন্ধে নৈরাধিক পশুভগণের	<b>নত</b>	*** 336
(খ) 💃 বৈশেষিক পশুভিন্তগণের	শভ '	٠ ২৯٩
(প) 🍃 নিম্বার্ক সম্প্রনায়ের মত	•••	٠٠٠ ২৯٩
(ঘ; রামাফুজের মভ	•••	طة
(৪) ৢ বিজ্ঞান চিক্ৰ মত	•••	٩٤ ••،
(চ) ু আচার্যা শক্তবের মন্ত	•••	•••
৯৩। অধৈতবাদের প্রধান বিষয় তিন্টা	•••	*** ***
<ul> <li>৯৭ ৷ আচাৰ্য্য শঙ্কৰ-সন্মত মায়াবাদেৰ মৃলাভুক</li> </ul>	कान	•••
(ক) মাধার স্বরূপ তর্কের অগম্য	**1	*** **>
(খ) মায়া অনাদিও শারগ্যা	•••	0.5
(প) জনাদি ষ্টুপদাৰ্থ 🚥	•••	٠ ٥٠٤
(ম) ব্রন্ধজ্ঞানে অক্সাননির্বত্তি	•••	0.0

# ফেলোশিপপ্রবন্ধ।

## . हिन्दूपर्गन ।

(অবতর্বাপকা)

<sup>"</sup>আনু .গুরায়তেঃ কালং নয়েন্দোন্ত-চিন্তরা।"

সর্ববিচিন্তার 'স্ববসান্ত্রি নিদ্রাসমাগ্যের পূর্বপর্যান্ত এবং সর্ববসংহারক মৃত্যুব কৰালকবলে পতিত হইবার পূর্ববপর্যান্ত কেবল বেদান্ত-চিন্তার সময়াতিপাত করিবে, অর্থাৎ মামুষ যতকাল বাঁচিয়া থাকিবে এবং যতক্ষণ জাগরিত থাকিবে, তাবৎকাল নিরন্তর বেদান্ত-চিন্তায় মনোনিবেশ কবিবে, অন্ত চিন্তা করিবেন। এ নিয়ম আমরণ প্রতিপালন করিবে।

এই অমূল্য উপদেশবাণী একদা এদেশের আদর্শভূত শান্তি ও সংযমের একনিষ্ঠ উপাসক, ত্যাগব্রতের পর্ম সাধক, জ্ঞানবিজ্ঞানের অকৃত্রিম সেবক এবং সত্য-সন্তোষের নিত্যসহচর
শ্রেদ্ধপৃত ত্যাগী সন্ত্যাসীর পৃত কঠ হইতে শোক-সন্তাপদন্ধ
বিশ্বনান্বের উদ্দেশ্যে উচ্চারিত হইয়াছিল, এবং দেশে দেশে
বেদান্ত-বিভার উজ্ঞান মনিয়া উদ্বোধিত ও প্রচারিত হইয়াছিল।
এই উপদেশবাণী হইতে সহজেই অসুমান করা বাইতে পারে বে,

ভৎকালে এদেশে বেদাস্তবিত্যার প্রভাব, প্রতিষ্ঠা ও প্রয়োজনীয়তা কি পরিমাণে অনুভূত হইয়াছিল এবং কতদূর বিস্তৃতি লাভ করিয়াছিল।

যাহারা বেদান্তের অলোকিক রহস্থ-রতু হৃদয়ে ধারণ করিয়া আপনাকে গৌরবমণ্ডিত মনে কবেন, তাহাদের মুথে বেদান্তের গুণকীর্ত্তন কিছুমাত্র বিশ্বয়কর না হইতে পারে; ২০% গোরে বিষর এই যে, যাহারা আংশিকভাবেও বেদান্তের মন্ম গ্রহণ করিবার উপযুক্ত অবসর লাভ করে নাই, এবং সাধারণভাবেও উহার সহিত্ত আপনাকে পরিচিত্ত করি শার স্থযোগ পান নাই, তাহারাও বেদান্তের নামোচ্চারণে ও বিষয় শ্রাবণ সমধিক আদান, আতাহ ও আনন্দ পোষণ করিয়া থাকেন। বেদান্তশাত্রের সাম্প্রদায়িক পক্ষপাতশৃত্য অসীম উদারভাই এবংবিধ বানান্ত্র সাম্প্রদায়িক করিল। দেখিতে পাওয়া যায়, এমন কোনও শান্ত্র বা ধর্মান্ত্রদায় নাই, যাহাতে অল্লাধিক পরিমাণে বেদান্তশাত্রের প্রভাব পরিদ্তি হয় না। এই কারণেই স্বীকার করিতে হয় যে,বেদান্তের প্রভাব ও প্রতিষ্ঠা অনত্যসাধারণ ও অভুলনীয়।

বেদান্তশান্ত্রের অনন্যসাধারণ গৌরব-প্রতিষ্ঠার অপর কারণ এই যে, বেদান্তশান্ত্র প্রকৃতপক্ষে কোনও ব্যক্তিবিশেষের কপোল-কল্পিত বা উচ্ছ্ অল কল্পনাপ্রসূত মতবাদ নহে; উচা বস্তুতঃ অপৌরুষেয় স্বতঃ প্রমাণ বেদশান্ত্রেরই সারভূত (রহস্তাত্মক) অংশ-বিশেষ। বেদশান্ত্র কোন সম্প্রদায়বিশেষের নিজস্ব সম্পত্তি নছে বা অধিকারভুক্ত নহে। উপযুক্ত অধিকার অর্জন করিতে পারিলে সকলেই সমভাবে উহার রসান্ধাদনে সমর্থ হইতে পারে। আলোচা বেদান্তশান্ত্র সেই বেদেরই সারভূত অংশবিশেষ; স্থতরাং তাহাতে কোনপ্রকার সাম্প্রদায়িক পক্ষপাত থাকা সম্ভবপর হয় না ও হইতে পারে না।

বেদব্যাখ্যাকার অপিস্তম্ব বলিয়াছেন—"মন্ত্র-ত্রান্ধণয়োর্বেবদনামধ্যেম্।" মন্ত্রান্থক সংহিতাভাগ ও ব্রংক্ষণভাগ, এভতুভয়ের
সন্মিলিত নাম বেদ। অভিপ্রায় এই যে, বেদশান্ত তুই ভাগে
বিভক্ত; একভাগের নাম মন্ত্র, অপর ভাগের
নাম সংহিতা। মন্তরভাগ 'সংহিতা' নামে
পরিচিত এবং কর্মোপ্যোগি-মন্তর্রধান, আর ব্রাক্ষণভাগ মন্তেরই
ব্যাখ্যাম্বরূপ এবং যজ্ঞাদিক্রিয়ার অমুষ্ঠান-পদ্ধতি ও ব্রন্ধবিদ্ধা
প্রভৃতি বিবিধ বিষয়ে পরিপূর্ণ। আরণ্যকভাগও এই ব্রাহ্মণভাগেরই অন্তর্নিহিত আংশ্রিশেষ্ট্র।

উক্ত বেদের মধ্যে যে সমৃদ্য় অংশ প্রধানতঃ ব্রহ্মবিছা-প্রকাশক এবং জীব, জগৎ ও আত্মতত্ত্ব নিরূপণে নিরত, সেই সমৃদ্য বেদভাগ 'উপনিষদ্' নামে পরিচিত হইয়াছে। উপনিষদ্ শব্দের প্রকৃতিগত অর্থও এরূপ(১); স্থুতরাং মৃদ্ধু প্রাহ্মণভাগের

<sup>(</sup>১) আচার্য্যগণ উপনিষদ শব্দের এইরপ অর্থ নির্দ্ধেশ করিরাছেন—
'উপ' অর্থ—শীন্ত্র, 'নি' অর্থ—নিশ্চর ও নিংশেষ, 'সদৃ' ধাতুর অর্থ—
বিশরণ, গতি ও অবসাদন। যে বিদ্ধা অধিগত হইরা সংসারের সত্যতাবৃদ্ধি শিথিল করিরা দের, কিংবা অচিরে ক্রন্ধপ্রাপ্তি ঘটার, অথবা সংসার ও
তদ্দীভূত অবিদ্ধার অবসাদ (অকর্মগ্রতা) সাধন করে, সেই বিদ্ধার নাম

মধ্যে বেখানেই ব্রহ্মবিত্যার সম্বন্ধ আছে, তাহাই উপনিবদের
মধ্যে প্রিগণিত হইয়াছে। তবে অধিকাংশ উপনিষদ্ই ব্রাহ্মণভাগের মধ্যে সন্নিবিক্তা, মন্তভাগের মধ্যে উপনিষদের সংখ্যা
ধুবই কম (১)।

বেদের সার-সর্বাদ উপনিষদ্শান্তই যথাকীবদান্ত। বেদান্তশব্দের সর্থ—বেদের সার, কিন্তু বেদের অন্ত—শেষভাগ (বেদান্ত) নহে; কারণ, বেদের আদি, মধ্য ও অবসান সর্বব্রেই উপনিষদ্রূপী বেদান্তভাগের সন্তাব দেখিতে পাওয়া যায়। ঈশাবাত্তোপনিষৎ প্রভৃতিইহার উত্তম উদাহরণ রহিয়াছে। এইরূপ অর্থের প্রতি লক্ষ্য বাধিয়াই শ্রীমৎ সদানন্দ যতীক্ষ বলিয়াতেন "বেদান্তোনাম উপনিষৎ প্রমাণম্, তত্পকারীণি, শারীরকস্তাদীনি চ।" (বেদান্ত সার)।

এখানে দেখা যায়, তিনি উপনিষদকেই প্রধানতঃ বেদাস্ত নামে অভিহিত করিয়া, উপনিষদের অর্থপ্রকাশক বা তাৎপর্য্যনির্ণায়ক শানীরকসূত্র (বেদাস্ত দর্শন) প্রভৃতিকেও বেদাস্তমধ্যে উপনিষদ। বে সমস্ত গ্রন্থ তাদশ বিদ্যাব প্রকংশক বা প্রতিপাদক, সেই

উপনিষদ। বে সমত গ্রন্থ তাদৃশ বিজ্ঞাব প্রকাশক বা প্রতিপাদক, সেই সমূদর গ্রন্থ ঐ উপনিষদ নামে পরিচিত ও ব্যবস্তুত হইয়াছে। এই স্কারণেই বৈদিক উপনিষধ ব্যতীত, ব্রন্ধবিদ্যাব মীমাংসক ও প্রকাশক শারীরকস্ত্র ও ভগবদগীতা প্রভৃতি গ্রন্থও উপনিষদ্ নামে পরিচিত ও ব্যবস্তুত হইরা থাকে।

<sup>(&</sup>gt; প্রদিদ্ধ ঈশাবাজ্যেপনিষদ্, খেতাশতরোপনিষদ্ ও কৌরীতকী মত্রোপনিষদ্ প্রভৃতি উপনিষদ্ গ্রন্থ মন্ত্রভাগের অন্তর্গত। কেনোপনিষদ্ কঠোপনিষদ্ মুশুকোপনিষদ্ নাশুক্যোপনিষদ্ প্রভৃতি গ্রন্থ গ্রাহ্মণভাগের অন্তর্ভ । কেনোপপের প্রথম শশু জাইবা।

পরিগণিত করিয়াছেন। তদমুদারে মহাভারতীয় 'দনৎ-স্থঞ্জাতীয়-দংবাদ' এবং ভগবদগীতা প্রভৃতি অধ্যাত্মতত্ত্বপ্রকাশক কতিপয় গ্রন্থত বেদান্ত মধ্যে উচ্চ আদন লাভ করিয়াছে, কিন্তু ন্যায়রত্বাবলী-প্রণেতা ব্রহ্মানন্দসরস্থতী বলিয়াছেন—

"বেদান্তশান্ত্রতি— শারীরকমীমাংসা চতুরধ্যায়ী, তদ্ভাষ্য-তদীরটীকা-বাচম্পত্য-তদীরটীকা-কল্লতরু-তদীরটীকা-পরিমলরূপগ্রন্থপঞ্চকতার্থঃ।"

অর্থাৎ বেদান্তশাস্ত্র অর্থ ব্যাসকৃত শারীরক্মীমাংসা বা এক্ষ-সূত্র, এবং শঙ্করাচার্যাকৃত ব্রহ্মসূত্রভাষ্য, বাচস্পতিমিশ্রকৃত ভাষ্য-টীকা ভামতী, অমলানন্দকৃত তাহার টীকা বেদান্তকল্পতক এবং অপ্যয়দীক্ষিত্কৃত ডট্টাকা কল্পতক্ষপ্রিমল, এই পাঁচধানি গ্রন্থ।

বলা আবশ্যক যে, ত্রক্ষানন্দসরস্বতীর এই উক্তি খুব যুক্তিযুক্ত বলিয়া মনে হয় না; কারণ, উল্লিখিত পাঁচখানি গ্রন্থ ছাড়া
আরও বহুত্র বেদাস্তগ্রন্থ স্থপ্রসিদ্ধ ও প্রচলিত আছে, এবং
বেদাস্ডাচার্য্যগণ বিশেষ শ্রদ্ধা ও আদরদহকারে সে সকল গ্রন্থের
অধ্যয়ন ও অধ্যাপনা করিয়া থাকেন (১)। তবে ব্রক্ষানন্দসরস্বতী
যদি বেদাস্তশব্দে কেবল 'বেদাস্তদর্শন' মাত্র অর্থ গ্রহণ করিয়া
ঐরপ নির্দ্ধেশ করিয়া থাকেন, তাহা হইলে তাঁহার প্রদর্শিত পদ্ধতি
নিতাস্ত উপেক্ষণীয় মনে হয় না। কারণ, বেদাস্ত দর্শনের দিক্

<sup>(</sup>১) শহরণচার্যাক্কত উপদেশসাহস্রী, আত্মরোধ, বিবেকচ্ডামণি, সর্মবেদান্ত-সিদ্ধান্তসার, সংক্ষেপশারীরক, অবৈতলিদ্ধি, অবৈতন্তমসিদ্ধি, চিৎস্থশী, সিদ্ধান্তলেশ প্রভৃতি বহু প্রকরণগ্রন্থ এখনও বেদান্তের অঙ্গপৃষ্টি ও গৌরবর্দ্ধি ক্রিভেছে।

দিয়া ঐ পাঁচখানি প্রন্থের গুরুত্ব ও উপযোগিতা বে, খুব বেশী, ভাহাতে আর সন্দেহ নাই।

বৈদান্তিক আচার্যাগণ বেদান্তশার্দ্রকৈ তিন ভাগে বিভক্ত করিয়াছেন, এবং ঐ তিন ভাগকে 'প্রস্থান' নামে অভিহিত করিয়াছেন। প্রস্থান অর্থ—সাম্প্রদায়িক বিভাগ। প্রথম প্রস্থান—উপনিষদ, দিতীয় প্রস্থান—শারীরক বেদান্তের প্রস্থানতার। সনৎ-স্ক্রাভীয়সংবাদ প্রভৃতি। শ্রুতি ও তর্ক, এই তিনই উক্ত প্রস্থানতায়ের অন্তর্নিবিষ্ট রহিয়াছে।

তব্দধ্যে, উপনিষদ্ভাগ—সাক্ষাৎ শ্রুতি, ভগবদগীতা প্রভৃতি— স্মৃতি, আর অক্ষসূত্র ২ইতেছে—শ্রুতিসহায়ক তর্কস্বর্জুপ (১)।

পীতা-মাহাত্ম্যে কথিত আছে—অৰ্জুন ঐক্তম্ভের হৃদ্যরহন্ত কানিতে ইচ্ছুক হইলে পব, ভগবান্ ঐক্তম—"গীতা মে হৃদ্যং পার্থ" বিশ্বা গীতাক্ষেই তাঁহার হৃদ্য বা মর্মন্তানরূপে নির্দেশ করিয়াছিলেন।

<sup>(</sup>১) এই প্রকাব প্রস্থানভেদ নির্দেশের উদৈশ্য পাঠসৌক্র্যাবিধান। প্রথমত: উপনিষদ্শান্ত হইতেছে বেদান্তের স্থান্তরানীর। বেদান্তদর্শনি ভাষার ব্যাধ্যান্ত্রানীর, আব ভগবদগীতা প্রাভৃতি গ্রন্থ বেদান্তের উপসংহার শান্ত্র। সমন্ত উপনিষদশান্ত্র ও সম্পূর্ণ বেদান্তদর্শন আলোড়ন করিয়া বে সার-সিদ্ধান্ত ত্র্যথাবিত হইয়াছে, মহর্ষি বেদবংশ্য তগবান্ শ্রীক্রন্থের মুখে সেই সিদ্ধান্তবাশিক ভগবদগীতার সংক্ষেপে একত্র সংগ্রন্থিত করিয়া রাধিরাছেন। উদ্দেশ্ত — জিজ্ঞাক্রগণ বেন অনারাসে বেদান্তের সারমর্শ্ব ক্রদরক্ষম করিয়া ভৃত্যিলাভ কবিত্রে পারে। এইজ্জ্লুই ভগবদগীতা বেদান্তের উপসংহারশান্ত্র বিলিয় জগতে বিশেষ ধ্যাতিলাভ করিয়াছে।

প্রথমেই গলিয়াছি যে, উপনিষদ্ই বেদান্ত-শব্দের মুখ্য অর্থ।
কেলোশিশ্ প্রবন্ধের প্রথম খণ্ডে আমরা উপনিষদের বিস্তৃত
বিবরণ প্রদান করিয়াছি, এখানে তাহার পুনরুল্লেখ অনাবশ্যক।
এখানে এইমাত্র বলিলেই যথেষ্ট হইবে যে, উপনিষদ্ কথার মুখ্য
অর্থ—ব্রহ্মবিজ্ঞা। ব্রহ্ম আরু একই বস্তু; স্তত্রাং ব্রহ্মবিজ্ঞা
ও আত্মবিজ্ঞা একই কথা। এই আত্মবিজ্ঞাই সর্ববিজ্ঞার শ্রেষ্ঠ—
পরা বিজ্ঞা,—" অধ্যাস্থাবিদ্যা বিদ্যানাম্" (ভগবদগীতা ১০ম)।
এই আত্মবিদ্যা ভিন্ন অপর সমস্ত বিদ্যাই অ-পরা বিদ্যা। পরা
বিদ্যা একই প্রকার, কিন্তু অপরা বিজ্ঞা অনেকপ্রকার। প্রশ্লোপনিষদে ঐ বিবিধ বিজ্ঞার নির্দেশপূর্বক বলিয়াছেন—

• " বে বিজে বেদিতব্যে—পরা চৈবাপরা চ।"
অর্থাৎ পরা ও অপরাভেদে বিবিধ বিভাই জানিতে হইবে। এইরূপ
ভূমিকা করিয়া প্রথনতঃ অপরা বিভার পরিচয় প্রদানোপলক্ষে
ঋষ্টোদাদি শাস্ত্রকে অপরা বিভার অস্তর্ভুক্ত ক্রিয়াছেন—

"তত্রাপরা ঋথেনে যজুর্বেদ: সামবেদোহওর্ববেদ: শিক্ষা করো ব্যাকরণং নিক্তেং ছন্দো ঞায়তিষ্মিতি"

এখানে প্রধানতঃ ঋক্প্রভৃতি চারি বেদ অর্থাৎ যাগ-বজ্ঞাদি ক্রিয়াবোধক শাস্ত্রের ও শিক্ষা প্রভৃতি ছয়প্রকার বেদাক্লের উল্লেখ করা হইয়াছে (১)। ইহা চইতেই বুঝা যায় যে, কেবল যজ্ঞাদি-

<sup>(</sup>১) ছান্দোগোপনিষদে নারদ ও সনৎকুমারের সংবাদে আরও বছবিধ
অপরাবিদ্যার উল্লেখ আছে। যথা—"স হোবাচ ঋথেদং ভগবোহধ্যেদি,
যজুর্বেদং সামবেদং আথর্কাণং চতুর্থামতিহাস-পুরাণং পঞ্চমং বেদানাং বেদং
পিত্যং রাশিং দৈবং নিধিং বাকোবাক্যমেকায়নং দেববিভাং ব্রদ্মবিদ্যাং
ভূতবিদ্যাং ক্রবিভাং নক্ষত্রবিভাং সপদেবদনবিভাং এতন্ভগবোহধ্যেম।"
(ছান্দোগা ৭৮১১)

ক্রিয়া ও তৎসিদ্ধির উপায়মাত্র-প্রদর্শক শান্তই অপরা বিভামধ্যে পরিগণিত; আর যাহা তাহা হইতে স্বতন্ত্র, যাহা দারা সেই অক্ষর পরব্রক্তকে জানিতে পারা যায়, কেবল তাহাই পরাবিভারূপে "অব্দ পরা, যয়া তদক্ষরমধিগম্যতে" বাক্যে গৃহীত হইয়াছে। এই পরাবিভাই ব্রক্তবিভা ও আত্মবিভা। এই বিভালাভেই মানব পরম শান্তিলাভে চিরকৃতার্থ হয়। সমস্ত উপনিষদশান্ত্র বিশ্বমানবক্ষে এই অবৈত ব্রক্তবিভারই একমাত্র উপদেশ প্রদান করিতেছে। আর্য্য শ্ববিগণ এই উপনিষদেরই সাহায্যে ব্রক্তবিভা অধিগত হইয়া জনসমাজে প্রচার করিতেন, এবং শোকতাপদগ্ধ মানবহৃদ্যে শান্তিময় স্থাধারা সিঞ্চনে পরম পরিতৃপ্তি বিধান কবিতেন (১)।

<sup>(</sup>১) পাশ্চাতা পণ্ডিতগণের মধাে কেচ কেচ এবং এদেশেরও কিতিপর লােক মনে করেন যে, এদেশে অতি প্রেল্টীর কালে উক্ত ব্রহ্মবিদ্যা কেবল ক্ষত্রির্থাতির মধ্যেই নিবদ্ধ ছিল। ব্রাহ্মণের। পরে ক্ষত্রির্থাণের নিকট হইতেই পেই ব্রন্ধবিদ্যা প্রাপ্ত ইয়াছিলেন। অত এব ব্রন্ধবিদ্যা ব্রাহ্মণলাভির নিজস্ব সম্পান্ত নহে। একথার অমুক্লে তাহারা কতকগুলি আখ্যারিকার উদ্ধেব করিরা থাকেন। যেমন, ছান্ণোগ্যোপনিষদে পঞ্চায়িবিদ্যাপ্রকরণে প্রবাহণ-আরুণিসংবাদ প্রভৃতি। বস্তুত: এরূপ করানা বড়ই উৎকট ও অসমীটীন বলিরা মনে হর। কারণ, প্রথমত: উপনিষদের আখ্যারিকা-সমূহই অপ্রকৃত; কেবল বিদ্যাগ্রহণের স্থবিধার ক্ষত্ন ও বিদ্যার বাহান্ম থাপনার্থই প্রতিতে ঐ সকল আখ্যারিকা করিত হইরাছে; স্থতরাং উষ্ণ ঐতিহাসিক তন্ধরণে গ্রহণবোগ্যা নহে। দ্বিতায়তঃ তুই একটা বিশ্ববিশ্বেই ঐরূপ আখ্যারিকা দৃষ্ট হয়. কিন্তু তাহা ব্যরা সমন্ত ব্রন্ধ-বিশ্বাবেই ক্ষাত্র সম্পান্ধির বাহার যুক্তি কি আছে? বিশেষতঃ পঞ্চারিবিশ্বা

এখানে বলা আবশ্যক যে, বছজন্মসঞ্চিত ভেমবুদ্ধিবশৈ নিভাস্ত মলিন মানবীয় মন কখনই সহজে সেই অদৈত ব্রহ্মানন্দরস-नमाञ्चानरन नमर्थ हरेएं भारत ना ; बतः भरन भरन विविध मः गत्र ও বিপরীত বুদ্ধির বশবর্ত্তী হইয়া নিতাস্ত অধীরভাবে অধিক দূরে সরিয়া যায়। জিজ্ঞাস্থ জনের পক্ষে ভ্রান্তিপ্রসূত সেই সংশয় ও বিপরীত বুদ্ধি বিদুরিত করিয়া অদ্বৈত তত্ত্ব সাক্ষাৎকার করিতে হইলে অত্যে অধিগত বিষয়ে মনঃসংযমপূর্বক তীব্র মননের আবশ্যক হয়। মনন অর্থ ই শ্রুত বিষয়ের অনুকৃল বিচার। উপনিষদের ঋষিগণ এ তত্ব উত্তমরূপে বুঝিয়াছিলেন; সেইজ্বনাই তাঁহারা ব্রহ্মবিত্যাপ্রকরণে শ্রবণের সঙ্গে সঙ্গে শ্রুতার্থের দৃঢ়তা-সম্পাদনার্থ মননের প্রিধান করিয়াছেন—"শ্রোতব্যে। মন্তবাঃ" ইত্যাদি। অধিকন্তু, ত্রন্ধাবিতার প্রতি লোকের শ্রন্ধা ও আদর সমূৎপাদনের নিমিত্ত এবং বিষয়টী স্থবোধ্য করিবার জন্য স্থন্দর স্থন্দর আখ্যায়িকামুখে বস্তবিধ বিচারের অকতারণা করিয়াছেন। ভাহাতেও যাহাদের মনোবৃত্তি পরিবর্ত্তিত না হয়, এবং ব্রহ্মবিছার প্রতি শ্রন্ধা বা অমুরাগ না জন্মে, তাদৃশ মলিনচিত্ত লোকদিগের হিতের জন্ম নারায়ণানতার ভগবান বেদবাাস উপনিষদাবলীর তাৎপর্য্য-নির্ণায়ক ব্রহ্মসূত্র বেদাস্তদর্শন প্রণয়ন করিয়াছেন।

ত ব্রহ্মবিজ্ঞাই নহে। উহা এক প্রকার উপাসনা মাত্র। আসরা বুবি--উত্তম বিজ্ঞা অধম পাত্রগত হইলেও বে, উপেক্ষা বা ত্যাগ করিতে নাই, ইহা
জ্ঞাপন, করাই ঐ সকল আধ্যায়িকার গুঢ় অভিপ্রায়। সেই অভিপ্রারেই
বাহ্মবুগণ ক্ষত্রিয়ের নিক্ট ঐ সকল বিজ্ঞা গ্রহণ ক্রিয়াছিলেন।

### বেদান্তদর্শন।

এখানে একপাও বলা আবশ্যক যে, বেদান্তদর্শনের বিপুল কলেবর যে, কেবল উপনিষদের বিচার লইয়াই পূর্ণতা লাভ করিয়াছে, তাহা নহে, পরস্তু বেদান্তের যাহা কিছু প্রয়োজন এবং যত রকম প্রতিপাত্য—জীবের জন্ম হইতে মরণ পর্যান্ত, বন্ধ ছইতে মুক্তি পর্যান্ত, এবং জগতের স্প্তি হইতে প্রলয় পর্যান্ত, সমস্ত বিষয়ই অতি নিপুণভার সহিত উহাতে বিচারিত ও মীমাংসিত ছইয়াছে। এই কারণেই বেদান্তদর্শনের এত অধিক গৌরব ও আদর অত্যাপি অকুঞ্জভাবে আত্মরক্ষা করিতে সমর্থ হইয়াছে।

আমরা প্রথমেই বলিয়াছি—গোতমকৃত ন্যায়দর্শনি সর্বনাপেক্ষা ক্ষোষ্ঠ, আর বেদব্যাস-বিরতিত বেদাস্কদর্শন সর্বনাপেক্ষা কনিষ্ঠ। ন্যায়দর্শনের ক্ষ্যেক্টভা সম্বন্ধে মতভেদ থাকিলেও বেদাস্কদর্শনের কনিষ্ঠতা বিষয়ে কাছারও মতভেদ দৃষ্ট হয় না। ব্যবহারক্ষেত্রে বাদিও কনিষ্ঠ অপেক্ষা ক্ষোষ্ঠেরই শ্রেষ্ঠতা বা উৎকর্ষ প্রায় সর্ববত্র পরিলক্ষিত হয় সত্য, তথাপি জ্ঞানরাজ্যে এ নিয়ম সমাদৃত হয় না, বরং ইছার বিপরত ব্যবহারই দৃষ্ট হয়। জ্ঞানরাজ্যে জ্যোষ্ঠা-পেক্ষা কনিষ্ঠেরই বলবতা বা প্রাধান্ত স্বাকৃত ও সমাদৃত হইয়া থাকে। প্রথমোৎপন্ন জ্ঞান অপেক্ষা পক্ষাভূৎপন্ন জ্ঞান যে, অনেকটা নির্দ্ধোয়— অন্তাস্থ্য একথা অস্বীকার করিতে পারা বায় না। এপক্ষে লোকব্যবহারও সাক্ষ্যপ্রদান করিয়া থাকে। প্রায় ক্ষ্যিকাংশস্থলেই প্রথমাৎপন্ন জ্ঞানে শ্রম-প্রমাদাদি দোষ বিদ্যামান থাকে, কিন্তু শেবোৎপন্ন জ্ঞানে প্রায়ই সে সকল দোষ থাকে না; থাকে না বলিয়াই শেবোৎপন্ন (কনিষ্ঠ) জ্ঞান দারা প্রথমোৎপন্ন (জ্যেষ্ঠ) জ্ঞান বাধিত বা ভ্রান্তি বলিয়া বিবেচিত হইয়া থাকে। এই কারণেই প্রামাণ-নিপুণ পণ্ডিতগণ জ্যেষ্ঠ জ্ঞানকে বাধ্য, জার কনিষ্ঠ-জ্ঞানকে বাধক বলিয়া নির্দেশ করিয়া থাকেন।

লৌকিক ব্যবহারও সর্ববতোভাবে একথার সমর্থন করিয়া পাকে। মনে করুন, সন্ধ্যার সময় পথে একটা রঙ্গু (দড়ী) পড়িয়া আছে। এমন সময় হঠাং একটা লোক সেখানে উপন্থিত হইল। তৎক্ষণাৎ সেই রক্ষ্তে তাহার দৃষ্টি পতিত হইল এবং তাহাতে সর্পত্রান্তি উৎপাদন করিল: সঙ্গে সঙ্গে তাহার ভয় কম্পাদি উপশ্বিভ হিইল। অনন্তর, তীব্র প্রণিধানের ফলেই হউক, অথবা বিশ্বস্ত লোকের উপদেশেই হউক, যখন তাহার সেই রচ্জুতে রজ্-জ্ঞান উপস্থিত হইল, তখনই তাহার দর্পভ্রমও (ভ্রাম্বিজ্ঞানও) বিদুরিত হইল। এখানে সর্পভ্রম অর্থাৎ সর্প-বিষয়ক জ্রান্তিজ্ঞান হইতেছে প্রথমোৎপন্ধ-জ্যেষ্ঠ, আর রজ্জ্-বিষয়ক রজ্জ্-জ্ঞান হইতেছে পশ্চাতুৎপন্ন —কনিষ্ঠ। সেই শেষোৎপন্ন রজ্জু-জ্ঞান দারাও প্রথমে। ৎপন্ন (জ্যেষ্ঠ) সর্পভ্রান্তি বাধিত হইল। এরূপ আরও বহু উদাহরণ প্রদর্শন করা যাইতে পারে, যেখানে কনিষ্ঠ জ্ঞান তার। ক্রোষ্ঠ জ্ঞানের বাধা সংঘটিত হুইয়া পাকে। তত্ত্ব-জ্ঞানোপদেশক শাস্ত্রসম্বন্ধেও এই নিয়ম অনতি-ক্রমনীয়: সুতরাং আলোচ্য বেদাস্ত-দর্শন বয়সে কনিষ্ঠ হইয়াও যে, প্রামাণ্য-গৌরবে সর্বাপেক্ষা শ্রেষ্ঠ আসন পাইবার যোগ্য, একথা বলিলে অসম্বন্ধ হইতে পারে না।

বেদান্ত-দর্শনের শ্রেষ্ঠতা পক্ষে আরো একটা কারণ এই খে, স্থায়-বৈশেষিক প্রভৃতি বে সমুদয় প্রামাণিক দর্শনশান্ত প্রচলিত আছে, প্রায় সকল দর্শনেই অল্লাধিক পরিমাণে প্রেটিনাদ ও অভ্যুপগমবাদ স্থান পাইয়াছে. এবং স্থানবিশোষে শ্রুতিবিকৃদ্ধ কথাও সন্নিবেশিত হইয়াছে, কিন্তু আলোচ্য বেদান্তদর্শনে উক্ত দোবের আদৌ সম্ভাবনা ঘটে নাই। কারণ, বেদান্তদর্শন-প্রণেতা বেদব্যাস নিজে বেদ-বিদ্যায় পারদর্শী ছিলেন; স্ততরাং তাঁহাদ্বারা বেদবিকৃদ্ধ কথা সন্নিবেশিত হওয়া সম্ভবপর হয় না। এই ফারণেই বেদার্থ-মীমাংসাকালে তাঁহার অভ্যুপগমবাদ প্রভৃতি অসৎপক্ষ গ্রহণ করিবার পক্ষে কোনও সক্ষত কারণ দেখা যায় না; স্থভরাং তৎপ্রণীত বেদান্তদর্শনে বেদক্রিশ্ব কথা কিমা কোনও অসৎকল্পনা থাকা মোটেই সম্ভবপর হয় না। এই জন্যও বেদান্তদর্শনের গুরুত্ব সর্ববাপেক্ষা অধিক বলিতে পারা যায়। এ)

व्यवस्था श्रामनिनार्थ এहे व्य हात्रमग्रवान श्रीकृष्ठ हहे हा शास्त्र ।

পরাশরোপপুরাণে কথিত আছে—

''অফপাদ প্রণীতে চ কাশাদে সাংখ্য-যোগরোঃ।
ত্যাজ্য: শ্রুতিবিরুদ্ধোহংশ: শ্রুত্যেকশরণৈনু জি: ।
কৈমিনীরে চ বৈরাশে বিরুদ্ধেহংশো ন কশ্চন।
শ্রুত্যা বেদার্থবিজ্ঞানে শ্রুতিপারং গতৌ হি তৌ ॥''
(বিজ্ঞানভিক্ষক সাংখ্যভাত্যবিকা)

<sup>(</sup>১) জ্ঞারদর্শনের ভাগ্যকাব বাৎস্থারন বলিয়াছেন—"দোহ্যমভূঃ-প্রসমসিদ্ধান্তঃ অবৃদ্ধাভিশয়চিখ্যাপবিষয়া পবস্কাবজ্ঞানার চ প্রবর্ততে।" অর্থাৎ অতিশয় বৃদ্ধিশক্তি প্রকাশের জ্ঞান্ত কিংবা প্রপক্ষের প্রতি

বেদান্তদর্শনের বেদোপজীবিশ্বও গৌরবের অন্যবিধ কারণ।
পূর্বমীমাংসা ও উত্তরমীমাংসা ভিন্ন অপর সমস্ত দর্শনই তর্কপ্রধান। আঁতি উহাদের পরিকল্লিভ তর্কের সহায়কনাত্র; কিন্তু
বেদান্তদর্শন সেরূপ নহে। বেদান্তদর্শন সাক্ষাৎসম্বন্ধে আঁতিবাক্যের উপরেই প্রতিষ্ঠিত, আঁতিরই তাৎপর্য্য নির্দৃদ্ধে;
মৃতরাং শ্রুতিমূলক। আঁতির প্রামাণ্য ও গৌরব সর্ববসম্মত;

এখানে দেখা যায়, গোতমকৃত ন্তায়দর্শন, কণাদকৃত বৈশেষিকদর্শন, কপিলকৃত সাংখ্যদর্শন ও পত্রাহকৃত যোগদর্শন, এসকলের নধ্যে ফ্রান্ডিনিক্দ অংশও আছে; এই জন্ত ক্রতিপরায়ণ লোকনিগকে দেই রকল অংশ পরিত্যাগ কবিতে উপদেশ করা হইয়াছে। পঞ্চান্তরে, জামিনিকত পূর্বমীমাংসীব ও বেদব্যাসকৃত উত্তরমীমাংসাব কোথাও ক্রতিবিক্দ কোন কথা হান পায় নাই; কারণ, তংগ্রণতা জৈমিনি ও বেদব্যাস উত্তরেই বেদাব্যার পারদর্শী ছিলেন। মহাভারতের মোক্ষধর্মেও ভঙ্গী-ক্রমে এই কথাবই উল্লেখ দেখিতে পাওলা যায়। যবা—

"ভাষতন্ত্ৰান্যনেকানি তৈত্তৈকজ্ঞানি বাদিভিঃ ।

হেত্বাগম-সদাচারৈর্থন্য ক্রং তহপাস্তভান্ ॥" ইতি

অভিপ্রার এই দে, বিভিন্ন মতেৰ প্রবর্ত্তক পাণ্ডতগণ বছৰিধ জ্ঞারতক্র (তর্কশাস্ত্র) প্রশ্বন করিয়াছেন। তন্মধো যাহা বেদামূগত, দদাচারসক্ষত ও বুক্তিবারা সম্থিতি, কেবল তাহাই গ্রহণ, কার্বে, কিন্তু বিপরীত্ত অংশ গ্রহণ ববিবেন।

ইহা হউতে প্রমাণত হইতেছে বে, প্রামাণিক শাস্ত্রের মধ্যেও এমন অনেক কথা সার্রিট আছে, যাহা কেবল তকের অমুনোধে কিংবা শীর প্রতিভাপ্রন্থনের উদ্দেশ্তে (প্রোট্বাদরূপে) সম্ভানাবে উল্লিখিত ইব্যাছে। বস্তুত্ত বে সমুদ্র কথা গ্রন্থকারের অভিনেত বা সিন্ধান্তরপে

স্থতরাং ততুপজীবী বেদান্তদর্শনের প্রামাণ্য-গৌরবও স্থবিসংবা-দিও ও অপ্রত্যাখ্যের বলিয়া গ্রহণকরা উচিত।

বিশেষতঃ আন্তিকগণের মধ্যে যত প্রকাব ধর্মসম্প্রদার আছে, প্রায় সকল সম্প্রদায়ের আচার্যাগণত বেলন্ডদর্শনকে নিজ নিজ সম্প্রদায়ভুক্ত করিয়া লইতে প্রথাস পাইবাচনে এবং প্রায় সকলেই আপন আপন সিদ্ধান্ত সংরক্ষণের সংঘ্রতাকল্পে বেদান্ত-দর্শনের উপর ছোট বড় বক্তপ্রকার ব্যাখ্যাপ্রভ প্রণয়ন করিয়া। গিয়াছেন। বলিতে কি, সম্প্রদায়নিনিবশেনে এরের সমাদর ও ব্যাখ্যান-সৌভাগ্য একমাত্র বেদান্তদর্শন ভিল অপর কোন দর্শনের ভাগোই সম্ভবপর হয় নাই। সোম্ভদর্শনের ভাগোই সম্ভবপর হয় নাই। সোম্ভদর্শনের কাম্বার্থ ইইলে, স্বতই মহাক্ষ্রি মালিদাসের সেই কথা মনে পড়ে—

"অহমের মতো মুহপতেবিতি সর্বা পক্তভিষ্টি স্বয়ং ॥"

বিশেষ এই যে, সেখানে কেবল রযুব প্রারুণিপুঞ্জই ব্যবহার-গুণে বিমুগ্ধ ছিল; আর এখানে বেদাস্তর্গণনে ভাব, ভাষা ও বিষয়ের গৌরবমহিমায় বিশ্বমানবই বিমুগ্ধ হইছেছে।

''এতে ভিঃদৃশাং দৈত্য বিকল্পাঃ কৰিতা ময়া।

রুষাভাগগমং তত্র সংক্ষেপঃ প্রারতাং মন ॥'' (১)১৭৮৩ প্লোক )
এথানে অবস্থাভেদে 'অভ্যুগগমবাদ' অবস্থানের কথা স্পাষ্টাক্ষরেই
শীরত হইরাছে।

গ্রহণযোগ্য নহে। প্রাচীন আর্বশাস্ত্রেও যে, উক্ত অভ্যুপগমবাদ স্থান লাভ করিয়াছে, প্রসিদ্ধ বিষ্ণুপুরাণ হইতে সে সংবাদ জানিতে পারা বান্ধ —

অধিক কি, যে সকল স্থায়াচার্য্য বৈতবাদে একান্ত অমুরক্ত ও তৎসংরক্ষণে বন্ধপরিকর, তাঁহাদের মধ্যেও অনেককে আত্মজ্ঞান-প্রধান বেদান্তসিদ্ধান্তের প্রতি যথেষ্ট প্রাদ্ধা ও অনুরাগ প্রকাশ করিতে দেখা যায়। স্থায়াচার্য্য মহর্ষি গোত্ম বলিয়াছেন—

"তত্ত্বাধ্যবসায়-সংরক্ষণার্থং জন্ন-বিভণ্ডে—বীজপ্রবোচ-সংরক্ষণার্থং কন্টকশাধাবরণবং ॥'' ( ৪।২।৫০ )।

অর্থাৎ গোতমের মতে 'কথা' তিন শ্রেণীতে বিভক্ত—বাদ, জন্ম ও বিভগ্তা (১)। তন্মধা জন্ম ও বিভগ্তা কথার প্রকৃত উদ্দেশ্য—তথ্যনিশ্চয় নতে, পবস্থ কৃতনিশ্চয় তত্ত্বের সংরক্ষণ। বীজের অন্ধ্রুর রক্ষার জন্ম জনীতে যেমন কণ্টকময় বৃদ্দশাখা দারা আবরণ করা ( বৈড়া দেওয়া ) হয়, তেমনি নির্দ্ধারিত ওত্ত্বনিশ্চয়ে যাহাতে কেছ বাধা ঘটাইতে না পারে, এতদর্থে জন্ম ও বিভগ্তাকপার আবশ্যক হয়। একখা দারা প্রকারান্তরে, জন্ম ও বিভগ্তাপান স্বশান্তের অবস্থাও প্রকাশ করা ইইল। অজ্ঞাতনামা জনৈক স্থায়াচার্যোর উক্তি বলিয়া একটা কথা প্রসিদ্ধ আছে, ভাহাতে উল্লিখিত গোতমস্ত্রের মর্ম্ম আরও স্থাপট্টার্থ করা ইইয়াছে। কথাটা এইরপ্রপ্ত

"रेमः जू कण्डेकावत्रनः, जबः हि वामताम्रगारः।"

<sup>(</sup>১) তত্ত্বনিরূপণপ্রধান কথার নাম বাদ। তত্ত্বনির্গরের উদ্দেশ্তে পক্ষ প্রতিপক্ষ গ্রহণপূর্বক বে, বিচার, তাহার নাম কর। আর নিজের কোনও পক্ষ অর্থাৎ স্থিরতর মত বা সিদ্ধান্ত নাই, অথচ কেবল প্রশক্ষ বর্তনের জন্ত বে, বিচার, তাহার নাম বিত্তা।

এখানে স্পাইই বলা হইয়াছে বে, তর্কপ্রধান এই স্থায়দশন কেবল অকুর-রক্ষণার্থ স্থাপিত কণ্টকশাখার বেড়া মাত্র; বস্তুতঃ ইহা তত্ত্বজ্ঞানহে; তথ্ব জানিতে হইবে বেদব্যাসকৃত বেদান্ত-দর্শন হইতে। একথার আর অধিক ব্যাখ্যান অনাবশাক।

প্রসিদ্ধ স্থায়াচার্য্য উদয়নাচার্য্য নিজে স্থায়সক্ষত বৈতমাদের পক্ষপাতী ছিলেন। আশ্চর্যের বিষয়, তিনি বৈত্তবাদের
পক্ষপাতী ইইয়াও আত্মতত্ত্বাপদেশক বেদান্তদর্শনের প্রাতি বংগই
সমুরাগ প্রদর্শন করিয়াত্তেন। সে অনুরাগ তাহার লিখনভঙ্গী
ইইতেই জানিতে পারা যায়। তিনি স্থাকৃত 'আত্মত্ত্ব-বিবেক'নামক গ্রন্থের এক স্থানে বেদান্তসম্মত আত্মজ্ঞানকে ক্রেক্স্য করিয়া
মলিয়াছেন—

শ্সা চাৰস্থা ন হেরা, মোক্ষনগরে গোপুরারমানভাৎ।''

অর্থাৎ বেশ্বাস্তসন্মত আক্সজ্ঞান কাহারও পক্ষেই উপেক্ষণীয় লহে; কারণ, উহাই মোক্ষ-নগরে প্রবেশের 'গোপুর'—পুর-প্রবেশের প্রধান উপায়। এখানে তিনি বেদান্তের মুখ্য প্রতিপাদ্য আক্মজ্ঞানের শ্রেষ্ঠভা মুক্তকঠে স্বীকার করিয়াছেন। ইহার পরেও তিনি শ্রুবাদী বোদ্ধমত খণ্ডন প্রসন্মে বুদান্তান বেদান্ত-সন্মত (শহর্পিয়ত) বিবর্তবাদের সমালোচনা উপলক্ষে অতি বড় একটী কথা লিয়াছেন—

"তদালাং ভাবং, কিমার্ত্রকবণিকাং বহিত্রচিত্তরা।"

অর্থাৎ বেদান্তসন্মত বিবর্তবাদের আলোচনায় আমাদের প্রয়োজন নাই। বেদান্তসন্মত ব্রিবর্তবাদের আলোচনা করা— আদার ব্যাপারীর জাহাজের খবর লওয়ার মত অনধিকার চর্চা ভিন্ন আর কিছুই নহে। ইছা হইতে বেশ বুঝিতে পারা যায় ষে, তিনি কেবল মুখে নয়, মনে মনেও বেদান্তসিদ্ধান্তের উপর প্রগাঢ় শ্রদ্ধা ও অমুরাগ পোষণ করিতেন। তিনি আর এক স্থানে শুক্তবাদী বৌদ্ধকে সম্বোধন করিয়া বলিয়াছেন (১)—

 প্রবিশ বা অনির্কাচনীয়খ্যাতিকৃকিং, তিঠ বা মতিকর্দমমণহায় য়ায়-নয়য়ৢয়ায়েশ।"

হে শৃহ্যবাদী বৌদ্ধ, তুমি কিছুতেই তোমার সিদ্ধান্ত বক্ষা করিতে পারিতেছ না, এবং পারিবেও না। এখন তোমার তুইটা পথ উন্মৃক্ত আুদ্ধেন্দ্রক বেদান্তের 'অনির্বর্চনায়গ্যাতি'-গর্বে প্রবেশ-কবা, আরু না হয়, মনের ময়লা অর্থাৎ বুদ্ধির দোষ দূব করিয়া হায়ের মতামুসারে চলা। অতএব, হয় তুমি দৃশ্যমান জগৎপ্র-পঞ্জের অন্তিত্ব অপলাপ করিয়া বেদান্তের অন্তিব্রচনীয়খ্যাতিবাদের আশ্রেয় গ্রহণ কর (২), নচেৎ জগৎপ্রপঞ্চের অন্তিব্রহীকার করিয়া

<sup>(</sup>১) বৌদ্ধদের এক সম্প্রদারের নাম 'মাধানিক'। মাধানিকগণ শৃত্যবাদী। তাহারা বলেন, জ্বগতে যাহা কিছু সং— যাহা কিছু আছে. সে সমস্তই শৃত্যবশেষ, অর্থাং শৃত্তেতে পরিসমাপ্ত হয়, শৃত্তই সংপদার্থের শেবাবস্থা। প্রদৌপ নির্ব্ধাপিত হইলে যেমন শৃত্তে পরিণত হয়, তেমনই জগতেরও সবই শৃত্ত হইয়া যায়, কিছুই আর অর্থাপ্ত থাকে না। আ্রার অবস্থাপ্ত এইরূপ। শৃত্তই তব; স্ক্তরাং তাহাই সত্য, আর সমস্তই অসতা।

<sup>(</sup>২) শ্বরাচার্য্য বেদান্তব্যাখ্যার 'অনির্ব্বচনীয়খ্যাতি' নামে একটী শিদ্ধান্ত সংস্থাপন করিরাছেন। তাহা এইরূপ,—একই একমাত্র সত্য বন্ধ, ভাষ্কের সমস্তই অস্ত্যা—মিধ্যা। এক্ষের একটা শক্তি আছে, তাহার নাম

আমাদের স্থায়সন্মত মত অবলম্বন কর। তোমার শৃত্যবাদ কিছুতেই রক্ষা পাইতেছে না। আচার্য্য শক্ষরম্বামী বেদাস্তদর্শন অবলম্বনে 'অনির্ব্বচনীয়খ্যাতি' স্থাপন করিয়াছেন। আচার্য্য উদয়ন এখানে সেই কথারই উল্লেখ করিয়াছেন। বেদাস্তের অনির্ব্বচনীয়খ্যাতিবাদ যদি আচার্য্য উদয়নের অনুমোদিত না হইত, তাহা হইলে, তিনি কখনই পরপক্ষ খণ্ডনম্থলে 'অনির্ব্বচনীয় খ্যাতি'কে শ্বসিদ্ধাস্তের সমান সম্মান প্রদান করিতেন না; অথচ তাহাই তিনি করিয়াছেন। অতএব, বেদাস্তদর্শনের উপর যে, তাঁহার বিশেষ সম্মানবৃদ্ধিছিল, একথা বলিলে অত্যুক্তি করা হয় না। (১)

আচার্য্য উদয়ন ঐ গ্রন্থেরই অন্যত্র বোদ্ধমত খুগুন উপলক্ষে আরও স্পাই কথায় বেদান্তের প্রশংসা কীর্ত্তন করিয়াছেন। সেখানে তিনি বলিয়াছেন—

> "ন গ্রাহ্ডেদমবধুর ধিয়োহন্তি বৃত্তিঃ, ভবাধকন বলিনি বেদনরে জয়্পীঃ। 'নোচেদনিন্যামদনীদূশমেব বিশং— ভথাম, ভণাগতমততা তু কোহবকাশঃ॥"

মারা বা অবিজ্ঞা। এই মারা ব্রহ্ম চইতে ভিন্নও নর, অভিন্নও নর, সংও মর, অসংও নর,—উহা অনির্ব্বচনার, অর্থাৎ মারাকে সং বা অনংক্রপে নির্ব্বাচন কবা যার না; এইজন্ম উহা অনির্ব্বচনীর। এই অনির্ব্বচনীর মারা প্রভাবে নির্ব্বিকাব অবিতীর ব্রহ্মেও হৈতভাব উপস্থিত হর। অনির্ব্বচনীর মারা বারা করিত বিধার এই বৈত অংগংও অনির্ব্বচনীরক্রপে পরিগণিত।

<sup>(</sup>১) কোন কোন নৈরায়িক "বেদান্তা যদি শাত্রাণি বৌজৈঃ কিমণ-রাধ্যতে" ইত্যাদি প্রকার বিজ্ঞপবাণী প্ররোগ করিয়া আপনাদের অসমীক্ষা-কারিতার পরিচর দিয়া থাকেন। তাহারা উপরি উদ্ধৃত উদয়নাচার্য্যের কথা ক্রনিষা নিশ্চয়ই বিভিত্ত হইবেন।

অভিপ্রায় এই যে, বৌদ্ধগণ বৃদ্ধি-বিজ্ঞানের অতিরিক্ত বাহ্য পদার্থের অন্তিত্ব অন্তীকার করেন। তাহারা বলেন—আমাদের মানসিক জ্ঞানই অবিভালোষে বাহ্য ঘটপটাদি পদার্থাকারে প্রকাশ পাইয়া থাকে. বাহিরে উহাদের কোন সভাই নাই ইত্যাদি। আচার্য্য উদয়ন বলিতেছেন যে, বৌদ্ধদের এ সিদ্ধান্ত যুক্তিসিদ্ধও নয়, এবং নৃতনও নয়। প্রথমতঃ বাহিরে বৃদ্ধিগ্রাহ্ম কোন পদার্থ না থাকিলে বুদ্ধির বৃত্তিই (জ্ঞানই) হইতে পারে না ; কারণ, বিষয়রহিত জ্ঞান কোপাও দৃষ্ট হয় না, এবং হইতেও পারে না। কাজেই অন্তরত্ব বৃদ্ধি-বিজ্ঞানই যে, বাহ্ন বস্তুরূপে প্রকাশ পায়, একথা যুক্তিসক্ষত হইতে পারে না। দিতীয়তঃ বাহ্ন ঘটপটাদি পদার্থের অসতাতাই যদি অবধারিত হয়, তাহা হইলেও প্রবল **(वननराव अर्था) विवर्त्तवामी (वनारम्वतंत्र अयु) कावन, अरेम्बाजीमी** বেদান্তিগণের মতে ত্রক্ষাতিরিক্ত কোন বস্তুই, এমন কি বৃদ্ধি-বিজ্ঞানও সভ্য নহে, পরস্তু মায়িক—অসভ্য। কাজেই এপকে বৌদ্ধকে বেদাস্তমতে প্রবেশ করিতে হয়। আর যদি তাহা না হয়, তবে ত দৃশ্যমান বিশ্ব, যেরূপ দৃষ্ট হইতেছে, সেইরূপই সত্য বলিয়া স্বীকার করিতে হইবে: স্বতরাং ভাহা হইলে স্থায়মতেরই জয়। অত্এব বৌদ্ধমতের আর অবকাশ বা কাৰ্যাক্ষেত্ৰ কোথায়?

এখানে উদয়নাচার্য্য 'বেদনয়' বেদান্তকে 'বলিনি' (প্রবল) বলিয়া বিশেষিত করিয়াছেন। ইহা হইতে বুঝা যায় যে, ইদানীন্তন নৈয়ায়িকদের মধ্যে কেহ কেহ বেদান্তদর্শনের উপর অবজ্ঞা বা অনান্থা প্রদর্শন করিলেও প্রাচীন প্রবীণ স্থায়াচার্য্যগণ কখনও সেরূপ ব্যবহার করিতেন না, বরং সমধিক শ্রদ্ধাই প্রদর্শন করিতেন; উক্ত উদয়নবাক্যই তাহার প্রমাণ।

## [ বেদব্যাসের আবিভাবকাল। ]

এমন উপাদেয় সর্ববসম্প্রদায়ের আদরের বস্তু উক্ত প্রক্ষাসূত্র বেদায়দর্শন যে, কোন শুভ সময়ে প্রাত্নভূত হইয়াছিল, তাহা জানিবার জন্ম পাঠকবর্গের কোতৃহল হওয়া খুবই স্বাভাবিক ও প্রয়োজনীয়; স্থতরাং তদ্বিধয়ে কিঞিৎ আলোচনা করা অসকত মনে হয় না। ন্যায়-বৈশেষিকাদিদর্শনের আবির্ভাবকাল যেরূপ হর্ভেত্র অন্ধকারাবৃত ও সংশয়সমাকূল, আলোচ্য বেদায়দর্শনের আবির্ভাবকাল সেরূপ চর্বিস্তেয় বা সংশয়্র্যানিই নহে; কারণ, উহার রচয়িহার আবির্ভাবকাল স্মরণাতীত নহে। তদ্বিয়য়ে সাক্ষ্যপ্রদানক্ষম ইতিহাস গ্রন্থ এখনও বিদ্যামান আছে; স্থতরাং সেই সময়ের সাহায়েয়ই তৎপ্রণীত বেদায়্তদর্শনের কালও সহক্ষেই সংকলন করা যাইতে পারে।

নারায়ণাবতার মহর্ষি বেদবাসে যে, ব্রহ্মসূত্র বেদান্তদর্শনের রচয়িতা, তদ্বিষয়ে আজ পর্যান্ত কাহারো মহতেদ নাই। প্রাচীন ইতিহাস হইতে জানা যায় যে, তগবান নারায়ণ লাপরের শেষ সময়ে পরাশরের ঔরসে সত্যবতার গর্তে প্রান্তভূত হইয়া প্রথমে কৃষ্ণদৈশায়ন নামে অভিহিত হন, পরে তিনিই বেদবিভাগপূর্বক সংহিতা সংকলন করিয়া বেদবাস নামে পরিচিত হইয়াছিলেন। বর্তমান কলিয়ুগের বয়ঃপরিমাণ কিঞ্চিত্রধিক পঞ্চ সহত্র বৎসর।

ইহার পূর্ববিদ্ধ্যার কাল ছত্রিশ হাজার বৎসর; স্তরাং একচল্লিশ হাজার বৎদর পূর্বের কোন এক দময়ে বেদব্যাদের আবির্ভাব হইয়াছিল বুঝিতে হইবে। তাঁহার সম্বন্ধে এতদপেক্ষা সৃক্ষম জন্মপত্রিকা নির্দ্দেশ করা অসম্ভব ও অনাবশ্যক; এবং এজন্ম অধিক সময়ক্ষেপ করাও নিস্প্রয়োজন; স্কুতরাং এ কথা এখানেই শেষ করিয়া ত্রহ্মসূত্র রচনার সময়-নির্দ্দেশের চেফা করা যাউক।

## [ ব্রহ্মসূত্র রচনার কাল]

এদেশের প্রামাণিক ইতিহাস পুরাণ ও মহাভারতপ্রভৃতি
প্রস্থ স্থালোচনা করিলে জানিতে পারা যায় যে, মহর্ষি বেদন্যাস
কেবল বেদশাস্ত্রের বিভাগ সাধন করিয়াই নিরস্ত হন নাই। তিনি
ব্রহ্মসূত্র (যেদান্তুদর্শন), অফাদশ মহাপুরাণ, মহাভারত, এবং
ধর্ম্মগংহিতা প্রভৃতি আরও অনেক গ্রন্থ রচনা করিয়া আপনার
কর্ত্রিয় সমাধা করিয়াছিলেন। ইহাও জানিতে পারা যায় যে,
বেদব্যাস সর্ব্রপ্রথমে বেদবিভাগ সম্পাদন করিয়া এবং শিশুবর্গে
সে সকলের অধ্যয়ন ও অধ্যাপনার ভারে সমর্পণ করিয়া, পরে
অপরাপর গ্রন্থনিচয় রচনা করিয়াছিলেন; কিন্তু ঐ সকল গ্রন্থের
মধ্যে কোনটী পূর্বেব বা কোনটী পরে রচনা করিয়াছিলেন, সে
কথা কোথাও স্পান্টাক্ষরে কথিত নাই। দেবীভাগবভের ভৃতীর
ক্ষম্প্রে একটী শ্লোক আছে। ভাহাতে বেদব্যাসকৃত গ্রন্থভৌনীর
পারস্পর্য্য ক্রমে উল্লেখ দৃষ্ট হয়। যথা—

" বেদশাধা: পুরাণানি বেদান্তং ভারতং তথা। কৃষা সম্মোহ-সমূঢ়োহভবং রাজন্ মনগুলি॥"

**এই শ্লোকোক্ত ক্রমকে यनि গ্রান্থরচনারই यथाর্থ ক্রম বলিরা** 

THE RAWAKRISHMA WISSIGN
INSTITUTE OF CULTURE.
LIBRARY

গ্রহণ করা যায়, তাহা হইলে বেদশাখার পরই পুরাণগ্রন্থ, অনস্তর বেদান্ত ( অক্ষাসূত্র ), তাহার পর মহাভারত রচিত হইয়া-ছিল বুঝিতে হয় (১)। কিন্তু মার্কণ্ডেয় পুরাণে মহাভারতের পরে পুরাণ রচনার কথা দেখিতে পাওয়া যায়। ক্রোম্ট কি জিজ্ঞাম্ব-ভাবে মার্কণ্ডেয়ের সমীপে উপস্থিত হইয়া বলিতেছেন—

> '' তদিদং ভারতাখ্যানং বহুবর্থং শ্রুতিবিস্তরম্। তত্ততো জ্ঞাতুকামোহহং ভগবস্তমুপস্থিতঃ॥ ''

আমি মহাভারতে যে উপাশ্যান অবগত হইয়াছি, তাহাই বথাবথভাবে জানিবার ইচ্ছায় আপনার নিকট উপদ্থিত হইয়াছি। এখানে মহাভারতের পর বে, মার্কণ্ডেয় পুরাণ বিরচিত হইয়াছিল, তাহা একপ্রকার স্পান্ট কথায়ই ব্যক্ত করা হইয়াছে। বাস্তবিক পক্ষে, পুরাণ রচনার পর যে, মহাভারত বিরদ্ধিত হইয়াছিল, একথা বহু প্রমাণ ঘারাই সমর্থিত হয়। মহাপুরাণে আছে—

"অষ্টাদশ পুৰাণানি কৃত্বা সত্যবতীস্থত: । ভারতাখ্যানমধিশং চক্রে তত্পবৃংহিতম্ ॥"

অর্থাৎ সভ্যবতীনন্দন বেদব্যাস অফীদশ পুরাণ রচনা করিয়া অবশেষে সম্পূর্ণ মহাভারত গ্রন্থ রচনা করিয়াছিলেন।

অষ্টাদশ পরাণের অতিরিক্ত যে সমত পুরাণ (উপপুরাণ) দৃষ্ট হয়, ঐ সমত প্রস্থ বিভিন্ন সময়ে উক্ত অষ্টাদশ পুরাণ হইতেই বহির্গত হইরাছে; স্থতরাং সে সকল পরাণের সহিত মহাভারত বা বেদাত্তদর্শনের পৌর্কাণিই। চিত্তার প্রয়োজন নাই।

<sup>(</sup>১) ৷ মংস্থ প্ৰাণেই অন্তব্ৰ কথিত আছে,—

<sup>&</sup>quot; অষ্টাদশভান্ত পৃথক্ পুরাণং যৎ প্রাদৃশ্রতে। বিজ্ঞানীধ্বং বিজ্ঞান্তিয়ো বিনির্গতিম্ ॥"

ইহা ছারা উত্তমরূপে প্রমাণিত হইতেছে যে, মহাভারত রচনার-পূর্বেই অফাদশ পুরাণ বির্বাচত হইয়াছিল। আলোচ্য বেদান্ত-দর্শন যে, অফাদশ পুরাণেরও অগ্রে আত্মলাভ করিয়াছিল, একথা প্রকারান্তরে প্রমাণিত হইতেছে। পুরাণশাস্ত্রই এ বিষয়ে বিস্পষ্ট সাক্ষ্য প্রদান করিতেছে। গরুড়পুরাণে ভাগবতগ্রন্থের পরিচর প্রদানপ্রসঙ্গে কথিত আছে,—

> অর্থে। ২ রং ব্রহ্মস্ত্রাণাং ভারতার্ধবিনির্ণরঃ। গায়ত্রা। চ সমারস্তস্তবৈ ভাগবতং বিহুঃ ॥ \*
> ( উন্ধরস্বামিধৃত গরুভুপুরাণ )

এখানে যখন শ্রীমন্তাগবতকে ত্রহ্মসূত্র—বেদাস্তদর্শনেরই অর্থ
বা ব্যাখ্যাম্বরূপ বলিয়া নির্দেশ করা হইয়াছে, তখন বেদাস্তদর্শন বে,
পুরাণেরও পূর্ববর্তী। তাদ্বিষয়ে সন্দেহ নাই। কারণ, পূর্ববর্তী
গ্রন্থই পশ্চাৎ ব্যাখাত হইয়া থাকে। বেদাস্তদর্শন পূর্বেব বিভামান
থাকিলেই পশ্চাৎ তাহার ব্যাখ্যারূপে ভাগবত পুরাণ বিরচিত
হইতে পারে, নচেৎ নছে (১)। তবে যে, দেবীভাগবতে পুরাণরচনার পরে বেদাস্তদর্শন রচনার কথা উল্লিখিত হইয়াছে, তাহা
বস্তুতঃ ঐ সমৃদয় গ্রন্থরচনার পৌর্বাপর্যবোধক নহে, পরস্তু
ব্যাসকৃত গ্রন্থরাশির নিদর্শনমাত্র, এবং তাহা দ্বারা, বেদব্যাস ষে,

<sup>(</sup>১) শ্রীমন্তাগবতের প্রথম শ্লোকে 'সতাং পবং' কথার বেদান্তের "অথাতো ব্রহ্মজিজাসা" (১)১১১) স্ত্রের অর্থ বিবৃত করা হইরাছে, এবং "জনাগ্রন্ত ষতঃ " কথার বেদান্তের ছিতীর স্ত্র "জনাগ্রন্ত ষতঃ " (১)১১১ স্ত্রের অর্থ ব্যাখ্যাত হইরাছে, এইরূপ অভিপ্রারেই ''অর্থেইরং বিশ্বস্থ্যোগং '' বলা হইরাছে।

ঐ সমৃদয় গ্রান্থ রচনা করিয়াও, প্রকৃত তত্ত্বনির্নয়ে সমর্থ হন নাই,
এই কথাই সেখানে ব্যক্ত করা হইয়াছে মাত্র, কিন্তু গ্রন্থসমূহের
পৌর্ববাপর্য্য কথিত হয় নাই। দেবীভাগবতের টীকাকার নীলকৡও
একথা স্বীকার করিতে বাধ্য হইয়াছেন। বস্ততঃ পুরাণে ও
মহাভারতে বহুল পরিমাণে বেদান্তদর্শনের নামোল্লেখ দৃষ্ট হয়,
তদ্দর্শনেও অমুমিত হয় যে, পুরাণ ও মহাভারত রচনার পূর্বেই
বেদান্তদর্শন বিরচিত ও প্রচারিত হইয়াছিল। নচেৎ ঐ সমূদয়
শাস্ত্রে বেদান্তদর্শনের উল্লেখ গাকা কখনই সম্ভবপর হইত না।
পরাশরোপপুরাণে 'বৈয়াস' শব্দঘাবা ব্রহ্মসূত্রের উল্লেখ আছে—

''কৈমিনীয়ে চ বৈয়াদে বিক্লছোহংশো ন কশ্চন। শ্রুত্যা বেদার্থ-বিজ্ঞানে শ্রুতিপাবং গড়ো তি ভৌ॥"

এখানে 'জৈমিনীয়' শব্দে পূর্বনমীমাংস্কু আর 'নৈয়াস' শব্দে ব্যাসকুত উত্তর-মীমাংসা বেদান্তদর্শনই অভিহিত হইয়াছে।

মহাভারতের অন্তর্গত ভগবদগীতায় 'বেদান্ত' ও 'ব্রহ্মসূত্র' শব্দের উল্লেখ দেখিতে পাওয়া যায়। যথা—

> "(वमाञ्चकः (वर्षावरम् व ठावम् ।" ''खकार्ड-भरेगरेन्टव रुक्त्रार्ड्डकानिः ऽरेटः ।" हेट्यामि

উল্লিখিত প্রথম বাক্যে ভগবান্ আপনাকে 'বেদান্তুরুৎ'— বেদান্তের কর্তা বলিয়া নির্দেশ করিয়াছেন। দিতীয় বাক্যে স্পান্তাক্ষরে 'ব্রহ্মাসূত্র' শব্দের প্রয়োগ করিয়াছেন (১)। বেদান্তদর্শন

<sup>(&</sup>gt;) বেদান্ত শব্দের মুখ্য অর্থ উপনিষদ্। কিন্তু এখানে সে অর্থ আহণযোগ্য নহে। কারণ, উপনিষদ্ বন্ধতঃ অনাদিসিদ্ধ বেদ হইতে পৃথক্ নহে, এবং 'বেদবিৎ' কথায়ই তাহার উল্লেখ কবা হইয়াছে; কাজেই বেদান্ত শব্দে বৃদ্ধতে হইবে, এবং তৎকর্তৃত্বই ভগবান্ আপনাতে শীকার করিয়াছেন বৃদ্ধিতে হইবে।

জথ্যে রচিত না হইলে ভগবদগীতায় ভগবানের মুখে ঐ প্রকার উক্তি কখনই সক্ষত হইতে পারে না। বিশেষতঃ নিম্নোদ্ধ্ জ্লোক ধারাও উক্ত সিদ্ধান্তই সমর্থিত হইতেছে—

> "বিভজ্য চতুরো বেদান্ শিয়ানব্যাপ্য যদ্ধতঃ। জৈমিনিং পূর্ব্বমীমাংসামাদিশ্র স্বয়মস্ততঃ। ব্রহ্মবিজ্ঞাবিশুদ্ধার্থং ব্যাসঃ স্কোণি নির্দ্মমে॥" (বিজয়ধ্বজী টাকাধৃত পুরাণবচন)

উল্লিখিত শ্লোকে স্পান্টই বলা হইয়াছে যে, ব্যাসদেব বেদবিভাগের পর, প্রথমতঃ ঐ সমুদ্র সংহিতা বিভিন্ন শিশ্বকে শিক্ষা
দিয়াছিলেন। পরে দৈনিকে বেদের পূর্বনীমাংসা রচনার
আদেশ করিয়া—স্বয়ং উত্তরভাগের তাৎপর্য্য নির্ণয়ের জন্ম সূত্রসমূহ রচনা করিয়াছিলেন। বলা বাস্ত্র্যা যে, অক্ষবিদ্যা বিশুদ্ধির
জন্ম, যে সূত্রসমূহ রচিত হইয়াছিল, সেই সূত্রসমূহ এই অক্ষসূত্র
বেদাস্তদর্শন ভিন্ন আর কিছুই হইতে পারে না। প্রসিদ্ধ কিংবদন্তীও
এ পক্ষে সাক্ষাপ্রদান করিতেছে।

এখানে এ কথাও শ্বরণ রাখা আবশ্যক যে, ইতিহাস ও পুরাণশান্ত্র বেদার্থেরই সমর্থক (১)। বেদে যে সমুদয় তুর্নিবজ্ঞের তত্ত্ব নিরূপিত আছে, সে সমুদয়কে সরল ও স্বস করিয়া লোকের বোধগাম্য করানই পুরাণের ও ইতিহাসের প্রধান উদ্দেশ্য; স্তরাং

<sup>(</sup>১) "ইতিহাস-প্রাণাভ্যাং বেদার্থমুপবৃংহয়েং" অর্থাৎ ইতিহাস ও প্রাণের সাহায্যে বেদার্থের পোষণ করিবে; অর্থাৎ বেদের প্রকৃতার্থ নির্ণয় করিবে।

ব্রহ্মসূত্র রচনার পরে ইইলেই, পুরাণ ও ইভিহাস রচনার সার্থকজা সম্ভবপর হইতে পারে, কিন্তু পূর্বেক ইইলে ইইতে পারে না। অভএব যে দিক্ দিয়াই আলোচনা করা যাউক না কেন, বেদাস্ত-দর্শন—ব্রহ্মসূত্র যে, পুরাণাদি শান্ত্রেরও বহু পূর্ববর্ত্তী, তদিবয়ে সন্দেহের কোন কারণ নাই; সুভরাং কলিযুগেরও পূর্বেক — বাপরের শেষভাগে কোন এক অনির্দ্দেশ্য সময়কে উহার আবি-জাবকাল বলিয়া নির্দ্ধারণ করা ভিন্ন আর গভ্যস্তর নাই।

ন্ত্রক্ষমন্ত্রের মধ্যে কোন কোন স্থানে কাশক্ৎস্ন, উপবর্ষ, বাদরি ও কৈমিনি প্রভৃতি কতিপয় প্রাচীন আচার্য্যের নামোলেখ দেখিতে পাওয়া বায়, কিস্তু তাঁহারা বে, কোন শুভ মুহূর্ত্তে ধরাধাম অলঙ্কত করিয়াছিলেন, তাহা নির্ণয় করিবার কোন প্রকৃষ্ট 'উপায় নাই। যাহার! বর্ত্তমান পদ্ধতি অনুসারে সেই চাণকা, চন্দ্রপ্রথ, কোটিল্য ও পাণিনি প্রভৃতি—অপেক্ষাকৃত পুরাতন মনীষিগণের সাংবির্ভাব ও স্থিতিকাল ধরিয়া উহাদের সময়াবধারণে প্রয়াস পান, তাহাদের চেইটা ও সহিস্কৃতাকে ধল্যবাদ দিলেও, পণ্ড পরিশ্রামের পরিণাম দর্শন করিয়া সম্ভবতঃ সকলকেই পরিশেষে নৈরাশ্যের তপ্তশ্বাসে তৃপ্তিলাভ কারতে হয়। যাহা হউক, এ বিষয়ে আমাদের যাহা বক্তব্য, বলিলাম, অতঃপর প্রকৃত বিষয়ের সবতারণা করিতেছি।

## [ বেদান্তদর্শনের বিহুর বিভাগ। <u>]</u>

উক্ত বেদান্তদর্শনের অপর শাম—শারীরক মীমাংসা, উত্তর মীমাংসা, ব্রহ্মদর্শন ও ব্রহ্মসূত্র প্রস্তৃতি। বেদান্তদর্শন চারি অধ্যারে বিশুক্ত। প্রত্যেক অধ্যারে চারিটি করিয়া পাদ বা পরিচ্ছেদ আছে; স্থতরাং সমস্থিতে বেদান্তদর্শনের পাদসংখ্যা ষোড়ন্দ, এবং স্ত্রসংখ্যা পাঁচ শত পঞ্চার। অবশ্য এইরূপ স্ত্রসংখ্যা ভগবান্ শক্ষরাচার্য্যের অভিমত হইলেও সর্ববসম্মত নহে; কারণ, ভিন্ন ভিন্ন ভাষ্যকার স্ত্রসংখ্যার বিশেষ তারতম্য ঘটাইয়াছেন। এক জন ভাষ্যকার যাহা একটা স্ত্র বলিয়া গ্রহণ করিয়াছেন, অন্য ভাষ্যকার আবার স্থানবিশেষে তাহাকেই তুইটা সূত্রে বিভক্ত করিয়াছেন। এই কারণে সম্প্রদায়ভেদে স্ত্রসংখ্যার কিঞ্চিৎ ব্যতিক্রম ঘটিয়া থাকে। উপরে যে, সংখ্যা নির্দ্দেশ করা হইল, তাহা আচার্য্য শক্ষরের ভাষ্যানুযায়া স্ত্রসংখ্যা বৃথিতে হইবে।

উপরে, যে চারিটা অধ্যায়ের উল্লেখ করা হইল, উহারা যথাক্রমে 'সমন্বর্য', 'অবিরোধ' 'সাধন' ও 'ফলাধ্যায়' নামে পরিচিত। এইপ্রকার নামকরণ হইতেই অধ্যায়গুলির প্রতিপাল্থ বিষয়ও বুঝিতে পারা যায়। যে অধ্যায়ের যাহা প্রধান প্রতিপাদ্য বিষয়, তাহা ভারাই সেই অধ্যায়কে পরিচিত করা হইয়াছে। সমন্বয়াখ্য প্রথমাধ্যায়ে ব্রক্ষবিষয়ক শ্রুতির পদ ও বাক্যসমূহের সমন্বয় সংস্থাপিত হইয়াছে (১)। প্রথম অধ্যায়ে দিক্ষান্থিত

<sup>(</sup>১) 'সম্বর' অর্থ — আপাততঃ তিয়ার্থ প্রতিপাদক পদসমূহের বে,
একই অর্থে তাৎপর্য্যাবধারণ, তাহার নাম সম্বর। পদের ক্রায় বাক্যেরও
সম্বর আছে। ব্রহ্মবিছাপ্রকরণে এমন অনেক বৈদান্তবাকা দৃষ্ট হর,
বে সকল বাক্য বা পদ দেখিবামাত্র মনে হর বে, এ সকল বাক্য ও পদ বন্ধপ্রতিপাদক নহে — অক্ত বস্তর প্রতিপাদক। অথচ বিচার করিলে
ব্যা বার বে, বদিও ঐ সকল বাক্য ও পদ আপাততঃ অক্ত বস্তর
প্রতিপাদক হউক, তথাপি অন্বিতীর ব্রহ্মপ্রতিপাদনেই ঐ সকলের তাৎপর্যা,
সক্তর নহে।

সমন্বয়ের উপর প্রতিপক্ষদল যে, শান্ত্রান্তরবিরোধ ও তর্কবিরোধ উন্তাবিত করিয়া থাকেন, সেই সমৃদয় বিরোধের পরিহার ও বিপক্ষপক্ষের অযৌক্তিকতা দ্বিতীয় অধ্যায়ে বর্ণিত হইয়াছে, এবং ভোক্তাও ভোগ্যস্মন্তিবিষয়ক বিরোধেরও সমাধান করা হইয়াছে। তৃতীয় অধ্যায়ে ব্রহ্ম-জ্ঞানলাভের উপায় ও 'তব্বং' পদার্থের পরি-শোধন প্রণালী বির্ত হইয়াছে; আর চতুর্থ অধ্যায়ে ব্রহ্মজ্ঞানের কলস্বরূপ মুক্তির কথা বিশেষভাবে নিরূপিত হইয়াছে।

পাঠকবর্গের বোধ সৌকর্যার্থ প্রত্যেক অধ্যায়ের বর্ণনীয় বিষয়গুলিই বিশ্লেষণপূর্বক চারিটী পাদে পৃথক্ পৃথক্ ভাবে বিশ্লস্ত হইরাছে। যেমন, প্রথম অধ্যায়ের প্রথম পাদে ব্রহ্মবোধক স্পাট্টলিন্দক বেদাস্তবাক্যের সমন্বয় প্রদর্শিত হইরাছে, অর্থাৎ যে সকল বেদাস্তবাক্যের ব্রহ্মপ্রকার বিদ্যমান আছে, কেবল সেই সকল বাক্যেরই সমন্বয় সংস্থাপন করা ইইরাছে। আর যে সকল বেদাস্তবাক্যে ব্রহ্মপার কির্নিয়ের স্পাই কোনও হেতু আপাততঃ দৃষ্ট হয় না, দ্বিতীয় ও তৃতীয় পাদে কেবল সেই সমৃদ্য় বাক্যেরই ব্রহ্মবিষয়ে সমন্বয় সম্পাদিত হইরাছে। তামধ্যে বিশেষ এই যে, দ্বিতীয় পাদে কেবল ক্রেয় ব্রহ্মপ্রতিপাদক বাক্যের সমন্বয় মাত্র স্থাণিত হইরাছে; এবং চতুর্থপাদে, যে সমৃদ্য় শব্দ সন্দিশ্বার্থ-বোধক, অর্থাৎ আপাতদ্প্তিতে যে সকল শব্দের অব্রহ্মপর্য বলিয়া

সংশয় হইয়া থাকে, কেবল সেই সকল বেদান্ত-শব্দেরই প্রকৃতার্থ নির্বয় (সমন্বয়) করা হইয়াছে (১)।

অবিরোধাথ্য দ্বিতীয় অধ্যায়ের প্রথম পাদে—সাংখ্য ও বৈশেষিকাদি দর্শনকর্ত্বগণ বেদান্ত-সমন্বয়ের বিপক্ষে, যে সকল শাস্ত্রবিরোধ ও যুক্তিবিরোধ উদ্ভাবন করিয়া থাকেন, সে সকলের পরিহার দ্বারা অবিরোধ সংস্থাপন, দ্বিতীয়পাদে—বেদান্তসমন্বয়ের বিপক্ষগণের উদ্ভাবিত মতবাদের উপর দোষ প্রদর্শন, তৃতীয় পাদের প্রথম অংশে পঞ্চ মহাভূতবিষয়ক শ্রুতির ও শেষাংশে ভোক্তা জীব-বিষয়ক শ্রুতির অবিরোধ প্রদর্শন। আর চতুর্থ পাদে লিক্ষশরীর প্রতিপাদক শ্রুতিবাকাসম্বন্ধে আশস্কিত বিরোধের পরিহার প্রদর্শন। তৃতীয় অধ্যায়ের প্রথম পাদে—মৃত্যুর পর পুনরায় দেহধারণের প্রণালী বর্ণন; দ্বিতীয় পাদে "তৎ বম্ অসি" এই মহাবাক্যার্থ-শোধন, অর্থাৎ উক্ত বাক্যার্থবোধের উপযোগী 'তৎ' ও ' হম্' পদের অর্থ নিরূপণ। তৃতীয় পাদে গুণোপসংহার, অর্থাৎ সন্ত্রণোপাসনার বিভিন্ন শাথোক্ত গুণবিশেষের গ্রহণাদির নিয়ম প্রদর্শন; এবং চতুর্থপাদে ব্রক্ষজ্ঞানের সহায়ভূত

<sup>(</sup>১) বেমন 'অজা' শব্দ। খেতাখতবোপনিষদে আছে " অজামেকাং গোহিত-শুক্ত-ক্রঞ্জাং" ইত্যাদি। এই 'অজা' শব্দের অর্থ কি ?—সাংখ্যাক্ত প্রকৃতি ? কিংবা বেদাস্তের ব্রহ্ম ? অথবা আর কিছু ? প্রথম অধ্যারের চূর্থ পাদে বিচাব দারা স্থির করা হইয়াছে যে, এই 'অজা' অর্থে সাংখ্যাক্ত প্রকৃতি বা অক্ত কিছু নহে; পরস্ক বেদাস্তের ব্রহ্ম, এই জাতীয় পদসম্বন্ধ চূর্থপাদে স্থান পাইয়াছে।

বহিরক্স সাধন—আশ্রম কর্মাদির এবং অন্তরক্স সাধন—শমদমাদির
নিরূপণ। চতুর্থ অধ্যায়ের প্রথম পাদে জীবমুক্তি নিরূপণ;
বিতীয় পাদে মৃত্যুকালীন দেহত্যাগের প্রণালী কথন; তৃতীয়
পাদে সগুণোপাসকের উত্তরায়ণ পথে গমনের বিবরণ, এবং চতুর্প
পাদে বক্ষজ্ঞ ব্যক্তির নিগুণ বক্ষপ্রাপ্তি, আর সগুণোপাসকের
বক্ষলোকে অবস্থান প্রভৃতি বিষয় বর্ণিত হইয়াছে। উল্লিখিত
বিষয়সমূহই বেদান্তদর্শনের চারি অধ্যায়ের ষোড়শটী পাদে বিশেষভাবে নিরূপিত হইয়াছে, তন্তির আরও অনেক বিষয় প্রসক্ষক্রমে
উত্তমরূপে বিচারিত ও মীমাংসিত হইয়াছে। ১ ত্রা ৩।

আলোচ্য ব্রহ্মসূত্র বেদ;স্তদর্শন অবলম্বনে বিভিন্ন সময়ে অনেকগুলি ব্যাখ্যাপ্রস্থ বিরচিত হইয়াছে। ক্লেগুলি টীকা, ভাষা, বৃত্তি বা বিবরণ নামে প্রসিদ্ধ। তাতা ছাড়া বিভিন্ন সম্প্রদায়ের আচার্য্যগণ এই বেদাস্তদর্শন অবলম্বন করিয়া অনেকগুলি উৎকৃষ্ট প্রকরণপ্রস্থ প্রণয়ন করিয়া ইহার মর্ম্মার্থ বুঝাইয়া দিয়াছেন। বড়ই পরিতাপের বিষয় যে, বর্ত্তমান সময় পর্যাস্ত ভাহার কতকগুলি গ্রন্থ আবিকৃত হয় নাই। হয়, সেগুলি চিরদিনের জক্ত কালকবলে পতিত হইয়াছে, না হয়, লোকলোচনের অগোচরে কোথাও অভ্যাতবাসে অবস্থান করিতেছে। জ্ঞানি না, সে সমুদায়ের পুনকৃদ্ধার হইবে কি না ?

প্রসিদ্ধ ন্থায়-বৈশেষিক দর্শনশাস্ত্র যেরূপ তর্কপ্রধান—নির্দ্দোষ তর্কের সাহায্যে অভিমত তত্ত্বনির্ণয়ের প্রয়াস পাইয়াছে, এবং কোথাও পূর্ণমাত্রায় শ্রুতিবাক্যের উপব্লু আত্মনির্ভর করে নাই, নিভাস্ত আবশ্যকমতে স্থানে স্থানে শ্রুতিবাক্যের সহায়তামাত্র গ্রহণ করিয়াছে; কিন্তু আলোচ্য বেদাস্তদর্শন সেরপ পদ্ধতি গ্রহণ করে নাই। বেদাস্তদর্শন প্রধানতঃ শ্রুতিবাক্যের উপরই প্রতিষ্ঠিত থাকিয়া সন্দিহুমান শ্রুতিবাক্যসমূহের প্রকৃত তাৎপর্য্যনিদ্ধারণ করিয়াছে, এবং সেই অবধারিত তাৎপর্য্য পরিশুদ্ধি-সাধনের জন্ত স্থলবিশেষে তর্কেরও সাহায্য লইয়াছে সত্য, কিন্তু কোথাও তর্কের উপর আজুনির্ভর করে নাই। শ্রুতিবাক্যের বিরোধ সমাধানের জন্ম তাৎপর্য্য নির্দ্ধারণে ব্যাপৃত বলিয়াই—বেদাস্তদর্শন 'উত্তর-মীমাংসা' নামে অভিহিত হইয়াছে (১)।

বেদান্তদর্শনের আর একটা বৈশিষ্ট্য এই যে, স্থায়াদিদর্শনে যেরূপ লৌকিক অলৌকিক উভয়বিধ বস্তুবিচারই স্থান পাইয়াছে, বেদান্তদর্শনে সেরূপ কোন বিচার স্থানলাভ করে নাই। অক্সই ইহার মুখ্য বিষয় ; স্থতরাং অক্ষবিচার মুখ্যরূপে এবং অস্থান্ত বিষয়ের বিচার তদানুষ্ঠিকরূপে ইহার কলেবর পূর্ণ করিয়াছে। বক্ষনিরূপণ মুখ্য বিষয় বলিয়াই বেদান্তদর্শন বক্ষসূত্র' নামে পরিচিত হইয়াছে।

আন্তিক দর্শনের মধ্যে একমাত্র বেদান্তদর্শন ভিন্ন সমস্ত দর্শনেই জড় জগতের সভ্যতা স্বীকৃত হইয়াছে, সেই জাগতিক

<sup>(&</sup>gt;) মহামুনি লৈমিনি বেদের পূর্বভাগ কর্মকাও অবলম্বনে বে মীমাংসাদর্শন রচনা করিয়াছেন, তাহা পূর্ব্বমীমাংসা নামে পরিচিত, আর মহর্ষি বেদব্যাস বেদের উত্তরভাগ—জ্ঞানকাও অবলম্বনে বে মীমাংসা-শাস্ত্র (বেদান্তদর্শন) রচনা করিয়াছেন, তাহা উত্তরমীমাংসা নামে অভিহ্তি ইইয়া থাকে।

পদার্থের সংখ্যা ও বিভাগাদি বিচারিত হইয়াছে, এবং সেই সমুদর স্বীকৃত পদার্থ সমর্থনের জন্ম যথাসম্ভব প্রত্যক্ষাদি প্রমাণভেদও বিশেষভাবে নিরূপিত হইয়াছে, কিন্তু বেদান্তদর্শনে সে সকল বাহুল্য আদৌ স্থানপ্রাপ্ত হয় নাই, কারণ, বেদান্তদর্শনের মতে বক্ষাতিরিক্ত কোন পদার্থ ই সত্য নহে, সকলই মায়িক—মিখ্যা বা অসত্য। অসভ্যের সংখ্যাবিভাগাদি কল্পনা অনাবশ্যক, এবং তৎসমর্থনোপযোগী প্রমাণচিন্তাও নিরর্থক। কাক্তেই বেদান্তদর্শনে স্পাইভাষার সে সব বিষয় আলোচিত হয় নাই। তবে আবশ্যক ব্যবহার নির্ববাহের জন্ম পরবর্তী আচার্য্যগণ পূর্ববমীমাংসা-সম্মত প্রমাণাদি গ্রহণ করিয়াছেন (১)।

শিব্যবতার শঙ্করাচার্গ্যের অংবির্ভাবের প্রুর্বেরন্থী ও পরবন্তী বহু প্রখ্যাতনামা পণ্ডিত—বেদান্তদর্শনের উপর উল্লেখযোগ্য অনেক ব্যাখ্যাগ্রন্থ ও প্রকর্ম গ্রন্থ রচনা করিয়াছেন। ৃত্তাধ্যে ভগবান্ বোধায়ন, উপবর্ম পণ্ডিত, ভর্টপ্রপঞ্চ বা ভর্তৃহরি, শঙ্কর, ভট্টভাস্কর, দ্রমিড়, রামানুক্ত, মধ্ব, বল্লভ, শঙ্করমিশ্র, বিক্রণনভিক্ষু, নিম্বার্ক, নীলকণ্ঠ, বলদেব প্রভৃতির নাম বিশেষ উল্লেখযোগ্য।

রামামুকাচাণ্য শ্রীভায়ের প্রারম্ভে বোধায়নকৃত বিস্তীর্ণ ভাষ্য-প্রমের উল্লেখ করিয়াছেন, কিন্তু বোধায়নকৃত বেদাস্তব্যাখ্যা অপব

<sup>(</sup>১) বেদা প্রচার্য্যগণ বলিয়। থাকেন—"ব্যবহাবে তু ভাট্টা:।" অর্থাং বৈদান্তিকগণ দিদ্ধাস্তম্বলে পূর্বনীমাংদার মত গ্রহণ না করিলেও ব্যবহার-ক্ষেত্রে তাঁহারা সকলেই ভট্টমতাবলম্বী—অর্থাৎ পূর্বনীমাংদার আচার্য কুমারিশ ভট্টের অভিমত প্রমাণাদি শীকার করিয়া থাকেন।

কোথাও দৃষ্ট হয় না, এবং কোথাও উহার নামোল্লেখপর্যান্ত দেখা যায় না (১)। আচার্য্য শঙ্কর উপবর্ষের নাম ও মতবিশেষের উল্লেখ করিয়াছেন, এবং বহুস্থানেই ভর্তৃপ্রপঞ্চের কথা বা মতবিশেষ খণ্ডন করিয়াছেন, কিন্তু এ পর্যান্ত তাঁহাদের গ্রন্থ পাওয়া যায় নাই।

শক্ষরকৃত শারীরকভান্তা, রামাসুজকৃত শ্রীভাষা (২), নংবাচার্যাকৃত মাধ্বভান্তা, বল্লভাচার্যাকৃত অণুভাষা, শক্ষরমিশ্রকৃত বৃত্তি,
বিজ্ঞানভিক্ষুর ভাষা, নিম্বার্কভাষা, জ্বয়াদিত্যকৃত পূর্ণপ্রজ্ঞদর্শন,
বলদেব বিত্যাভূষণকৃত গোবিন্দভাষা এবং আরও তুই একখানি
ব্যাখ্যাগ্রান্থ এখনও স্থাসমাজে অল্লাধিক পরিমাণে প্রচলিত আছে।
কিন্তু শৈব বা শাক্ত সম্প্রদায়ের ব্যাখ্যাগ্রান্থ এখনও সমাজে আত্মপ্রকাশ করে নাই, ভবিষ্যতের কথা ভবিতব্যতাই জানে।

বেদান্তদর্শনের উপর যে সমুদয় ভাষ্য বা ব্যাখ্যাগ্রন্থ এখনও বিষৎসমাজে প্রচলিত আছে, যে সমুদয়ের প্রামাণ্য ও যৌক্তিকতা

"ভগৰবোধান্বনকৃতাং বিস্তীৰ্ণাং ব্ৰহ্মস্ত্ৰবৃত্তিং পূৰ্কাচাৰ্য্যাঃ

मः विकिशः" हेजापि ।

এই বোধান্ত্রন বে, কে, বা কবে কোথান্ত ছিলেন, তাহা জানিবার কোন উপার নাই। বস্তুত: ঐ নামে কেহ ছিলেন কি না, তদ্বিরে অনেকেরই সংশর আছে।

(২) বেদান্তদর্শনের উপর রামান্ত্রণাচার্ব্যের ঐভায় ছাড়া বেদান্তসার ও বেদান্তপ্রদীপ নামে আরও হুইখানি সংক্ষিপ্ত ব্যাধ্যা গ্রন্থ আছে, তাহা এখনও পাওয়া যায়।

<sup>(</sup>১) শ্ৰীভাষ্যের প্রারম্ভে রামাত্মকাচার্য্য লিধিয়াছেন—

স্থীসমাজে সাদরে স্বীকৃত ও গৃহীত হইয়াছে, এবং যে সমৃদয়ের নির্দেশামুসারে এখনও বহু সম্প্রদায় পরিচালিত হইতেছে, সেই সমৃদয় প্রামাণিক ব্যাখ্যার মধ্যে আচার্য্য শঙ্করের ভাষাব্যাখ্যাই সর্ববপ্রধান। শাঙ্করভাষ্যের সহিত কাহারো তুলনা হয় না; উহা যেন সারস্বত-কুপ্লের বীণাধ্বনি। উহার ভাষা যেমন মধুর, তেমনই সরস এবং তেমনই প্রসাদ-গল্পীর। অর্থসম্পদেও উহা অতুলনীয়। জটিল দার্শনিক তত্ত্বের স্বল্প কথায় সমাধান যদি কোথাও থাকে, তবে তাহা শাঙ্করভাষ্যেই আছে, অফ্যত্র নাই বলিলেও অত্যুক্তি হয় না। এবংবিধ বহু গুণ থাকায়ই শাঙ্করভাষ্য সর্ববাপেক্ষা অধিকতর জনপ্রিয় ও বহু ব্যাখ্যায় সমলঙ্কত ইইয়ছে। এখন প্রথমে আয়রা এই শাঙ্করভাষ্যক্ষাত সিদ্ধাস্তেরই আলোচনা করিব, পরে অপরাপর ব্যাখ্যামত্মত সিদ্ধাস্তেরই আলোচনা করিব,

## [ শঙ্গুরের আবিভাব সময় ]

পূর্বেই বলিয়াছি যে, আচার্য্য শঙ্কর সাক্ষাৎ জ্ঞানমূর্ত্তি
শক্ষবের অবতার। তাঁহার আবির্ভাবকাল লইয়া যথেষ্ট মণ্ডভেদ
দৃষ্ট হয়। অনেকের বিশ্বাস, তিনি খৃষ্টীয় য়ৡ শতাক্দীর পরে
আবির্ভূত হইয়াছিলেন। কিন্তু শৃক্ষেরীমঠে যে গুরুক্রম লিপিবদ্ধ
আছে, তাহাতে এরুশত তৃতীয় (১০৩) বিক্রমান্দ (সংবৎ) আচার্য্য
শক্ষবের আবির্ভাবকাল বলিয়া লিখিত আছে। মহারাষ্ট্রপ্রদেশে আর
একখানা অক্সপ্রকার গুরুক্রম দেখিতে পাওয়া যায়, তাহাতে উক্ত
শুরু-ক্রম ও সময়ের যথেষ্ট পার্থক্য পরিলক্ষিত হয়, কিন্তু শিবরহম্ম,
শক্ষরচরিত বা শক্ষরদিষিক্রয়েও বহুতর ক্রৈনগ্রন্থে যাহা পাওয়া

বায়, তাহা উক্ত মতের সম্পূর্ণ বিপরীত। শিবরহস্তে লিখিত আছে—(১) যুধিন্তিরের সিংহাসনপ্রাপ্তির সময় হইতে কল্যন্দ ২০০০ (ছই হাজার) বৎসর অতীত হইলে পর, জৈন ও বৌদ্ধসম্প্রদায়ের আবির্ভাব হয়। জীববিজয় নামক জৈন গ্রন্থে লিখিত আছে যে, যুধিন্তিরান্দ ধরিয়া কলির ২১৫৭ বৎসর গত হইলে বৃদ্ধদেবের জন্ম হয়। এখন কলির অতীতান্দ-সংখ্যা কিঞ্চিদধিক পঞ্চসহস্র বৎসর; স্কুতরাং এই হিসাবে বৃদ্ধদেবের আবির্ভাবকাল প্রায় তিন হাজার বৎসর পূর্বেব ধরিতে হয়। ইহা হইতে অমুমান করা যায় যে,

(>) "কলাবিমে মহাদেবি সহস্ৰ-বিভন্নাং প্ৰম্।
সাৱস্থতান্তথা গৌড়ান্তথা কাণাজিনো বিজ্ঞা: ॥
আমমীনাশনা দেবি আর্থ্যাবর্তাম্বাসিন: ।
ঔত্তরা বিদ্ধানিলয়া ভবিষ্যত্তি কলৌ যুগে ॥
শকার্থ-জ্ঞানকুশলান্তর্ক-কর্কশবৃদ্ধয়: ।
জৈনা বৌদ্ধা বৃদ্ধিযুতা মীমাংসানিবর্তী: কলৌ ॥
বেদবোধক-বাক্যানামস্তবৈধ প্রবোচকা: ।" ইতি

মর্মার্থ—কলিযুগে ( যুধিষ্টিরের সিংহাসনাধিরোহণের সময় হইতে ) তুই হাজার বৎসর পরে আমমৎগুভোজী সারস্বত, গৌড় ও কার্ণাঞ্জিন ব্রাহ্মণগণ প্রাচ্ছৃত হইবেন। তাহারা সকলেই তর্কনিপুণ ও তীক্ষধীসম্পন্ন। তাহারা বেদবাক্যের অন্তথা ব্যাখ্যা করিবেন। এখানে কলিযুগের ছই হাজার বৎসরের পর জৈন ও বৌদ্ধসম্পন্দারের আবির্ভাবের কথা আছে। আচার্য্য শক্ষর বেশির্ধর্মের পূর্ণ অভ্যান্যরের পর অবতীর্ণ ইইরাছিলেন; স্কতরাং বৃদ্ধদেবেব প্রাহ্র্ভাবের সহস্র বংসর পর শক্ষরের আবির্ভাবে সময় ধরিলে বোধ হয় বিশেষ অসক্তি হয় না।

উল্লিখিত সময়ের বছশত বৎসর পরে শিবাবতার শক্ষরের প্রাত্নভাব হইয়াছিল। কিন্তু অপর একখানি জৈন গ্রন্থে এ সিদ্ধান্তের বিপরীত কথা লিখিত আছে। সেখানে বৈদিক ক্রিয়া-প্রবর্তক আচার্য্য কুমারিল ভট্টের জন্মসময় কলির অতীতান্দ ২১০৯ বৎসর ধরা হইয়াছে। শক্ষরাচার্য্যের যোড়শ বৎসর বয়সের সময় 'রুদ্ধ' নগরে কুমারিল ভট্টের সহিত সাক্ষাৎ হইয়াছিল, এবিধয়ে সকলেই একমত। ইহা হইতে প্রমাণ হয় য়ে, উল্লিখিত সময়ই যেন আচার্য্যদেশের প্রকৃত আবির্ভাব-সময়। শক্ষরদিধিকয় ও শক্ষরচিরত প্রভৃতি গ্রন্থেও শক্ষরের আবির্ভাবকাল কথিত আছে সত্যা, কিন্তু ভাহা পরস্পর অসংলগ্ল; স্কৃতরাং তত্ত্বনির্ণয়ের পক্ষে যথেষ্ট বলিয়া মনে হয় না। ভবে, কুমারিল ভট্টের জীবদ্দশায়ই যে, শক্ষরের জন্ম হইয়াছিল, সে বিষয়ে কিছুমাত্র সন্দেহ নাই। কারণ, বিভিন্ন প্রমাণ হইতে ভাহা আমরা অবগত হইতে পারি (১)।

<sup>(</sup>১) "ঋষর্বাণন্তথা ভূমিম্ত্যাকে বামমেলনাং।

একতেন লভেডাকং (২১৫৭) তাদ্রাকঃ স হি বংসরঃ ॥
বিশ্বজিচ্চ পিতা যক্ত বিখ্যাতক চিদম্বরে।
তক্ত ভাগ্যা মহাদেবী শব্ধরং লোকশব্ধরম্।
প্রস্তা সর্বলোকানাং তারণায় জগন্তক্রম্॥" ইতি জিনবিদ্ধরে।
অক্তর — "ঝার্বর্স্বর্জ্বর্ম (৮৮৭) পাপ্তবানাং মহাম্মনাম্।
পণনা শেবকালক শব্দ শিবজননি ॥" ইতি—
"আাগিখং জলনভূবা প্রদর্শিতেহ্মিন্,
কর্মাধ্বক্তধিল্যিদ্য কুমারিলেন।
উদ্ধৃত্ব, ত্বনমিদং ভবাদ্ধির্মের চক্রচ্ড়ঃ ॥" ইতি শব্ধ বিশ্বরে।
এবং—

যাহা হউক, আচার্য্য শঙ্করের আবির্ভাববিষয়ে কতকগুলি প্রমাণমাত্র উল্লেখ করিয়াই আমি বিরত হইতেছি, কিন্তু তাঁহার আবির্ভাবের প্রকৃত সময় নির্দ্ধারণ দ্বারা যশোলাভ করিবার

> "পশ্চাৎ পঞ্চদশে বর্ষে শঙ্করন্থ গতে সতি। ভট্টাচার্য্য-কুমারত দর্শনং স্কুতবান শিব: ॥'' ইতি জিনবিজ্ঞরে। <sup>e</sup>আন্ধ্যোৎকলানাং সংযোগে পবিত্রে <del>অ</del>য়ম**ললে**। গ্রামে ভার্ম মহানভাং ভট্টাচার্য্য: কুমারক: ॥ আৰু লোভিন্তিভিন্নিকো মাতা চক্ৰণা সতী। যজেখন: পিতা যন্ত গুরুন্দুরিব বর্দ্ধন:। ननाः পूर्वः जुन्ह नित्व मञ्जानाः ह वामजः (२>•>) II মেশনে বংসরো ধাতা যুধিষ্ঠির-শক্ত বৈ 🛭 ভট্টাচার্য্য কুমারস্ত কর্মকাণ্ডস্ত বাদিন:। জাতঃ প্রাত্তরভাষন বিজেলো বৎসরে ভতে। রাধে চ শুক্রপক্ষে চ রাকারাং ভাতুবাসরে। মধ্যাহে শরক্সাসৌ প্রাহর্ভ তো মহাবলী ॥ महावामी महारवातः अञीनाः ठालिमानदान्। बिनानामञ्जर: সাক্ষাৎ গুরুদ্বেষ্টাভিপাপবান । স্থধন্বনামকো রাজা সোহপি ছইন্তথা ভূবি। জিনানাং যেন সাধুনাং ক্বতং কদনমন্ত্তম্। चाचानानिव्यार्थः श्रवारा (वनीमक्रामे । পশ্চান্তাপযুতো ভট্ট: শরীরমদহৎ স্বক্ষ্ । ভণানাং (৩) চ তথাভানাং কার্ভিকেরত (৬) মেলনাং। व्यमाथी मावमानक अक्रभक्क शूर्विमा । ভট্টাচাৰ্য্যন্ত দহনং মধ্যাহে সূৰ্য্য আগতে ॥ ভন্মীভৃতন্তদা সর্কে শশুন্তি চ মহাব্রুতম্। আইচজারি (৪৮) বর্বাণি জনাকালান গতানি বৈ ॥ প্রাহর্ডবঃ শহরত ততো আতোহতিবাদিন: ।" ইতি (জৈনগ্রন্থেৎপরে)

সোভাগ্য আমার নাই। ফলকথা, আচার্য্য শঙ্কর যে, কুমারিল-ভট্টের আবির্ভাবের কিছুকাল পরেই আবির্ভূত হইয়াছিলেন, ইহাতে আর সন্দেহ নাই।

আচার্য্য শঙ্কর প্রধানতঃ বেদবিরোধী বৌদ্ধবাদ নিরাসের দিকে তীক্ষ দৃষ্টি রাখিয়া আপনার কর্মক্ষেত্রে অগ্রসর হইয়াছিলেন, ইহা তাঁহার গ্রন্থাবলী দেখিলেই বেশ বুঝিতে পারা বায়। আচার্য্য গোড়পাদ যে কার্য্যের সূচনামাত্র করিয়াছিলেন, তৎপ্রশিষ্য শঙ্কর তাহারই পূর্ণতাসাধন করিয়াছিলেন। (১)

শঙ্কর শুদ্ধাধৈতবাদী ছিলেন। স্বকৃত উপনিষদ্ব্যাখ্যায়, এক্ষ-সূত্র বেদান্তদর্শনের ব্যাখ্যায় ও সমস্ত প্রকরণগ্রন্থে তিনি সেই অধৈতবাদটী যুক্তি তর্ক ও ক্ষমুভূতির সাহায্যে ক্ষ্ণুভিত্তিতে প্রতিষ্ঠিত করিয়াছেন।

পূর্বেই বলিয়াছি যে, বেদাস্তদর্শনের শঙ্করকৃত শারীরক

<sup>(</sup>১) এইরপ জনশ্রুতি আছে যে, শুকদেবের শিশ্র গৌড়পাদ বৌদ্ধর্মর বিপক্ষে প্রথম চেষ্টা করেন, তিনি উপনিষদের বাগার ভিতর দিরা বৌদ্ধবাদের অযৌক্তিকতা প্রদর্শন করেন। মাঞ্জ্যোপনিষদের উপর যে, গৌড়পাদের কারিকাবলী আছে, তাহা দেখিলেই একথার সভ্যতা প্রমাণিত হইতে পারে। তিনি যথন আসরমৃত্যু; তথন তিনি অশিশ্র ভগবৎ গোবিন্দপাদকে আদেশ করিরা বান যে, যদি কোনও উপস্কু শিশ্র লাভ কর, তবে তাহাকে আমার আরক্ষ কার্য শেষ করিতে বলিবে। তদমুসারে গোবিন্দপাদ শবরের স্তার প্রতিভাসম্পর শিশ্বাকে শেই শুকু-কার্য্যে নির্ক্ত করেন। শক্ষরও তদমুসারে বৌদ্ধর্ম্ম নিরাসের পক্ষে স্বীর শক্তি নিরোজিত করিরাছিলেন।

ভাষ্য জগতে এক অতুলনীয় গ্রন্থ। বহুবিধ টীকাগ্রন্থ সংযোজিত হওয়ায় দেই ভাষ্যের গৌরবত্রী আরও বৃদ্ধি পাইয়াছে। তন্মধ্যে আনন্দজ্ঞান, গোবিন্দানন্দ ও বাচস্পতি মিশ্রের কৃত টীকা বিশেষ উল্লেখযোগ্য। বাচস্পতিমিশ্রের টীকার নাম 'ভামতী'। ভামতী দীকা অনতিবিস্তীর্ণ হুইলেও বড় সারগর্ভ এবং প্রগাঢ় পাণ্ডিভ্যের উৎস ও বহুতর জ্ঞাভব্য তথ্যে পরিপূর্ণ। উহাকে বাচম্পতি মিত্রের অগাধ পাণ্ডিভার উজ্জ্বল নিদর্শন বলিলেও অত্যুক্তি হয় ना। वक्का 'ভामजी' नामजः जिका इहेल्ल कार्याजः উहा द्वारास्त्र একখানা উৎকৃষ্ট স্বতন্ত্র গ্রন্থরূপে পরিগণিত হইবার উপযুক্ত। অমলানন্দ যতি উক্ত ভামতীর উপর একখানি উৎকৃষ্ট টীকা রচনা করিয়াছেন : তাহার নাম 'বেদান্তকল্লতরু।' বেদান্তকল্ল-তক্ষও অভিশয় সারগর্ভ ও ব্যাখ্যাসাপেক। উহারও একখানি উৎকৃষ্ট টীকা আছে: তাহার নাম 'বেদান্তকল্লতরু-পরিমল'। সাধারণত: উহা 'পরিমল' নামেই বিখ্যাত। মহামতি অপায় দীক্ষিত উহার রচ্যিতা। উক্ত পরিমলের উপরেও একখানা টীকা আছে: তাহার নাম 'আভোগ'। এইরূপে শঙ্করের মতবাদ সমধিক বিস্তার লাভ করিয়াছে। ইহা ছাড়া আরও বহুতর খ্যাত নামা পণ্ডিত শঙ্করের মতানুসরণপূর্ণবক বিস্তর গ্রন্থ প্রণয়ন করিয়াছেন। সে সমুদয় গ্রন্থ 'প্রকরণ' গ্রন্থনামে পরিচিত (১)।

<sup>(</sup>১) বছবিধ জ্ঞাতবা তবে পরিপূর্ণ কোন একথান। মৃলশান্ত্রের অংশ-বিশেষ অবলম্বনে রচিত গ্রন্থকে সেই শান্তের 'প্রকরণ' গ্রন্থ বলা হইরা। থাকে। তাহার লক্ষণ এইরপ—

<sup>&</sup>quot; নাক্তেকদেশসম্বন্ধং শান্তকার্য্যান্তরে স্থিতম্। আছ: প্রকরণং নাম গ্রন্থভেদং বিপশ্চিতঃ ॥"

তন্মধ্যে যোগীন্দ্র সদানন্দকৃত বেদাস্তসার, ধর্মরাক্ত অধবরীন্দ্রকৃত বেদাস্তপরিভাষা, মধুসূদন সরস্বতীকৃত অবৈতদিদ্ধি, চিৎ্রুখাচার্য্যকৃত তত্ত্ব-প্রদীপিকা, শ্রীহর্ষকৃত খণ্ডনখণ্ডখাত্ত, ভারতীতীর্থ ও বিভারণামুনীশ্বরপ্রণীত পঞ্চদশী এবং বেদাস্ত-সিদ্ধান্তলেশসংগ্রহ, বেদাস্ত-মৃক্তাবলী, কাশ্মীরীয় সদানন্দকৃত অবৈতত্ত্রন্ধাসিদ্ধি এবং সংক্ষেপশারীরক প্রভৃতি প্রকরণ গ্রন্থসমূহ বেদান্তের শঙ্কর-সিদ্ধান্তামুযায়ী উৎকৃষ্ট গ্রন্থ। এতদ্বিদ্ধ স্বয়ং শঙ্করও সমর্থনার্থ বিবেকচ্ড়ামণি, উপদেশ-সাহস্রী, সর্বববেদান্তসিদ্ধান্তসার, 'আত্মবোধ' প্রভৃতি অনেকগুলি উৎকৃষ্ট প্রকরণগ্রন্থ রচনা করিয়া-ছেন। সে সমুদ্র গ্রন্থ এখনও বৈদান্তিক সম্প্রদায়ের মধ্যে বিশেষ আদৃত ও স্বত্নে পঠিত হইয়া থাকে।

আচার্য্য শঙ্করের প্রবর্ত্তিত ও প্রচারিত সিঞ্জীন্তকে শুদ্ধাবৈত-বাদ বলে। তিনি এই শুদ্ধাবৈতবাদের অনুকৃলেই সমস্ত উপনিষদের ব্যাখ্যা করিয়াছেন; এবং তাহা বারা প্রমাণ করিয়াণ ছেন যে, শুদ্ধাবৈতবাদেই সমস্ত উপনিষদের তাৎপর্য্য; সমস্ত উপনিষদ্ই একবাক্যে ঘোষণা করিতেছে যে, ত্রহ্মই একমাত্র সভ্যা, ভদ্ধির সমস্তই অসত্য ও অনিত্য। জীবমাত্রই ত্রহ্মস্বরূপ, জীব শস্ত্বির পূর্বেবও ত্রহ্ম, এখনও ত্রহ্ম এবং স্থদ্র ভবিষাতে—মুক্তির পরেও ত্রহ্মস্বরূপেই অবস্থান করিবে, অর্থাৎ ভূত, ভবিষাৎ ও বর্ত্তমান, কোন কালেই জীব ত্রহ্ম হইতে পৃথক্ বা ভিন্ন বস্তা নছে। কেবল মায়া বা অজ্ঞানবশতই জীব আপনাকে ত্রহ্ম হইতে বিচ্ছিন্ন ও স্বভন্ত বলিয়া মনে করে মাত্র। আর দৃশ্যমান জগৎও ত্রহ্ম হইতে স্বতন্ত্র পদার্থ নহে। জগৎপ্রপঞ্চ নিত্য নির্বিকার অন্বিতীয় এক্ষেরই বিবর্ত্তমাত্র অসত্য (১)। ইহাই উপনিষদের সার মর্ম্ম।

যদিও কোন কোন উপনিয়দের স্থলবিশেষে অদৈতবাদের প্রতিকৃল ও বৈতবাদের সমর্থক শ্রুতিবাক্য দৃষ্ট হয় সত্য, তথাপি সে সব বাক্য বস্তুতঃ অবৈতবাদের বিরোধী নহে; পরস্তু প্রকারাস্তরে অবৈতবাদেরই সমর্থক। অভিপ্রায় এই যে, উপনিষদের মধ্যে যেমন বৈতপ্রতিপাদক বা অবৈতপ্রতিষেধক

(১) বিবর্ত্তের দক্ষণ এই—"সতন্ততোহন্তথাপ্রথা বিকার ইত্যুদীরিত:। অতন্ততোহন্তথাপ্রথা বিবর্ত্ত ইত্যুদায়ত:॥"

অর্থাৎ বেখানে উপাদান বস্তুটী স্বরূপতই কার্য্যাকারে পরিণত হর, দেখানে হর পরিণাম, আর বেখানে উপাদানরূপে পরিগৃহীত বস্তুটী স্বরূপতঃ অক্ষত থাকিরাও অক্তাকারে প্রকাশ পার, তাহার নাম বিবর্ত্ত। বেমন— মৃতিকার পরিণাম হর ঘট, আর শুক্তির বিবর্ত্ত হর রক্তত। এইএক পূর্ব্বা-চার্য্যগণ স্পষ্ট কথার বলিয়াছেন—

" আরম্ভ-পরিণামাভ্যাং পূর্বাং সম্ভাবিতং ল্লগৎ। পশ্চাৎ কণাদ-সাংখ্যাভ্যাং যুক্ত্যা মিখ্যেতি নিশ্চিতম্॥"

অভিপ্রাপ্ত এই যে, স্ষ্টিস্বন্ধে তিনপ্রকার মতবাদ আছে—
১ম, আরম্ভবাদ । ২র, পরিণামবাদ । ৩য়, বিবর্তবাদ । তন্মধ্যে আরম্ভবাদ—
কণাদের, পরিণামবাদ—সাংখ্যের, আরু বিবর্তবাদ—বেদান্তের (শহরের)
সমত । স্তার ও সাংখ্যকারগণ ক্রমে আরম্ভবাদ ও পরিণামবাদ বারা
বগতের অভিত্ব সন্তাবিত করিয়াছেন, পরে বেদান্তিগণ সত্যক্রপে সন্তাবিত
বিগতের মিধ্যাত্বসাধনের তন্ত বিবর্তবাদ স্থাপন করিয়াছেন।

"জ্ঞাজ্ঞে দাবজাবীশানীশো।" "বা স্থপর্ণা সমুক্রা সখায়।।" "জুষ্টং যদা পশ্যভান্তমীশম্" ইত্যাদি বহু বাক্য পরিলক্ষিত হয়, ঠিক তেমনই আবার দৈতপ্রতিষেধক বা অদৈত তম্বাবেদক বাক্যও বহুল পরিমাণে দৃষ্ট হয়। বেমন—"সদেব সোম্যেদমগ্র আসীৎ— একমেবাদিতীয়দ্।" "নেহ নানান্তি কিংচন।'' "মূতোঃ স মৃত্যুমাপ্লোতি য ইহ নানেব পশাতি।" "যত্র ত্বস্থ সর্ববমাত্মৈবাভূৎ, তৎ কেন কং পশ্যেৎ।" ইত্যাদি—এইরূপে ব্রহ্মের সঞ্জ নিগুণ্ডবোধক শ্রুতিবাক্যও বিস্তর দৃষ্টিগোচর হয়। দেখিতে হইবে, একই ব্রহ্মবিষয়ে এরূপ বিরুদ্ধার্থবোধক চুই শ্রেণীর বাক্য কখনই সার্থক বা সত্যার্থপ্রকাশকরূপে গৃহীত হইতে পারে না। একই বিষয়ে একই কালে—হাঁ, না—ুছুইই সত্য হইতে পারে না। অতএব উক্তপ্রকার বিরুদ্ধার্থপ্রকাশক পক্ষদয়ের মধ্যে একটা পক্ষ ত্যাগ ক্রিতেই হইবে. অর্থাৎ হয়, ত্রন্ধের সগুণদাদি প্রতিপাদক দৈতপর শ্রুতিবাক্যসমূহের সত্যতা রক্ষা করিয়া অদ্বৈতপর বাক্যসমূহকে অপ্রমাণবোধে উপেক্ষা করিতে হইবে, আর না হয়, ত্রক্ষের অধৈতত্ববোধক শ্রুতিসমূহের প্রামাণ্য অকুর্ম রাখিয়া দ্বৈতবোধক বাক্যসমূহকে অপ্রমাণবোধে পরিত্যাগ করিতে क्ट्रिव।

বস্তুতঃ এরূপ ব্যবদ্বাও নিক্ষণ্টক নহে। কারণ, তাহা হইলে, বেদবাক্যের উপর অত্যন্ত অবিশ্বাস আসিয়া পড়ে, কিছুতেই উহার স্বতঃ প্রামাণ্য রক্ষা করিতে পারা যায় না। অভিপ্রায় এই বে, আন্তিকমাত্রেই বেদকে স্বতঃপ্রমাণ বলিয়া স্বীকার করিয়া থাকেন; বেদের কোন অংশই অপ্রমাণরপে অনাদরনীয় হইতে পারে, ইহা
মনে করেন না। এখন সেই বেদের অংশবিশেষকে যদি অপ্রমাণ
বলিয়া পরিত্যাগ করিতে হয়, তাহা হইলে, অপরাপর অংশেও—
ষে সকল অংশ প্রমাণ বলিয়া গ্রহণ করা হইয়াছে ও হইবে, সে
সকল অংশেও অপ্রামাণ্যাশকা ছুর্নিবার হইয়া পড়ে। যাহার
উক্তির একাংশে অপ্রামাণ্য ধরা পড়ে, তাহার উক্তির অপরাংশেও
যে, অপ্রামাণ্য নাই, তাহা কে বলিতে পারে? অথচ এরপ
অব্যবদ্যা কাহারই বাঞ্চনীয় নহে। এত ছত্তরে আচার্য্য শক্ষর বলেন
যে, না, বেদের কোন অংশই অপ্রমাণ বা পরিত্যাক্তা নহে। বেদ
যখন স্বতঃপ্রমাণ, তখন উহার সমস্ত অংশই প্রমাণরূপে গ্রহণ
করিতে হইবে। বিশেষ এই যে, কোন বাক্য স্বার্থে প্রমাণ, আর
কোন কোন বাক্য পরার্থে প্রমাণ, অর্থাৎ অন্য অর্থ প্রতিপাদন
করাই সেই সকল বাক্যের উদ্দেশ্য। এইরপ্র প্রণালী অনুসরণ
করিলে পূর্ব্বোম্থাপিত বিরোধেরও স্থন্দর পরিহার হইতে পারে,
এবং বেদের প্রামাণ্যও অব্যাহত পাকিতে পারে।

এখন বিচার্য্য বিষয় হইতেছে এই যে, শ্রুতির ভাৎপর্য্য কোন দিকে?—দৈতপ্রতিপাদনে? না, অধৈতপ্রতিপাদনে? কিন্তু অবিজ্ঞাত তত্ত্ব প্রতিপাদনেই যখন শ্রুতির সার্থকতা, তখন দৈত-প্রতিপাদনে উহার তাৎপর্য্য স্বীকার করিতে পারা যায় না; কারণ, বৈতপ্রপঞ্চ ত কাহারও অবিজ্ঞাত নহে; বরং অতি মৃঢ়জনেরাও পরিদৃশ্যমান বৈতপ্রপঞ্চকে অল্রান্তবৃদ্ধিতে গ্রহণ করিয়া থাকে; এবং নিজ নিজ জ্ঞান-বিশাস অনুসারে জগৎকর্ত্তা পরমেশ্বরের

সগুণভাবই সত্য বলিয়া স্বীকার করিয়া থাকে; স্থতরাং তৎ-প্রতিপাদনের উদ্দেশ্যে শ্রুতির এত আয়াস স্বীকার করিবার পক্ষে কোন দৃঢ়তর যুক্তি দেখিতে পাওয়া যায় না, স্থতরাং এদিকে শ্রুতির তাৎপর্য্য কল্পনা করা স্থাস্থত হইতে পারে না। কাজেই স্বীকার করিতে হয় যে, বিজ্ঞাতার্থপ্রকাশক দ্বৈতবোধক ও সগুণ-ভাব প্রতিপাদক শ্রুতিরাত্তই যথাশ্রুত অর্থে তাৎপর্য্যরহিত অন্থ্র-বাদক্ষাত্র; স্থতরাং ঐ ঐ অর্থে প্রমাণ নহে (১)। অতএব

(১) যাহা লোকপ্রসিদ্ধ বা শাস্ক্রসিদ্ধ, দেইরূপ কোন বিষয়ের প্রতিপাদক বাক্যকে 'অমুবাদক' বলে। অমুবাদে অসত্য বিষয়ও শ্বান পাইতে পারে, এবং সম্পূর্ণ অসংলগ্ন উন্মন্ত বাক্যেরও অমুবাদ হইতে পারে, ভাহাতে বাক্যের কোন দোব হয় না; কারণ, কোন অমুবাদবাক্যই কোন অবিজ্ঞাত তত্ব জ্ঞাপন করিতেছে বলিয়া প্রামাণ্যের দাবী করে না, উহা অপ্রমাণ। লোকবিজ্ঞাত হৈতপ্রতিপাদক শাস্ত্রবাক্যও কেবল প্রসিদ্ধির অমুবাদকমাত্র,—প্রমাণ নহে। এ বিষয়ে বাচম্পান্ধি মিশ্র বলিয়াছেন—

শভেদো লোকপ্রসিদ্ধরাৎ ন শব্দেন প্রতিপাছ:। অভেদন্ধনিগতন্ধাদ্ অধিনতভেদাক্তরাদেন প্রতিপাদনমইতি। যেন চ বাক্যমূপক্রম্যতে, মধ্যে চ পরামৃখ্যতে, অস্তে চোপসংখ্রিয়তে, তত্তৈব তহা তাৎপর্যাম্। উপনিষদ শ্চাবৈতোপক্রম-তৎপরামর্শ-তহ্পসংহারা অবৈতপরা এব যুক্তান্তে।"

(ভাষতী।)

অর্থাৎ বিশ্বভেদ যথন লোকপ্রসিদ্ধ, তথন তাহা আর শক্ষারা প্রতিপাদন করা আবশ্রক হয় না; পরস্ক, লোকের অবিজ্ঞাত অভেদবাদই (অবৈত্রবাদই) প্রতিপাদনের উপযুক্ত। সেই অভেদপ্রতিপাদনের অবিধার অস্তই বৈত্রবাদের অস্থ্রবাদ। যে বিষর লইরা প্রকরণের আরস্ক হয়, মধ্যেও যে বিষয় বর্ণিত হয়, এবং উপসংহারেও যাহার উল্লেখ থাকে, ব্রিতে হইবে. সেই বিষয়েই ঐ প্রকরণের তাৎপর্যা। উপনিষদ্ধ শাস্ত্রগুলিও যথন উপক্রমে, উপসংহারে ও মধ্যে এক অবৈত তত্ত্বের বা অভেদবাদেরই কার্তন করিয়াছে, তথন ব্রা বার বে, অবৈত্রতত্ত্বেই সমন্ত উপনিবদের তাৎপর্যা হওরা যুক্তিমুক্ত।

অনিচ্ছাসত্ত্বেও স্বীকার করিতে হইবে যে, জন সাধারণের অবিজ্ঞাত অবৈততত্ত্ব ও নিগুণভাবের প্রতিপাদক শ্রুতিসমূহই যথাশ্রুত অর্থে সার্থক, এবং তাৎপর্য্যবিশিষ্ট; স্থুতরাং প্রমাণরূপে গ্রহণযোগ্য।

শ্রুতিশান্ত্র, আপনার অভিপ্রেড সেই অবৈত তত্ত্ব নির্দ্ধারণের অমুকূল বলিয়াই প্রথমে বৈতপ্রপঞ্চ ও সগুণভাব বর্ণনায় প্রবৃত্ত হইয়াছেন। কারণ, অবৈত ব্রহ্মতত্ত্ব নির্দ্ধারণ করিতে হইলে, অগ্রেই দৃশ্যমান বৈতরাশির অসত্যতা প্রতিপাদন করা সঙ্গত, আর নিগুণিক প্রতিপাদন করিতে হইলেও প্রথমেই ব্রহ্মে সম্ভাবিত গুণসমূহ প্রদর্শন করা আবশ্যক হয়, এবং পরে উপযুক্ত যুক্তিঘারা সেই বৈতভাব ও সগুণভাবের অসত্যতা বা অসম্ভাবনা বুঝাইয়া দিতে হয়। তাহা হইলেই ফলে ফলে অবৈতভাব ও নিগুণভাবও সিদ্ধ হইতে পারে; নচেৎ কেবল, 'অবৈত' ও 'নিগুণি' এই কথামাত্রে কশ্বনই এতমুভ্যের সত্যতা বা অভ্যান্ততা সপ্রমাণ হইতে পারে না।

এইজন্মই শ্রুতি ব্রহ্মনিরপণ প্রসঙ্গে বৈতপ্রপঞ্চের অবতারণা করিয়াছেন, এবং তাহা বারা বুঝাইয়াছেন যে, দৃশ্যমান বৈতপ্রপঞ্চ ব্রহ্ম হইতে উৎপন্ন, বর্ত্তমানেও ব্রহ্মেতে প্রতিষ্ঠিত এবং বিনাশ-কালেও ব্রহ্মেই বিলীন হয়, অর্থাৎ বৈত জগৎ ভ্রত, ভবিদ্যুৎ ও বর্ত্তমান—কালব্রয়েই ব্রহ্মাশ্রিত—অম্বতন্ত্র। ইহা হইতে বুঝা গেল যে, মৃত্তিকা হইতে উৎপন্ন, মৃত্তিকাতেই অবস্থিত এবং ধ্বংশকালেও মৃত্তিকাতেই বিলীন হয় বলিয়া মৃশ্যয় ঘট যেরূপ মৃত্তিকা হইতে পূথক স্ভাযুক্ত মৃত্তর বস্তু নছে; পরস্ত চিরকালই

উহা মৃত্তিকার সন্তায় সন্তাবান্—মৃত্তিকারই অবস্থান্তরমাত্র;
তেমনি ব্রহ্ম হইতে উৎপর্ন, ব্রহ্মেতে অবস্থিত ও ব্রহ্মে বিলয়স্বভাব
এই বিশাল জড় জগৎও (দৈতপ্রপঞ্চও) ব্রহ্মসন্তার অতিরিক্ত
সন্তায়ুক্ত স্বতন্ত্র কোনও সত্য বস্তু নহে; পরস্তু ইহা ব্রহ্মস্বরূপই
বটে; এরপ অনুমান অপ্রমাণ বা উপেক্ষাযোগ্য নহে। ইহা
ছারা অদৈতবাদের ভিত্তিকেই স্থান্ট করা হইয়াছে। ইহার পর
বিবর্তবাদের কথা। 'বিবর্তবাদ' পক্ষে ত হৈতস্থির কোনরূপ সন্তা
থাকাই সন্তব হয় না—দৈতপ্রপঞ্চ বলিয়া পরমার্থতঃ কোন বস্তুই
নাই; উহা কেবল ল্রান্তিকল্লিত মরু-মরীচিকার ভায় প্রতীতিসার
কল্লনামাত্র (১)। বস্ততঃ হৈতপ্রপঞ্চের এবংবিধ স্বরূপ ও অবস্থাদি
বর্ণনাছারা "একমেবাবিতীয়ন্" ইত্যাদি অদৈতশ্র্মতেরই প্রামাণ্য
বা সার্থকতা দৃত্তর করা হইয়াছে বুঝিতে হইক্স।

ইহার পর সগুণবাদের কথা। নিগুণস্ববোধক শ্রুতিমাত্রই ব্রক্ষেতে গুণ-সদ্ধরের প্রতিবেধ করিতেছে। কারণ, অদৈতশ্রুতি

<sup>(</sup>১) বস্তুসভা বিচারের নিরম এই যে, বাহার অভাবে যে বন্ধর কোন কালেই সত্তা নাই, তাহা বস্তুতঃ সেই মূল বন্ধ হইওে পৃথক নহে, অর্থাৎ সেই মূলভূত প্রথম বস্তুর সন্তা ব্যতিরেকে বিতীয় বন্ধর কোন সন্তাই নাই, প্রকৃতসক্ষে উহা অসং। বট কোনকালেই মূত্তিকা ছাড়িরা থাকে না, বা থাকিতে পারে না, এই কারণে ঘট বেমন মৃত্তিকা হইতে অতিরিক্ত নহে, পরস্ত মৃত্তিকাশ্বরপই, তেমনি এই অগংও উৎপত্তি, স্থিতি ও প্রেলর, এই অবস্থাত্রেই—ব্রন্ধ ছাড়িরা থাকে না; অতএব অগংও শ্বরপতঃ অসং, এবং ব্রন্ধ,ইতেে অনতিরিক্ত। অগং বদি প্রেকৃত পক্ষে একটা সত্তা বন্ধই না হইন, তবে অসত্য অগংতের বারা ব্রন্ধের এক অব্ভিতীয়ভাবও থিতিত হুইতে পারে না।

সমূহ গুণ-গুণিভাবেও ব্রক্ষেতে ভেদ-সম্বন্ধ স্বীকার করিতে নারাজ।
এখন জিজ্ঞান্ত এই যে, "প্রাপ্তং হি প্রতিষিধ্যতে" অর্থাৎ যাহার
প্রাপ্তি-সংভাবনা থাকে, তাহারই নিষেধ হইতে পারে। যাহার
আদি প্রাপ্তিসংভাবনা নাই, তাহার আবার নিষেধ কি?
সেরপ নিষেধ-উক্তি কেবল উন্মন্তের পক্ষেই শোভা পায়।
অতএব সকলেরই জানিতে ইচ্ছা হয় যে, ব্রক্ষেতে কোন কোন
গুণের প্রাপ্তিসংভাবনা ছিল, যাহা লক্ষ্য করিয়া ( মিণ্ড গণ্ডবোধক
ক্রান্তিসমূহ) গুণনিষেধে প্রব্র হইয়াছে 
 এই আকাজ্জ্যা অপনয়নের
নিমিত্ত ক্রান্তি নিজেই প্রথমে "সর্ববর্কমা সর্ববর্কাম: সর্ববর্কার
করিয়াছেন; শোষে—"নেতি নেতি" ইত্যাদি, এবং "অশব্দমস্পর্শমরূপমব্যয়ম্" "নিক্ষলং নিজ্ঞাং শান্তম্" ইত্যাদি বাক্যে সেই
সমূদ্য় সমারোপিত গুণসম্বন্ধ প্রত্যাখ্যানপূর্বক ব্রক্ষের যথার্থ
স্বন্ধ নির্দ্ধেশ করিয়াছেন।

একথা অবশ্যই স্বীকার করিতে হইবে যে, যে সকল বাক্যা সভ্যার্থ-প্রকাশকও নহে, এবং কোন প্রকার কার্য্যোপদেশকও নহে; অশুত্র সেরূপ বাক্যসমূহ নিশ্চয়ই নিরর্থক—অপ্রমাণমধ্যে পরিগণনীয় হয় সভ্য, কিন্তু ত্রন্মের সন্তণন্থবোধক বাক্যসমূহ কখনই সেরূপ নির্থকরূপে উপেক্ষণীয় হইভে পারে না। কারণ, সন্তণন্ধ-বোধক বাক্যসমূহ যদিও সভ্যার্থপ্রকাশক না হউক, তথাপি, সন্তণ উপাসনায় ঐ সকল বাক্যের যথেষ্ট উপযোগিতা রহিয়াছে; মৃতরাং ঐ সকল বাক্য সার্থক। সার্থক বাক্যকে নিরর্থক বলিয়া

ত্যাগ করা কখনই সক্ষত হইতে পারে না। পক্ষাস্তরে, নিশু শত্ব-বোধক বাক্যসমূহের অবস্থা অফ্যরূপ। ঐ সকল বাক্য যদি বস্তুত: সত্যার্থবোধকই না হয়, তাহা হইলে ঐ সকল বাক্য একেবারেই নিরর্থক হইয়া পড়ে: কারণ, এপক্ষে ত্রন্মের নিগুণস্ববাদ ত বস্ত্রতন্ত্রবোধকও নহে, এবং কোন প্রকার কার্য্যোপযোগীও নহে: কাজেই নিপ্সয়োজন : নিপ্সয়োজন বলিয়াই অপ্রমাণ হইয়া পড়ে। অথচ কোন শ্রুতিবাকোরই অপ্রামাণ্য বাঞ্চনীয় নহে। শ্রুতির প্রামাণ্য-মর্য্যাদা রক্ষা করিতে হইলে অবশ্যই স্বীকার করিতে হইবে যে, নিগুণহ-বোধক বাক্যসমূহই সার্থক এবং সগুণত্বাধক বাক্য অপেক্ষা সমধিক বলবান। বলবানের সহিত ভূর্বলের বিরোধ কখনই সম্ভব হয় না. বা হইতে পারে না; মুতরাং সন্তুণত্ব-নিগুণত্ববোধক বাক্যের 🕊 ধ্য কোন প্রকার বিরোধের সম্ভাবনাই থাকিতে পারে না (১)। অতএব উভয় শ্রেণীর বাকাই বিভিন্ন বিষয়ে ও বিভিন্ন অভিপ্রায়ে প্রমাণরূপে গ্রহণীয় হইতে পারে। অভিপ্রায় এই যে, ব্রন্মের সগুণহবাদও সার্থক, নিগু ণহবাদও সার্থক। তন্মধ্যে সঞ্গহবাদের সংর্থকতা উপাসনা-

<sup>(</sup>১) সাধারণ নিয়ম এই যে, যেথানে তুল্যবল ছইটা বাক্য একই বিবর অবলম্বন করিয়া পরস্পার বিরুদ্ধ অর্থ বুঝার, সেখানেই উভর বাকো বিরোধ ঘটে, কিন্তু যদি উভর বাক্যের মধ্যে একটা বলবান্ ও অপরটী ছর্ম্বল হয়, তবে ছর্ম্বল বাক্যটায় অর্থভেদ বা তাৎপর্যাভেদ করনা করিয় সার্থকভা রক্ষা করিতে হয়, আর বলবান্ বাষ্টাটায় মুখ্যার্থ গ্রহণ করিয়া ভিষিবরেই তাহার সার্থকভা রক্ষা করিতে হয়।

কার্যো; আর নিগুণ্যবাদের সার্থকতা তম্বজ্ঞানে। কারণ, উপাসনা সপ্তণেরই হইতে পারে, নিগুণের নহে। উপাসনা ব্যতাত চিত্তের একাগ্রতা ও তমূলক তম্বজ্ঞান নিষ্পান্ন হয় না; মতএব অসত্য হইলেও ব্রন্ধে গুণারোপের আবশ্যকতা আছে। পক্ষাস্তরে, অজ্ঞাননির্ত্তি তম্বজ্ঞান-সাপেক্ষ; তম্বজ্ঞান আবার বস্তুবিচারের অধীন; কাজেই তম্বজ্ঞানাদ্যের জ্বয় বস্তুনির্দ্দেশক নিগুণ্যবাদের অবভারণা করা আবশ্যক হইয়াছে। অভ এব ব্রহ্মার্কি উক্ত উভয়বিধ শ্রুতিবাক্যই নিজ নিজ অভিপ্রেত বিষয়ে সার্থক ও প্রমাণ।

শঙ্করের মতে ব্রহ্মই একমাত্র সত্য বস্তু, তন্তিয় সমস্তই অসত্য
অবস্ত । ব্রহ্ম নির্জ্রণ, নির্ক্রিয়, সৎ, চিৎ, আনন্দস্বরূপ এবং এক
অবিতীয় ও অনন্ত । সৎ অর্থ—অস্তিত্ব, চিৎ অর্থ—জ্ঞান,
আর আনন্দ অর্থ—সূথ । বলা আবশ্যক যে, এ
শঙ্কর-মতে আনন্দ শক্ষপর্শাদি-বিষয়ভোগজাত সামহিক
ব্রহ্ম। স্থমাত্র নহে, উহা নিত্য ও জ্ঞানস্বরূপ। "সত্যং
জ্ঞানমানন্দং ব্রহ্ম" ইত্যাদি উপনিষদ্বাক্যে জ্ঞান ও আনন্দের
পারস্পরিক পার্থক্য নিষিদ্ধ হইয়াছে। এই সকল শ্রুতিবাক্য
অবলম্বন করিয়াই আচার্যা শঙ্কর আপনার সিদ্ধান্ত সমর্থন করিয়াছেন। শঙ্কর যদিও উপনিষদের স্পষ্ট উল্কির উপরে সম্পূর্ণ
নির্ভ্র করিয়াই অক্তর্যাদ প্রচার করিয়াছেন, এবং উপনিষদের
সাহায্যেই সর্বত্র আপনার সিদ্ধান্ত সমর্থন করিয়াছেন, সত্য;
তথাপি তাঁহার অভিমত অবৈত্রাদ একেবারে অপবাদ-নির্দ্ধক্ত

হইতে পারে নাই। বিদ্বেষপরবর্শ লোকেরা তাঁহার বেদামুগত ও যুক্তিসংগত মতবাদের উপরেও সমালোচনার তাত্র কশাঘাত করিতে বিরত হয় নাই।

তাঁহার উজ্জ্ব গোঁরবপ্রভা সংক্ষাচিত করিবার উদ্দেশ্যেই হউক, অথবা স্বগত প্রবল বিদ্বেষবশেই হউক, কেহ কেহ—
"বেদান্তা যদি শাস্ত্রাণি বেনিন্ধঃ কিমপরাধ্যতে?" ইত্যাদি অসার
অসন্তক্তি ঘারা শাস্কর মতের প্রতি অনাদর প্রদর্শন করিয়াছেন।
কেহ কেহ আবার—" মারাবাদমসচ্ছাত্রং প্রচ্ছন্নং বৌদ্ধমেব হৎ"
ইত্যাদি কটুক্তি বর্ষণপূষ্কক ভদায় বৈদ্দক মতনিকেও অবৈদিক
বৌদ্ধমত বলিয়া প্রতিপান করিতে প্রয়াস প্রেইন্দেন। এরপ
অভিযোগের প্রধান করিব এই যে, তিনি প্রথমে অক্সকে এক
অভিযোগের প্রধান করিব এই যে, তিনি প্রথমে অক্সকে এক
অভিযোগের প্রধান করিব এই যে, তিনি প্রথমে অক্সকে এক
অভিযোগের প্রধান করিব এই বে, তিনি প্রথমে অক্সকে এক
অভিযোগের প্রধান করিব এই করিয়া ত্রক্ষাতিরিক্ত পদার্থমাত্রেরই
অসভ্যতা প্রতিপাদন করিয়াভেন। ইহাতে প্রচলিত লায় ও
সাংখ্য-মতের সহিত যথেই বিরোধ ঘটিয়াছে, এবং আপাতদ্প্রিতে
কোন কোন সংশে বৌদ্ধমতের সহিত কতকটা সাদৃশ্যও উপস্থিত
হইয়াছে।

শঙ্কর-মডের বিরুদ্ধে নৈয়ায়িকগণ বলেন— আত্মা কখনই জ্ঞানস্বরূপ হইতে পারে না; আত্মা জ্ঞানবান্,— জ্ঞান তাহার গুণ। আত্মা জ্ঞানস্বরূপ হইলে, ভাহার পক্ষে জ্ঞানরহিত অবস্থা কখনও সম্ভবপর হইত না; অথচ সুমুপ্তি সময়ে ও মূর্জ্ঞাকালে আ্জাতে বোনপ্রকার জ্ঞান বা জ্ঞানকার্য্য পরিদৃষ্ট হয় না। ঐ উজ্য

অবস্থায় আপ্নাতে জ্ঞান থাকিলে, নিশ্চয়ই তাহার পরিচয় পাওয়া যাইত; কিন্তু তাহা কথনও পাওয়া যায় না। এখন দেখিতে হইবে যে, ঐ উভয় অবস্থায় যখন জ্ঞানের অভাবেও আত্মার জভাব হয় না, পক্ষান্তরে আত্মা বিভানান থাকিতেও যখন জ্ঞানের অভাব হয়, তখন অনিচ্ছায়ও স্বীকার করিতে হইবে যে, জ্ঞান ও আত্মা কথনই এক—অভিন্ন পদার্থ নহে। আত্মা নিজে গুণী; জ্ঞান তাহার দেশাত্র। বিশেষ বিশেষ কারণ-সংযোগে আত্মাতে সেই জ্ঞান-গুণ উৎপন্ন হয়, আবার সেই করেণের বিয়োগে বিলুপ্ত হয় যায়। এ নিয়মানুসারে জ্ঞানোৎপাদক কারণবিশেষ না গাকায় উক্ত উভয় অবস্থায় জ্ঞানের অভাব হওয়া অসম্পত হয় না, কিন্তু আত্মা নিজে জ্ঞানস্থরূপ হইলে কখনই তাহা উপপন্ন হয় না, কইতেও পারে না। এই সকল কারণে আত্মাকে জ্ঞানবান্ ভিন্ন জ্ঞানস্বরূপ বলিতে পারা যায় না।

অপিচ, জ্ঞানের উৎপত্তি ও ধ্বংস প্রত্যক্ষসিদ্ধ; স্কৃতরাং উহা অনিত্য। ঘটবিষয়ক জ্ঞান উৎপন্ন হইল, পটবিষয়ক জ্ঞান দিনট হইল; রসজ্ঞান জন্মিল; রূপজ্ঞান ধ্বস্ত হইল; এইরূপে জ্ঞানের প্রতিনিয়ত উৎপত্তি-বিনাশ সকলেই অবিসংবাদিত রূপে অমুভব করিয়া থাকে; স্কৃতরাং জ্ঞানের অনিত্যতাই প্রামাণিক— প্রনাণ-সিদ্ধ; আত্মা কিন্তু সেরূপ নহে। আত্মার নিত্যতা অমুভবসিদ্ধ। অতএব উৎপত্তি-বিনাশশীল অনিত্য জ্ঞান কথনই নিত্য আত্মার স্বরূপভূত এক অভিন্ন হইতে পারে না।

এতত্বরে শাক্ষরমতাবলম্বী মাচার্য্যগণ বলেন, নৈয়ায়িকের

অভিপ্রেত জ্ঞান, আর আমাদের অভিমত জ্ঞান নামতঃ এক হইলেও বস্তুতঃ এক পদার্থ নহে। ঐ যে, উৎপত্তি-বিনাশশীল জ্ঞানের কথা বলা হইল, উহা বস্তুতঃ জড়স্বভাব অস্তঃকরণের (বৃদ্ধির) বৃত্তি মাত্র (১), উহা নিত্য চৈতক্ত নহে। বিষয়ের সহিত ইন্দ্রিয়-সংযোগের ফলে বৃদ্ধিতে, যে একপ্রকার স্পান্দন ( বৃত্তি ) উপস্থিত হয়, এবং সেই সংযোগের বিগমে আবার বিলীন হইয়া যায়, গ্যায়মতে তাহাই জ্ঞান নামে পরিচিত। বৃদ্ধি সাধারণতঃ সর্গুণের পরিণাম অতি স্বচ্ছ পদার্থ, নিত্য ব্রহ্মাটতক্য প্রতিবিদ্ধিত হয়। উহাকে প্রকাশময় করিয়া থাকে; এই কারণেই চৈতক্তের প্রতিবিদ্ধিত ইন্দ্রা ক্রাকে প্রকাশময় করিয়া থাকে; এই কারণেই চৈতক্তের প্রতিবিদ্ধিত ইন্দ্রা ক্রাকে প্রকাশময় করিয়া থাকে; এই কারণেই চৈতক্তের প্রতিবিদ্ধিত ইন্দ্রিয়া ক্রাকে প্রকাশময় করিয়া থাকে; এই কারণেই চিতক্তের প্রতিবিদ্ধিত ইন্দ্রিয়ার গ্রাকে একাশময় করিয়া থাকে; এই কারণেই চিতক্তের প্রতিবিদ্ধিত ইন্দ্রিয়ার গ্রাকে বিষয়ার স্বাহ্র ইন্দ্রিয়ার প্রকাশ বিষয়ের সহিত্র ইন্দ্রিয়ার প্রবিদ্ধির তাভ করিয়া থাকে (২)।

<sup>(</sup>১) বৃদ্ধিবৃত্তিব স্থান প্রবিষ্ক এইপ্রকার— শ্বথা তড়াগোদকং ছিদ্রাং নির্গতা কৃদ্যাত্বনা কেদারান্ প্রবিশ্ব তদ্দেব চড়ুদ্ধোণাভাকাবং ভবতি, তথা তৈজ্পমন্তঃকরণমণি চক্ষুবাদীক্সিরহার। ঘটাদি-বিষয়দেশং গথা ঘটাদি-বিষয়াকারেণ পরিণমতে। স এব পরিণামো বৃত্তিরিভাূাচাতে (বেদাও পরিভাষা)। অর্থাং তড়াপের জল বেরূপ ছিদ্রপথে নির্গত হইরা বিভিন্নাকার জ্বমীতে প্রবেশ করিয়া সেই জ্বমীর স্থায় চতুকোণাদি আকাব ধারণ করে, ঠিক তদ্ধপ তৈজ্ঞস অন্তঃকবণও চক্ষুপ্রভৃতি ইক্সিরপথে বাই বিষয়োকার মাইয়া সেই সেই বিষয়াকারে পরিণত হয়। এই পরিণামই 'বৃত্তি' বিদিয়া অভিহিত হয়।

<sup>(</sup>২) অন্তঃকরণ-পদবাচ্য বৃদ্ধি ও মনঃ প্রভৃতি সকলই জড় পদার্থ। সেই অন্তঃকরণের বৃদ্ধি (অবন্ধাবিশেষ) উপন্থিত ছইলে, জালাভেট ব্রন্ধ-চৈতক্ত প্রতিক্লিত হয়, অক্তর হয় না; এইকক্ত অন্তঃকরণবৃদ্ধিকে জ্ঞানের (ব্রন্ধচৈতক্ত প্রতিবিশ্বনের) অবচ্ছেক্তক্ত ।

স্ববৃত্তি সময়ে ও মূর্ছাদিকালে বৃদ্ধির বিকলতানিবন্ধন আদে বৃত্তিই জন্মে না; সেই কারণে তৎকালে বৃত্তাত্মক জ্ঞানেরও উন্মেষ দৃষ্ট হয় না, কিন্তু তৎকালেও জ্ঞানবৃত্তির আত্যন্তিক অভাব ঘটে না। কেন না, জ্ঞানের অত্যন্তাভাব হইলে, স্বযুপ্তিভক্ষের পরে কখনই লোকের 'স্থমহমস্বাপ্সম্, ন কিঞ্চিদবেদিযম্' 'আমি স্বংখ নিদ্রা গিয়াছিলাম, অর্থাৎ আমি পরমানন্দ অসুভব করিয়াছিলাম, আর কিছুই জানিতে পারিনাই' এই প্রকারে স্বয়প্তিকালীন আনন্দামু-ভৃতির ও অজ্ঞানের স্মরণ হইত না। অথচ সকলেরই ঐ প্রকার স্মরণ হইয়া থাকে. কেহই তাহা হইতে বঞ্চিত হয় না।

এখানে একথাও বলা আবশ্যক যে, স্থমুপ্তিভল্পের পর ঐ যে, "স্থমহমস্বাপ্সং, ন কিঞ্চিদ্রেদিয়ন্" জ্ঞান, তাহা নিশ্চয়ই অমুমান নহে,—স্মরণ। কেন না, অমুমান করিতে হইলে, যে সমস্ত কারণ বিজ্ঞমান থাকা আবশ্যক হয়, এখানে তাহার কিছুই নাই (১);

<sup>(</sup>১) সধারণত: অন্থান করিতে হইলেই একটা 'হেতু' (বাহাদ্বাবা অন্থান করিতে হইবে, তাহা ) থাকা চাই। সেই হেতুর সহিত আবার সাধ্যের (অন্থমের পদার্থের) তৎকালে একস্থানে থাকা আবগ্রক হয়। এরপ স্থলে প্রযুক্ত অন্থানই যথার্থ প্রমাণ হয়, তদ্মি স্থলে অন্থান থাকে, জাগ্রং অবস্থায় তাহা জানিবার উপার (হেতু) কি । তৎকালীন জ্ঞানের অভাব কিংবা হংবেক অভাবও উহার 'হেতু' হইতে পারে না; কারণ, বর্ত্তমানে উহারা উভতেই অতীত; মৃত্রাং বর্ত্তমানকালীন অন্থমানের হেতু হইতে পারে না। এতদতিরিক্ত আর কোনও হেতু দৃষ্ট হয় না, যাহা দ্বারা স্ব্র্তিকালীন অজ্ঞান ও আনকাম্ভৃত্তির সাধন করা যাইতে পারে; কাজেই এ উভয়-বিষয়ক জ্ঞানকে স্বৃত্তিজ্ব আর কিছুই বলিতে পারা যায় না। অতএব ঐ সময়ে মজ্ঞান ও আনকাম্বৃত্তির আর কিছুই বলিতে পারা যায় না। অতএব ঐ সময়ে মজ্ঞান ও আনকাম্বৃত্তির হার বে, প্রত্যক্ষ হইয়াছিল, ইহা স্বীকার করিতে হইবে।

কাজেই মুপ্তোত্থিত ব্যক্তির 'মুখমছমস্বাপ্সম্, ন কিঞ্চিদবেদিযম্' এই জ্ঞানকে স্মরণই বলিতে হইবে। স্মরণমাত্রই অমুভব-পূর্বক, অর্থাৎ পূর্বামুভূত বিষয়েই স্মরণ হইয়া থাকে। যাহার যে বিষয় কখনও অমুভূত হয় নাই, তাহার তিষ্বিয়ে কখনও স্মরণজ্ঞান হয় না, বা হইতে পরে না। অতএব স্বীকার করিতে হইবে যে, মুমুপ্তি সময়ে ঐ অজ্ঞান ও আনদের নিশ্চয়ই অমুভব (জ্ঞান) হইয়াছিল (১)। সেই জাতাই মুমুপ্তি ভঙ্গের পর এরপ স্মৃতি সমুৎপন্ন হইয়া থাকে।

এখন প্রশ্ন হইতে পারে যে, স্ব্যুপ্তি সময়ে যে, বুদ্ধির কোনরূপ বৃত্তি থাকে না, তরিষয়ে কাহারো আপত্তি নাই; এবং বুদ্ধিব
ইত্তি বা ভাদৃশ একটা অবস্থাব্যতীত যে, ব্যুবহারিক জ্ঞানের উদর
হইতে পারে না, এ সম্বন্ধেও কাহারো অমত দেখা যায় না।
কিন্তু বুদ্ধি-বৃত্তির অভাবে সুবৃপ্তিকালান অজ্ঞান ও আনন্দের
অমুভব হইবে কিসের দারা ? তখনত জ্ঞানাভিব্যঞ্জক কোন
প্রকার বুদ্ধিবৃত্তিই বিভ্যান থাকে না।

এতদুত্তরে বৈদান্তিকগণ বলেন—হাঁ, সে সময়ে অস্তঃকরণের কোন প্রকার বৃত্তি বিভ্যমান না থাকিলেও অহ্য একপ্রকার বৃত্তি বিভ্যমান থাকে এ তাহার নাম অবিভার্ত্তি, অর্থাৎ তৎকালে অস্তঃকরণের পরিবর্ত্তে জীবগত অবিভারই এমন একপ্রকার

<sup>(&</sup>gt;) এথানে অজ্ঞান অর্থ—জ্ঞানের অভাব নহে; পরস্ক ভাবস্থরণ অনির্বাচ্য অবিল্ঞা। আনন্দ অর্থও বৈষয়িক স্থপ নহে, পরস্কু উৎপত্তি-বিনাশ রহিত ব্রক্ষানন্দ। পরে সুষুধ্য অবস্থার আলোচনা প্রসঙ্গে এ বিষয়ের আলোচনা করা যাইবে।

পরিণতি (বৃত্তি) উপস্থিত হয়, যাহা দ্বারা তাৎকালিক অজ্ঞান ও আনন্দ উভয়কেই প্রকাশ করিতে পারা যায়। স্ব্যুপ্তিবিলয়ের সঙ্গে সঙ্গে সেই অবিভার্তিও বিলান হইয়া যায়; এই কারণেই স্বযুপ্তিভক্ষের পর আর কাহারো সেই অজ্ঞান ও আনন্দের স্বরূপ বুঝিবার বা বুঝাইবার ক্ষমতা থাকে না; কেবল "আমি স্থথে নিদ্রা গিয়াছিলাম; কিছুই জানিতে পারি নাই" ইত্যাকার একটা অস্ফুট জ্ঞান-রেখা বিভাগান থাকেমাত্র। এ বিষয়ে বিভারণ্য মূনি একটা উত্তম কথা বলিয়াছেন—

"স্থপোণিতভ দৌষুপ্ত-তনোবোধো ভবেৎ স্থতিঃ। সা চাববুদ্ধবিষয়াববৃদ্ধং তৎ তলা তমঃ॥" (পঞ্চদশী)

এই দকল 'যুক্তি প্রমাণ দারা আত্মার চিম্ময়তা পক্ষ উপপাদিত ও প্রমাণিত হয়।

ইহার পর আরও এক সম্প্রানায় আছেন, যাহারা বলেন,
শঙ্কর যথন আত্মাকে জ্ঞানসরূপ বলিয়াছেন, এবং জ্ঞানে ও
আত্মায় যথন কিছুমাত্র ভেদ স্বীকার করেন নাই, তথন তাঁহার
মতে আর গৌদ্ধমতে প্রভেদ কি ? বস্তুতঃ তাঁহার সিদ্ধান্ত বৌদ্ধবাদেরই রূপান্তর মাত্র—"প্রচন্তর বৌদ্ধমের তথা" কারণ,
বিজ্ঞানবানী গৌদ্ধেরাও জ্ঞানের অতিরিক্ত আত্মা বলিয়া কোন
ক্রের অন্তির স্থাকার করেন না, জ্ঞানকেই আত্মা বলিয়া মনে
করেন, শঙ্করও ঠিক সেই কথারই পুনরাবৃত্তিমাত্র করিয়াছেন;
ক্তেএব শক্তরের সিদ্ধান্তও বৌদ্ধবাদ্ধ বটে। এ আপত্তির সত্ত্তর
ক্তিতে হইলে, অত্যে সংক্রেপতঃ বৌদ্ধমতের কিঞ্চিৎ সমালোচনা

করা আবশ্যক। অতএব এখানে বৌদ্ধসিদ্ধান্তের সংক্ষিপ্ত বিবরণ প্রদত্ত হইতেছে,—

## [বৌদ্ধ মত।]

বুদ্ধদেব এক হইলেও, তাহার শিশুসম্প্রদায় সৌত্রান্তিক, বৈভাষিক, যোগাচার ও মাধ্যমিক নামে চারি ভাগে বিভক্ত হইয়াছে (১)। এরূপ বিভাগ-স্প্তির প্রকৃত কারণ যে, কি, তাহা নির্ণয় করা বড়ই কঠিন। তবে কেহ কেহ বলেন—একই বুদ্ধদেব সকলকে একই রকম উপদেশ দিয়াছিলেন। কিন্তু তিনি একরূপ উপদেশ দিলেও, শিশুগণ নিজ নিজ মানসিক বৃত্তি ও শক্তির তারতম্যামুসারে একই উপদেশ হইতে চারিপ্রকার অভিপ্রায় গ্রহণ করিয়াছিলেন। তদমুসারে উহার মধ্যে চারিপ্রকার সম্প্রদায়ের আবির্ভাব হইয়াছে। আবার কেহ কৈহ বলেন,—

"দেশনা লোকনাথানাং স্বাশয়-ব্শাহুগা "

বৌদ্ধনতে গুরুপ্রদত্ত উপদেশ স্থীকার করাব নাম 'যোগ', আর তিহিবরে আপত্তি উত্থাপনের নাম আচার; কেন না, আপত্তি উত্থাপন করা শিয়োর একটী আচারের মধ্যে পরিগণিত L

<sup>(&</sup>gt;) শিখ্যদের বৃদ্ধিবৃত্তি বা চিন্তাশক্তির প্রভেদাত্সাবে ঐরপ নামভেদ ঘটরাছে। শিখ্যদের মধ্যে, বিনি স্থেত্রর অর্থাই গুরুশারের অন্তবিষয়ে জিজ্ঞাসা করিয়াছিলেন, তিনি সৌত্রান্তিক নামে; বিনি প্রতায়মান বাহ্ পদার্থকে সত্য খীকার করিয়া আবার উহা অপ্রতাক্ষ' এইরপ বিরুদ্ধ ভাষা প্রয়োগ করিয়াছিলেন, তিনি বৈভাষিক নামে; ঘিনি গুরুর উপ-দেশাস্থ্যারে বাহ্ পদার্থের ক্ষণিকত্ব খীকার করিয়াও, বিজ্ঞানের ক্ষণিকত্ব বিষয়ে আপত্তি উর্থাপন করিয়াছিলেন, তিনি যোগাচার নামে; আর বিনি গুরুর কর্থান্থ্যার সর্ব্বান্ধ্যানির লাইরাছিলেন, অন্ত অংশ খীকার করেন নাই, তিনি মাধানিক নামে অভিতিত ইইছাছেন।

অর্থাৎ বাঁহারা লোকনাথ—জগজ্জীবের একান্ত হিতার্থী, তাঁহারা শিন্তার মানসিক শক্তির প্রতি লক্ষ্য রাখিয়া তদমুসারে উপদেশ দিয়া থাকেন। এই প্রসিদ্ধ প্রবচন হইতে এইরূপ সিদ্ধান্তে উপনীত হওয়া যায় যে, শিশুদের মধ্যে সকলের বৃদ্ধির্ত্তি কখনই সমান ছিল না; সেই জন্ম যাহার পক্ষে যেরূপ উপদেশ শোভন বিবেচিত হইয়াছিল, তাহার প্রতি তিনি সেইরূপ উপদেশই প্রদান করিয়াছিলেন। কিন্তু শিষ্যগণ তাঁহার অভিপ্রায় বৃথিতে না পারিয়া গুরু-লব্ধ উপদেশাবলিকেই সত্য সিদ্ধান্তবোধে গ্রহণ করত সর্বত্ত প্রচার করিয়াছিলেন। ফল কথা, যে কারণেই হউক, একই বৃদ্ধদেবের শিষ্যসম্প্রদায় চারি ভাগে বিভক্ত হইয়া সৌত্রান্তিক, বৈভাষিক, যোগাচার ও মাধ্যমিক নামে অভিহিত হইয়াছিলেন।

তন্মধ্যে সৌত্রান্তিক ও বৈভাষিক সম্প্রদায়েব মধ্যে প্রভেদ সতি সামান্ত। উভয়েই বাহান্তিরবাদা; বিজ্ঞানাতিরিক্ত বাহ্য স্কোত্রের অন্তির ও ক্ষণিকর স্বীকার করেন। বৈভাবিকের মত বিশেষ এই যে, সৌত্রান্তিক বলেন, বাহ্য ক্ষণৎ প্রত্যক্ষণম্য, চক্ষু:প্রভৃতি ইন্দ্রিয় হারাই বাহ্য ক্ষণতের অন্তির অনুভূত হইয়া থাকে, কিন্দু বৈভাষিক একথা স্বীকার করেন না। তিনি বলেন—যেহেতু বাহ্য ক্ষণৎ (ঘট-পটাদি পদার্থ-নিচয়) প্রতীতিগোচর হইয়া থাকে, সেই হেতু অনুমান করা যায় যে, বাহ্য ক্ষণতেরও নিশ্চয়ই অন্তির আহিছ আহি (১)।

<sup>(</sup>১) বৈভাষিকের যুক্তি বড়ই চমৎকার ! তিনি বলেন, বাহ্ন জগৎ অগ্রোপ্রত্যক্ষ হয়, পরে তাহার অভিত্ব অনুমিত হয়। এখানে বলা বাহুল্য

অতঃপর যোগাচার সম্প্রাদায়ের কথা। যোগাচার সম্প্রাদায়
সাধারণতঃ 'বিজ্ঞানবাদী' নামে পরিচিত। তাঁহারা বিজ্ঞান ভিন্ন
যোগাচার সত

কলা কোন পদার্থেরই অন্তিত্ব স্বীকার করেন
না। অধিকস্তু, অন্তরম্ব বৃদ্ধি-বিজ্ঞানকেই বাহিরে
প্রভীয়মান ঘট-পটাদি বিষয়াকারে প্রতিভাসমান বলিয়া নির্দেশ
করেন। তাহাদের উক্তি এইরপ—

"অভিনোহপি হি বুদ্ধাত্ম। বিপর্য্যাস-নিদর্শ নৈ:। গ্রাহ-গ্রাহক-সংবিভি-ভেদবানিব লক্ষ্যতে॥"

অর্থাৎ বুদ্ধি বিজ্ঞানই একমাত্র সত্য বস্তু, তদতিরিক্ত কোন বস্তুই সত্য নহে। অসৎ ঘট-পটাদি পদার্থগুলির বাহিরে সত্তা না থাকিলেও, অন্তর্মস্থ এক বিজ্ঞানই অনাদি ভ্রান্ধার্যশৈ গ্রাহ্য (ঘটাদি বিষয়), গ্রাহক (জ্ঞাতা) ও সংবিত্তি জোন)—এই ত্রিবিধ আকারে প্রভাত হইয়া থাকে। বস্তুতঃ জগতে জ্ঞানাতিরিক্ত জ্ঞেয় বা জ্ঞাতা কিছুই নাই।

ফলকথা, স্বপ্ন সময়ে মামুষ যেমন, বাহিত্রে কোন পদার্থ না পাকিলেও, কেনল মানসিক কল্পনা বা চিন্তাপ্রভাবে বাহিরে বহু প্রকার বস্তু দেখিতে পায়, (সেখানে বাহিরে যে সমস্ত পদার্থ দৃষ্ট হয়, সে সমস্ত পদার্থের সন্তা যে, বাহিরে নয়—অন্তরে, মানসিক চিন্তার্যন্তির উপরেই প্রতিষ্ঠিত. এবিষয়ে কাহারো সংশয় নাই।)

যে, বাহু লগতের যদি অন্তিত্বই না থাকে, তবে ত প্রত্যক্ষই হইতে পারে না ; পক্ষান্তরে যাহার অন্তিত্ব প্রত্যক্ষই হইতেছে, তাহার জন্ত আবার অসুমানের প্রয়োজন কি ৫ এ প্রশ্নের উত্তর তিনিই দিতে পারেন !

ঠিক সেইরূপ, জাত্রাৎ অবস্থায়ও আমরা বাহিরে যে সমুদয় পদার্থ প্রত্যক্ষ করিয়া থাকি, সে সমুদয় পদার্থ বস্তুতঃ বাহিরে নাই, অস্তরে আছে। অমরা মনে মনে যেরূপ কল্পনা করি, বাহিরেও ঠিক তদকুরূপ বস্তু প্রত্যক্ষ করিয়া থাকি। বাহিরে সে সমুদয় পদার্থের আদে অস্তিছই নাই, অস্তরে—বৃদ্ধির অস্তিছেই উহাদের অস্তিছ; আন্তিরশে বা বৃনিবার দোষে কেবল স্বপ্রদৃষ্ঠ পদার্থের ত্যায় বাহিরে বিত্তমান বলিয়া প্রতীতি হয় মাত্র। বিজ্ঞানের এই প্রকার একত্বকে লক্ষ্য করিয়াই উপনিষদে অদৈত্ববাদ বিঘোষিত হইয়াছে।

ইহাদের মতে বুদ্ধিবিজ্ঞান মাত্রই ক্ষণিক, প্রথম ক্ষণে উৎপন্ন হয়, আরার দ্বিতীয় ক্ষণেই বিনদ্ধী হয় যায়। কোন বিজ্ঞানই তৃতীয় ক্ষণপর্যান্ত স্থায়ী হয় না। নির্বাণ লাভের পূর্ববর্পর্যান্ত এই প্রকারে বিজ্ঞান-প্রবাহ চলিতে থাকে, কখনও তাহার উচ্ছেদ হয় না ও হইবে না। এই বিজ্ঞানই আমাদের আত্মা—অহং-পদবাচ্য।

বিজ্ঞান যখন ক্ষণিক, তখন বিজ্ঞানাত্মক বাহ্য ও আন্তর সকল পদার্থই ক্ষণিক (১); কিন্তু উহারো ক্ষণিক হইলেও উহাদের প্রবাহ বা ধারাটা ক্ষণিক নহে—চিরন্থায়ী। ক্ষলপ্রবাহের অংশভূত ক্ষলসমূহ প্রতিনিয়ত পরিবর্ত্তনশীল হইলেও, উহাদের প্রবাহ

<sup>(</sup>১) ইহাদের মতে বাহা ও আন্তরভেদে বিজ্ঞানের পারণাম হই প্রকার। তদ্মধ্যে ভূত ভৌতিক পদার্থসমূহ বাহা, আর চিত্ত ও চৈত্ত (চিত্ত সম্পর্কিত) মুখ হঃধ প্রভৃতি পদার্থ আন্তর, উভয়ই বিজ্ঞানময়, এবং বিজ্ঞানের ফ্রায় ক্ষণিক।

অপরিবর্ত্তিত অবস্থায় থাকার দরুণ যেমন লোকে প্রবাহান্তর্গত জলরাশিকেও অপরিবর্ত্তিত একই জল বলিয়া মনে করে: এবং 'ইহা সেই জল' অর্থাৎ নদীতারে আসিয়া প্রথমে যে জলরাশি দেখিয়াছিলাম. এখন অৰ্দ্ধঘণ্টা পরেও সেই জলরাশিই দেখিতেছি— বলিয়া ভ্রম করে, জগতের প্রত্যেক বস্তু-ব্যবহার-সন্বন্ধেই ঠিক সেই একই ব্যবস্থা, অর্থাৎ প্রতিনিয়ত প্রত্যেক বস্তুই আমূলতঃ পরিবর্ত্তিত হইতেছে, কিন্তু উহাদের প্রবাহটা অবিচ্ছিন্নই থাকিয়া যাইতেছে। প্রবাহ অবিচ্ছিন্ন থাকায়, তন্মধ্যগত পরিবর্ত্তনশীল বস্তুগুলিকেও লোকে চির্দিন একই বলিয়া ভ্রান্ত ধারণা পোষণ করিয়া থাকে। এই কারণেই অহং-পদবাচ্য আত্মা (বিজ্ঞান) ক্ষণিক হইলেও, বাল্য, কৌমার ও যৌবনাঞ্জি দশাঁয় বিজ্ঞানময় আত্মার স্বরূপগত পার্থক্য থাকিলেও উহার প্রবাহ-বিচ্ছেদ না হওয়ায় লোকে মরণকাল পর্য্যস্ত 'সেই আমি' বলিয়া একই আত্মার অন্তিম্ব মনে করিয়া থাকে। প্রকৃতপক্ষে কিন্তু প্রত্যেক মুহূর্তেই পূর্বর পার্বার বিনাশ হইতেছে, এবং নৃতন নৃতন আত্মার আবির্ভাব হইতেছে (১)। অনন্তকাল এই প্রকার পূর্বব পূর্বব আত্মার (জ্ঞানের) বিনাশ ও উত্তরোত্তর আত্মার (জ্ঞানের)

<sup>(</sup>১) বিজ্ঞানবাদী - বৌদ্ধেরা বলেন—আমাদের মনোমধ্যে যে,
প্রতিক্ষণে জ্ঞান হইভেছে, আর মরিতেছে; সেই বিজ্ঞানই আত্মা,
তুদাতারক্ত আত্মা বলিয়া কোন পদার্থ নাই। প্রথম বিজ্ঞানটী দ্বিতীর
একটা বিজ্ঞান উৎপাদন করিয়া নিজে বিনষ্ট হইয়া যায়। বিনষ্ট হইবার
সময় প্রাথমিক বিজ্ঞানটী আপনার সমস্ত সংস্কার দ্বিতীয় বিজ্ঞানে নিক্ষেপ
করিয়া যায়। সেই কারণেই পূর্বাম্ব্রুত বস্তুর কালান্তরে অমুসন্ধানে
বা শ্বরণে কোনই বাধা ঘটে শা। ইত্যাদি —

আবির্ভাব চলিতেছে ও চলিবে, কখনও ঐ প্রবাহের উচ্ছেদ হয় নাই ও হইবে না। সেই হেতুই প্রচলিত ব্যবহারে কোন প্রকার অসক্ষতি উপস্থিত হয় না।

বিজ্ঞানের স্বভাবই এই যে, সে নিজে ক্ষণিক হইয়াও অর্থাৎ উৎপত্তির পরক্ষণে বিনাশলীল হইয়াও, বিনাশকণেই অমুরূপ অপর একটা বিজ্ঞান সমুৎপাদন করিয়া এবং আপনার সমস্ত সংস্কার তাহাতে সংক্রামিত করিয়া, পরে বিনাশ প্রাপ্ত হয়। পরবর্ত্তী বিজ্ঞানসমূহও এইরূপে এক একটা বিজ্ঞান সমূৎপাদন করিয়া এবং সে সমূদয়ে আপনাদের সমস্ত সংস্কার সংক্রামিত করিয়া বিনাশ প্রাপ্ত হয়। এইভাবে বিজ্ঞানরাশি সমূৎপন্ন হওয়ায় বিজ্ঞানৈর প্রবাহ যেমন বিলুপ্ত হয় না, তেমনই অমুভূত বিষয়ের এবং অমুষ্ঠিত কর্ম্মের হুলিও একেবারে বিনফ্ট হুয়া যায় না। তাহার ফলে পূর্বে বিজ্ঞানের বিজ্ঞাত বিষয়সমূহ স্মরণ করিতে এবং পূর্বে বিজ্ঞানের অমুষ্ঠিত কর্ম্মরাশির যথাযথ ফলভোগ করিতে পরবর্ত্তী বিজ্ঞানসমূহ অধিকারী হইয়া থাকে; সেই জন্মই বিজ্ঞানরূপী আত্মা ক্ষণিক হইলেও, অক্ষণিক বিজ্ঞানপ্রধাহে স্মরণ ও কর্ম্মফলভোগ অসক্ষত হয় না।

### [মাধামিক মত ]

অতঃপর মাধামিক সম্প্রদায়ের সিন্ধান্ত সম্বন্ধে কয়েকটী কথা বলিয়াই প্রকৃত প্রস্তাবের অবতারণা করিব (১)। মাধ্যমিক

<sup>(</sup>১) সৌত্রান্তিক, বৈভাষিক, বোগাচার ও মাধ্যমিক এই চতুর্বিধ নাম করণের অভিপ্রায় এই:—বৃদ্ধদেব বলিতেছেন—"স্তত্তান্তঃ পৃদ্ধতাং ক্ষিত্র। ভবস্তুক স্ত্রভান্তঃ পৃষ্টবন্তঃ—সৌত্রান্তিকা ভবাস্থতি \* \* \*

বৌদ্ধাণ 'শৃত্যবাদী' নামে অভিষ্ঠি ; কারণ, তাহারা শৃত্যকেই পরমার্থ সত্য বলিয়া বিশাস করেন, এবং যুক্তি-তর্কের সাহায্যে তাহাই সমর্থন করেন।

মাধ্যমিকগণ বলেন,—দৃশ্যমান জগৎ সত্য বা সৎ নহে; কারণ, উহার অস্তির প্রত্যক্ষ দারা বাধিত হয়, অর্থাৎ প্রতিক্ষণেই যখন জাগতিক পদার্থের স্বরূপহানি বা পরিবর্ত্তন পরিলক্ষিত হয়, তখন বাহ্য জগৎকে সং (সত্য) বলিতে পারা যায় না; পক্ষান্তরে অসৎও বলিতে পরা যায় না; কারণ, আকাশ-কুস্থমের স্থায় অসৎ বা অসত্য পদার্থ কখনও প্রত্যক্ষ-গোচর হইতে পারে না; অপচ আপামর সাধারণ সকলেই সমানভাবে বাহ্য জগৎ প্রত্যক্ষ করিয়া পাকে; কাজেই জগৎকে অসহও ব্রক্তিতে পারা যায় না। সং অসৎ উভয়াত্মকও বলিতে পারা যায় না; কারণ, পরস্পর বিক্ষেত্রভাব সং-অসমুন্তর কখনই এক স্থানে (এক সাত্রায়ে) থাকিতে পারে না; কাজেই জগৎ উভয়ত্মকও নহে। পক্ষান্তরে, অসুভয়-স্থভাব অর্থাৎ সহও নয়, অসহও নয়, এবন্ধির অনিক্রিনীয়ও হইতে পারে না; কারণ, তাদৃশ বস্তু সম্পূর্ণ অপ্রসিদ্ধ ও অসন্তর। অভ্যব, জগৎ যখন সং, অসহ, উভয়রূপ বা

সৌত্রান্তিকসংজ্ঞা সংক্ষাতা। \* \* \* শেরং বিক্রম। তাগা—ইতি বর্ণরন্তো বৈদ্যাধিকাথায়া থ্যাতাঃ। শিয়োঃ বোগশটাচারন্টেতি ধরং কবনীয়ন্। তব্র অপ্রাপ্তার্থন্ত প্রাপ্তরে প্র্যান্থ্যাগাঃ (প্রশ্নঃ) যোগাঃ। গুরুক্তগ্রার্থআদীকরণনাচারঃ। যে তাবৎ তত্ত্তরকারিণা, তে যোগাচারাঃ, যে
পুনঃ ক্রেক্তগ্রাপ্রাদ্ধীকবণাচন্ত্রনাঃ, যোগস্ত (প্রশ্নতা) অকরণাদ্ধনাশ্চ, তে
বসুনাধ্যমিকনায়া প্রসিদ্ধাঃ। (সর্বাদ্ধন্ত্যাহ্য)

অমুভয়রূপ, এই চতুর্বিধ রূপের কোন রূপেই অন্তভুক্ত হইতেছে
না, তখন উহা কোনও তত্ত্ব বা সত্য বস্তু নহে; উহা বিদ্যুৎ, অল্র ও নিমেষাদির ভায় শৃত্য মাত্র। যাহা যাহা জ্ঞানের বিষয়ীভূত (জ্ঞেয়), এবং ক্রিয়াসাধক, শৃত্যেতেই সে সকলের পর্যাবসান বা পরিসাপ্তি। স্প্রদৃশ্য পদার্থসমূহ ইহার উত্তম দৃষ্টাপ্তত্ত্ব । স্পপ্পেও বিবিধ বস্তু দৃষ্ট হয়, এবং তদমুরূপ হর্ষ শোকাদি ক্রিয়াও উপস্থিত হয়, অথচ সে সকলের পরিণাম (শেষ দশা) শৃত্য ভিন্ন আর কিছুই নহে। সেই সকল স্প্রদৃশ্য পদার্থের সহিত তুলনা করিলে দৃশ্যমান বিশ্বপ্রপঞ্জেও শৃত্যাত্মক বলিতে কোন বাধা দৃষ্ট হয় না। অতএব শৃত্যই জগতের স্বাভাবিক ধর্মা। অভএব এরপে ভাসার জগতে আসক্ত বা প্রলুক্ক হওয়া কোন বিষেকীর প্রেই সম্বত নহে।

মাধ্যনিকগণ আরও বলেন যে, উল্লিখিত শৃহ্যবাদই ভগবান্
বুদ্ধদেবের অভিপ্রেত সিদ্ধান্ত, এবং সকল শিশুকে তিনি এই
শৃহ্যবাদ-ভাবনারই উপদেশ দিয়াছিলেন, বিনেয় শিহ্যগণের
কোধশক্তি ও সংক্ষারের পার্থকান্ত্রসারে উপদেশসময়ে কেবল
কথার কিঞ্চিৎ বৈলক্ষণ্য মাত্র ঘটাইয়াছিলেন। যে সকল শিশ্ব
স্কল্লমতি, স্বভাব এই বহিবিষয়ে আসক্ত ও সত্যতা-বুদ্ধিসম্পন্ন,
তাহাদের প্রতি সাক্ষাৎসম্বন্ধে শৃহ্যবাদের উপদেশ না করিয়া
দৃশ্যমান বাহ্য বস্তুর ক্ষণিকত্বমাত্র উপদেশ করিয়াছিলেন। উদ্দেশ্য
—নিরন্তর ক্ষণিকত্ব ভাবনা করিতে করিতে, ক্রমে আপনা হইতেই
তাহাদের শৃহ্যত্ববাধ আসিবে। তাহার পর, যাহারা মধ্যম

শ্রেণীর শিষ্য-বাহ্য পদার্থের সত্যতায় বিশাসহীন, অথচ উৎপত্তি-বিনাশশীল বুদ্ধিবৃত্তিরূপ বিজ্ঞানের সত্যতায় আন্থাবান্, সেই সকল মধ্যম-শ্রেণীর শিষ্যগণকে লক্ষ্য করিয়া বাহ্য পদার্থের অপলাপ-পূর্ববক একমাত্র বিজ্ঞানের সত্যতা ও ক্ষণিকত্ব উপদেশ করিয়া-ছিলেন। ইহারও শেষ উদ্দেশ্য—শূন্যত্বে পর্য্যবসান করা। অবশেষে যাহারা উত্তমাধিকারী বিশুদ্ধচিত্ত এবং সৎ-অসৎ বিবেচনায় সমর্থ, কেবল সেই স্মুদয় স্থবোধ শিষ্যকে লক্ষ্য করিয়া সাক্ষাৎসম্বন্ধেই শুক্রবাদের উপদেশ করিয়াছেন। অথবা তিনি সকলকেই সমান-ভাবে শৃশ্যবাদের উপদেশ দিয়াছিলেন, শিশ্যগণ কেবল নিজ নিজ বৃদ্ধিশুদ্ধির ভারতম্যামুসারে তাঁহার এক উপদেশকেই বিভিন্নভাবে গ্রাহণ করিয়াছিলেন, এবং প্রত্যেকেই নিজেঞ্জুপরিগৃহীত সিদ্ধান্তকে বুদ্ধদেবের অভিমত সিদ্ধান্ত বলিয়া ঘোষণা করিয়াছিলেন। বস্তুতঃ এই শুন্মবাদই বুদ্ধদেবের যথার্থ অভিমত সিদ্ধান্ত, এবং তদমুসারেই মুমুক্ষুগণের প্রতি—"সর্ববং ক্ষণিকং ক্ষণিকম্" (সমস্তই ক্ষণিক), "সর্ববং তুঃখং তুঃখং" (সমস্তই তুঃখাত্মক) "সর্ববং স্বলক্ষণং खलकनम्" ( प्रकल वर्ष्डहे अनग्रमष्म ) अवः "मर्तवः भृगः भृग्रम्" এইরূপ ভাবনাচতুষ্টয়ের উপদেশ করিয়াছেন। শূশুবাদ यদি তাঁহার অভিমত না হইত, তাহা হইলে কখনই তিনি ভাবনার মধ্যে শৃন্য-ভাবনার অন্তর্ভাব করিতেন না (১)। অতএব আমরা

<sup>(</sup>১) " তদেবং ভাষনাচতুইয়বশাৎ নিধিল-বাদনানিবৃত্তী প্রনির্বাণং শুক্তরূপং সেংক্ততি ইতি—বয়ং কৃতার্থাঃ, নামাকম্পদেগুং কিঞ্চিলতীতি।" \_\_\_\_\_ সর্বাদর্শনসংগ্রহে বৌদ্ধদর্শনম্।।

উক্ত শৃহ্যবাদে প্রতিষ্ঠিত থাকিয়াই পূর্বেবাক্ত ভাবনাচতুষ্টয় দারা পরম নির্বাণলাভে কৃতার্থ হইব; আমাদিগকে আর কিছু জানিতে, বা করিতে হইবে না, ইত্যাদি—

এখানে বলা আবশ্যক যে, বাহাস্তিহণাদী ও বিজ্ঞানবাদী বৌদ্ধগণ আবার ঠিক এ কথার বিপরাত ভাবে নিজ নিজ মতের অমুকলে বুদ্ধদেবের অভিপ্রায় কল্পনা করিতে বিরত হন না (১)।

উপরে যে চারিটা বৌদ্ধ সম্প্রদায়ের উল্লেখ কর। হইল, তন্মধ্যে প্রথমোক্ত সোত্রান্তিক ও বৈভাষিক সম্প্রদায়ের মধ্যে মতভেদ অতি সামান্ত। উহারা উভয়েই বাহিরে পরিদৃশ্যমান পদার্থের সত্যতা স্বীকার করেন, এবং উহাদের যথাসম্ভব উৎপত্তি, স্থিতি ও বিনাশও দ্বীকার করেন। বিশেষ এই যে, সৌত্রান্তিক-গণ বলেন, বাছ পদার্থের অস্তিম্ব ও বিভাগ প্রভাক প্রমাণ-গ্রাহ্ম, কর্মাৎ বাহিরে দৃশ্যমান বস্তুনিচয়ের যে অস্তিম্ব বা সন্তা, তাহা প্রভাক প্রমাণ দ্বারাই বৃথিতে পারা যায়, তাহা আর অনুমান করিয়া বৃথিতে হয় না; কিন্তু বৈভাষিকগণ সে কথা স্বীকার

<sup>(</sup>১) বাহাভিত্বলো সোত্রান্তিক ও বৈভাষিকগণ বলিয়া থাকেন যে,
নিতান্ত বহিরাসক্ত লোকদিগকে, বৈরাগ্যোৎপাদন বারা বহির্বিষয় হইতে
বিনুষ করিবার অভিপ্রায়েই বৃদ্ধদেব সর্বাশৃশ্যইবাদেব উপদেশ দিয়াছেন;
বল ত: সর্বাপ্রমাণবিক্ষম ঐরূপ উপদেশ কথনই তাঁহার অভিপ্রেত হইতে
পাবে না। বিজ্ঞানবাদী বোগাচাব-সম্প্রদায়ও এই প্রকারেই পরপক্ষনিরসন ও অপক্ষ-সমর্থন করিয়া থাকেন। বস্তুত: বৌদ্ধনতাবলম্বী ভিনটী
প্রধান সম্প্রদায়ই পরস্পর-বিক্ষম; এই জ্ঞ্জ ভিন্ন সম্প্রদায়ের নিকট উক্স
তিনটী মতবাদ্যই অপ্রমাণ্রপে উপেক্ষিত হইবার বোগ্য।

করেন না। ভাহারা বলেন—বাহিরে বস্তু না থাকিলে এবং সেই সকল বস্তু বৈচিত্রাযুক্ত না হইলে, কখনই তথিষয়ে লোকের বোধবৃত্তি ও তদগত বৈচিত্রা সম্পন্ন হইত না; কারণ, বিদ্বের সন্তা ও প্রভেদ অনুসারেই প্রতিবিদ্বের প্রভেদ ঘটিয়া থাকে; আমাদের বিজ্ঞান বা অন্তরম্থ বৃদ্ধির্তিরূপ বোধও নিশ্চয়ই প্রতিবিদ্বস্বরূপ; প্রতিবিদ্ব ও তদগত বৈচিত্রামাত্রই বিদ্বসাপেক; মৃতরাং বৃদ্ধির্ত্তিও ভাহার প্রভেদ দর্শনে ভৎকারশীভূত বৈচিত্রাপূর্ণ বিদ্বের (বাহ্য পদার্থের) অন্তিম্ব সহজেই অনুমান করিতে পারা বায় । অতএব বহির্জগতের বাস্তবিক সতা কখনই অপলাপ করিতে পারা বায় না, উহা অনুমান-গ্রাহ্য—অনুমেয় ।

বিজ্ঞানবাদী যোগাচার সম্প্রদায় এ শিক্ষাতে সম্বন্ধ ন। হইয়া বলেন—অবিজ্ঞাত বস্তুর অস্তিহে যখন কোন প্রমাণ নাই, এবং বিজ্ঞানের সম্বন্ধবাতীত যখন কোন বাহ্য বস্তুই প্রতীতি-গোচর হয় না, বা হইতে পারে না, তখন অস্তুরস্থ বৃদ্ধি-বিজ্ঞানের অতিরিক্ত বাহ্য বস্তুর পৃথক্ অস্তিত্ব স্বীক:র করিবার কোনই প্রয়োজন দেখা যায় না। কেন না,—

"সহোপলন্তনিরমাদভেদো নীল-ভদ্ধিরো:।

ভেদক লাজি-বিজ্ঞানৈদ্ জৈতেকাবিবাধরে ॥'' ( সর্কাদন সংগ্রহ )
ভার্থাৎ জ্ঞান ব্যতীত যখন কোন বিষয়েরই অসুভব হয় না, পরস্থ
জ্ঞান-সহযোগে বিষয়াসুভব হওয়াই যখন স্বাভাবিক নিয়ম,
(যেমন নাল বর্ণ ও ত্তিবয়ক জ্ঞান,) তখন এই নীল বর্ণ ও ভ্তিষয়ক
জ্ঞান, উভয়ই এক ভাজিন পদার্থ; ক্রবল ভ্রান্তি বিজ্ঞানের কলে

উভয়ের (নীল ও তিবিষয়ক বিজ্ঞানের) মধ্যে একটা ভেদ বা পার্থকা প্রতীতি হয় মাত্র। চক্ষুতে তিমিরনামক রোগ উৎপন্ন হইলে, অথবা অঙ্গুলীঘারা চক্ষুর প্রাস্তভাগ চাপিয়া ধরিলে একই চন্দ্রে যেমন ভেদ দর্শন হয়, অর্থাৎ একটা চন্দ্রকে যেমন তুইটা বলিয়া জ্রম হয়, জ্ঞান ও জ্ঞেয়ের ভেদপ্রতীতিও ঠিক তেমনই অজ্ঞানমূলক—আভেদে ভেদ-জ্রান্তি মাত্র। এই জ্ঞাতীয় যুক্তি ও দৃষ্টান্ত বলে তাহারা এইরূপ সিদ্ধান্তে উপনীত হন যে,— আমাদের মনোমধ্যে যে প্রকার চিন্তার তরক্ত উপন্থিত হয়, বাহিরেও আমরা তদমুসারে বস্তুর সন্তাব কল্পনা করিয়া থাকি, বস্তুতঃ বাহিরে সেরূপ কোনও বস্তু নাই; অন্তর্থেই উহার সন্তা।

শূভাবাদা মাধ্যমিকগণ আবার ইহাকেও যথেষ্ট মনে করেন না। বিজ্ঞানবাদী বৌদ্ধগণ বাহ্য জগতের অন্তিত্ব অস্থীকার করিলেও অস্তরস্থ বুদ্ধিবিজ্ঞানের সত্যতা স্থীকার করেন, কিন্তু মাধ্যমিক বৌদ্ধগণ তাহাও স্বীকার করিতে রাজী নহেন। তাহারা বলেন,—"যৎ সৎ, তৎ শূভাং, যথা দীপশিখা।" অর্থাৎ যাহা কিছু সৎ—সত্যক্রপে প্রতীত হয়, তৎসমস্তই শূভাবসান; যেমন প্রদীপের শিখা (১)। তাঁহার। বলেন—শৃভাবদেই বুদ্ধদেবের সভিপ্রেও এবং সেই অভিপ্রেত সিদ্ধাস্তে উপনীত হইবার জন্মই

<sup>(</sup>১) ইহাদের মতে প্রদীপের শিথা প্রতিক্ষণে এক একটী উৎপর হব, আবার পরক্ষণেই বিনষ্ট হয়। বিনষ্ট শিথাগুলি শৃত্তে পর্যাবসিত হর, উহাদের কোন চিত্র থাকে না।

'ভিক্ষুপাদপ্রসারণ' ন্থায়ে (১) প্রাথমিক মতগুলি উপদেশ করিয়া-ছিলেন, অথবা, তাঁহার উপদেশের প্রকৃত মর্ম্ম গ্রহণ করিতে না পারিয়া মনদমতি শিষ্যগণ অন্মপ্রকার অর্থ গ্রহণ করিয়াছেন, এবং সেই সমৃদয় কথাকেই বুদ্ধদেবের কথা বা সিদ্ধান্ত বলিয়া প্রচার করিয়াছেন। বস্ততঃ সে সকল মত বুদ্ধদেবের অভিপ্রেত সিদ্ধান্তই নহে ইত্যাদি ইত্যাদি।

এই পর্যাস্ত বিভিন্ন সম্প্রাদায়ভুক্ত বৌদ্ধমতের সংক্ষিপ্ত বিবরণ প্রদত্ত হইল। এখন দেখা যাউক, উক্ত গৌদ্ধমতগুলিব কোন অংশের সহিত শাস্কর মতের কোনরূপ সাদৃশ্য আছে কি না, যাহার দরুণ আচার্য্য শক্ষরের মতকে "মায়াবাদমসচ্ছান্ত্রং প্রচছরং বৌদ্ধমেব তুৎ" বলিয়া ঘোষণা করা যাইতে পারে।

# [ বৌদ্ধমতের সহিত শাব্দর মতেব তুলনা ]

বিভিন্ন সম্প্রাদায়ভুক্ত উল্লিখিত বৌদ্ধমত আলোচনা করিলে দেখা যায় যে, প্রথমোক্ত সৌত্রান্তিক ও বৈভাষিক সম্মত সিদ্ধা-স্তের সহিত শাস্কর সিদ্ধান্তের কিছুমাত্র সাদৃশ্য নাই। তাহাদের মতে দৃশ্যমান বহির্দ্ধগৎ ক্ষণিক ছইলেও সভা; বিজ্ঞানের জভাবেও জগতের সন্তা বাহিত হয় না; কিন্তু শক্ষরের মতে

<sup>(</sup>১) একত্র বস্ত ভিক্ষক উপবিষ্ট আছে। শরনের স্থান নাই। এমত অবস্থার শরনার্থী চতুর ভিক্ষক বেমন আত্তে আত্তে পাদ প্রসারণ করিরা প্রথমে অবকাশ করে, পরে শশা হইরা শরন করে, বুদ্ধদেবের অভিপ্রারও ঠিক সেইরপ।

দৃশ্যমান জগৎ ক্ষণিক না হইলেও অসত্য। জগতের বাস্তব সত্তা কোন কালেই ছিল না, বর্ত্তমানেও নাই, এবং ভবিষ্যতেও হইবে না : স্থতরাং পূর্বেবাক্ত মতন্বয়ের সহিত শাঙ্কর মতের কোনরূপ সাদৃশ্য থাকা আদৌ সম্ভবপর হয় না। মাধ্যমিক-সম্মত শূলবাদের সহিতও শাঙ্কর মতের কোন প্রকার সাদৃশ্য দেখা যায় না; কারণ, মাধ্যমিকগণ শৃশ্যবাদী, আর শঙ্কর অবৈত ত্রহ্মবাদী। ত্রহ্ম ত শূন্য নহে-পরম সত্য ; স্কুতরাং শূন্যবাদের সহিত অদৈতবাদের কোন সম্পর্কই নাই, এবং থাকিতেও পারে না। অতএব যদি কিছু সাদৃশ্য বা সাদৃশ্যাভাস থাকে, তবে তাহা কেবল যোগাচার-সম্মত বিজ্ঞানবাদের সহিতই আছে। কেন না, শঙ্করের মতে যেমন দৃশ্যমান জগঁৎ ত্রকা হইতে উৎপন্ন; ত্রকা-সতার অতিরিক্ত কোন সন্তা জগতের নাই; একোর সন্তাই জগতের সন্তা। একা নিত্য চৈতন্তস্বরূপ, এবং চৈতন্ত ও জ্ঞান একই পদার্থ বলিয়া অবধারিত হইয়াছে. যোগাচার সম্প্রদায়ের মতেও তেমনই ক্ষণিক বিজ্ঞানকে জগৎ-প্রতীতির (জগতের) কারণ বলা হইয়াছে। অস্তরন্থ জ্ঞানই বিবিধ বস্তুরূপে প্রকটিত হয়: বাহিরে বা অস্তরে বিজ্ঞানের অভিরিক্ত কোন পদার্থ নাই—ইত্যাদি।

যদিও শক্ষরের অভিমত জ্ঞান বা চৈতন্ত পদার্থ উৎপত্তি-বিনাশবিহীন ব্রক্ষেরই স্বরূপ, আর যোগাচারের অভিপ্রেত বিজ্ঞান প্রতিক্ষণে উৎপত্তি-বিনাশশীল ক্ষণিক বুদ্ধিবৃত্তিমাত্ত ; স্তৃতরাং ঐ উভয় বিজ্ঞান সম্পূর্ণ স্বতন্ত্র ; অতএব উক্ত উভয় মত্তের মধ্যে বিদিও আকাশ-পাতাল প্রভেদ বিশ্বমান থাকুক, তথাপি আপাতদর্শী

লোকেরা কেবল 'বিজ্ঞান' এই নামগত সাদৃশ্য মাত্র দেখিয়াই শঙ্করের বিশুদ্ধ অবৈভবাদকে বৌদ্ধের বিজ্ঞানবাদ-কৃষ্ণিতে নিক্ষেপ করিতে বিশেষ প্রয়াস পাইয়াছেন, এবং তাহারই ঐকান্তিক ফলম্বরূপে— "মায়াবাদমসচ্ছান্ত্ৰং প্ৰচ্ছন্নং বৌদ্ধমেব তৎ" ইত্যাদি স্থাণীয় বাক্যের আবির্ভাব হইয়াছে (১)। প্রকৃতপক্ষে শঙ্করের মায়াবাদকে 'প্রচ্ছন্ন বৌদ্ধবাদ' বলিয়া নির্দেশ করা, বিশাল অজ্ঞতার ফল ভিন্ন আর কিছুই হইতে পারে না। সে যাহা হউক, আলোচ্য শঙ্কর-সিদ্ধান্তের প্রভাব এদেশে এতদুর বিস্তারলাভ করিয়াছে যে. ঐ সকল অসার বচনের বলে সে প্রভাব খর্বব করা কাহারও পক্ষেই সম্ভবপর হইবে না। বিশেষতঃ মায়াবাদ না আছে কোথায়? সমস্ত পুরাণ শান্ত্র ভো মায়াবাদের উপক্লে প্রতিষ্ঠিত। মায়াবাদ পরিত্যাগ করিলে পুরাণ শান্তের অন্তিম্বই বিলুপ্ত হইয়া যায়। মায়াসম্বন্ধ পরিত্যাগ্ করিলে পরমেশ্বরের অর্লে) কিক লীলাকাহিনীও উপক্ষায় পরিণত হয়: সুতরাং পুরাণশান্ত্র ক্থনই মায়াবাদের নিন্দা করিয়া আত্মঘাতী হইতে পারে না; অভএব পুরাণে যদি সভ্য সভাই মারাবাদের নিন্দাবাদ থাকে. ভাহা হইলে উহার অর্থ অন্যরূপ কল্পনা করিতে হইবে, যথাশ্রুত অর্থ গ্রহণ করিতে হইবে না। এখন এখানেই একথা পরিসমাপ্ত করিয়া প্রস্তাবিত বিষয়ের অবতারণা করা যাইতেছে—

<sup>(</sup>১) এই বাক্টনী পদ্মপুরাণের উক্তি বলিরা দর্ম প্রথমে আচার্যা বিজ্ঞানতিকু সাংখ্যভারের ভূমিকামধ্যে উদ্ধৃত করিরাছেন; পরে রামায়-আচার্য্য প্রভৃতিও ঐ বাক্য নিঃশঙ্চিত্তে প্রহণ করিরাছেন। কিব অস্ত্রসমানবারা আমিতে পারা বার বব, বিজ্ঞানভিক্র পূর্বতম কোন

### [ শঙ্করের অধ্যাসবাদ ]

আমরা প্রথমেই বলিয়াছি যে, আচার্য্য শঙ্কর অবৈতবাদী ছিলেন। তিনি ব্রহ্ম ভিন্ন অপর কোনও বস্তু বা গুণের অস্তিত্ব পর্যাস্ত স্থীকার করেন নাই। সমস্ত উপনিষদের ও ভগবদগীতা প্রভৃতি গ্রন্থের ব্যাখ্যাপ্রসঙ্গে তিনি অবৈতবাদ সমর্থনোপযোগী বিস্তর যুক্তি, তর্ক ও প্রমাণাদির উপন্যাস করিয়াছেন; কিস্তু সে সকল কথা বিচ্ছিন্নভাবে বিন্তুস্ত থাকায় একত্র সংকলনপূর্বক সদরে ধারণা করা অনেকের পক্ষেই অত্যস্ত কফকর হয়; এই কারণে তিনি বেদাস্থদর্শনের ভাষ্যপ্রারম্ভে সেই সকল কথা বিশদ ভাষায় অতি উত্তমরূপে বুঝাইয়া দিয়াছেন। তাঁহার সেই ভাষ্যাংশ 'অধ্যাসভাষ্য' নামে বিদ্বৎসমাক্ষে পরিচিত। অধ্যাসভাষ্যর মন্মার্থ এই যে,—

জগতে ধনী, দরিদ্র ও মূর্থ পণ্ডিতনির্বিশেষে সকলেই অল্পাধিক পরিমাণে তুঃখবত্নির তীব্র তাপ অমুভব করিয়া থাকে, এবং সকলেই তল্লিবুত্তির নিমিত্ত লৌকিক ও অলোকিক সর্ব্বপ্রকার উপায়াবেষণে

আচার্যাই ঐ বাক্যের নাম গন্ধ পর্যান্ত উল্লেখ করেন নাই। এই কার্থে অনেকেই ঐ সকল বচনের মৌলিকতা সন্ধন্ধ বিশেষ সন্দেহ পোষণ করিলা থাকেন। বিশেষত: ঐ সকল বাক্যে ভার ও বৈশেষিক প্রভৃতি সকল দর্শনেবই নিন্দাবাদ নিহিত আছে সত্য, কিন্তু শহর-সন্মত মারাবাদের উপর নিন্দাবাদটা আক্রোশের আকার ধারণ করিয়াছে। কারণ, ঐ সকল বাক্যে অপর সমন্ত দর্শনের নিন্দা একবার মাত্র করা হইরাছে, কিন্তু মারাবাদের উপর নিন্দাবাক্য একাধিকবার প্রাযুক্ত হইরাছে,

আজ্ব-নিয়োগ করে। অবলম্বিত সে সকল উপায়ে কিন্তু কেছই সেই তুর্ববার তুঃখনিরসনে সমর্থ হয় না। এইজন্ম তব্যক্তিজাস্তগণ সাক্ষাৎসম্বন্ধে তুঃখ নিরসনে সচেষ্ট না হইয়া, অগ্রে তাহার নিদানামুসন্ধানে মনোযোগী হন। তাঁহারা বিলক্ষণ জ্ঞানেন যে. নিদানধ্বংস ব্যতীত কখনই তুঃখরাশির আত্যন্তিক অবসান ইইবেনা, ও হইতে পারে না; কাজেই তুঃখনির্ত্তির জন্ম অগ্রে তৎকারণের অনুসন্ধান করা আবশ্যক হয়।

অমুসন্ধানে অবগত হওয়া যায় যে, জাগতিক ভেদবৃদ্ধি না দৈতবিভ্ৰমই মানবের মানস-ক্ষেত্রে গুরুন্ত তুঃখবীক্ষ নিক্ষেপ করিয়া থাকে। ভেদবৃদ্ধির প্রভাব যেখানে যত বেশী, হঃখ ও তৎসহচর শোক-মোহাদি দোষরাশির প্রাচ্ছাবিও সেখানে তত অধিক। পক্ষান্তরে, যেখানে ভেদবৃদ্ধির সম্বন্ধ অতি কম, সেখানে গ্রন্থ ও তৎসহচর শোক-মোহাদি দোষের সম্পর্কও সেই পরিমাণে অল্প দেখিতে পাওয়া যায় (১)। অতএব ভেদবৃদ্ধি বা দৈতবিজ্ঞানই যে, নানাবিধ গ্রংখরাশি সমাহরণপূর্বক মানবকে

<sup>(</sup>১) শ্রুতি বলিতেছেন—"যত্র হি দৈতমিব ভবতি, তদিতর ইতবং পশ্রুতি" ইত্যাদি। অর্থাৎ জীব যথন দৈতের স্থার হয়, অর্থাৎ ব্রহ্ম হইতে আপনাকে যেন পৃথক্ বস্তুর স্থার মনে করে, তথনই একে অপবকে দর্শন করে ইত্যাদি। পক্ষান্তরে. "যত্ত স্থানীয়েবাভূং, তৎ কেন কং পশ্রেৎ" ইত্যাদি। অর্থাৎ যথন এ সমন্তই ইহার (সাধক জীবের) আত্মশ্রুকপ হইরা যার (অবৈত ভাব উপস্থিত হয়), তথন কে, কিসের দারা কাহাকে দর্শন ক্রিবে ইত্যাদি।

প্রদান করে, এবিষয়ে সন্দেহ থাকিতে পারে না। আরও কিঞ্চিৎ
অগ্রসর হইলে, জানিতে পারা যায় যে, উল্লিখিত ভেদবৃদ্ধিমাত্রই
অজ্ঞানপ্রসূত। অজ্ঞান-প্রভাবেই মানবগণ অবৈতে (ব্রেক্ষা)
বৈতদর্শন, বা অভেদে ভেদ দর্শন করিয়া থাকে। অভেদে ভেদ,
ভেদে অভেদ, একরে অনেকর দর্শন, ইত্যাদি বিভ্রম সমূৎপাদন
করাই অজ্ঞানের সাভাবিক ধর্মা। ইহার দৃষ্টান্ত বিরল নহে।
অঙ্গুলীর অগ্রভাগদ্বারা চক্ষুর প্রান্তভাগ টিপিয়া ধরিলে যে,
একটী বস্তুকে তুইটা দেখা যায়, এবং মন্দান্ধকারে রভ্জুকে
যে, সর্প বিলিয়া মনে হয়, এ সমস্তই অজ্ঞানের মহিমা।
এখানে অজ্ঞান অর্থ—জ্ঞানের অভাব নহে,—বিপরীত জ্ঞান বা
জ্ঞানবিরোধী একটা পদার্থ।

এই স্প্রজানের প্রভাবেই এক চন্ত্রে বিচন্দ্র দর্শন হয়, এবং স্বস্প-রজ্জুতে সর্পবৃদ্ধি উৎপন্ন হয়, সেই অজ্ঞানের মহিমায়ই এক অবিতীয় ত্রন্ধোতেও বৈতভ্রম সমুপস্থিত হয়, এবং স্থ্যজুঃখাদি সংসার-ধর্মা গর্জ্জিত ত্রন্ধান্ধরর আরোপিত হয় (১)। আরোপ কাহাকে বলে, সেকথা পরে বিস্তৃতভাবে আলোচনা করিব। আরোপ, অধ্যারোপ ও অধ্যাস, এ সকল সমানার্থক শব্দ। এখানে বলা আবশ্যক বে, এক বস্তুতে অপর বস্তুর আরোপ হইলেও সেই আরোপাধার বস্তুটী কশ্বনই অপর বস্তু হইয়া যায় না, বা অপর বস্তুর দোষগুণে

<sup>(</sup>১) 'আরোপ বা অধ্যারোপ অর্থ—ষাহা বেরূপ নয়, তাহাতে সেইরূপ ভাব স্থাপন অর্থাৎ এক প্রকার বস্তুকে অন্ত প্রকার বস্তু মনে করা ঃ

লিপ্ত হয় না (১); স্তরাং ত্রক্ষে অব্রক্ষভাব বা সংসারধর্ম আরোপিত হইলেও, তদারা ব্রক্ষের স্বরূপত কোন প্রকার উৎকর্ম বা অপকর্ম ঘটে না; ক্রক্ষ স্বরূপতঃ যেরূপ, ঠিক সেরূপই থাকেন।

এত্বলে দুই প্রকার আগন্তি উথিত হইতে পারে। প্রথম আগন্তি, জগতে বাহা নাই—নিতান্ত অসং বা অপ্রসিদ্ধ ; স্কুতরাং প্রত্যক্ষাদি প্রমাণের অত্যন্ত অবিষয় (অনমুভূত), সেরূপ পদার্থের অন্যত্র আরোপ বা জ্রান্তি কথনও হয় না, হইতেও পারে না, এবং দেখাও যায় না। কেন না, যে বিষয়ে যাহার কোন প্রকার সংক্ষার বা ধারুণা নাই, সে বিষয়ে তাহার ল্রান্তি বা আরোপ হওয়া মৃক্তিবাধিত ও ব্যবহারবিকৃদ্ধ। দিতীয় শ্রীপণ্ডি এই যে, আলোক ও অক্রকার ষেমন অত্যন্ত বিকৃদ্ধণস্বভাব, ত্রন্ম ও অক্রন্ম বা চেতন ও অচেতন ( জড় পদার্থ) ঠিক তেমনি নিতান্ত বিকৃদ্ধশ্বতাব। ইহাদের পরস্পর স্বরূপ-সন্মিশ্রণ বা সাহচর্য্য কখনও কোধাও দৃষ্ট হয় না; স্ক্তরাং চৈতন্তান্তর্ম্ব প ব্রন্ধে অচেতন জগৎপ্রপঞ্জর আরোপ বা অভেদবৃদ্ধি কখনও হইতে পারে না (২)।

<sup>(</sup>১) এন্থলে আচার্য্য শন্তর বলিয়াছেন— "বত্র বলধ্যাসং, তৎক্তেন লোবেণ গুণেন বা অপুমাত্রেণাপি ন স সম্বধ্যতে" (বেলাগুদর্শন ভারা)। অর্থাৎ বাহাতে বাহাব অধ্যাস বা আরোপ হর, সেই আরোপাধার বস্তুটী আরোপিত বস্তুর লোবে বা গুণে অতি অরমাত্রও সংশ্লিষ্ট হয় না; সে বাহা ছিল, তাহাই থাকে।

<sup>(</sup>২) আরোপ বা অধ্যাস হুই প্রকার। এক ধর্ণীর অধ্যাস, অপর ধর্ণের অধ্যাস। ধর্ণীর অধ্যাসকে বলে তালাত্মাধ্যাস, আর ধর্ণের অধ্যাসকে বলে সংস্পাধ্যাম। এক বর্তীর বে, অপর বন্ধতে অধ্যাস, অর্থাৎ

অভএব উদ্লিখিত অধৈতবাদ অধোক্তিক ও অপ্রামাণিক; স্থতরাং স্থীগণের অনুপাদেয়।

এতমুন্তরে অবৈত্ববাদী পণ্ডিতগণ বলেন—উক্ত উভয় আপত্তিই অকিঞ্চিৎকর—বিচারসহ নহে। প্রথম আপত্তির উত্তর এই বে, বাহা কখনও দৃক্ট বা অমুভূত হয় নাই, তাহার বে, অন্যত্র আরোপ হয় না বা হইতে পারে না, একথা খুবই সত্য ; কিন্তু আলোচ্য জীবভাব ও বৈভভাব ত সেরপ নহে। বেদ, ম্মৃতি ও পুরাণাদি শাস্ত্রের উপদেশ হইতে জানা যায় বে, স্মৃতিপ্রবাহ অনাদি (৩)। স্প্তির আদি অবস্থা ধরিয়া চিন্তা করিবার অধিকার বা ক্ষমতা ক্ষুদ্র মানববুজির নাই। সেই জন্ম তত্ত্বজিজ্ঞামুগণকে লক্ষ্য করিয়া পুরাণশান্ত্র—

"অচিন্তাা: থলু যে ভাবা:, ন তাংস্তর্কেণ যোজরেং''

পূলাণশালও বলিছেছেন, "যথৰ্ড, বৃত্লিকানি নানারগাণি পর্যার।"
তিন্তিব তে প্রশাসকে ক্লামানাঃ পুনঃ পুনঃ।" ইত্যাদি।

এক বস্তুকে বে, অপর বস্তু বলিরা মনে করা, বেমন—রজ্জুকে সর্প বলিরা মনে করা, ভাহা ধর্মীর অধ্যাস, আর যেখানে এক বস্তুতে অপর বস্তুর ধর্মমাত্র—গুল বা ক্রিরামাত্র আরোপিত হয়, যেমন শুদ্র ক্ষটিকে সন্নিহিত বক্তপুল্পের লোহিত্তার অধ্যাস,— বাহার ক্ষলে ক্ষটিককে রক্তবর্ণ বলিয়া মনে হয়, এই জ্লাতীয় অধ্যাসকে ধর্মের অধ্যাস বা সংস্কাধ্যাস বলা হয়।

<sup>(</sup>৩) স্টিপ্রবাহের অনাদিত্ব বিষরে প্রতি "স্ব্যাচন্ত্রমসে) ধাতা বথা-পূর্ব্বমকররং।" এথানে—বথাপূর্ব্বম্ অকররং বলিরা স্টির অনাদিত্ব আপন করিতেছেন।

বলিয়া, চিস্তার অগোচর বিষয়ে ভাবনা বা মস্তিক্ষচালনা করিতে নিষেধ করিয়াছেন। বস্তুতও স্ষ্টির আদি অবস্থা অমুসন্ধান করিতে গেলেই প্রমেশ্বরের পবিত্রভায় ব্যাঘাত ঘটে, অধিকস্ত তুর্নিবার 'অনবন্থা' দোষ আসিয়া পড়ে: এই জ্বন্তই স্ষ্টিপ্রবাহকে অনাদি-সিদ্ধ বলিতে হয়। অভএব একথা নিঃসন্দেহে বলিতে পারা ষায় যে, প্রত্যেক কল্পে আবিভূতি প্রাণিগণ পূর্ববস্তির সঞ্চিত সংস্কাররাশি সঙ্গে করিয়াই জন্মধারণ করে: স্বতরাং সেই প্রাক্তন সংস্কারামুসাবে জ্ঞান ও কর্ম্ম করাই তাহাদের স্বভাবসিদ্ধ ধর্ম। পুর্ববস্থিতে যে লোক যে সকল বিষয় অনুভব করিয়াছিল, সে সকল বিষয় সত্যই হউক, আর মিপাাই হউক, তাহাকে তদসুভবের অমুরূপ সংস্কার পাইতেই হঁইবে, এবং পরনন্তী কল্পে যখনই সে জগতে প্রাত্নভূতি হইবে, তখনই সে আপনার পূর্ববলব সংস্কারামুসারে ভ্রম বা প্রমা (বথার্থ জ্ঞান) অর্জ্জন করিতে থাকিবে। ইদানীন্তন জ্ঞানের জন্ম পূর্ববস্তুতিতে দৃষ্ট পদার্থের সত্যাসত্য নির্দ্ধারণের কিছুমাত্র অপেক্ষা করে না; কেবল জ্ঞান ও জ্ঞানজ সংস্কারমাত্র থাকা আনশাক হয়। কাজেই পূর্ববতন সংস্কারের প্রভাবে এমন অসত্য জগতেরও ব্রন্ধেতে অধ্যাস বা আরোপ করা অসম্ভব হইতে পারে না।

অভিপ্রায় এই যে, কার্য্যমাত্রই কারণ-সাপেক; কারণ ব্যতীত কোন কার্য্যই আত্মলাভ করে না। এই জন্ম অপ্রত্যক্ষ হলেও কার্য্য দেখিয়া একটা কারণ কল্পনা করিতে ক্লয়। কিরূপ কার্য্যের জন্ম কিরূপ কারণ কল্পনা করিতে ইইবে; তাহা নানাপ্রকার উপায়ে নির্দ্ধারণ করিতে হয়। স্মরণাত্মক জ্ঞানের স্থলে যেরূপ পূর্ববর্ত্তী জ্ঞান-সংস্কারমাত্র থাকা আবশ্যক হয়, কিন্তু স্মর্থ্যমান বিষয়টীর সত্যাসত্যতাব কিছুমাত্র অপেক্ষা থাকে না, আলোচ্য অধ্যাসের অবস্থাও ঠিক তজ্ঞা। কেন না, অধ্যাসে আর স্মৃতিতে প্রভেদ মতি সামান্ত। আচার্য্য শঙ্করও 'অধ্যাসকে' 'স্মৃতিরূপ' বলিয়া নির্দেশ কার্যাছেন (১)। অতএব স্মৃতিতে যেমন কেবল পূর্ববর্ত্তী সংস্কারই একমাত্র কারণ, অধ্যাসেও ঠিক তেমনই পূর্ববর্ত্তী সংস্কারই একমাত্র কারণ, কিন্তু যে বিষয়টীর অধ্যাস করা হয়, তাহার সত্যতা উহার কারণই নহে। অতএব ব্রহ্মে আরোপিত জগতের বাস্তব সত্যতা কোন কালে না থাকিলেও ক্ষতি হইতেছে না। অনাদি স্পৃতিশ্রবাহক্রমে প্রত্যেক প্রাণীর হৃদ্যে জগৎ সম্বন্ধে যে একটা জ্ঞান বা সংস্কার আছে, সেই সঞ্চিত সংস্কারপ্রভাবেই জীবগণ পুনঃ পুনঃ পূর্ববানুরূপ ভ্রান্তির বশ্বর্ত্তী হইয়া থাকে। অতএব ব্রক্ষেতে জগতের অধ্যাস হওয়া অমুপপন্ন হইতেছে না।

যদি কেছ মনে করে, প্রত্যক্ষযোগ্য বস্তুতেই অপর বস্তুর গারোপ হইতে পারে, অপ্রত্যক্ষ বস্তুতে পারে না। অভিপ্রায় এই যে. যে বস্তুতে শ্বেত পীতাদি কোনপ্রকার গুণ বিভাগন থাকে,

<sup>(</sup>১ আচার্যা শন্তব বলিরাছেন—" আহ কোহরমধ্যাসো নাম।"
অধ্যাস আবার কি ? না, "স্থৃতিরূপ: পরত্র পৃক্ষুষ্টাৰভাস:"— অর্থাৎ অঞ্
বস্ত্রকে যে, পৃর্বান্ন কৃত অঞ্জ বস্তু বলিরা প্রতীতি, অর্থাৎ যে বস্তু বলিরা কিছা সেই বস্তুর গুণাদিযুক্ত বলিরা প্রতীতি,
তাহাব নাম 'অধ্যাস'। এই অধ্যাস স্বরণাত্মক জ্ঞানের অফ্রুপ, কেন না,
উভয়ই পূর্বতন সংক্ষার হইতে আত্মলাভ ক্রিয়া থাকে।

চক্ষ্ঃপ্রভৃতি ইন্দ্রিয় ধারা সেই বস্তুরই প্রত্যক্ষ হইতে পারে এবং সেইরপ কোন একটা বস্তুতেই তথাবিধ অপর কোন বস্তুর আরোপ করা সম্ভবপর হয়, ইহাই সার্ববন্ধনান ব্যবহার। কিন্তু জোমার অভিমত ক্রন্ম বখন নারপ—শ্বেত পীতাদি সর্বব্যকার রূপবিবর্জ্জিত এবং চক্ষু প্রভৃতি ইন্দ্রিয়েরও বিষয় নহে, তখন তাঁহাতে ত দৃশ্য জগতের আরোপ বা অধ্যাস হইতেই পারে না; অতএব আচার্য্য শক্ষরের অভিমত 'অধ্যাসবাদ' যুক্তিযুক্ত বা বিচারসহ নহে।

বলা বাহুলা যে, শকর নিজেই এ আপত্তির স্থন্দর সমাধান করিয়াছেন। তিনি বলিয়াছেন—একমাত্র প্রত্যক্ষযোগ্য বস্তুতেই বে, সর্ববত্র অধ্যারোপ বা অধ্যাস হইবে, এর্ক্স নির্মান্ত্রবাহা হইতেই পারে না। এরূপ বহু উদাহরণ বিশ্বমান আছে, যেখানে উক্ত নির্মা সম্পূর্ণরূপে ব্যাহত হইয়াছে। আকাশের নীলিমা তাহার একটী স্থন্দর উদাহরণ। আকাশ স্বভাবতই রূপহান এবং সকলের নিকটই অপ্রত্যক্ষ; অথচ সেই নীরূপ অপ্রত্যক্ষ আকাশে যে, পার্থিব নীলিমার (নীল বর্ণের) আরোপ হইয়া থাকে. ইহা সকলেই অবগত আছে। অভএব অপ্রত্যক্ষ আকাশে যদি নীলিমার আরোপ সম্ভবপর হইতে পারে, তবে অপ্রত্যক্ষ ব্যক্ষতেই বা জগতের অধ্যাস হইতে বাধা কি? উভয়েরই নীরূপতা ও অপ্রত্যক্ষতা ধর্ম্ম তুলা (১)।

<sup>(&</sup>gt;) এ বিবরে শকরের নিজের উক্তি এই—"নচারমণ্ডি নিরমঃ, পুরোধবন্ধিতে এব বিবরে বিবরাস্তরমুধ্যসিতব্যমিতি। অপ্রভাকেশণি ভাকাণে বালাঃ তল-মলিনতালি অধ্যক্তরি।" \*\*\* নচারদেকান্তেনাবিবরঃ,

আচার্য্য শঙ্কর উল্লিখিত দৃষ্টান্ত প্রদর্শন করিয়াই বিরত হন
নাই; তিনি আরও বলিয়াছেন যে, ব্রহ্ম যে, আকাশের স্থায়
নিতান্তই অপ্রত্যক্ষ, তাহাও নহে। কারণ, বিবিধ উপনিষদ্বাক্য
হইতে প্রমাণিত হইয়াছে যে, স্বয়ং ব্রহ্মই জাবরূপে প্রাণিদেহে
সবস্থিতি করেন। জাবে ও ব্রক্ষে কিছুমাত্র প্রভেদ নাই। সকলেই
সেই ব্রহ্মস্বরূপ আত্মাকে মনে মনে প্রত্যক্ষ করিয়া থাকে। প্রত্যক্ষ
করে বলিয়াই আপামর সকলে 'আমি আছি' (অহমিম্মি) বলিয়া
বিনা বিচারে আত্মার অন্তিত্ব অনুভব করিয়া থাকে; কেহই 'আমি
নাই, বা 'আমি আছি কি না ?' বলিয়া আত্মার অভাব কিংবা
তিষ্বিয়ে সংশয় পোষণ করে না। আত্মবিষয়ে যদি কাহারো সংশর
থাকিত, তবে নিশ্চমই সে ব্যক্তি অপরের নিকট যাইয়া আত্মার
অন্তিত্ব বিষয়ে সংশয় ভঞ্জনের চেষ্টা করিত, কিন্তু কোন উত্মন্তও
সেরূপ করে বলিয়া শ্রুতিগোচর হয় না; কারণ, আত্মার স্বরূপ

মহংপ্ৰভাৱবিষয়ত্বাৎ। সৰ্বোহি আবাস্তিত্বং প্ৰভোতি, ন 'নাহমন্দ্ৰ' ইতি। আন্তাচ ব্ৰহ্ম" ইত্যাদি।

ভাবার্থ —সমুথবর্ত্তী প্রত্যক্ষগোচর বস্তুর উপরেই বে, জাবোপ কবিতে চইবে, জন্যত্র নহে, এরূপ কোনও নিরম নাই। কেন না, দেখিতে পাওরা বার যে, বালক বা জরুবৃদ্ধি লোকেরা অপ্রত্যক্ষ জাকাশেও তল-মলিনত্ব প্রভৃতি গুণের আরোপ করিরা 'আকাশতল' ও 'নীল জাকাশ' ইত্যাদি বিলিয় থাকে। তাহাব পর, ব্রহ্ম যে, অত্যন্ত অপ্রত্যক্ষ, ভাহাও নহে, করেণ, আন্থার অন্তিত্ব তো সকলেই প্রত্যক্ষ করিয়া থাকে; সেইজ্লাই 'আমি আছি' এই কথা নিঃসংশরে বলিয়া থাকে। সেই জান্মাই ব্রহ্ম; স্বত্তরাং জান্মা নিতান্তই প্রত্যক্ষের অবিধ্য নহে

সম্বন্ধে সন্দেহ থাকিলেও তাহার অস্তিত্ব সম্বন্ধে কাহারো সন্দেহ
নাই; কেন না, আত্মা সাধারণভাবে সকলেরই প্রতীতিগম্য বা
প্রত্যক্ষসিদ্ধ। প্রত্যক্ষ বিষয়ে আবার সংশয় কি? যাহা কিছু
সংশর, তাহা কেনল আত্মার বৈশিষ্ট্য সম্বন্ধে। অত এব আত্মাকে
প্রত্যক্ষের অগোচর মনে করিয়া তাহাতে অধ্যাসের অসম্ভাবনা
শক্ষা করা সমীচীন হয় না।

অতঃপর দিতীয় আপত্তির উত্তরে বলিতে পারা যায় যে, যদিও আত্মা ও অনাত্মা (দেহেন্দ্রিয় প্রভৃতি) আলোক ও অন্ধকারের স্থায় অত্যন্ত বিরুদ্ধস্বভাব হউক, এবং যদিও এই কারণেই চিন্ময় আত্মাতে অচেতন জড়পদার্থের আরোপ হওয়া একান্ত অসম্ভব বলিয়া বিবেচিত হউক, তথাপি উহা অস্ভির্ব বা বিন্ময়াবহ নহে। কেন না, যাহা অমুভবসিন্ধ, এবং প্রমাণদ্বারাও সমর্থিত, তাহা যদি আপাত জ্ঞানে যুক্তিবিরুদ্ধ বলিয়াও মনে হয়, তথাপি বুবিতে হইবে যে, উহা বস্তুর (বিচার্য্য বিষয়ের) দোষ নহে, পরস্তু লোকবৃদ্ধিরই সম্পূর্ণ দোষ। যেরূপ প্রণালীপথে ঐ তত্ত অবধারিত করিতে পারা যায়, আমাদের বৃদ্ধি সে পথ ধরিতে পারে না: তাই সে লৌকিক যুক্তি বা দৃন্টান্তের তুলে পরমেশ্বরের স্প্রিলাল পরিমাপ করিতে প্রয়াস পাইয়া থাকে। বস্তুত: যুক্তি ও দৃষ্টান্তের অধিকার-সীমা যে, অত্যন্ত সংকার্ণ, তাহা বৃদ্ধিমান মানবমাত্রই চিন্তা করিলে বৃন্ধিতে পারেন। শুক্র-শোণিতসংযোগে শরীরোৎপত্তি ইহার একটী উত্তম উদাহরণ (১)। স্কুক্তিতর্কের

<sup>( &</sup>gt; ) এবংবিধ অবস্থাকে লক্ষ্য করিয়া বিষ্যারণ্য মুনি বলিয়াছেন-

অপম্য সেই মহাসত্যকে লোকবৃদ্ধির পোচরে আনয়নের জস্তই আচার্য্য শঙ্কর মায়াবাদের অবতারণা করিয়াছেন, এবং—

"মারাং তু প্রকৃতিং বিছাৎ মারিনং তু মহেশ্বরম্।" ( শ্বেতাশ্বতরোপনিষদ্ ) " দৈবী স্থেষা গুণময়ী মম মারা ছবতারা ॥" ( গীতা )।

ইত্যাদি শ্রুতি ও স্মৃতিশাস্ত্রসম্মত মায়ার সাহায্যে উক্ত অসম্ভবকেও সম্ভবে পরিণত করিয়াছেন। অঘটন-সংঘটন করাই মায়ার সভাব; স্কৃতরাং অজ্ঞানরূপা মিথা মায়া দ্বারাও চিন্ময় আত্মাতে জচেতন জড় পদার্থের ও তদীয় ধর্ম্মসমূহের অধ্যাস বা আরোপ সম্পাদিত হইতে পারে। এ বিষয়ে শঙ্করের উক্তি এইরূপ:—

তথাপি অন্তোভামিন্ অন্তোভায়কতাম্ অন্তোভাধর্মাংশ্চাধান্ত ইতরেতরাবিবেকেন অত্যন্তবিক্তিরোধর্ম-ধর্মিণোঃ মিধ্যাজ্ঞাননিমিত্তঃ সভ্যান্তে
মিধুনাক্ততা অহমিদং মমেদমিতি নৈদ্যিকোহমং লোকব্যবহারঃ।"

"এবময়মনাদিরনস্ত: নৈস্গিকোহধ্যাস: মিখ্যাপ্রতায়রপ: কর্তৃত্বভাকৃত্বপ্রবর্ত্তক: সর্বলোক প্রত্যক্ষ:। (বেদান্তদর্শন, অধ্যাসভাষ্য।)

" নিরূপন্নিত্মারকে নিথিলৈরপি পণ্ডিতৈ:।

অজ্ঞানং পুরতন্তেবাং ভাতি কক্ষাস্থ কাস্থচিং॥

দেহেন্দ্রিলাদরো ভাবা বার্যোণোৎপাদিতা: কথম্।

কথং বা তত্র চৈতগ্রস্ ? ইত্যুক্তে তে কিম্বরম্ ?॥"

(পঞ্চদন্মী চিত্রদীপ-১৪৩-৪)

তাৎপর্যা—ব্দগতের সমস্ত পণ্ডিতও বদি একত্রিত হইরা ওদ্ধ তর্কের সাহায্যে তত্ত্ব নিরপণে প্রাবৃত্ত হন, তাহা হইলেও ক্রমে এমন নিবিড় অন্ধকারার্ত তর্কস্থানসমূহ তাহাদের সমুখে উপস্থিত হইবে বে, তাহাদের জ্ঞানদীপের ক্ষাণালোকে সে অন্ধকাররাশি দুর করিতে পারিবে না । সামান্ত ওক্ত-শোণিতসংযোগে দেহ-ইব্রিরপ্রভৃতি যে, কিরপে উৎপন্ন হর ? এবং কিরপেইবা তাহাতে চৈতন্তের আবির্ভাব হর ? তুমি এ সব প্রশ্নের কি উত্তর দিতে পার ? অর্থাৎ যুক্তিযুক্ত কোন উত্তরই দিতে পার না । অভিপ্রায় এই ষে, যদিও বিরুদ্ধসভাব আত্মা ও অনাত্মার পারস্পরিক অধ্যাস অসম্ভব ও যুক্তিবিরুদ্ধ মনে হউক, তথাপি মিথ্যাভূত অজ্ঞানের (মায়ার) প্রভাবে পরস্পরে পরস্পরের স্বরূপ ও ধর্ম্মের অধ্যাস হইয়া থাকে; এবং তিন্ধিবন্ধনই 'আমি দেহী, আমার দেহ, আমি স্কুল বা কৃশ' ইত্যাদি নানাপ্রকার লোক-ব্যবহার পরিদৃষ্ট হয়, এই অধ্যাসের আদি নাই, অন্ত নাই—ইহা অনাদি অনন্ত।

অতএব উল্লিখিত অধ্যাস যে অমুত্বসিদ্ধ, তাহা অস্বীকার করিতে পারা যায় না। বলা বাহুলা বে, অজ্ঞানকৃত এই অধ্যাসই জীবের সর্ববিধ অনর্থের মূল। যতদিন এই অধ্যাস অব্যাহত থাকিবে, ততদিন তুঃখময় অনর্থরাশিও জীবের সহচররূপে অমুগামী হইবেই হইবে। সেই অনর্থরাশি অপনয়ন করিতে হইলে অগ্রে তাহার মূলকারণ অধ্যাসকে বিদূরিত করিতে হইবে। কিন্তু বিমল আত্মজ্ঞান ব্যতীত আত্ম-গত অজ্ঞানাত্মক সে অধ্যাসের নির্বিত্ত করা কথনই সম্ভবপর হয় না; এবং ব্রক্ষের স্বরূপ-পরিচয় না জ্ঞানিলে আত্মারও প্রকৃত পরিচয় জ্ঞানিতে পারা যায় না; কারণ, ব্রক্ষই আত্মার (জীবের) প্রকৃত স্বরূপ; ব্রক্ষই জীবরূপে প্রত্যেক দেহে বিরক্ষি করিতেছেন; ব্রক্ষ ও জীব একই পদার্থ। অতএব সর্ববানর্থের নিদানভূত অধ্যাস-নিবারণাভিলায়ী প্রত্যেক বিবেকী পুরুবেরই আত্মজ্ঞানলাভের জন্য অগ্রে ব্রক্ষত্ব জিজ্ঞাসাকরা একান্ত জাবশ্যক হয়। এই অভিপ্রায়েই মহর্ষি বেদব্যাস বেদান্তদর্শনের প্রথমে ব্রক্ষজিজ্ঞাসার অবতারণা করিয়াছেন; এবং

পরবর্তী চারিটী সূত্রে এতদমুক্লে আপনার অভিপ্রায় বির্ত করিয়াছেন। আচার্য্য শঙ্কর আবার সেই প্রথম চারিটী সূত্রকেই অধৈতবাদের অমুকূল ব্যাখ্যায় বিভূষিত করিয়া, তদ্বারা বেদব্যাসের অভিপ্রায়কে আরও পরিক্ষুট করিয়াছেন। তাহার প্রথম সূত্রটী এই :—

"অধাতো ব্ৰন্ধ-কিজাসা॥" (১ অ:। ১ পাদ। ১ হ্ব )।

এখানে 'অথ' অর্থ—অনন্তর। কিসের অনন্তর । না, নিত্যানিত্য বস্তুর বিবেক, ঐছিক ও পারলোকিক বিষয়ভোগে বৈরাগ্য, মুক্তিলাভে প্রবল ইচ্ছা এবং শম, দম, উপরতি, তিভিক্ষা ও সমাধি, এই ষড়্বিধ সাধন-সঞ্চয়ের পর (১)। 'অতঃ' শব্দের অর্থ—এইহেড়—যে হেড়ু ব্রক্ষজ্ঞান ব্যতীত নিত্য নিরভিশ্ম মুক্তি-ফলের আশা নাই, সেই হেড়ু—মুক্তিকামা লোকেরা অবশ্যই ব্রক্ষবিষয়ক বিচারে প্রবৃত্ত ইইবেন। শান্ত ও যুক্তির সাহায্যে ব্রক্ষবিষয়ে নিরন্তর বিচার করিলে পর, ক্রমে তদ্বিষয়ে চিত্তের একাপ্রতা বা সমাধিযোগ উপস্থিত হয়, তথন তাহাদের

<sup>(</sup>১) শমাদি ছয়প্রকার সাধন এই:—(১) শম—অন্ত:করণকে বনীভূত করা। (২) দম—বহিরিন্দ্রির চকু:প্রভৃতিকে বশে রাধা। (৩) উপরতি—বাহু বিষয় হইতে প্রত্যাহত ইন্দ্রিয়ণণকে পুনরার সে সকল বিষয়ে ঘাইতে না দেওরা। (৪) তিতিকা—চিত্তের উদ্বেগকর শীত গ্রীম ও মুখত:খাদি উপদর্গ অনারাদে সম্থ করিতে পারা। (৫) সমাধান—সমাধি অর্থাৎ চিত্তের একাগ্রতা সম্পাদেন। (৬) প্রদ্ধা—শাত্রবাক্যে ও শুকুবাক্যে ঘট্ট বিশাদ।

বুদ্ধি-দর্পণে ত্রন্ধের প্রকৃত স্বরূপ প্রতিফলিত হয়; এবং সঙ্গে সঙ্গে জাবের প্রকৃত তত্ত্ব (ত্রন্ধাভাব) উপলব্ধিগোচর হইয়া তদ্বিষয়ক অজ্ঞান-দোষ বিদূরিত করিয়া দেয়। এইজন্ম মুমুকুগণের পক্ষে ত্রন্ধাবিচার করা নিতান্ত প্রয়োজনীয়। (১১১১ সূত্র)

প্রথম সূত্রে কেবল ব্রহ্মবিচারের উপযোগিতামাত্র প্রদর্শিত
হইয়াছে, কিন্তু বিচারণীয় ব্রহ্মের কোনরূপ লক্ষ্মণ বা পরিচয়
প্রদান করা হয় নাই। অথচ ব্রহ্মের পরিচয়-প্রদানক্ষম একটা
লক্ষণ জানা না থাকিলে তবিষয়ে বিচারপ্রবৃত্তি বা ভব্বজিজ্ঞাসার
আকাজ্ফা কাহারো মনে উদিত হইতে পারে না। কেন না, যে
বিষয়ে যাহার একটা সাধারণ জ্ঞানও না থাকে, তবিষয়ে তাহার
বিশেষ জ্ঞানের (তব্বজ্ঞানের) প্রবৃত্তি কখনুও হয় না, বা হইতে
পারে না; এইজন্ম সূত্রকার জিজ্ঞান্ম ব্রহ্মের পরিচয়-প্রদানপ্রসঙ্গে বিতীয় সূত্রের অবতারণা করিয়াছেন—

"জনাদ্যস্থত:॥" (১ অ:। ১ পাঃ। ২ স্ত্র)

যাহা হটটে পরিদৃশ্যমান জগতের জন্য, স্থিতি ও লয় নিপার হয়, তিনি একা, অর্থাৎ এই জগৎ যাঁহা হইতে উৎপর হইরাছে, উৎপত্তির পরেও যাঁহাকে আশ্রেয় করিয়া আছে, এবং বিনাশ সময়েও যাঁহাতে বিলীন হইয়া থাকে, তিনিই প্রকৃত বাক্ষপদ-বাচ্য।

কোন এক বস্তুকে অপর সকল বস্তু হইতে পৃথক করিয়া দেওয়াই লক্ষণের প্রকৃত উদ্দেশ্য। সাধারণতঃ বস্তুগত গুণ বা ক্রিয়াঘারাই সেই উদ্দেশ্য সাধিত হুইয়া থাকে। বিশেষতঃ যে বস্তু ইন্দ্রিয়ের অগোচর—অত্যন্ত পরোক্ষ, সেরূপ বস্তুর পরিচয়-প্রদানস্থলে গুণ ও ক্রিয়াই প্রধানতঃ লক্ষণের কার্য্য করিয়া থাকে। ব্রহ্মও পরোক্ষ বস্তু; এইজন্ম সূত্রকার ব্রহ্ম-লক্ষণে জন্মাদি ক্রিয়ার সন্মিবেশ করিয়াছেন।

অভিপ্রায় এই যে, ত্রহ্মকে জানিতে হইলে জগতের স্থান্তি, স্থিতি ও সংহারের কারণরূপেই জানিতে হইবে। জগতের স্থান্তিকর্ত্ত্রপে ত্রহ্মকে জানিতে পারা যায়, অথবা স্থিতির হেতুরূপে বুঝিতে পারা যায়, কিংবা ধ্বংসোমুখ জগতের আশ্রয়রূপেও তাঁহাকে জানিতে পারা যায়। স্বয়ং শ্রুতিও এই ত্রিবিধ কার্য্য ঘারাই ত্রক্ষের পরিচয় প্রদান করিয়াছেন—

"যতো বা ইমানি ভূতানি স্বায়ন্তে, বেন স্বাতানি স্বীবস্থি, যৎ প্রযন্ত্যতি-সংবিশস্তি, তদ্বিজ্ঞাসম্ব, তন্ত্র স্ব।" (তৈতিরীরোপনিষদ্ অ১১১)।

অর্থাৎ বাঁহা হইতে এই সমস্ত ভূত জাত হয়, জাত হইয়াও বাঁহা ঘারা জীবিত থাকে, এবং প্রলয়কালেও বাঁহাতে প্রবিষ্ট হয়, অর্থাৎ যিনি স্প্তি স্থিতি ও লয়ের কারণ, তাঁহাকে অবগত হও, ভাঁহাই ক্রন্ম। এই শ্রুতিবাক্যের প্রতি লক্ষ্য রাখিয়াই উপরি উদ্ধৃত দিতীয় সূত্রটা বিরচিত হইয়াছে মনে হয়। এতদমুরূপ আরও বহু শ্রুতিবাক্য আছে, যে সকল বাক্য ঘারা উল্লিখিত সূত্রার্থ সমর্থন করা যাইতে পারে। স্মরণ রাখিতে হইবে যে, ক্রিপরে যে লক্ষণ নির্দ্দেশ করা হইল, তাহা সগুণ ক্রন্মেরই লক্ষণ, নিগুণের নহে। নিগুণ নির্বিশেষ তুরীয় ক্রন্মে কোন প্রকার গুণ-ক্রিয়াসম্বন্ধ নাই: স্থুতরাং গুণ বা ক্রিয়া ঘারা তাঁহাকে বুঝাইতেও পারা যায় না; এইজন্য তাঁহার স্বরূপই তাঁহার একমাত্র পরিচয়-প্রদানক্ষম লক্ষণরূপে পরিগৃহীত হয়। তাঁহার স্বরূপ ছইতেছে—সভ্য, জ্ঞান ও আনন্দ; স্তরাং ভাহাই ত্রক্ষের প্রকৃত লক্ষণ (স্বরূপ লক্ষণ)। উল্লিখিত ভটস্থ লক্ষণ তাঁহাকে স্পর্শও করিতে পারে না (১); পারে না বলিয়াই স্বয়ং শ্রুণতি তাঁহাকে কেবল "নেতি নেতি" করিয়া নিষেধমুখে বুঝাইতে চেন্টা করিয়াছেন, বিধিমুখে করেন নাই। অভএব সূত্রমধ্যে জগতের জন্মাদি-কারণরূপে যাহার পরিচয় প্রদন্ত হইয়াছে, তিনি নির্বিশেষ ক্রেক্ষা নহেন, পরস্তু সবিশেষ—মায়োপহিত ব্রক্ষা—পরমেশ্রর। তিনিই জগতের মূলকারণ।

এখানে আপত্তি হইতে পারে যে, ত্রন্ধা হইতেই যে, জগতের জন্ম, ছিতি, গ লয় সাধিত হয়, তিথিয়ে প্রমাণ কি ? জগতের উৎপত্তি সম্বন্ধে বিসংবাদ না থাকিলেও, তৎকারণ সম্বন্ধে ত যথেষ্টই মতভেদ দৃষ্ট হয়। ছায় ও বৈশেষিক-মতাবলম্বী পশুতেগণ পার্থিবাদি চতুর্বির্ধ পরমাণুকেই জগতের মূল কারণরূপে কল্পনা করিয়াছেন; সাংখ্যমতে অচেতন প্রকৃতিকে সেই ছানে অভিষিক্ত করা ছইয়াছে। বৌদ্ধমতে আবার অভাবের উপরই

<sup>(</sup>১) সামরিক গুণক্রিরাঘটিত বে লক্ষণ, তাহার নাম 'তট্ত লক্ষণ', আর শুদ্ধরুদাত্রেষক বে লক্ষণ, তাহার নাম 'বরুপ লক্ষণ'। মারোপ-হিত সংখ্যা ব্রেক্সের নাম ঈশ্বর, আর মারাসন্থক্ষরিছত বে নির্ভণ ব্রক্ষ, তাহার কোন নাম নাই, কেবল 'তুরীর' প্রভৃতি ক্তিপর শব্দে পরোক্ষভাবে তাঁহাকে নির্দেশ করা হর মাত্র।

এই কার্য্যভার অর্পিত হইয়াছে। ইহা ছাড়া, পরস্পর বিরোধী আরও বহুতর মতবাদ বিভ্যমান রহিয়াছে, যাহাতে ত্রহ্ম-কারণতাবাদ আদে সমর্থিত হয় নাই। অতএব ত্রহ্মই যে, জগতের নির্বৃত্ কারণ, সে বিষয়ে প্রমাণ কি ? উত্তর—শান্তই ত্রিষয়ে একমাত্র প্রমাণ, এই অভিপ্রায়ে সূত্রকার বলিতেছেন—

### "শাস্ত্রবোনিত্বাৎ॥" ১।১।৩॥

ব্রহ্ম যে, কি, এবং কেমন, তাহা জানিবার পক্ষে শাস্ত্রই একমাত্র উপায়, যুক্তি তর্ক তাহার সহায়ক মাত্র। ইন্দ্রিয়ের অবিষয়
ব্রহ্মতত্ব বিষয়ে প্রসিদ্ধ ঋষেদাদি শাস্ত্রই ষথার্থ সাক্ষ্য প্রদান
করিতে সমর্থ; সুতরাং ঐ সকল শাস্ত্রবচন হইতেই ব্রক্ষের
যথার্থ স্বরূপ অবগত হইতে হইবে। ঋষেদ প্রভৃতি শাস্ত্র অভি
বিশদ ভাষায় আলোচ্য ব্রহ্মকে জগতের জন্মাদি-কারণ বলিয়াছেন, এবং অনাদি অনস্ত সর্ববজ্ঞ সর্ব্বশক্তি সত্যসংকল্প ও
মায়াধীশ ও নিত্য চৈত্রশুস্বরূপ বলিয়া নির্দ্দেশ করিয়াছেন (১)।
ছর্ববল মানববৃদ্ধি একথায় অবিশাস করিয়া শাস্তিপ্রাদ্ধ আর অধিক
কিছু ধরিতে বা বলিতে পারে না; অতএব পূর্বেবাক্ত জন্মাদি
সূত্রে ব্রহ্মের ষেরূপ স্বরূপ বর্ণিত হইয়াছে, তাহাই সত্য বলিয়া
গ্রহণ করিতে হইবে, এবং তাহাতেই সম্ভুক্ট থাকিতে হইবে।

<sup>(</sup>১) এ বিষরে করেকটা মাত্র শ্রুতির উল্লেখ করা বাইতেছে ''বতো বা ইমানি ভূতানি আরক্তে'' ' বা সর্ব্বজ্ঞা সর্ব্ববিদ্'' ' অস্নান্মারী স্থবতে বিষমেতং " নিতাং বিভূং সর্ব্বগতং ক্যুক্তম্ম ' ইত্যাদি।

পথেদাদি শান্ত বে, কেন বিশাস, তাহা প্রথম বতে বণিত হইরাছে।

এই প্রকার সূত্র-বিক্যাসের আর একটা অভিপ্রায় এই যে, ম্যায় ও বৈশেষিক দর্শনের মতাবলম্বী পণ্ডিতগণ বলিয়া থাকেন যে, বন্ধ আছেন সত্য, এবং তিনি যে, সর্ববজ্ঞ সর্ববশক্তি ও জগৎ-জন্মাদির কারণ, এ কথাও সত্য, কিন্তু তাঁহার স্বরূপ ও সভাব অনুমানগম্য-অনুমানের সাহায্যেই তাহা জানিতে পারা যায়, কেবল শাস্ত্র দ্বারা জানা যায় না। শাস্ত্র কেবল ঐসকল অনুমানের সহায়তা করে মাত্র। অতএব তাঁহাদের মতে পূর্ববক্ষিত "জন্মাগুস্থ যতঃ" সূত্রটী ব্রহ্মবিষয়ক অমুমানেরই পরিপোষক বাক্যরূপে গৃহীত ও ব্যাখ্যাত হইতে পারে; সেই অসাধু কল্পনার সম্ভাবনা করিয়া সূত্রকার বলিলেন—শাস্ত্রই বন্ধাবিষয়ে একমাত্র নিব্রুঢ় প্রমাণ; অমুমান তাহার সহায়তাকল্লে গৃহীত হইবের প্রাপত্তির কোন কারণ অতএব জন্মাদি-সূত্রকে অনুমান-প্রকাশক না বলিয়া শ্রুত্যর্থপ্রদর্শক বলাই সক্ষত। বিশেষতঃ শ্রুতির প্রকৃতার্থ সংকলন করাই বেদাস্ত-দর্শনের প্রধান উদ্দেশ্য। বেদান্তের সূত্রসমূহ বিভিন্নপ্রকার, শ্রুতিবাক্য সংগ্রহ করিয়া, সে সকলের তাৎপর্য্য নির্দ্ধারণপূর্বক মীমাংসা সংস্থাপন করিয়াছে, কোণাও অমুমানের অমুশীলন করে নাই : এবং তাহা করা উহার উদ্দেশ্যও নহে : এই কারণেও 'ক্লমাদি' সূত্রকে (১) অনুমান-প্রকাশক বলিতে পারা

<sup>(</sup>১) আচার্য্য শব্দর এই স্তরের ভাষ্যে আরও একপ্রকার অর্থ প্রকাশ করিরাছেন, তাহা এইরূপ—"শাস্ত্রস্ত ধর্যেদাদিং যোনিঃ কারণং প্রকাশকং" তর্থাৎ যিনি সর্বজ্ঞানের আকর ধর্যেদাদি শাস্ত্রের রোনি— আবির্ভাবকারণ। অভিপ্রায় এই যে, যিনি সর্বপ্রকার জ্ঞানের আকর-শ্বরুপ বিশাল ধর্যেদ প্রভৃতি শাস্ত্র প্রকাশ করিয়াছেন, তিনি বি

যায় না। এইরূপ অভিপ্রায় প্রকাশনের উদ্দেশ্যেই "শাস্ত্র-যোনিত্বাৎ" সূত্রের অবতারণা করা হইয়াছে।

এখন বিবেচ্য বিষয় এই যে, যদিও কতিপয় শ্রুতিবাক্যের সাহায্যে ব্রহ্মের সর্ববজ্ঞতা, সর্বশক্তিমন্তা ও জগৎকারণতা প্রতিপাদিত ও সমর্থিত হউক এবং যদিও শান্ত্রীয় বাক্যসমূহই তিষিয়ে অপ্রান্ত প্রমাণরূপে পরিগৃহীত হউক, তথাপি এ সিদ্ধান্তর সম্পূর্ণরূপে সন্দেহ-শৃশ্য হইতে পারে না; কারণ, উক্ত সিদ্ধান্তের বিপক্ষেও এমন বহুতর শ্রুতিবাক্য দেখিতে পাওয়া যায়, যে সকল বাক্যের সাহায্যে অচেতন পরমাণু বা ত্রিগুণা প্রকৃতিও জগৎকারণরূপে গৃহীত হইতে পারে। অধিকন্ত, যে সকল বাক্যে ঘারা ব্রহ্মের কারণতা সমর্থন করা হইয়াছে, সে সকল বাক্যে ঘারা ব্রহ্মের কারণতা সমর্থন করা হইয়াছে, সে সকল বাক্যে খারা ব্রহ্মের কারণতা সমর্থন করা হইয়াছে, সে সকল বাক্যে খারা ব্রহ্মের কারণতা সমর্থন করা হইয়াছে, সে সকল বাক্যে ব্যহ্মাদি বাক্যে) সাধরণতঃ 'যহ' 'তহ' প্রভৃতি শব্দেরই প্রয়োগ-বাহল্য রহিয়াছে। ঐ সকল শব্দের অর্থ অতিশয় উদার—যখন যেরপ প্রয়োজন হয়, তখন সেইরূপ অর্থই গ্রহণ করা যাইতে পারে, অর্থাৎ ঐ সকল শব্দকে পরমাণু-কারণবাদে এবং সাংখ্যোক্ত প্রকৃতি-কারণবাদেও সক্ষত করা যাইতে পারে; স্মৃতরাং ঐ সকল

ভদপেকাও অধিকতর জ্ঞানসম্পন্ন—সর্ব্বজ্ঞ ও সঁর্বাকিসম্পন্ন, তাহা সহজেই বুঝা যাইতে পারে; স্থতরাং তাগৃশ জ্ঞানৈশর্য্যাদিসম্পন্ন পরমেশরের পক্ষেই এই অভিস্তারচনাত্মক ও বিবিধ বৈচিত্রাবহণ বিশাল জগতের রচনাকার্য্য সম্পাদন করা সম্ভবপর হয়। অতএব পূর্বাস্থতে ক্ষিত 'জ্মাত্মত হতঃ' কথা সক্ষতই বটে।

শুভবিক্য থারা ব্রহ্ম-কারণবাদ প্রমাণিত বা সমর্থিত হইতেছে মনে করা সঙ্গত হয় না,। এইরূপ আপত্তির সম্ভাবনায় সূত্রকার বলিতেছেন—

# " তত্তু সমৰ্বাৎ "। ১।১।৪।।

পূর্বকণিত ব্রহ্মই যে, জগতের একমাত্র কারণ, এবং সেই ব্রহ্ম যে, এক অদিতীয় সৎ চিৎ আনন্দস্বরূপ ও সমস্ত উপনিষদের একমাত্র প্রতিপাত্য, ইহা বেদান্তবাক্যের সমন্বয় বা তাৎপর্য্য-পর্য্যালোচনা ধারা অবধারিত হইয়া থাকে।

"সদেব সোম্যেদমগ্র আসাৎ—একমেবাদিতীয়ং" ( হে প্রিয়দর্শন, সৃষ্টির পূর্বের এই জগৎ এক অদিনীয় সংস্বরূপই ছিল )। "আত্মা বা ইদমেক এবাগ্র আর্সীৎ" ( অগ্রে এই জগৎ একমাত্র আত্মস্বরূপই ছিল )। "নানাৎ কিঞ্চন মিষৎ" (স্পন্দনমান আর কিছু ছিল না)। "সত্যং জ্ঞানমানন্দং ব্রহ্ম" ( ব্রহ্ম সত্য, জ্ঞান ও আনন্দস্বরূপ)। "তদেতৎ ব্রহ্মাপূর্ব্বমনপ্রমন্তর্করমবাহান্" ( সেই এই ব্রহ্ম পূর্ব্বাপর বিবর্জ্জিত ও বাহাভ্যন্তর-রহিত)। "অয়মাত্মা ব্রহ্ম সর্বাম্পূভ্যং" (এই আত্মাই সর্ব্বাম্পূত্র ব্রহ্মস্বরূপ)। "তত্মাঘা এতত্মাদাত্মন আকাদ্যং সম্ভূতঃ" ( সেই এই আত্মা হইতে আকাশ সমূৎপন্ন হইয়াছে )। "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে, বেন জাতানি জীবন্তি, বৎ প্রযন্ত্যান্তিসংবিশন্তি" ( যাহা হুইতে এই আকাশাদি ভূতবর্গ উৎপন্ন, উৎপত্তির পরেও যাহা ঘারা জীবিত এবং অন্তর্কালেও যাহাতে প্রবিক্তি হয় ) ইত্যাদি শ্রুতির্বনসমূল বিভিন্ন প্রসন্ধে ও বিভিন্ন

প্রকরণে পঠিত হইলেও, এবং আপাতজ্ঞানে বিভিন্নার্থ প্রতিপাদক বলিরা মনে হইলেও, তাৎপর্য্য পর্য্যালোচনা করিলে সহজেই বুকিতে পারা যায় যে, এইজাতীয় সমস্ত বাক্যেরই লক্ষ্য এক—সমস্ত বাক্যই ব্যাহ্ম দেই এক অধিতীয় সচিচ্যানন্দ-ভাব ও জগৎকারণতা সমস্বরে প্রতিপাদন করিতেছে। স্বয়ং সূত্রকারও এবস্থিধ সমন্বয়ের প্রতি লক্ষ্য রাখিয়াই ব্রহ্মকারণতাবাদ সমর্থন করিয়াছেন—"ভত্তু সমন্বয়াৎ" ইতি।

এ কথার অভিপ্রায় এই যে, যদিও কোন কোন উপনিষদের অংশবিশেষে অদৈত ব্রহ্মকারণতাবাদের প্রতিকৃল উপদেশাবলীও পরিদৃই হউক, এবং যদিও কোন কোন আচার্য্য সেই সকল বাক্যের বা বাক্যাংশের উপর নির্ভ্ করিয়া উল্লিখিড ব্রহ্মকারণতাবাদের বিরোধী মতবিশেষ পোষণ করিয়া প্রাক্রন, তথাপি সেই সকল মতবাদের উপর আন্থা স্থাপন করিয়া ব্রহ্মকারণতাবাদের প্রতি অনাদর প্রকাশ করা সমিচীন নহে। কারণ, তাৎপর্যার অন্মর্থারে বিরোধ শব্দের সকলের মুখ্য অর্থপর্য্যন্ত পরিত্যাগ করিয়া অর্থান্তর কল্পনা করিছে পারা যায়, কিন্তু মুখ্যার্থের অন্মরোধে ক্ষমত তাৎপর্যাের বাধা ঘটান যায় না; ইহাই বাক্যার্থ বা শব্দার্থ নির্দ্ধারণের অবিন্যান্য বা বাক্যান্থগতি

<sup>(</sup>১) শব্দের অর্থ ছই প্রকার—এক মুখ্য, অপর গৌণ। শব্দের বভাবসিদ্ধ শক্তি দারা যে অর্থ পাওয়া যায়, সেই অর্থ মুখ্যার্থ নামে পরিচিত, আর তাৎপর্য রক্ষার অন্থরোধে শব্দের মুখ্যার্থ ভ্যাগ করিছা

শব্দরাশির পৃথক্ পৃথক্ অর্থ গ্রহণ করিলে প্রায় কোন স্থলেই উহাদের সার্থকিতা রক্ষা পাইতে পারে না; এইজন্য পরস্পার অঙ্গান্ধীভাবে সকল বাক্য ও শব্দের সমন্বয় করা আবশ্যক হয়, তাৎপর্য্য
বা বক্তার অভিপ্রায়ই সমন্বয়ের প্রকৃতি নির্ণয় করিয়া দেয়। এইজন্য,
ধেখানে তাৎপর্য্যের সহিত যথাশ্রুত শব্দার্থের বিরোধ উপস্থিত
হয়, সেম্বলে তাৎপর্য্য রক্ষার অমুরোধে শব্দের মুখ্যার্থ পরিভ্যাগ
করিয়াও বাক্য-সমন্বয় করিতে হয়, ইহাই শব্দ-শান্ত্রের নিয়ম।

কোন বাক্যের কোন অর্থে তাৎপর্যা, তাহা নির্ণয় করিবার উপায় ছয়টী—১ম, উপক্রম ও উপসংখার; ২য়, অভ্যান; ৩য়, অপূর্বর; ৪র্থ, ফল; ৫ম, অর্থবাদ; ৬৯, উপপত্তি (১)। এই

তৎসম্পর্কিত বে অক্স অর্থ গ্রহণ করা হয়, সেই অর্থটী গৌণ অর্থ বিদিয়া কথিত হয়। গৌণ অর্থকে লাক্ষণিকও বলা হয়। মুখ্যার্থ ত্যাগ করিয়া কোথায় যে, কিয়প অর্থ (গৌণার্থ) কয়না করিতে হইবে, বাক্যের তাৎপর্যাই তাহা দ্বিব করিয়া দেয়। তাৎপর্যা অর্থ—বক্তার ইচ্ছা; অর্থাং বক্তা যেয়প অর্থ প্রতীতির ইচ্ছায় শব্দ প্রয়োগ করেন, সেই ইচ্ছাই তাৎপর্যা শব্দের অর্থ। বাক্যার্থ নির্ণয়ে তাৎপর্যাই সর্ব্বাপেকা বলবান্। এই বল্প সম্পূর্ণ শব্দার্থ ত্যাগ করিয়াও তাৎপর্য্য রক্ষা করিতে হয়। আলোচা উপনিবদ্বাক্য সম্বদ্ধেও সে নিয়ম অবশ্ব পালনীয়।

(>) বৈদান্তিকগণ বংশন—" উপক্রমোপসংহারাবভ্যাসোহপূর্বভা ফলম্। অর্থবাদোপত্তী চ লিঙ্গং তাৎপর্যা-নির্ণয়ে॥"

উপক্রম অর্থ—বে ভাবে প্রকরণের আরম্ভ, তাহা। উপসংহার অর্থ— প্রকরণার্থের পরিসমাপ্তি। অত্যাস অর্থ—বারংবার উক্তি। অপূর্বতা অর্থ—অন্তত্ত অহাকি জ্ঞাপন। অর্থবাদ অর্থ—প্রশংসাবাদ। উপপত্তি ষ্ডু বিধ উপায়ে অর্থানুসন্ধান করিলেই বাক্যের যথার্থ তাৎপর্য্য ধরা পডে। তদমুসারে বাক্যার্থ নির্ণয় করিলে আপনা হইতেই সমস্ত থিরোধ বা অসামঞ্জন্মের সমাধান সিদ্ধ হয়। ত্রক্ষকারণতাবাদের অনুকৃল-প্রতিকৃলরূপে যে সমস্ত উপনিষদ্বাক্য পরিলক্ষিত হয়, সে সকল বাক্যের সমন্বয় বা একবাক্যতা ব্যতীত পারস্পরিক বিরোধ পরিহারের আর অন্য উপায় নাই । পক্ষান্তরে " সদেব সোমোদমগ্র আসাৎ " ইত্যাদি বাক্যে স্ক্রামান জগৎকে উৎ-পত্তির পূর্নেব ব্রহ্মস্বরূপে অবস্থিত বলা হইয়াছে; কার্য্যই কারণে বীজভাবে অবস্থান করিয়া থাকে। কার্য্যভূত ঘটের তৎকারণ মৃত্তিকায় অবস্থিতি প্রত্যক্ষসিদ্ধ ; স্থতরাং ব্রহ্মেতে অবস্থিত এবং বক্ষ হইতে প্রাত্নভূতি জগৎ যে ব্রক্ষ কার্য্য: এবং ব্রক্ষই যে, তাহার মূল কারণ, একথা আর পৃথক্ প্রমাণ করিবার প্রয়োজন হয় না। "ওস্মাদ্বা এতস্মাৎ" ইত্যাদি বাক্যেও স্পফটভাষায় ব্ৰহ্মকে আকা-শাদি ভূতবর্গের কারণ বলিয়া নির্দেশ করা হইয়াছে; এইভাবে কতিপয় স্থলে অবিসংবাদিতরূপে প্রমাণিত হওয়ায় সন্দিশার্থক অন্যান্য শ্রুতিবাক্যকেও অসন্দিগ্ধার্থক বাক্যার্থের অনুগামী করিয়া অর্থ – অনুকৃষ যুক্তিদ্বারা সমর্থন। অভিপ্রায় এই যে, প্রকরণের আরস্তে ও উপদংহারে যে বিষয় বণিত হয়, মধ্যেও বারংবার যাহার উत्तथ मुष्ठे इत्र, ८य विषरत्रत उँ ९कर्स वा कञ्चक वर्मा छ खानन कता इत्र ; याशात मचाद्य कान श्रामात करनारलथ मुद्दे हत्त, अवः त विषयत्त्रत श्रामा ও বৃক্তিবারা সমর্থন করা হর, বৃকিতে হইবে, তবিষয়েই সেই প্রকরণের তাৎপর্য্য, স্থতরাং সেই প্রকরণের প্রত্যেক বাক্যকেই তদমূগত করিয়া ব্যাখ্যা করিতে হয়।

লইতে হয়; স্থতরাং শ্রুতিসমন্বয় যে, আলোচ্য ব্রহ্মকারণতা-বাদকেই সম্পূর্ণরূপে সমর্থন করিতেছে, তদ্বিয়ে সন্দেহ নাই; অতএব সূত্রকারের "তত্তু সমন্বয়াৎ" কথা কোন অংশেই অসক্ষত হয় নাই।

পূর্ববনীমাংসক (ক্লৈমিনি) ও তম্মতাবলম্বী পণ্ডিতগণ এ সিদ্ধান্তে পরিতৃষ্ট না হইয়া, এ কথার তীত্র প্রতিবাদ করিয়াছেন। তাঁহারা বলিয়াছেন—

## " আয়ায়ত ক্রিরার্থবাদানর্থকামতদ্বানাম্ n"

অর্থাৎ প্রবৃত্তি-নির্ত্তিপ্রকাশক ক্রিয়া প্রতিপাদন করাই বেদের একমাত্র উদ্দেশ্য; অতএব যে সকল বাক্য তাহা করে না, কাহাকেও কোন বিষয়ে প্রবৃত্তিত, কিন্তা কোঁন বিষয় হইতে নির্বৃত্তিত করে না, কেবল প্রসিদ্ধ পদার্থের উল্লেখ করিয়াই বিরত হয় সে সকল বেদবাক্য নির্বৃত্তিক বা লোকের অনুপ্রোগী; স্কুতরাং প্রমাণরূপে গ্রহণযোগ্য নহে। ক্রন্ধপ্রতিপাদক বাক্যগুলিও প্রবৃত্তিক বা নির্বৃত্তিক নহে, কেবল ক্রন্ধের সরক্ষমাত্র-প্রকাশক; অতএব দে সকল বাক্যও নির্বৃত্তিক—উপেক্ষাযোগ্য। কেন না, মানবগণকে হিতাহিত বিষয় বিজ্ঞাপন করা, এবং ভিদ্বিয়া কর্ত্ব্যাণকর্ত্ত্ব্য উপদেশ দেওয়াই শাস্ত্রবাক্যের একমাত্র উদ্দেশ্য; দেই উদ্দেশ্য-বিহীন—কেবলমাত্র বস্তুনির্দ্দেশক বাক্যসকল কথনই সার্ঘ্তিক বা প্রমাণ হইতে পারে না। অতএব সে সকল বেদবাক্য ঘারা ভাদৃশ ব্রহ্ম বা ব্রক্ষরাবাতাবাদ সমর্থিত হইতেই প্রারে না। অতএব 'তেকু সমন্বয়াৎ'' সূত্রে যেনুবাস্যসমন্বয়ের সাহায্যে ব্রক্ষের

জ্বগৎকারণতা সমর্থন করা হইয়াছে, তাহা কখনই স্থসকত হইতে পারে না।

পক্ষান্তরে, বস্তুমাত্রবোধক ঐ সকল বাক্যের যদি সার্থকতা রক্ষা করিতেই হয়, তাহা ছইলেও ক্রিয়াবিধায়ক কর্মকাণ্ডের সহিত একবাক্যতা করিয়াই রক্ষা করিতে ছইবে। অভিপ্রায় এই যে, কর্তুরোপদেশবিহীন বেদবাক্যকে নিরর্থক বিশিয়া উপেক্ষা করিতে যদি কুঠা বোধ হয়, তাহা ছইলেও, সার্থক কর্মকাণ্ডে যে সমস্ত ক্রিয়া (যাগ-যজ্ঞাদি) বিহিত আছে, সেই সমস্ত ক্রিয়ার উপযোগী কর্ত্তা, কর্ম্ম বা দ্রব্যাদি প্রকাশকরপেই ঐ সমস্ত বাক্যের সার্থকতা সম্পাদন করিতে ছইবে, স্বতম্বভাবে নহে (১)। অতএব ''তদ্ ভূতানাং ক্রিয়ার্থেন সমান্নায়ঃ'' অর্থাৎ ক্রিয়াসম্বন্ধরহিত বস্তুমাত্রপ্রকাশক বাক্যগুলিকে ক্রিয়াবিধায়ক বাক্যের সহিত মিলাইতে ছইবে, অর্থাৎ ক্রিয়াবিধির সঙ্গে যোগ দিয়া ঐ সকল বাক্যের সার্থকতা সম্পাদন করিতে ছইবে। ইহাই মীমাংসকগণের অভিমত সিদ্ধান্ত।

<sup>(</sup>১) এ কথার তাৎপর্য এই যে, কর্মকাণ্ডে বছতর যাগ-যজ্জের বিধি
আছে। যক্ত করিতে হইদেই কর্ত্তার আবশুক হর, এবং বে দেবতার
উদ্দেশ্রে ও যে সকল দ্রব্য দারা যক্ত সম্পাদন করিতে হইবে, সে সকল
বিষরও জানা থাকা আবশুক হর। সেই উদ্দেশ্রেই উপনিবদের মধ্যে,
যক্তসম্পাদক কর্ত্তারপে আত্মার, কর্মরেপে দেবতা ও বন্ধ প্রভৃতির, এবং
তছপ্রোগী দ্রব্যাদিরও যথাসন্তব নির্দেশ করা হইরাছে। এইরূপে শুক্ বস্তমান্রবোধক উপনিষদ্বাক্যও সার্থক হইতে পারে; কিন্ত স্বত্ত্তভাবে— কেবল বন্ধ্রপ্রতিপাদকরূপে সার্থক হইতে পারে না। "তদ্ ভূতানাং কিরাথেন স্মান্নান্তঃ" সুত্তে এই অভিপ্রান্থই থক্ত করা হইরাছে।

এ কথার উত্তরে আচার্য্য শঙ্করম্বামী যে সকল যুক্তি ও উদাহরণ প্রদর্শন করিয়াছেন, এখানে সম্পূর্ণভাবে সে সকলের অবতারণা করা অসম্ভব। তাঁহার কথার সার মর্ম্ম এই যে. কোন বাক্য সার্থক, আর কোন বাক্য নির্থক, ভাহার কোনও নির্দ্দিষ্ট নিয়ম থাকিতে পারে না। সাধারণতঃ যে বাক্য শ্রাবণ করিলে শ্রোতার হৃদয়ে একটা অর্থ প্রতীতি হয়, এবং তাহা দারা শ্রোতার হর্ষ বিধাদাদিভাব পরিক্ষুট হয়, সেই বাক্যই সার্থক বা প্রমাণ, আর তদ্ভিন্ন বাক্যই নিরর্থক বা অপ্রমাণরূপে উপেক্ষণীয়। কর্তুব্যোপদেশবিহান শুদ্ধ বস্তুমাত্রের প্রতিপাদক বাক্য হইতেও যে, অর্থ প্রতীতি ও তৎফল হর্ষ বিষাদাদিভাবের আবির্ভাব হইয়া পাকে, এরূপ উদাহরণ বিরল নহে। দিজামার পুক্র জন্মিয়াছে' এ কথা শুনিলে কাহার মনে আনন্দ ও মুখে প্রসন্নতা দৃষ্ট না হয় ? এই বাক্যেন্ড কোনপ্রকার বিধি-নিষেধের সম্বন্ধ নাই, কোন প্রকার কর্ত্তব্যভারও উপদেশ নাই; আছে, কেবল পুরোৎপত্তির সংবাদ অথচ এই বাক্য হইতেও শ্রোতার অর্থ-প্রতীতি হইয়া থাকে, যাহার ফলে আন্তরিক হর্ষসূচক মুখবিকাশাদি চিহ্ন প্রকাশ পাইয়া থাকে। অভএব, "আম্মায়স্ত ক্রিয়ার্থহাৎ" ইত্যাদি সূত্রোক্ত ব্যবস্থা কখনই নিয়মরূপে পরিগৃহীত হইতে পারে না; স্কুডরাং ভদ্দারা বেদাক্ষরাক্যের আনর্থকা বা অপ্রামাণ্যও সমর্থন করা বাইতে পারে না। ভাহার উপর, ব্লাপ্রতিপাদক উপনিষদ্বাক্য-সমৃষ্ কখনই ক্রিয়াবিধির আকাজ্ঞা-পরিপুরকরূপে করিত হইতে পারে না। কারণ, ক্রিয়াবিধিসমূহ সাধারণতঃ সংহিতাভাগের

কর্ম্মকাণ্ডে সমিবিষ্ট, আর ত্রহ্ম-প্রতিপাদক বাক্যসমূহ প্রধানতঃ
জ্ঞানকাণ্ড উপনিষদের অন্তর্গত; বিভিন্ন প্রকরণন্থিত বাক্যসমূহ
কখনই অক্ষাক্ষীভাবে সম্বন্ধ হইতে পারে না; স্কৃতরাং ত্রহ্মপ্রতিপাদক বাক্যগুলিকে কর্ম্মকাণ্ডীয় ক্রিয়াবিধির উপযোগী দ্রবাদেবতাদির প্রকাশকও বলিতে পারা যায় না। অতএব স্বতন্ত্রভাবে
ক্রমপ্রতিপাদনেই ঐ সকল বাক্যের তাৎপর্য্য পরিকল্পনা করিতে
হইবে, অক্ষাক্ষীভাবে নহে।

ভিন্ন প্রকরণত্ব বাক্যসমূহের অঙ্গান্ধীভাব কল্লনা করা অযৌক্তিক ও অসম্ভব হয় বলিয়াই মীমাংসক-মতাবলম্বী কেহ কেহ ঐ সমস্ত উপনিষদ্-বাক্যকে উপাসনা কার্য্য-বিধায়ক বলিয়া মনে করেন। তাঁহারা বলেন, উপনিষদ্শান্ত্রমধ্যে যে সমস্ত উপাসনাবিধি আছে — " আত্মেভ্যেবোপাসীত" ( আত্মা-ইত্যাকারেই উপাসনা করিবে ), " আত্মানমেব লোকমুপাসীত" ( আত্মাকেই প্রাপণীয়রূপে উপাসনা করিবে), " ব্রহ্মবেদ, ব্রহ্মৈব ভবতি", (ব্রহ্মকে জানিবে— উপাসনা করিবে, ব্রহ্মবিদ, ব্রহ্মই হন ) ইত্যাদি। সেই সকল উপাসনাবিধিতে উপাস্তরূপে আত্মা ও ব্রহ্মের উলেখ মাত্র আছে, কিন্তু আত্মা বা ব্রহ্ম যে কেমন—কি প্রকার, এ সকল কথা সেখানে নাই; আলোচ্য উপনিষ্বাক্যসমূহ সেই উপাস্ত আত্মা ও ব্রহ্মের ধ্ররপ পরিচয়াদি প্রকাশ করিতেছে, এবং সেইভাবেই উপাসনাবিধির সহিত সম্বন্ধলাভ করিয়া নার্ধকতা ভোগ করিয়া থাকে।

আচার্য্য শঙ্কর বলেন, এ কথাও শাস্ত্রসম্মত বা যুক্তিযুক্ত ।

বি না ; কারণ, উপনিষদশাস্ত্র হইতে জানিতে পারা যায় যে,

নির্বিবশেষ ব্রহ্ম স্বরূপত: ক্রিয়াবিধির বিষয়ই হন্ট্রনা, অর্থাৎ তাঁহার উপর কোন প্রকার ক্রিয়াই হইতে পারে না; স্কুতরাং তদ্বিষয়ে উপাসনার বিধি কিন্তা অন্য প্রকার ক্রিয়াসম্বন্ধ কল্পনা করা শাস্ত্র ও যুক্তিবিরুদ্ধ।

উপনিষদের বহুস্থলে ব্রহ্মজ্ঞানের উপদেশ আছে. এবং বহু-স্থানেই উপাসনার কথাও উল্লিখিত আছে. সত্য, কিন্তু তাহা হইতে জ্ঞান ও উপাসনা এক বলিয়া মনে করা উচিত নহে; কেন না, উপাসনা বস্তুত: জ্ঞান হইলেও ক্রিয়াত্মক: ক্রিয়াত্মক বলিয়াই উপাসনার উপর কর্ত্তার স্বাধীনতা থাকে : কর্ত্তা নিজের ইচ্ছামু-সারে এক বস্তুকে অন্য বস্তু বলিয়াও উপাসনা (ভাবনা) করিতে পারে: কিন্তু প্রকৃত জ্ঞানের উপর কর্তার সেরূপ স্বাধীনতা গাকে না। ভ্যাতব্য বিষয় ও উপযুক্ত উপকরণ (যে সকলের দারা ভ্যান হুইতে পারে, সে সকল বস্তু ) উপস্থিত থাকিলে কর্তার ইচ্ছা না পাকিলেও জ্ঞান হইবেই হইবে। মনে করুন, আমার নিকটে স্তুস্পাঠ্ট আলোকের মধ্যে একটা ঘট রহিয়াছে, আমার চক্ষু সেই ঘটের উপর পড়িয়াছে, এমত অবস্থায় আমি যদি ইচ্ছা নাও করি, অথবা ঘটকে 'পট' বলিয়া জানিতে ইচ্ছা করি, তাহা ছইলেও সেই ঘটের জ্ঞান আমার হইবেই হইবে, কখনই অ-জ্ঞান বা অন্যপ্রকার জ্ঞান হইবে না। ইহাই জ্ঞান ও ক্রিয়ার স্বভা<sup>বগত</sup> প্রভেদ। এই প্রভেদ আছে বলিয়াই তত্ত্ত্তান হইতে উপাসনাকে পুথক্ করিয়া ক্রিয়াভোণীতে সন্নিবোশত করা হয়। ব্ৰক্ষে যখন ক্ৰিয়াসম্বন্ধ সম্ভবই হয় না, তখন সেই উপাসনা

জিয়ার কর্ম-(য়্রেপাম্য-) প্রকাশকরপেও ত্রহ্মবোধক উপনিষদ্বাক্যের সমন্বয় করা সম্ভবপর হয় না। অতএব ত্রহ্মবোধক
বেদাস্ত-বাক্যনিচয় নির্থকও নহে, এবং কর্মকাণ্ডের সহিত বা
জ্ঞানকাণ্ডগত উপাসনাক্রিয়ার সঙ্গে মিলিতভাবেও সার্থক নহে;
ঐ সকল বাক্য স্বপ্রধান,—স্বতন্তভাবেই ত্রহ্মবোধক। ইতন্ততঃ
বিক্ষিপ্ত উপনিষদ্বাক্যসমূহের ভাৎপর্য্য পর্য্যালোচনা করিলে, ঐ
সমস্ত বাক্যের—এক অবিতীয় ত্রহ্মপ্রতিপাদনেই ভাৎপর্য্য বা
সমন্বয়, অবধারিত হয়, এবং সেই সমন্বয় হইতেই অবধারিত হয়
বয়. সেই এক অবিতীয় ত্রহ্মই জগতের কারণ—জন্ম, ন্থিতি ও
লয়ের নিদান; এইজন্যই সূত্র কার "তত্রুসমন্বয়াৎ" বলিতে
সাহসী হইয়াছেন॥ ১০০০ ৪॥

অবৈতবাদাচার্যা শক্ষর 'দেদেব সোমোদমগ্র আসীৎ \* \* \*
তদৈক্ষত বস্তু স্থাং প্রজায়েয়,'' ''যতো 'বা ইমানি ভূতানি
জায়ন্তে" ইত্যাদি যে সমস্ত উপনিষদ্বাক্যের উপর নির্ভর করিয়া
বক্ষাকে জগতের মূলকারণ বলিয়া অবধারণ করিয়াছেন, আশ্চর্য্যের
বিষয় যে, সাংখ্যবাদীরা আবার সেই সমুদয় বাক্য দ্বারাই অচেতন
প্রকৃতির জগৎ-কারণত্ব সংস্থাপন করিতে প্রয়াদ পাইয়াছেন।
উপনিষদের স্পত্তিপ্রকরণত্ব বাক্য ও বাক্যাংশের অস্পত্টার্থতাই
এই প্রকার মতভেদ সমুখানের সহায়তা করিয়া থাকে। উদাহত
শ্রুতির 'সহ' শব্দের কোন নির্দ্ধিন্ত অর্থ নাই; যাহা সত্তাযুক্ত,
গহাই সহ-প্রদের বাচ্য ইইতে পারে। বেদাস্তমতে ব্রক্ষ যেমন পরদার্থ সন্তাযুক্ত সহ-পদার্থ, সাংখ্যমতে প্রকৃতিও তেমন পারমার্দিক

সন্তাযুক্ত হওয়ায় 'সং' পদবাচ্য হইতে পারে। এই প্রকার স্থায়
ও বৈশেষিকমতে পরমাণুকেও 'সং' বলিতে কোন বাধা ঘটিতে
পারে না (১)। অতএব উদাহত "সদেব সোম্যেদং" ইত্যাদি
শ্রুতি অমুসারে অচেতন প্রকৃতিকেও মূল কারণ বলিয়া অবধারণ
করা যাইতে পারে। বিশেষতঃ অচেতন প্রকৃতিই অচেতন
জগতের উপাদান কারণ হওয়া যুক্তিযুক্ত ও প্রত্যক্ষসম্মত; কারণ,
জগতে অচেতন মৃত্তিকাই অচেতন ঘটের উপাদান কারণ
হয়, দেখিতে পাওয়া যায়। এই আশক্ষা অপনয়নমানসে সূত্রকার
বলিতেহেন—

# क्रेक्टडर्नानसम्। भागाना

প্রথমতঃ বেদে সাংখ্যসম্মত প্রকৃতির বোধক কোন শক্ট নাই; বিতীর্মতঃ সাংখ্যবাদীরা যে সকল শব্দকে প্রকৃতির অভি-ধায়ক বলিয়া মনে করেন, বস্তুতঃ সে সকল শব্দ তাদৃশ প্রকৃতির বাচকও নহে, অফ্যার্থের বাচক; একথা প্রথম অধ্যায়ের চতুর্থ

<sup>(</sup>১) সাংখ্যবাদীরা প্রকৃতির কারণত্বপক্ষে এবং ব্রহ্মকারণত্বের বিপক্ষে এই কথা বলেন যে, দৃশ্রমান লগং অচেতন পদার্থ; আমাদের প্রকৃতিও অচেতন পদার্থ। কার্য্যের সন্ধাতীর পদার্থ ই এগতে উপাদান কারণ দৃষ্ট হয়। যেমন অচেতন ঘটের কারণ হয়—অচেতন মৃত্তিকা। অচেতন প্রকৃতি হইতে সমৃৎপন্ন বলিরাই লগৎ অচেতন—লড়পদার্থ দৃষ্ট হইতেছে। পক্ষান্তরে, চেতন ব্রহ্ম লগৎকারণ হইলে, জগৎও তদমুরূপ চেতনই হইত। কেন না, কারণামূরণ কার্য্য হওরাই নিরুষ্ট। এই জন্ত প্রকৃতির লগংকারণ কার্য হওরাই নিরুষ্ট। এই জন্ত প্রকৃতির লগংকারণ সক্ষর মৃত্তিমৃক্ত ও নির্দেশ্য।

পাদে বিস্তৃতভাবে প্রমাণ করা হইবে (১)। অতএব প্রকৃতিকে 'অশব্দ' বলা যাইতে পারে। তৃতীয়তঃ সাংখ্যসম্মত প্রকৃতি নিজে অচেতন—ক্ষড়-পদার্থ, ঈক্ষণ বা আলোচনা করিবার শক্তি তাহার নাই। অতএব সেই অশব্দ (প্রকৃতি) কখনই অনন্ত বৈচিত্র্যানিকেতন বিশাল বিশ্বরাজ্যের কারণ (কর্ত্তা) হইতে পারে না; কারণ, "তদৈক্ষত" শুতি ঐ জগৎকর্ত্তাকে ঈক্ষণকারী আলোচনাকারী) বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। চেতন ভিন্ন অচেতন প্রকৃতি কখনই ঈক্ষণ করিতে পারে না। অতএব যুক্তি ও সাক্ষাৎ শুতিবাক্যামুসারেই অচেতন প্রকৃতির জগৎকারণত্ব শক্ষা নিরস্ত হইতেছে । ১০১৫ ॥

আশকা হইতে পারে যে, সকল স্থানেই যে, শব্দের মুখ্যার্থ
গ্রহণ করিতে হইবে, এমন কোন নিয়ম নাই। স্থানবিশেষে বাধ্য
হইয়াও গৌণার্থ গ্রহণ করিতে হয়। এ কথা ব্যবহারসম্মতও
বটে। যেমন—সময়বিশেষে পতনোমুখ নদীতীরকে লক্ষ্য
করিয়া বিজ্ঞ জনেরাও বলিয়া থাকেন যে, 'নদীকুঁলং পিপতিবতি'
অর্থাৎ এই নদীতীরটী পড়িতে ইচ্ছা করিতেছে। এখানে অচেতন
নদীতীরের পক্ষে কখনই পতনের ইচ্ছা সম্ভবপর হয় না; ইচ্ছা বা
অনিচ্ছা চেতনেরই গুণ। তথাপি পতনোমুখতামাত্র লক্ষ্য করিয়া

<sup>(&</sup>gt;) বেদাস্তদর্শনের প্রথমাধ্যারের তৃতীর পাদে বিভিন্ন করে যুক্তিছার। প্রমাণ করা হইরাছে যে, উপনিবদে যে, 'অলা', 'অব্যক্ত', 'মহং' ও অহবার প্রতৃতি শব্দ দৃষ্ট হয়, সে সকল শব্দের অর্থ—সাংধ্যসত্মত প্রকৃতি, মহত্তর ও অহতার-তন্ধ্ব নহে, উহাদের অর্থ অক্স প্রকার।

'ইচ্ছা'র প্রয়োগ করা হইয়াছে। ইহা যেমন গোঁণার্থক (মুখ্যার্থক নহে), শুনতি-কথিত 'ঐক্ষত' কথাও তেমনই গোঁণার্থক হইতে পারে। লোকে যেমন অগ্রে আলোচনা করিয়া পরক্ষণে কার্য্যে প্রবৃত্ত হয়, প্রকৃতির পক্ষে তেমন আলোচনার সামর্থ্য না থাকিলেও, শুনতি তাহার স্টিকার্য্যে উন্মুখতা দেখিয়া 'ঐক্ষত' পদের প্রয়োগ করিয়াছেন, বস্তুতঃ এখানে 'ঐক্ষত' পদটী গোঁণার্থক, মুখ্যার্থক নহে। 'ঐক্ষত' পদটী গোঁণার্থক হইলে অচেতন প্রকৃতির পক্ষে জগৎকারণত্ব কল্পনায় কোনও অনুগপত্তি থাকিতে পারে না। এ কথার উত্তরে সূত্রকার বলিতেছেন—

## (गोनएकः, नाया-मकाः ॥ )। भू० ॥

না, শ্রুতির 'ঐক্ষত' পদটীকে গৌণার্থ কল্পনা করিয়াও অচেতন প্রকৃতিকে দ্রুগতের মূলকারণ বলিতে পারা যায় না; কারণ, পরে ঐ শ্রুতিতেই 'ঐক্ষত' ক্রিয়ার কর্তা সং-পদার্থকে আত্মা বলা হইয়াছে। অভিপ্রায় এই যে, যদিও 'ঐক্ষত' পদের বাস্তব অর্থ বিশেষ নির্দ্দিষ্ট না থাকুক, এবং যদিও 'ঐক্ষত' পদের বাস্তব অর্থ পরিত্যাগ করিয়া অবাস্তব গৌণার্থ কল্পনা করিলে অচেতন প্রকৃতির পক্ষেও জগৎকারণত্ব সন্তাবিত হউক, তথাপি এখানে 'সং' ও 'তং' পদে সাংখ্যসম্মত প্রকৃতিকে গ্রহণ করিতে পারা যায় না। কারণ, প্রথমে 'সং' ও 'তং' পদে যাহাকে নির্দ্দেশ করা হইয়াছে, বাক্যশেষে আবার তাহাকেই শেতকেতুর নিকট 'আত্মা' শব্দে প্রতিনির্দ্দেশ করা হুইয়াহে—"তং সত্যম, স আত্মা, তং ত্বমসি শেতকেতো" অর্থাৎ হে শেতকেতো, স্প্তির কারণীভূত

যে, সৎ পদার্থ, তাহাই পরমার্থ সত্য, তাহাই আত্মা, এবং তুমিও তাহাই, অর্থাৎ সেই আত্মা ও তুমি এক অভিন্ন বস্তু। এখানে দেখিতে হইবে, ঋষকুমার শেতকেতু নিজে চেতন, চেতনই তাহার আত্মা হইতে পারে, অচেতন প্রকৃতি কখনই চেতনের আত্মা হইতে পারে না; কিন্তু অচেতন প্রকৃতি জগৎকারণ হইলে, এবং তাহাকেই আত্ম-শন্দে নির্দেশ করিলে, চেতন খেতকেতুর অচেনইই প্রতিপাদন করা হয়। চেতনকে অচেতন বলিয়া উপদেশ করা অপেক্ষা বিষ্ময়কর আর কি হইতে পারে ? অথচ জনহিতৈষিণী শ্রুতির পক্ষে এরূপ অনর্থকর শ্রান্ত উপদেশ করা কখনই সম্ভবপর হইতে পারে না। এ১১। ।

শ্রুতি যদি কোন উদ্দেশ্যবিশেষের বশবর্ত্তিনী হইয়া ঐরপ অসত্য উপদেশ দিয়া থাকিতেন, তাহা হইলেও, গ্রান্ধালু শিষ্যের মঙ্গলার্থ তাদৃশ উপদেশামুযায়ী কার্য্য হইতে বিরত করিবার জন্ম নিশ্চয়ই সেই উপদেশের হেয়ন্ব বলিয়া দিকেন; শ্রুতি কিন্তু আদৌ তাহা বলেন নাই। এই অভিপ্রায়ে বলিতেছেন—

#### (इब्र्जावहनाव्ह ॥ आअम ॥

অর্থাৎ শ্রুতি যদি শ্বেতকেতৃকে ঐরপ মিধ্যা উপদেশই দিয়া থাকিতেন, তাগ হইলেও, সরল বিশাসা শেতকেতৃ যাহাতে ভ্রাস্ত উপদেশের বশবর্তী হইয়া অনর্থজালে জড়িত না হয়, তজ্জ্য উক্ত উপদেশের অসভ্যতা বৃঝাইয়া দেওয়া শ্রুতির অবশ্যই কর্ত্বব্য ছিল। শ্রুতি নিজে যখন তাহা করেন নাই, তখন বৃথিতে হইবে,

ঐ উপদেশ যথার্থ উপদেশই বটে; অতএব উক্ত অচেতন প্রকৃতিকে জগৎকারণ বলিতে পারা যায় না, এবং ঈক্ষণেরও গৌণার্থ কল্পনা করা শোভা পায় না॥ ১।১৮॥

বিশেষতঃ জগতের কারণ বস্তুটী চেতন কি অচেতন? ব্রহ্ম, না প্রকৃতি? এরপ সংশয়ই এখানে আসিতে পারে না। কারণ ?—

#### প্রতিরাচ্চ ॥ সাসাস্থ্য ।

শ্রুতিই কারণ। জগতের কারণ যে, চেতন ভিন্ন অচেতন নহে, অর্থাৎ চেতন ব্রহ্ম ব্যতীত অচেতন প্রকৃতি যে, জগতের কারণ হইতেই পারে না, শ্রেতাশ্বতরোপনিষদ সে কথা স্পাষ্টাক্ষরে বলিয়া দিয়াছেন। সেখানে প্রমেশ্রের মহিমাপ্রকাশপ্রসঙ্গে কথিত আছে:—

" ন তন্ত কদিৎ পতিরন্তি লোকে,
নচেশিঙা নৈব চ তন্ত লিঙ্গম্।
স কারণং করণাধিপাধিপঃ,
ন চান্ত কশিচজ্ঞনিতা নচাধিপঃ॥"

এখানে জগৎ কারণের স্বরূপ নির্দেশ করা হইয়াছে; এবং তাঁহাকে যে সকল বিশেষণে বিশেষিত করা হইয়াছে, তাহা চেতন পরমেশ্বর ভিন্ন অচেতন প্রকৃতির পক্ষে কোন মতেই সক্ষত হয় না বা হইতে পারে না। কেন না, এখানে জগৎকারণকে 'অলিক' বলা হইয়াছে—'নৈব চ তম্ম লিক্ষম'। কিন্তু সাংখ্যমতে প্রকৃতিকে অলিক' বলা হয় না; বরং চেতন পুরুষের সম্বন্ধেই

ঐরপ বিশেষণ প্রদন্ত হয়। তাহার পর, করণাধিপ—জীবের অধিপ (করণাধিপাধিপাঃ) হওয়া পরমেশ্বর ভিন্ন প্রকৃতির পক্ষে কখনই সম্ভবপর হয় না, এমন কি, সাংখ্যমতেও তাহা হইতে পারে না। অতএব, পরমেশ্বরের জগৎকারণত্ব পক্ষে স্পান্ট শ্রুতি থাকায়, এবং প্রকৃতির পক্ষে পূর্ণমাত্রায় তাহার অভাব থাকায় নিঃসংশয়িতরূপে অবধারণ করা যাইতেছে যে, চেতন পরমেশ্বরই জগতের কারণ, সাংখ্যসম্মত অচেতন প্রকৃতি বা অন্য কিছু সে কারণ নহে (১) ॥ ১১১১১ ॥

এ পর্যান্ত যে সমস্ত কথা বলা হইল, তদ্বারা প্রমাণ করা হইল যে, জন্ম বা উৎপত্তিশীল পদার্থমাত্রই কারণসাপেক্ষ। কারণ ব্যতীত কোন কার্যাই আত্ম-প্রকাশ করে না, বা করিতে পারে না; এই বিশাল জগৎও উৎপত্তিশীল; জগতের উৎপত্তি অবিসংবাদিত; স্থতরাং ইহার উৎপত্তির জন্মও একটা কারণ থাকা আবশ্যক। চেতন ব্রহ্মই সেই কারণ, অচেতন প্রকৃতি বা পরমাণু প্রভৃতি কখনও সেই কারণ হইতে পারে না; কেন না, সমস্ত উপনিষদ শাস্ত্র একবাকো ব্রক্ষেরই কারণতা প্রতিপাদন

<sup>(</sup>১) চেতন প্রমেখরকে জ্বগৎকারণ বলিলেও, এ সংশ্ব দ্ব হয় না বে, তিনি নিমিন্ত কারণ ? কিংবা উপাদানকারণ ? তিনি কেবল নিমিন্ত কারণ হইলে ক্সায়বৈশেষিকাদি মতবাদের সহিত বড় পার্থক্য থাকে না। এইজন্ত স্বয়ং স্ত্রকারই চতুর্থ পাদের পেবে "প্রকৃতিশ্চ প্রতিজ্ঞাদৃষ্টাস্তাম্প্রাধাং " (১)৪।২৩—২৭) স্ত্রে ব্রেক্ষের নিমিত্বকারণতা ও উপাদান কারণতা প্রতিপাদন করিবেন, আমরাও সে কথা পরে বলিব।

করিয়াছেন, কোন উপনিষদ্ট উহাদের কারণতা স্বীকার করেন নাই; এমন কি, কারণ-নিরূপণ প্রসঙ্গে উহাদের নাম পর্যান্তঃ করেন নাই। এইরূপ সূত্র-সিদ্ধান্তের বিপক্ষে সাংখ্যবাদীর উত্থাপিড আপত্তিখণ্ডনপূর্বক সূত্রকার বলিতেছেন—

বদতীতি চেৎ, ন, প্রাক্তো হি প্রকরণাৎ ॥ ১।৪।৫ । কঠোপনিষদে নচিকেতার প্রতি স্বয়ং যমরাজ বলিয়াছেন—

" অশক্ষমপর্শমরূপমব্যয়ম্,

তথারসং নিত্যমগদ্ধবচ্চ বং। অনাখ্যনস্তং মহতঃ পরং ধ্রুবম্.,

নিচায় তং মৃত্যুমুখাই প্রমুচাতে ॥

এই বাক্যে যাহাকে শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ বিহীন, আনদি অনস্ত 'মহতঃ পরং' (মহতের অতীত) বলা হইয়াছে, তাহা বস্তুতঃ সাংখ্যাক্ত প্রকৃতি ভিন্ন আর কিছুই হইতে পারে না। সাংখ্যশান্ত্রে জগৎকারণ প্রকৃতিকে যেভাবে শব্দ-স্পর্শাদিবিতীন, আনদি, অনস্ত ও মহত্তত্ত্বের পরবর্তী বলা হইয়াছে, এখানেও ঠিক সেইভাবেই মহত্তত্ত্বের অতীত বস্তুকে শব্দ স্পর্শাদিরহিত ও আনাদি অনস্ত বলা হইয়াছে; স্কুতরাং উপনিষদ্ শান্ত্রে যে, প্রকৃতির উল্লেখ নাই, তাহা বলিতে পারা যায় না।

এ কথার উত্তরে স্বয়ং সূত্রকার বলিতেছেন, যদিও আপাতদৃষ্টিতে এরূপ আশঙ্কা অশোভন মনে না হউক, তথাপি বিচারদৃষ্টিতে এ আশঙ্কার কোনই মূল্য নাই; কারণ, যে প্রসঙ্গে ঐ কথা বলা হইয়াছে. তাহা পর্য্যালোচনা করিলে বেশ উত্তমরূপে বুঝা যায় যে, এই 'মহতঃ পরং' অর্থ—প্রকৃতি নহে, পরস্কু প্রাজ্ঞ—পরমাত্মা। প্রাজ্ঞসংজ্ঞক পরমাত্মার কথা বুঝাইবার জন্মই যমরাজ্ঞ নচিকেতাকে পূর্ণবাপর বহু কথা বলিয়াছেন, তন্মধাে হঠাৎ প্রকৃতির কথা আসিতেই পারে না। প্রাজ্ঞসংজ্ঞক পরমাত্মাই মহতের (বুদ্ধির) অতীত বুদ্ধি তাহাকে ধরিতে পারে না। তিনি নিগুণ ; এইজন্ম শব্দ স্পর্শাদি কোন গুণই তাঁহাতে বিজ্ঞমান নাই। অতএব এখানে 'মহতঃ পরং' বস্তু যে, পরমাত্মা ভিন্ন অপর কেহ নহে, তাহা প্রকরণ বা বাক্যপ্রসঙ্গ হইতে অবধারিত হইতেছে ॥ ১।৪।৫ ॥ বিশেষতঃ—

### ত্ররাণামেব চৈবমুপক্তাস: প্রশ্নন্ত । ১।৪।৬॥

কঠোপনিষদের ঐ প্রকরণে অগ্নি জীব ও পরমাত্মা, এই তিন বিষয়েই কেবল প্রশ্ন ও প্রতিবচন দৃষ্ট হয়, তদতিরিক্ত কোন বিষয়ের উল্লেখ দৃষ্ট হয় না। অভিপ্রায় এই যে, যমরাজ্প প্রসন্ন হইয়া নচিকেতার প্রতি তিনটীমাত্র বর দিতে প্রতিশ্রুতি জ্ঞাপন করিলে পর, নচিকেতা ক্রমে আগ্নি, জীব ও পরমাত্মা বিষয়ে প্রশ্ন উত্থাপন করেন, যমরাজও সেই প্রশ্নতায়ের যথায়থ উত্তর প্রদান করেন। সেখানে নচিকেতা কিন্তু প্রকৃতি সম্বন্ধে কোন প্রশ্নই করেন নাই; স্কৃতরাং অপৃষ্ট বিষয়ের অবতারণা করা যমরাজের পক্ষেও সম্ভবপর হয় নাই। অভএব "মহতঃ পরম্ অব্যক্তম্" বাজ্যে সাংখ্যসম্মত প্রকৃতির নির্দেশ কল্পনা করা যাইতে পারে না। ১০৪৬ ।

ইহার পরও সাংখ্যবাদীরা মনে করেন যে, কোন কোন বেদ-

শাখায় স্পষ্ট ভাবে প্রকৃতি মহৎ প্রভৃতি শব্দের নির্দ্দেশ দেখিয়া, পাছে সাংখ্যবাদীরা পূর্বেবাক্ত সিদ্ধান্তের উপর সন্দিহান হন, এইজন্য স্বয়ং সূত্রকারই ভাহাদের আপত্তি উত্থাপনপূর্বক বলিভেছেন—

আমুমানিক্মপ্যেকেবামিতি চেৎ, ন, শরীর-রূপক্বিন্তস্তৃহীতের্দ্দর্শরতি চ

" ইব্রিরেভ্য: পরা হার্থা অর্থেভ্যক পরং মন:।

মনসম্ভ পরা বৃদ্ধিবু দ্বোম্মা মহান পর:।

মহত: পরমব্যক্তম্ অব্যক্তাৎ পুরুষ: পর:॥" ইত্যাদি।

(কঠোপনিষদ্)

সাংখ্যপান্তে মনঃ, বৃদ্ধি, অহস্কার, অব্যক্ত ও পুরুষ প্রভৃতি বে সমৃদয় তত্ত্ব (পদার্থ) যে ভাবে যেক্সেপ (যেরূপ পৌর্ববাপর্যাক্রেনে) ও যে যে শব্দে পঠিত ও ব্যাখ্যাত আছে, উলিখিত
কঠোপনিয়ন্-বাক্যেও ঠিক সেই সমৃদয় পদার্থই সেই ভাবে,
সেই ক্রেমে ও সেই সমৃদয় শব্দে যথাযথভাবে অভিহিত হইয়ছে;
তত্ত্বতা সহজেই শক্ষা হইতে পারে যে, উলিখিত বাকে।
বোধ হয়, সাংখ্যসম্মত পদার্থসমূহেরই উল্লেখ হইয়ছে। অধিকয়
যদি তাহাই ঠিক হয়় তবে সাংখ্যীয় প্রকৃতিকে 'অশব্দ' বলিয়
ক্রেণ-নিশ্মাণাধিকার হইতে বঞ্চিত করা সক্ষত হয় কিরুপে?
এবং প্রকৃতিকে 'অশব্দ' বলিয়াই বা উপেক্ষা করা যায় কি
প্রকারে? এ কথার উত্তরে বলা হইতেছে যে, না,—এখানেও
সাংখ্যাক্ত প্রকৃতি, বা অক্যান্ত তত্ত্বের উল্লেখ করা হয় নাই, পরয়
ক্রীবের স্কুল দেহকে রথরূপে কল্পনা করিয়া, আড্মা ও ইক্রিয়্সগণকে
সেই দেহ-রথে রথী, সার্থি ও অখ্যাদির্মপে কল্পনা করা হইয়ছে;

ত্বতাং ইহা ঘারাও প্রকৃতির অশব্দ সিদ্ধান্ত খণ্ডিত হইতেছে
না। অভিপ্রায় এই যে, কঠোপনিষদে প্রথমে শরীর, আত্মা,
বৃদ্ধি ও ইন্দ্রিয় প্রভৃতি যে সমৃদয় পদার্থকৈ রথ, রথা ও সারথি
প্রভৃতিরূপে নির্দেশ করা হইয়াছে, পরে একে একে সেই সমৃদয়
পদার্থকেই পর পর শ্রেষ্ঠরূপে প্রতিনির্দেশ করা হইয়াছে;
এবং তদসুরূপ সমস্ত শব্দই বিষ্পইভাবে উল্লিথিত হইয়াছে;
কেবল শরীরবোধক কোনও স্পই শব্দের উল্লেখ এখানে দৃষ্ট হয়
না, অথচ উপনিষদের ঋষি যে, পূর্বেরাক্ত আত্মা ইন্দ্রিয়াদি সকল
পদার্থের উল্লেখ করিয়া কেবল শরীরের উল্লেখ করিতেই ভূলিয়া
গিয়াছেন, এরূপ কল্লনাও মোটেই সক্ষত হয় না; কাজেই
এখানে 'মহতঃ পরম্' অব্যক্তম্' কথায় সেই বাকী শরীরকে গ্রহণ
করাই স্থসক্ষত হয় (১)। বিশেষতঃ 'অব্যক্ত' শব্দ যখন সাংখ্যাক্ত
প্রকৃতিতেই নিরূঢ় (প্রিসিদ্ধ) নহে, তথন 'ন্ব্যক্তং—অব্যক্তং'

(১) কঠোপনিবদে প্রথমে কথিত আছে—

"আপানং রথিনং বিদ্ধি, শরীরং রথমেব তু ।
বৃদ্ধিং তু সারথিং বিদ্ধি, মন: প্রগ্রহমেব চ।
ইন্দ্রিয়াণি হয়ানাছ: বিষয়াংস্তেবু গোচরান্।
আব্যেক্রিয়-মনোযুক্তং ভোক্তেত্যাহর্মণীধিণ:॥"

এখানে আত্মাকে রথী, শরীরকে রথ, বৃদ্ধিকে সারথি, মনকে লাগাস, অগ্রহ) ইন্দ্রিয়গণকে অখ, শব্দাদি বিষয়সমূহকে বিচরণস্থান ব্লিয়া ভৌকোর স্বরুপ নির্দেশ করা হইরাছে। পরে আবার—

" ইক্রিরেড্য: পরা হর্থ। অর্থেড্যন্চ পরং মন:। মনসম্ভ পরা বৃদ্ধিবৃদ্ধিরাত্মা মহানু পর:। এইরূপ যৌগিকার্থ গ্রহণ করিলে, শরীরও 'অব্যক্ত' পদের অর্থরূপে গৃহীত হইতে পারে; কেন না, সূক্ষ্ম শরীর ত সভাবতই অব্যক্ত, এবং স্থুল শরীরের উপাদানসমূহ অব্যক্ত বলিয়া স্থুল শরীরকেও অব্যক্ত বলা যাইতে পারে। অতএব এখানে শরীরই 'অব্যক্ত' শব্দের অর্থ, প্রকৃতি নহে ॥ ১।৪।১॥

তাহার পর খেতাশতরোপনিষদে—

" অজ্ঞামেকাং লোহিত-শুক্ল-রুঞ্চাং বহুবী: প্রক্লা: স্ক্রমানাং স্ক্রপা: । অজো ছেকো ভূষমাণোহসুপতে,

জহাতোনাং ভুক্তভোগান্জোহ্রঃ॥"

এই বাক্যে যে, 'অজা' প্রভৃতি শব্দ রচিয়াছে, সে সকলও প্রকৃতপক্ষে সাংখ্যসম্মত প্রকৃতির পরিচীয়ক নহে। যদিও আপাতদৃষ্টিতে 'অজা' ও 'লোহিত-শুক্ত-কৃষ্ণাং' কথায় রক্তঃ সত্তমোগুণময়া নিত্যা। জন্মরহিত) প্রকৃতি-অর্থ গ্রহণ করা ঘাইতে পারে সত্যা, তথাপি ঐ সকল শব্দে প্রকৃতিকেই যে, বুঝিতে হইবে, এরূপ কোনও যুক্তি বা প্রমাণ দেখা যায় না; কেন না, ঐ সকল

মহতঃ প্রম্বাক্ত্মব্যক্তাং পুরুষঃ প্র:।

- পুরুষাৎ ন পরং কিঞিৎ দা কাষ্ঠা দা পরা গতি:॥"

এই বাক্যে পূর্ণেক্তি আআ, ইন্দ্রির, বিষয় তেথি , বৃদ্ধি ও মন, এই সমস্ত পদার্থ ই পর পর শ্রেষ্ঠরপে নির্দেশ করিয়াছেন, একমাত্র পূর্বে। ক শরীরবোধক কোন স্পষ্ট শব্দ নির্দেশ করেন নাই, এমত অবস্থায় অব্যক্ত' শব্দে পূর্ব্বকথিত শরীর গ্রহণ করাই উচিত। নচেৎ প্রক্লতার্থের ত্যাগ ও অপ্রকৃতার্থের গ্রহণ করা হয়, তাহা বড়ই শ্লোবাবহ।

শব্দ বস্তুবিশেষের নির্দেশক নহে; এবং ঐ বাক্যের পূর্বের বা পরেও এমন কোন বির্তি বা ব্যাখ্যা দৃষ্ট হয় না, যাহা দ্বারা ঐ শব্দগুলিকে প্রকৃতি-অর্থেই আবদ্ধ রাখা যাইতে পারে। সেরূপ কোনও বিশেষ কারণ না থাকায় আবশ্যকমতে ঐ সকল শব্দের অন্যপ্রকার অর্থও যথেচ্ছভাবে করা ঘাইতে পারে। সূত্রকারও নিজমুখে এ কথা ব্যক্ত করিয়াছেন—

#### **ठमनवनविद्यवार । अ**। । । ।

বেদে 'চমদ' শব্দের প্রয়োগ আছে, এবং যজে তাহার ব্যবহারও নির্দ্দিট আছে; কিন্তু 'চমদ' যে কি প্রকার বস্তু, তাহা লোকে জানে না; এই জগু নিজেই উগর আকৃতি বলিয়া দিয়াছেন—" অর্বাগ্বিলশ্চমদ উর্দ্ধুরঃ" অর্থাৎ যাহার উপরিভাগ গোলাকৃতি এবং নিম্নভাগ গর্গ্যুক্ত, তাহাব নাম চমদ। কিন্তু শুষ্ক এই কথা দারা যেপ্রকার চমদের স্বরূপ নির্দ্ধারণ করা যায় না; কারণ, জগতে বহু বস্তুই ঐ প্রকার আলোচা 'অলা' প্রভৃতি শব্দেরও অনেক প্রকার অর্থ করা যাইতে পারে; স্কুভরাং এ সকল শব্দ যে সাংখ্যাক্ত প্রকৃতিরই বাচক বা পরিচায়ক, তাহা নিশ্চর করিয়া বলা যাইতে পারে না ॥ ১০১৮ ॥ বিশেষতঃ—

## कन्नताभरमभाक मध्यामियमविद्यापः ॥ आश्रार ॥

"অসে বা আদিত্যো দেবমধু" ইত্যাদি বাক্যে বেমন অমধু সূর্যাকেও দৈবগণের প্রিয় বলিয়া মধুরূপে কল্লনা করা হইয়াছে, এবং অন্যত্তও বেমন বাক্যকে ধেমুরূপে, অন্তরীক্ষকে অগ্নিরূপে কল্পনা করা হইয়াছে, এখানেও ঠিক তেমনই রূপকভাবে ,অঙ্গা'-কল্পনা করা সম্ভবপর হইতে পারে।

যেমন কোন একটা অজা (পাঁঠা) ঘটনাক্রমে লোহিত, শুক্র ও কৃষ্ণবর্গে বঞ্জিত থাকে, এবং সে নিজের অসুরূপ বহু সন্তান প্রসব করে। কোন এক অজ প্রীতির সহিত সেই অজার পশ্চাৎ অসুসরণ করিতে থাকে, অপর অজ আবার উপভোগান্তে সেই অজাকে পরিত্যাগ করিয়া চলিয়া যার, সৎসারক্ষেত্রেও তেমনি কোন অজ অর্থাৎ সভাবতঃ জন্মরহিত কোন পুরুষ লোহিত (তেজ), শুক্র (জল) ও কৃষ্ণবর্গ (পৃথিবী), এই তিন প্রকার সূক্ষাকার ভূতবর্গকে উপভোগ করে, আষ্ক্রার অপর কোন অজ (জ্ঞানী পুরুষ) ভোগান্তে সেই ভূত-প্রকৃতিরূপা অজাকে পরিত্যাগ করে অর্থাৎ ভোগাসক্তি ত্যাগ করিয়া বিমৃক্ত হইয়া থাকে। বন্ধ ও মৃক্তভেদে ঘিবিধ আত্মাকে এইরূপ রূপকাকারে অজ্বয়-রূপে কল্পনা করিয়া জীবভোগ্য সূক্ষাভূতের সমন্তিকে অজারূপে কল্পনা করা হইয়াছে; সূত্রাং এখানেও যে, সাংখ্যসম্মত প্রকৃতির কথাই বলা হইয়াছে, তাহা মনে করা অত্যন্ত ভূল।

তাহার পর, এরূপ রূপক-কল্পনা যে, উপনিষদে আর কোণাও নাই বা নিভাস্ত অপ্রসিদ্ধ, তাহাও বলিতে পারা যায় না। দেখাযায়, বৃহদারণ্যকোপনিষদে 'মধু আক্ষণ' নামে একটা পরিচ্ছেদ আছে, তাহাতে—" অসো বা আদিত্যো দেবমধু: " ইত্যাদি বাক্যে আদিত্যকে দেবগণের তৃত্তিসম্পাদক 'মধু' বলিয়া কল্পনা করা হইয়াছে; এবং পৃথিবী প্রভৃতিকেও বিভিন্নপ্রকার মধুরূপে কল্পনা করা হইয়াছে। উল্লিখিত 'অজ্ঞাদি' বাক্যেও ঠিক সেই ভাবেই বে, জীবভোগ্য ভূতবর্গকে লক্ষ্য করিয়া রূপকচ্ছলে 'অজ্ঞা' শব্দ প্রযুক্ত হইয়াছে, এ কথা বলা কখনই অসঙ্গত হইতে পারে না। অভএব উক্ত উপনিষ্বাক্যে যে, সাংখ্যাক্ত প্রকৃতিই প্রতিপাদিত হইতেছে, তাহা বলিতে পারা যায় না।

অতঃপর ব্রহ্ম-কারণতাবাদের বিপক্ষে আর একটা আপত্তি উত্থাপিত হইতে পারে এই যে, সাংখ্যোক্ত প্রকৃতি বৈদিক শক্তের প্রতিপাল্প না হয়, না হউক, এবং সে কারণে উহার জগৎ-কারণতাও অসিদ্ধ হয়, হউক: তথাপি ব্রহ্ম-কারণতাবাদ কোন-भएउरे धामानिक वा ममर्थनरयां हरेएउर्ह न। कांत्रन, रय উপনিষদশান্তের কথাতুসারে ব্রহ্ম-কারণতাবাদ সংস্থাপন করা হইতেছে, সেই উপনিষদশাস্ত্রের মধ্যেই স্ষ্টিবিষয়ে বিষম বিসংবাদ বা মতভেদ বিভাষান রহিয়াছে। কোথাও ব্রহ্ম হইতে যুগপৎ জগৎস্প্তির কথা বণিত আছে—"তদৈক্ষত বহু স্থাং প্রজায়েয়" "স ইমান্ লোকানস্জত, যদিদং কিঞ্চ" ইত্যাদি। কোপাও ক্রমশঃ জগতুৎপত্তির বিষয় বর্ণিত আছে, যথা—"তস্মাদা এতস্মা-দাত্মন আকাশঃ সস্তুতঃ, আকাশাঘায়ুঃ, বায়োরগ্রিঃ, অগ্রেরাপঃ, অন্তাঃ পৃথিবী" ইত্যাদি। কোন স্বানে আবার প্রথমৈই প্রাণস্তব্ধির <sup>কথা</sup> বৰ্ণিত **আছে—"স প্ৰাণ**মস্ক্জত, প্ৰাণাৎ শ্ৰন্ধাং" ইত্যাদি। কোথাও বা জগতের সহিত ত্রকোর একাত্মভাব বা অভেদের क्षा पृद्धे रुग्न,—" मामब (मारमामभा आमीट," " आरेजाराममा আসীৎ" ইত্যাদি। কোণাও আবার অসৎকারণতাবাদের উল্লেখও

দৃষ্ট হয়, "অসমা ইদমত্রে আসীৎ, ততো বৈ সদজায়ত" ইত্যাদি।
অন্তর আবার এই অসমাদেরও নিন্দাবাদ পরিদৃষ্ট হয়,—"কথমসতঃ
সং জায়েত ? সম্বেব সোম্যেদমত্রে আসীৎ ইত্যাদি। কোণাও
আবার কোন প্রকার কর্তার সাহায় না লইয়া আপনা হইতেই
জগত্বপত্তির উল্লেখ দৃষ্ট হয়—" তদ্ধেদং তর্হাবাকুতমাসীৎ,
জন্মান-রূপাভ্যামেব ব্যাক্রিয়ত" (এই জগৎ উৎপত্তির পূর্বের
নামরূপবিহীন অব্যক্তাবস্থায় ছিল, পরে নিজেই নাম ও রূপ
লইয়া অভিব্যক্ত হইল। ইত্যাদি। এইজাতীয় পরস্পরবিরোধী
অসংবদ্ধ বাক্যরাশি হইতে বেমন স্প্রিসম্বন্ধে কোনও সত্য সিদ্ধান্তে
উপনীত হওয়া যায় না, তেমনে উহার কারণসম্বন্ধেও সত্যাবধারণ
করা সম্ভব্পর হয় না; কাজেই প্রক্ষ-করিণতা সিদ্ধান্ত্রটী নি:সংশয়িতরূপে গ্রহণ করা যাইতে পারে না। এতদ্বরে স্বয়ং
সূত্রকার বলিতেছেন—

°कात्रगरचन ठाकानामित्र वथावानमिर्छोटकः ॥" ১।३।১३ ॥

অর্থাৎ জগদন্তর্গত আকাশাদি পদার্থের স্পৃষ্টিগত ক্রমসদক্ষে পরস্পরবিরোধী মতভেদ বিছ্যমান থাকিলেও, উহাদের স্পৃষ্টিসক্ষে কোথাও মতান্তর দৃষ্ট হয় না, এবং তাহার কর্তার সন্ধন্ধেও (অফ্টার সন্থন্ধেও) কোনপ্রকার মতভেদ দেখা যায় না। অভি-প্রায় এই বে, কার্য্য থাকিলেই তাহার কর্তা থাকা আবশ্যক হয়। সমন্ত শ্রুতিই বখন একবাক্যে জগতের উৎপত্তি ঘোষণা করিতেছে, তখন নিশ্চয়ই ঐ সকল বাক্যে একজন স্পৃষ্টিকর্তারও আবশ্যকতা স্বীকৃত হইয়াছে বুরিতে হইবে। কোন কোন

উপনিষদে ত জগৎ স্রফার স্বরূপপরিচয়াদি অতি বিষদরূপেই বর্ণিত আছে। আবার এক উপনিষদে স্মৃত্তিক ব্রাকে —সর্ববজ্ঞ, সর্বশক্তি প্রভৃতি যে সকল গুণযোগে চিত্রিত করা হইয়াছে, অপরাপর উপনিষদেও ঠিক সেই সকল গুণযোগেই তাঁহার স্বরূপ বর্ণনা করা হইয়াছে; কোখাও এ ব্যবস্থার ব্যতিক্রম দৃষ্ট হয় না (১); স্বতরাং স্মৃত্তির ক্রমসম্বন্ধে সন্দেহ থাকিলেও, তৎকারণ-সম্বন্ধে সন্দেহের লেশমাত্রও থাকিতে পারে না।

বিশেষতঃ, উপনিষদ্শান্ত্রে স্প্তিসম্বন্ধে বছপ্রকার বিরুদ্ধবাদ থাকিলেও, প্রকৃতপক্ষে তাহা দোষাবহ হইতে পারে না; কারণ, স্প্তিতন্ত্র প্রতিপাদন করা কোন উপনিষদেরই মুখ্য উদ্দেশ্য নহে; অক্সপ্রতিপাদন করাই উহাদের মুখ্য উদ্দেশ্য। সেই প্রবিজ্ঞেয় অক্সতন্ত্রপ্রবাধের সহায়তাকল্পে স্প্তিপ্রসঙ্গত উপনিষদের মধ্যে স্থান প্রাপ্ত হইয়াছে মাত্র, স্বতন্ত্রভাবে নহে। অক্সজ্ঞিস্ক্র ব্যক্তি স্প্তির ভিতর দিয়া তৎকারণীভূত অক্সের অমুসন্ধানে প্রবৃত্ত হইলে সহজেই তাঁহাকে বুঝিতে পারিবে, এই উদ্দেশ্যেই উপ্থনিষদের মধ্যে স্পতি গোণভাবে স্প্তির কথা স্থান পাইয়াছে। উপনিষদ্ নিজেই নিম্নলিখিত বাক্যে সে কথা স্পন্টভাবে ব্যক্ত করিয়াছেন—

"অলেন সোম্য, ওকোনাপো মূলমধিছে; অভি: সোম্য, ওকেন তেকো মূলমধিছে; তেকো দোম্য, ওকেন সং মূলমবিছে," ইত্যাদি।

<sup>(&</sup>gt;) তৈজিরীর উপনিবদে আছে—"সতাং জ্ঞানমানন্দং ব্রহ্ম।" ছান্দোগ্যে আছে—" সদেব সোম্যোদমগ্র আসীৎ, তদৈক্ষত বহু সাং প্রজারেয়।" 'বেতাশতরে আছে— যঃ সর্ব্বজ্ঞা সর্ব্ববিদ্, বহু জ্ঞানমরং তপঃ।" বৃহদারণাকে আছে—"সোহকামরত" ইত্যাদি। এ সকল শ্রুতিতে শ্রুগত প্রভেদ প্যাক্তেও অর্থগত প্রভেদ মোটেই নাই।

এ শ্রুতির অর্থ এই যে, ছে সোম্য শেতকেতু, পৃথিবীরূপ কার্য্য ভারা তৎকারণরূপে জলের অনুসন্ধান কর, জলরূপ কার্য্যভারা তৎকারণ তেজের অনুসন্ধান কর, আবার তেজোরপ কার্য্যভারা তৎকারণীভূত সং পদার্থের (ত্রক্ষের) অনুসন্ধান কর, এইরূপে কার্য্যদর্শনে তৎকারণের অনুসন্ধান করিলেই সর্বকারণ-কারণ সেই ত্র্বিভ্রেয় ত্রজের অনুসন্ধান মিলিবে। ত্রক্ষানুসন্ধানে এইরূপ সোকর্যাবিধানের জন্মই উপনিষদ্শান্ত্র স্পন্থিবাসারের অবতারণা করিয়াছে। এখানে আচার্য্য শঙ্কর যে কথা বলিয়াছেন, মাণ্ডুক্যোপনিষদের কারিকায় আচার্য্য গৌড়পাদও ঠিক তদমুরূপ কথায়ই স্প্রিপ্রসঙ্কের উদ্দেশ্য বর্ণনা করিয়াছেন,—

"মৃলোহ-বিক্তৃ নিঙ্গালৈঃ সৃষ্টিযা চোদিতা পুৰা। উপায়ঃ সোহৰতাবাহ নান্তি ভেদঃ কথঞ্চন॥''

অর্থাৎ ইতঃপূর্বের (উপনিষদের মধ্যে) যে, মৃত্তিকা, লোহ ও অগ্নিক্ষুলিকাদি দৃষ্টান্ত দারা (১) স্বস্থিতত্ত বুঝাইতে চেম্টা করা

<sup>(</sup>১) দৃষ্টান্তগুলি এইরপ— "যথা সোনোকেন মুংপিণ্ডেন সর্বাং মুগ্রন্থ বিজ্ঞাতং স্থাৎ. বাচারপ্তণং বিকারো নামধেয়ং মুত্তিকেত্যের সভ্যম। বধা সোন্যাকেন লোহমণিনা সর্বাং কাষ্ণান্তমং বিজ্ঞাতং স্থাৎ", "যথা অধ্যেক্ষ্কলিতো বিক্ত্রিকা ব্যচ্চরন্তি, এবমেবৈতত্মাদাত্মনঃ" ইত্যাদি।

অর্থ—হে সোমা যেমন একটা মৃতিকাপিও জানিলেই সমন্ত মৃথার বস্থ বিজ্ঞাত হয়, অর্থাৎ মৃৎপিওাদিগুলি কেবল অবস্থামুখারী নাম মাত্র, বস্তুত: ঐ সমন্তই মৃত্তিকা ছাড়া আর কিছুই নহে। তেমনই এক ব্রহ্মকে জানিলেই সমন্ত জগং জানা চইরা যার; তথন জানিতে পারা যার বে, মৃত্তমান জগং কেবল একটা নাম মাত্র, প্রেক্কতপক্ষে ব্রহ্মই একমাত্র স্তা রক্ত: অপর সমন্তই মিধাা অস্তা।

ইইয়াছে, তাহা কেবল ব্রহ্মবিষয়ে বৃদ্ধি-প্রবেশের উপায় মাত্র;
প্রকৃতপক্ষে কিন্তু ব্রক্ষে ও জগতে কিছুমাত্র তেল নাই, অর্থাৎ
পরমার্থসত্য ব্রহ্ম ব্যক্তিরেকে জগৎ বলিয়া কোন পৃথক্ পদার্থ ই
নাই; স্কুডরাং উহার বাস্তব সন্তাও নাই। সন্তা নাই বলিয়াই
উহা অসৎ—অবস্তঃ, অসতের উৎপত্তি একটা কথার কথা মাত্র;
কাজেই উহা উপনিষদের মুখ্য প্রতিপাত্ত হইতে পারে না। এই
সকল কারণেই স্প্রিবাক্যে অসামঞ্জত্ম বা বিরোধ থাকিলেও
তদ্মারা স্প্রিকর্তার (ব্রক্ষের) স্করপনিরূপণে কোনও বাধা ঘটিতে
পারে না। কেন না, সমস্ত বেদান্তশান্ত্রই এবিষয়ে ঐকমত্য
জ্ঞাপন করিতেছে। অতএব ব্রহ্ম-কারণতাবাদের বিপক্ষে যে
সকল আশক্ষা উত্থাপিত হইয়াছিল, এতাবৎ সে সকল আপত্তিও
খণ্ডিত হইল, ব্রিতে হইবে। ১া৪।১৪।

## [ ব্রহ্ম নিমিত্ত কারণ ও উপাদান কারণ ]

অতঃপর এ বিষয়ে আর একটা আপত্তি উথিত হইতে পারে।
তাহা এই যে, ব্রহ্ম দৃশ্যমান জগতের উৎপত্তি, স্থিতি ও লয়ের
কারণ। এ সিদ্ধান্ত স্থিরতর ইইলেও তিষিয়ে, কিন্তু আপত্তির
অবসান হইতেছে না—তিনি যে, কিরূপ কারণ, তাহা ঐ কথায়
নির্ণীত হইতেছে না। প্রত্যেক কার্য্যের জ্বন্সই দিবিধ কারণ
থাকা আবশ্যক হর। একটা নিমিত্ত কারণ, অপরটা উপাদান
কারণ। যেমন কুল্ককার ঘটকার্য্যের নিমিত্তকারণ, আর মৃত্তিকা
তাহার উপাদানকারণ। এখন জিজ্ঞান্ম হইতেছে এই যে, উল্লে

না, উপাদান কারণ ? যদি তিনি নিমিত্ত কারণ হন, তাহা হইলে বুঝিতে হইবে, কুম্ভকার যেমন ঘট নির্ম্মাণ করিতে মুক্তিকার অপেক্ষা করে, প্রকাও ভেমনই জগৎ-রচনার জন্ম নিশ্চয়ই পরমাণু প্রভৃতি বাহ্য পদার্থের সাহায্য গ্রহণ করেন। এরপ সিদ্ধান স্বীকৃত হইলে. স্থায় ও বৈশেষিকের সঙ্গে বেদান্তের কোনও পার্থক্য থাকে না. অধিকন্ত "একমেবাদ্বিতীয়ং" শ্রুতিরও (অদ্বৈত बारमञ्ज भर्यामा तका शाय ना। शकास्ट्रात, जका यनि घरेनि কার্য্যের মুক্তিকা প্রস্তৃতির ক্যায় অগতের সম্বন্ধে কেবলই উপাদান কারণ হন, তাহা হইলেও আর একটা এমন দোষ উপন্থিত रय, याश्रत नमाधान कतिए क्ट्रेल चरेष्ठवारमत मृत्तरे কুঠারাঘাত করা হয়। উপাদানকারণ মাত্রই জড় পদার্থ: এবং দম্পূর্ণরূপে চেডনের অধীন-চেডনের সহায়তা ব্যতীত সে কোন কার্য্য সম্পাদন করিতে সমর্থ হয় না। মৃত্তিকা বে, কুম্বকারের সাহায্য লাভ না করিলা ঘটোৎপাদনে সমর্থ হয় না, ইহা প্রত্যক্ষ-সিদ্ধ : স্বতরাং জগদ্বৎপত্তির জন্ম বক্ষাকে পরিচালিত করিবার নিমিত্তও অপর একটা শক্তিশালী (চেতন) নিমিত্তকারণের সন্তাব কল্পনা করিতে হয়। তাহা হইলেও <sup>বে</sup>, **अधिमंड अरिवर्जान त्रका भाग्न ना, त्म कथा भूतर्विहे वना हहेग्राहि। অতএব ব্রহ্মকে জগতের নিমিত্তকারণ বলিয়া স্বীকার** করি<sup>রো</sup> কোনমতেই অভিমত অবৈতবাদ প্রমাণিত হয় না, এই অস্কৃতি নিবারণার্থ সূত্রকার বলিতেছেন—

প্রকৃতিক প্রতিকা-বৃহান্তান্তুগরোধার। ১।১।২৩।

পূর্ববক্ষিত ব্রহ্ম যে, জগতের নিমিত্তকারণ, ইহা সর্ববাদি-সম্মতঃ: মুভরাং ভবিষয়ে অধিক কিছু বলিবার আবশ্যক নাই। এখানে এইমাত্র বিশেষ বক্ষবা যে, তিনি জগতের কেবল নিমিত্ত-কারণ নহেন, পরস্তু প্রকৃতিও (উপাদানকারণও) বটে। তিনি যেমন স্বীয় অসীম জ্ঞানশক্তি-প্রভাবে জগতের নিমিত্তকারণ (প্রকৃতিও) হইয়া থাকেন! একই বস্তু যে, নিমিত্ত ও উপাদান, এই উভয়বিধ কারণ হইতে পারে, প্রসিদ্ধ মাকড়দা (লুডাপোকা) তাহার উৎকৃষ্ট উদাহরণ। মাক্ডদা যে, আপনার জ্ঞানশক্তি প্রভাবে স্বীয় শরীর হইতে রাশি রাশি সত্র নিঃসারণ করিয়া জাল প্রস্তুত করে, তাহা সকলেরই প্রতাক্ষসিদ্ধ। সেখানে বেমন একই মাকড়সা সূত্র প্রসব কার্য্যে নিমিত্ত ও উপাদান উভয়বিধ ক্যরণভাব প্রাপ্ত হয়, আলোচ্য ব্রহ্মও বে, ঠিক তেমনই জগৎ রচনাকার্যো—উভয়বিধ কারণতা লাভ করিবেন, তাহাতে আর বৈচিত্র্য কি 📍 এই জন্ম শ্রুতিও মাকড়সার দৃষ্টান্তে উল্লেখ করিয়া একথা সমর্থন করিয়াছেন -

"যথোপনাভি: স্কতে গৃহতে চ,
ধথা পৃথিব্যানোষধয়: সম্ভবন্তি।
ধথা সতঃ পুরুষাং কেশ-লোমানি,
তথাক্ষরাং সম্ভবতীহ শিষম্ ॥ ( মৃত্তক ১।১।৭ )

অর্পাৎ মাকড়সা বেমন স্বশরীর হইতে সূত্র প্রসব করে, এবং নিজেই আবার সেই সূত্র গ্রহণকরে (ডক্ষণকরে), পৃথিবী হইতে বেমন ওবধি সকল (তৃণ-লতা প্রভৃতি) উৎপন্ন হয়, এবং জীবদেহ

হইতে ধেমন কেশ ও লোমসমূহ প্রাপ্তর্ত হয়, তেমনি অক্ষর ব্রহ্ম হইতে দৃশ্যমান বিশ্ব সমূৎপন্ন হয়। উক্ত তিনটা দৃষ্টান্ত ধারা ব্রক্ষের উপাদান-কারণতা সমর্থিত হইয়াছে, অধিকস্ত উর্ণনান্তের দৃষ্টান্ত ধারা ব্রক্ষের নিমিত্তকারণতাও বিজ্ঞাপিত হইয়াছে। একই বস্তু যে, নিমিত্ত ও উপাদান উভয়বিধ কারণ হইতে পারে, এখানে উর্ণনান্তের দৃষ্টান্ত ধারা ভাহাই প্রমাণ করা হইয়াছে।

এক ত্রহ্মই যে, জগতের দিবিধ কারণ, সূত্রকার ছুইটা হৈতু দারা তাহা সমর্থন করিয়াছেন। তন্মধ্যে একটা হেতু—
শ্রুত্বজ্ঞ প্রতিজ্ঞার সার্থকতা রক্ষা, বিতীয় হেতু—শ্রুতি-প্রদর্শিত
দৃষ্টাক্তের ক্রমুপঘাত। ছান্দোগোপনিষদ জগৎ-কারণরাপে ত্রক্ষোর
অনুসন্ধান-পথ প্রদর্শনের জন্য প্রথমেই একবিজ্ঞানে সর্বববিজ্ঞানের উল্লেখ (প্রতিজ্ঞা) করিয়া বলিয়াছেন যে (১), "হে
সোম্য শেতকেণ্টু, তুমি তোমার গুরুর নিকট এমন কোন বিষয়
জিজ্ঞাসা করিয়াছিলে কি, যাহার তত্ত্ব শুনিলে অপর সমস্ত
তত্ত্ব শোনা হইয়া যায়, এবং যাহার তত্ত্ব চিন্তিত ও বিজ্ঞাত
হইয়া যায় ?" ইত্যাদি। চেতন ব্রহ্ম সর্বব জগতের উপাদানকারণ ইইলেই এই একবিজ্ঞানে সর্ববিজ্ঞানের প্রতিজ্ঞা সক্ষত
হইতে পারে, কেবল নিমিত্তকারণ হইলে হইতে পারে না; কারণ,
ঘটের নিমিত্তকারণ কুস্ককারকে উত্তমন্ধপে জানিলে বা শুনিলেও

<sup>(</sup>১) "উত তমাদেশমপ্রাক্ষ: বেনাপ্রতং প্রতং ভবতি, অমতং মতং ভবতি" ইত্যাদি। (ছান্দগ্যোপনিবদ্ ৬)১।৬)

অপর কোন বস্তু—এমন কি, তৎকৃত ঘটটা পর্যাপ্তও জ্বানা-শুনা হয় না ও হইতে পারে না; কেন না, নিমিত্তকারণ ও তৎকার্য্য, উভয়ে পরস্পর সম্পূর্ণ ভিন্ন এবং বিজ্ঞাভীয় পদার্থত হইতে পারে। পক্ষাস্তরে, উপাদানকারণের পক্ষে সে দোষ ঘটে না। উপাদানকারণই যথন কার্য্যাকারে পরিণত হইয়া কেবল স্বতন্ত্র একটা নাম ও আকৃতিমাত্র গ্রহণ করিয়া কার্য্যরূপে (ঘটাদিরপে) পরিচিত্ত হয়, তখন উপাদানকারণকে জানিলে ও শুনিলে, ফলতঃ তৎকার্যাকেও নিশ্চয়ই জনা-শুনা হয়। এই অভিপ্রায় পরিজ্ঞাপনের জন্মই শ্রুতি নিজে ঐরপ দৃষ্টাস্তের অবতারণা করিয়াছেন। যথা—

"বথা সোমৈত্রক মৃৎপিত্তেন সর্বং মূল্লয়ং বিজ্ঞাতং স্থাৎ—বাচারস্তবং বিকারো নামধেয়ং মৃতিকেত্যেব সত্যম্"। (ছালোগা ৬)১।৪)

ইহার তাৎপর্য্য এই যে, একটীমাত্র মূৎপিণ্ড (মৃত্তিকাখণ্ড) জানিলেই যেমন সমস্ত মূল্ময় পদার্থ জানা হয় যে,—মূল্ময় পদার্থ মাত্রই পরমার্থতঃ মৃত্তিকা ভিন্ন আর কিছুই নহে। বিকার বা ঘটাদি কার্য্য কেবল একটা ক্থামাত্র; উহা অসত্য, মৃত্তিকাই উহার যথার্থ স্বরূপ—ইত্যাদি উক্তি উপাদানকারণের পক্ষেই সক্ষত ও সম্ভবপর হয়, নিমিত্তকারণের পক্ষে আদে সম্ভবপর হয়, নিমিত্তকারণের পক্ষে আদে সম্ভবপর হয় না।

এখানে মৃত্তিকাপিও হইতেছে উপাদানকারণ, আর মৃন্ময় —
ঘটাদি বস্তঃ হুইতেছে মৃত্তিকার কার্য্য বা পরিণাম। মৃত্তিকার
ভদ্ধ জানা থাকিলে সহজেই যেমন বুঝিতে পারা যায় যে, মৃন্ময়

বস্তু সকল বস্তুতঃ মৃত্তিকারই রূপান্তরমাত্র—মৃত্তিকা ভিন্ন আর কিছুই নহে, তেমনই জগতের কারণীভূত এক অখণ্ড ব্রক্ষতন্ত্র জানিতে পারিলে, ব্রক্ষ-প্রসূত এই সমস্ত জগৎই পরিজ্ঞাত হওয়া বায়। তখন জানিতে পারা বায় বে, এ জগৎ ব্রক্ষ ব্যতীত স্বতন্ত্র কিছুই নহে; ব্রক্ষই জগদাকারে বিবর্ত্তিত হইয়া আমাদের প্রভাক্ষগোচর হইতেছেন, এবং বিভিন্ন নামে ও রূপে পরিচিত হইতেছেন মাত্র। শুভিপ্রদর্শিত উক্ত প্রভিজ্ঞা (একবিজ্ঞানে সর্ব্ববিজ্ঞান) ও দৃষ্টাস্ত বধাবধরপে আলোচনা করিলে সহজেই বুরিতে পারা বায় বে, ব্রক্ষ কেবল নিমিত্তকারণ নহে উপাদানকারণও বটে। একধার আরও দৃঢ়তা সম্পাদনের নিমিত্ত স্ত্রকার পুনশ্চ বলিতেছেন—

### বোলিক হি গীয়তে। ১।৪।২৭॥

ব্রহ্ম বে, জগতের উপাদান কারণ, এবিষয়ে আর সন্দেহ করিবার অবসর নাই; কারণ, স্বয়ং শ্রুণ উহিলেকে জগতের বোনি বা উপাদানকারণ বলিয়া তারস্বরে ঘোষণা করিয়াছেন, অর্থাৎ ব্রহ্ম বে, জগতের কেবল নিমিত্তকারণমাত্র, তাহা নহে, পরস্তু তিনি উপাদানকারণও বটে। শ্রুণতি বলিতেছেন—

### ঁষদা পশুঃ পশুতে রূম্বর্ণং

কর্ত্তারমীশং পুরুষং ব্রন্ধ বোনিম্''। (মুগুক ৩১)৩) "তদব্যরং বস্ভূতবোনিং পরিপঞ্চন্তি ধীরাঃ"। (মুগুক ১১১)৬)

এই উভয় শ্রুতিভেই এক পুরুষকে 'বোনি' ও 'ভূতবোনি' শব্দে

নির্দেশ করা হইয়াছে (১)। 'যোনি' শব্দ সাধারণতঃ উপাদানকারণেই প্রসিদ্ধ। অতএব শ্রুণতির প্রামাণ্যামুসারে জগৎকারণ
ব্রক্ষকে নিমিত্তকারণ ও উপাদানকারণ—উভয় কারণই বলিতে
হইবে, নচেৎ শ্রুণতির প্রামাণ্যে ব্যাঘাত ঘটে। যুক্তি এবং
দৃষ্টাস্তবারাও যে, ব্রক্ষের উভয়বিধ কারণত্ব সমর্থিত হয়, একথা
পূর্নেবই বলা হইয়াছে। অভএব শ্রুণতি, যুক্তি ও দৃষ্টাস্তামুসারে
এই সিদ্ধাস্তই স্থির হইতেছে বে, জ্বগতের উপাদানকারণ ও
নিমিত্তকারণ— তুইটা বিভিন্ন পদার্থ নহে, পরস্তু একই পদার্থ,
অর্থাৎ এক ব্রক্ষই অন্তের অপেক্ষা না করিয়া উক্ত উভয়বিধ
কারণক্রপে এই বিশাল ব্রক্ষাণ্ড নিশ্মাণ করিয়াছেন (২)। ইথাই
শক্ষর-সম্মত অবৈত্বাদের চৃড়ান্ত সিদ্ধান্ত।

## [ অগৎকারণ-সম্বন্ধে মতান্তর। ]

জগতের কার্য্য-কারণভার লইয়া নায়ে, বৈশেষিক, সাংখ্য, পাতঞ্জল, পাশুপত ও পাঞ্চরাত্র (সাত্বত) প্রভৃতি নিভিন্ন সম্প্রদায়-ভুক্ত প্রায় প্রত্যেক আচার্য্যই স্বভন্তভাবে সমালোচনা করিয়াছেন। তাঁহারা সকলেই এবিষয়ে বিভিন্ন প্রকার সিদ্ধান্তে উপনীত

<sup>(</sup>১) উদ্বৃত চুইটা শ্রুতিৰ অর্থ— জ্ঞানী (পশ্রু ষধন স্মুবর্ণবর্ণ জগৎকর্তা ও জ্ঞাপ-যোনি সেই মহাশক্তি ব্রহ্ম পুরুষকে দর্শন করেন, ইতি।

ধীরগণ যে ভূত-যোনিকে (সর্ক্তৃতের উপাদানকে) সমাক্রপে দর্শন করেন, তিনি অব্যয়—নিবিষ্কার, ইত্যাদি।

<sup>(</sup>২) জারমতামুসারে এক্সকে নিমিত্তকারণ বলিলেও তদতিরিক্ত পরমাণু পুত্তকে উপাদানকারণরূপে স্বীকার করিতে হর। অতএব চুইটা পুথক্ কারণ করনার গৌরব দোল ঘটে আন্তেবাদে তাহা ঘটে না, ইহাই বিশেষ।

ছইয়াছেন, এবং প্রত্যেকেই নিজ নিজ মতের দৃঁঢ়তা সম্পাদনের জন্ম যতদ্র সন্তব শ্রুতি, যুক্তি ও দৃষ্টান্তের অবতারণা করিয়াছেন। সেই সমুদায় মতবাদ প্রসিদ্ধ বেদান্তদর্শনের বিতীয় অধ্যায়ের বিতীয় পাদে বিশেষভাবে আলোচিত ও খণ্ডিত হইয়াছে। আমরা এখানে সে সমুদ্য কথার সার্থমর্ম মাত্র উদ্ভ ও বিবৃত করিতেছি।

প্রথমতঃ মাংহেশ্বর সম্প্রদায়ের (১) কথা বলা ইইতেছে। তাঁহরা বলেন, জগতে পার্টপ্রকার পদার্থ আছে,—কার্য্য, কারণ, যোগ, বিধি ও ছঃখান্ত। কার্য্য অর্থ—মহত্তত্ব হইতে আরম্ভ করিয়া শুল ভূতপর্য্যন্ত যাহা কিছু আছে, তৎসমস্ত। কারণ ছই প্রকার, এক—মূল প্রকৃতি বা 'প্রধান', দিতীয় কারণ ঈশ্বর। যোগ অর্থ—সমাধি, পাত্তপ্রলে যাহা বিস্তৃত ভাবে বর্ণিত আছে। বিধি অর্থ — ব্রেকালিক স্নান হোমাদি অমুষ্ঠান। ছঃখান্ত অর্থ—ছঃশ্বর অত্যন্ত নির্ভি—মুক্তি। পরমেশ্বর পশুপতি পশু-পাশ ছেদনের উদ্দেশ্তে উক্ত পাঁচপ্রকার পদার্থ উপদেশে করিয়াছেন।

পশুপতি (পশু অর্থ — জীব, তাহাদের অধিপতি) ইইভেছেন — পরমেশব। তিনিই জগতের নিমিত্তকারণ, আর মূল প্রকৃতি ইইতেচে জ্বগতের উপাদানকারণ। স্বয়ং পশুপতিই প্রকৃতিতে অধিষ্ঠানপূর্ণবৈক প্রকৃতি দারা জ্বগৎ রচনা করিয়া থাকেন।

<sup>(</sup>১) মাহেশর সম্প্রদার পাঁচ ভাগে বিভক্ত-- শৈব, পাশুপত, কারুণিক, সিদ্ধান্তী ও কাণালিক। ইহাদের মধ্যে আচার ও অমুষ্ঠানে যথেষ্ট পার্থকা আছে।

বোগ-দর্শন-প্রণেতা পতঞ্জলি মুনিও এই কথারই প্রতিধ্বনি করিয়াছেন। তিনিও প্রকৃতিকে জগতের উপাদানকারণ বলিয়া পরমেশ্বরকে তাহার পরিচালক নিমিন্তকারণক্রপে নির্দেশ করিয়াতিনে; স্তৃতরাং এ অংশে মাহেশ্বর মত ও যোগমত সম্পূর্ণ এককরণ। বৈশেষিকদর্শনপ্রণেতা কণাদের মতামুযায়ী পণ্ডিত্রোও সাধারণতঃ এই মতেরই সমর্থন করিয়া থাকেন। তাহারা পরমেশ্বরকে নিমিন্তকারণ, আর পার্থিবাদি পরমাণুপুপ্তকে জগতের উপাদানকারণ বলিয়া নির্দেশ করেন; স্তৃতরাং তাহাদের মতও বেদান্তের অভিন্তন-নিমিন্তোপাদানকারণ-সিদ্ধান্তের বিরোধী। এই সমুদ্র সিদ্ধান্ত এবং এবংবিধ আরও যে সমস্ত সিদ্ধান্ত অগ্রতবাদের বিরোধী বলিয়া প্রসিদ্ধ, সেই সকল মতবাদ খণ্ডনের অভিপ্রায়ে সূত্রকার বেদবাদের বলিয়াছেন—

#### পত্যুরদামঞ্জভাৎ ॥ ২.২।৩৭ ॥

জগৎপতি পরনেশরকে প্রকৃতি বা পরমাণু প্রভৃতির অধিষ্ঠাতৃরূপে (প্রেরক বা পরিচালকভাবে) জগৎকারণ বলিলে বিষম
অসামপ্তস্থা দোষ উপন্থিত হয়। কারণ, পরমেশ্রর যথন রাগঘেষাদিদোষবর্জ্জিত পরম পবিত্র, তখন তাঁহার কার্য্যে এত বৈষম্য
ঘটিতে পারে না; পক্ষান্তরে জগদ্যাপী অনন্ত বৈষম্য দর্শনে
সংক্রেই অনুমান করা যাইতে পারে যে, তিনিও বোধ হয়
আমাদেরই মত রাগ-ঘেষের বলীভূত; সেই কারণেই তিনি এক
জনকে ধনী, অপরকে দরিক্র, এক জনকে রোগী, অপরকে ভোগী
করিয়াছেন। জীবের প্রাক্তন কর্মা-বৈচিত্রোর সহায়ত। লইলেও

এ দোষের পরিহার হয় না; কারণ, প্রথম স্থাষ্টিতে এ দোষ পাকিয়াই যায়॥ ২০২০২৭॥ তাহার পর—

#### অধিষ্ঠানাত্রপপত্তেশ্চ ॥ ২।২।১৯ ॥

পরমেশর দেহেন্দ্রিয়াদি-সম্বন্ধশ্য ও নিক্ষাম। হস্ত-পদাদিবিশিষ্ট সর্ববন্ধন্য কৃত্তকার প্রভৃতি বেরপ মৃত্তিকা প্রভৃতি
উপাদান লইয়া স্বীয় চেষ্টাদ্বারা ঘটাদিকার্য্য সম্পাদন করে,
দেহেন্দ্রিয়াদিসম্পর্কশূন্য অপ্রত্যক্ষ পরমেশ্রের পক্ষে সেরপ
জগৎ-স্প্তিকরা কথনই সম্ভবপর হইতে পারে না। সেরপ কল্পনা
একেবারেই দৃষ্টবিরুদ্ধ, স্তরাং উপেক্ষণীয়। অভএব উল্লিখিভ
সদোষ মতবাদের ঘারা বিশুদ্ধ অবৈত্বাদসম্মত অভিন্ন-কারণবাদ
বাধা প্রাপ্ত হইতে পারে না; স্তরাং পূর্বপ্রদর্শিত ব্রক্ষকারণতাবাদই শ্রুতিসম্মত ও যুক্তিযুক্ত বলিয়া গ্রহণ করা সক্ষত ॥২।২।৩৯৪

পূর্ববপ্রাদশিত মাহেশ্বরাদিসম্মত সিদ্ধান্ত সকল যে কারণে সদোষ বলিয়া গ্রহণযোগ্য হইতে পারে না, সেই কারণেই চতুর্ব্যহবাদী পাঞ্চরাত্র সিদ্ধান্তও গ্রহণীয় হইতে পারে না। তাঁহারা বলেন—

শুভিতে যিনি নির্বিকার নিরঞ্জন একা বলিয়া অভিহিত, তিনিই ভাগবতে ধাহ্মদেব নামে কথিত। ভগবান্ বাহ্মদেবই লগতের একমাত্র কারণ—তিনি ক্ষগতের উপাদান ও নিমিত্তকারণ। তিনি বেমন লাপনার দেহ হইতে বিশাল বিশ্বরাজ্য রচনা করিয়াহেন, ভেমনই আবার আপনি আপনাকে চারিভাগে বিভক্ত করিয়া—বাহ্মদেব, সংকর্ষণ, প্রত্যান্ধ ও অনিরুদ্ধরূপে বিরাজ

করিতেছেন। তাঁহার এক একটা বিভাগকে ব্যুহ বলা হয়।
কোন ব্যুহই ভগবান্ হইতে পৃথক্ বা অতিরিক্ত নহে; এই জন্য
ভগবান্কেও চতুর্গৃহ বলা হয়। উক্ত ব্যুহচতুর্যয়ের মধ্যে
বাহ্ণদেব হইতেছেন—পরমাত্মা পের অক্ষা), সংকর্ষণ হইতেছেন
জাবাত্মা এবং প্রহান্ধ ও অনিক্রন্ধ হইতেছেন— যথাক্রমে মন ও
অহঙ্কার। ভগবান্ বাহ্লদেবই পরবর্ত্তী ব্যুহত্রয়ের প্রকৃতি বা
উপাদানকারণ, অর্থাৎ সংকর্ষণ, প্রহান্ধ ও অনিক্রন্ধ এই তিনটা
ব্যুহই বাহ্লদেব-ব্যুহ হইতে প্রাত্নভূতি হইয়াছেন। ভক্তগণ
দীর্ঘকালব্যাপী অভিগমন, উপাদান ইজ্যা, স্বাধ্যায় ও যোগসাধনাদ্মারা আরাধনা করিয়া সেই ভগবান্ বাহ্লদেবকে প্রাপ্ত
হইয়া থাকেন (১০)। তাহাদের সিদ্ধান্তের বিক্রন্ধে সূত্রকার
বলিয়াছেন—

#### উৎপত্যসম্ভবাৎ ॥ शशाहर ॥

ভাগবতগণ যে, ভগবান্ থাস্থদেবকে সর্বক্ষগতের নিমিত্ত ও উপাদান বলিয়া উল্লেখ করেন, তাহাতে আমাদের কোন আপতি নাই; এবং অভিগমন ও উপাদান প্রভৃতি সাধনা দারা যে, তাঁহাকে প্রাপ্ত হক্তে পারা যায়, তাঁদ্বয়েও অসম্মতি প্রদর্শনের কোন কারণ নাই; কিন্তু তাহারা যে, বাস্থদের হইতে জীবরূপী সক্ষর্ণনের উৎপত্তি ধোষণা করেন, সে কথা কিছুতেই শীকার

<sup>(&</sup>gt;) অভিগমন অর্ধ—বাক্য, দেচ ও মনকে সংযত করিয়া ভগবানের প্রাগ্তে গমন। উপাদান—প্রার স্বব্যসন্তার সংগ্রহ, ইব্যা—প্রা। বাধ্যার—অষ্টাক্ষরাদি মন্ত্রের রূপ। বোগ অর্থ—ধ্যান।

স্করিতে পারা যায় না; কারণ, সেরূপ উৎপত্তি একেবারেই অসম্ভব (১)। উৎপত্তিশালী পদার্থমাত্রই অনিত্য—যাহারই উৎপত্তি আছে, তাহারই ধ্বংস আছে, এ নিয়ম জগতে অখণ্ডনীয় ও অনুমুক্তবনীয়। অতএব সক্ষর্ধণনামধারী জীব যদি সত্যসত্যই বাস্কদেব হইতে সমূৎপন্ন কইত, তাহা হইলে ঘটাদির স্থায় ভাহারও ধ্বংস বা বিনাশ অপরিহার্য্য হইত, এবং অনিত্য জীবের পক্ষে মোক্ষ বা পরলোকগমন উভযুই অসম্ভব হইত।

"নাঝা শ্রতেনিত্যথাচ তাভ্য: ॥" ২ ২।৪২ **॥** 

ইহার পর এই অধ্যায়েরই তৃতীয় পাদে ত্রােদশ-সংখ্যক সূত্রে বিশেষভাবে জীবােৎপত্তি প্রত্যাখ্যাত ইইবে। অতএব কর্ত্তা—জীবন্দরপ সংকর্ষণ যে, বাস্থদেব হট্কতে উৎপন্ন হয়, একথা বিভূতেই সমর্থনযোগ্য নহে॥ ২।২।৪২॥

ভাষাদের মতে কেবল যে, জীবোৎপত্তিই একমাত্র অসম্ভব, ভাষা নহে: পরস্কু—

न ह कर्खः कत्रणम ॥ शशाहक ह

কর্ত্তা হইতে যে, 'করণে'র ( যাগার দারা কার্যা সম্পন্ন হয়, সেই সাধন বস্তুর) উৎপত্তিও শ্রুতিবিক্তন। অভিপ্রায় এই যে,

<sup>(</sup>১) শক্ষরের মতে প্রতির অভিপ্রায় এই বে, জীব পরমাত্মা হইতে— উৎপন্ন হর না ; পরস্ত পরমাত্মাই অস্তঃকরণরূপ উপাধিযোগে জীবভাবে পরিচিত হন। জীব পূর্বেও ব্রহ্মস্বরূপ, এখনও ব্রহ্মস্বরূপ, অ্দূর্ব ভবিষ্যুতেও ব্রহ্মস্বরূপই থাকিবে। এই জ্লুন্তই জীবের উৎপান্তবাদ শহর-সতের বিক্ষা।

ভাগবত-সম্প্রদায়ের লোকেরা যে, কর্তৃত্বরূপ সংকর্ষণ (জীব)
হইতে প্রত্যুদ্ধনামক অন্তঃকরণের (মনের) উৎপত্তি এবং সেই
প্রত্যুদ্ধনামক মনঃ হইতেই আবার অনিরুদ্ধনামক অহন্ধারের
উৎপত্তি বর্ণনা করিয়া থাকেন, একথাও যুক্তিযুক্ত বা দৃষ্টান্তসন্মত হয় না। কারণ প্রত্যেক কর্ত্তাই পূর্ববিদ্ধি কোন বস্তকে
করণরূপে গ্রহণ করিয়া নিজেদের কর্ত্তব্যু কার্য্য সম্পাদন করিয়া
থাকে, কিন্তু এরূপ দৃষ্টান্ত কোথাও দৃষ্ট হয় না য়ে, যাহা দারা
কার্য্যসম্পাদন করিতে হইবে, কর্ত্তাই অগ্রো সেরূপ কোনও
করণবস্তু নির্মাণ করিয়া পশ্চাৎ তাহা দারা কার্য্য সম্পাদন
করিয়া থাকে। কুন্তুকার ঘটনির্মাণকালে পূর্ব্বিদ্ধি দশু প্রভৃতি
উপকরণ (করণ প্রভৃতি) লইয়াই কার্য্যে প্রস্তুত্ত হয়। অতএব
সংকর্ষণ যে, মনঃস্থানীয় প্রত্যুদ্ধকে সমৃৎপাদন করিয়া পশ্চাৎ
স্বকার্য্যে প্রস্তুত্ত হন বলা হইয়াছে, তাহা গ্রহণযোগ্য হইতে
পারে না।

উপরি প্রদর্শিত আপত্তির ভয়ে তাঁহারা যদি বলিতে চাহেন বে, বাহ্নদেববৃহহের ত্যায় অপর চিনটা বৃহত্ত (সংকর্ষণ, প্রভান্ধ ও অনিরুদ্ধ, এই তিন বৃহত্ত) নিত্যসিদ্ধ, এবং প্রত্যেকেই স্বাধীন ও অনন্ত জ্ঞানৈশ্ব্যাদি তুল্যগুণ-সমন্বিত, কেহ কর্শহারও অপেক্ষিত বা অধীনতাপাশে আবদ্ধ নহেন। এ কথার প্রতিবাদরূপে সূত্রকার বলিতেছেন—তাহা হইলেও জগতের উৎপত্তি—কেবল উৎপত্তি কেন, দ্বিতি ও সংহারকার্য্যও অবাধে সম্পন্ন হইতে পারে না; কারণ, কর্তা, করণ ও অহম্বার প্রত্যেকেই মধন

স্বাধীন, তখন কেছই অপরের ইচ্ছামুযায়ী কার্য্য করিতে নাধ্য ছইবে না; ত্বতরাং একমতে কার্য্য করা কখনই সম্ভবপর হইবে না। অধিকস্ত্র এক ঈশ্বর দারাই যখন কার্য্য স্থাসিদ্ধ হইতে পারে, তখন অতিরিক্ত ব্যুহত্রয় স্বীকার করা সম্পূর্ণ অনাবশ্যক ও অসক্ষত্র হইয়া পড়ে, ইত্যাদি দোষবাছল্যবশতঃ এ সকল মতবাদ পরিত্যোগপূর্বক আমাদের অভিমত বিশুদ্ধ অদৈতবাদসম্মত কার্য্যকারণভাব গ্রহণ করাই সম্পত ও সমীচীন।

আচার্য্য শক্কর উক্ত ভাগবতসম্প্রদায়ের সিদ্ধান্ত সম্বন্ধে আরও অনেকপ্রকার অসামঞ্জন্ত-দোষ প্রদর্শন করিয়া ঐ মতের অসারতা জ্ঞাপন করিয়াছেন। সে সকল কথা শাক্করভান্ত মধ্যে অতি সরল ভাষায় বিস্তৃতভাবে বিবৃত রহিয়াছে, আবশ্যক মনে করিলে, জিজ্ঞান্ত পাঠকবর্গ তাহা দেখিলেই নিঃসন্দেহরূপে সমস্ত কথা জানিতে পারিবেন। (২।২।৪৪)।

# [ ভূতসৃষ্টি ও ভৌতিক সৃষ্টি ]

এ পর্যান্ত যে সমস্ত বথা বলা হইয়াছে, তাহা দারা প্রমাণিত হইল যে, ব্রহ্মই জগতের একমাত্র কারণ। কুস্তকার যেরপ ঘটকার্য্যের কারণ ছিকার্য্যের কারণ (উপাদান), ব্রহ্ম সেরপ কারণ নহেন, তিনি এককই নিমিত্ত উপাদান উভয়প্রকার কারণ। মাকড্সা যেমন স্থীয় চৈতত্ত্যের সাহায্যে স্বশরীর হইতে সূত্র নিজ্ঞাসনপূর্বক জাল নির্ম্মাণ করে, পরমেশ্রও ঠিক তেমনই স্থীয় চৈতত্ত্যবলে শরীরস্থানীয় নিজ মায়া দারা জড় জগৎ নির্মাণ করিয়া শাকেন; স্থ্রাৎ তিনি কেবল

নিমিত্তকারণ বা উপাদানকারণমাত্র নহেন, পরস্ত উভয়বিধ কারণ-রূপেই স্প্রেকার্য্য নির্বাহ করিয়া থাকেন।

### [ আকাশেব উৎপত্তি ]

অ : পর তাঁহার সৃষ্টিকার্য্যের বিষয় বিশ্লেষণ কবা আবশ্যক হইতেছে, অর্থাৎ পরিদৃশ্যনান ব্রহ্মাণ্ডমধ্যে স্থূল, সূক্ষ্ম, ছোট বড় যাহা কিছু আছে বা থাকিতে পারে, তৎসমস্তই কি ত্রন্ধ হইতে উৎপন্ন হইয়াছে ? সথবা তাঁহা হইতে অনুৎপন্নও কিছু আছে ? এই প্রশ্নের মামাংসা করিতে হইলে, অগ্রে অমুকুল ও প্রতিকৃল শ্রুতিবাক্য এবং স্থায়সম্মত যুক্তিতর্কের আলোচনা করিতে হয়, নচেৎ প্রকৃত সিদ্ধান্তে উপনীত হইতে পারা যায় না। কেবলই শ্রুতি বা কেবলই যুক্তি দারা এ তত্ত্বে স্বরূপ নির্দ্ধারণ করা সম্ভবপৰ হইতে পাবে না, হইলেও তাহা সংশয়শূন্ত সিদ্ধান্ত-রূপে গ্রহণযোগ্য হইতে পারে না: এইজন্য আবশ্যকমতে যথা-সম্ভব শ্রুতি ও যুক্তি চর্কের সহায়ত। লইতেই হয়। বলা বাত্ল্য যে, শ্রুতিনিরুদ্ধ যুক্তি সভাবতই তুর্বল; তাদুঁশ যুক্তি কখনই তত্ত্বনির্ণয়ের পক্ষে পর্য্যাপ্ত উপায় নহে; স্কুতরাং শ্রুতির প্রতিকৃলে উত্থাপিত যুক্তিতর্ক সর্ববেত্রই অনাদৃত ও উপেক্ষিত হইয়া থাকে। এই বিচারপ্রসক্ষে সূত্রকার প্রথমেই আকাশের উৎপত্তি সম্বন্ধে আলোচনা করিতে যাইয়া, আপত্তিছ্পলে বলিয়াছেন-

#### न विद्रमञ्जलकः । २।०।১ ॥

পঞ্জুতের মধ্যে আকাশ সর্বাপেকা বৃহত্তম, এবং সূক্ষা ও নিরবয়ব বলিয়া প্রসিদ্ধ। নিরবয়ব দ্রব্যের কোথাও উৎপত্তি দেখা যায় না, এবং যুক্তিদারাও তাহা সমর্থন করা যায় না।
বিশেষতঃ উৎপত্তিপ্রকরণে আকাশের উৎপত্তিবাধক কোন শ্রুতিবাক্যও দেখা যায় না। ছান্দোগ্যোপনিষদে কেবল তেজঃ, জল ও পৃথিবী এই ভূতত্রয়ের মাত্র উৎপত্তি বণিত আছে—"তদৈক্ষত বহু ত্যাং প্রজায়েয়। তৎ তেজোহস্জত" অর্থাৎ পরমেশ্বর (স্থিবিবয়ে) ইচ্ছা করিলেন; ইচ্ছার পর প্রথমেই তেজঃ স্থি করিলেন। এখানে আকাশ ও বায়ুস্থির কোন কথাই নাই, সাছে কেবল তেজঃ প্রভৃতি ভূতত্রয়ের উৎপত্তির কথা। স্বত্তএব আকাশের উৎপত্তি বিষয়ে শ্রুতি যথন নির্বাক্, কোনও অনুকূল মত প্রকাশ করিতেছেন না, এবং কোন যুক্তিও তাহা সমর্থন করিতেছে না, তথ্য বৃথিতে হইবে, আবাশ পঞ্চভূতের মধ্যে উৎপত্তিবিনাশ্রিহীন নিত্যসিদ্ধ একটা দ্রব্য পদার্থ (১) ॥

<sup>(</sup>১) বৌদ্ধ সম্প্রদাধ আকালের অন্তিওই স্বীকাব করে না। তাহারা উহাকে অবস্ত্র - অভাবমাত্র বলিয়া বর্ণনা করেন। নৈয়ায়িকগণ আকালকে নিত্যসিদ্ধ একটা ক্রব্যপদার্থ বলিয়া স্বীকার করেন। তাহারা আকালের উৎপত্তি না ১৯বার পক্ষে এইরূপ যুক্তি দিয়া থাকেন যে, সাধারণতঃ দ্রব্যোৎপত্তি সম্বন্ধে নিরম এই যে, প্রথমে কতক শুলি অবয়্রব পরম্পর সংযুক্ত বা মিলিত. হয়, পরে সেই সংযোগের ফলে একটা কার্য্য অবয়বী উৎপত্ম হয়, কিন্ধ যাহার অবয়ব নাই, তাহার পক্ষে আরম্ভক অবয়বের অভাবে উৎপত্তি বা অবয়বীয়পে আবিভূতি হওয়া সম্ভব হয় না। আকাশ নিরবয়ব পদার্থ, অবয়ব না থাকাতেই আকালের উৎপত্তি অযৌক্তিক ও অসম্ভব হয়। অতএব আকালের উৎপত্তি হইতে পারে না, উহা একটা নিত্য পদার্থ।

(২।১।১)॥ এই কল্লনার বিপক্ষে সূত্রকার নিজের অভিনত বলিতেছেন—

### অন্তি তু॥ হাএহ॥

তোমরা যে, বলিতেছ আকাশের উৎপত্তিপ্রকাশক কোন শ্রুতিবনন নাই, সেকথা সতা নহে। অপরাপর ভূতের আর লাকাশেরও উৎপত্তিবোধক স্পান্ট শ্রুতিবাকা রহিয়াছে। যদিও ছান্দোগ্যোপনিষদে আকাশোৎপত্তির কোন কথা নাই সত্যু, তথাপি আকাশের অমুৎপত্তি বা নিত্যতা সিদ্ধ হইতেছে না; কারণ. তৈতিরীয় শ্রুতিতে আকাশোৎপত্তি সম্বন্ধে স্পান্ট উপদেশ রহিয়াছে। সেধানে অআ্য ভূতের সঙ্গে আকাশেরও উৎপত্তি-বার্তা বিঘোষিত হইয়াছে। যথা—

° তন্ত্ৰালা এতন্ত্ৰালাথ্যন আকাশ: সমূতঃ, আকাশালায়ুঃ, বারোরগিঃ, অধ্যেরাপঃ, অন্তঃ: পৃথিবী° ইতি।

সেই পরমাত্মা পরমেশ্বর হইতে আকাশ উৎপন্ন হইল, আকাশ হইতে বায়ু, বায়ু হইতে তেজঃ, তেজঃ হইতে জল এবং জল হইতে পৃথিবী সমুৎপন্ন হইল।

এখানে ত স্পান্টাক্ষরেই আকাশকে পরমাত্মা হইতে 'সস্কৃত্র' বলা হইয়াছে। স্বয়ং শ্রুতিই যখন আকাশের উৎপত্তি কথা কীর্ত্তন করিতেছে, তখন ওদিরোধী যুক্তিতর্কের কোন অবসরই নাই। আকাশ নিরবয়ন; স্মৃতরাং ওদারম্ভক অবয়বেরও অভাব; অব্যবের অভাব নিবন্ধনই আকাশের উৎপত্তি সম্ভবে না, ইত্যাদি যুক্তিও এখানে কার্য্যকরা বা সকল হইতে পারে না; কারণ, আকাশ বে, সত্য সতাই নিরবয়ব, এ বিষয়ে কোন প্রমাণ নাই।
আকাশ বস্তুতই নিরবয়ব হইলে উক্ত শ্রুতি কথনই অসংকোচে
উহার উৎপত্তি ঘোষণা করিত না। অতএব শ্রুতির উপদেশ
হইতেই জানা যায় যে, আকাশ নিরবয়বও নহে, এবং স্বতঃনিদ্ধ
নিত্তা পদার্থত নহে। উহা উৎপত্তিবিনাশশীল জন্য পদার্থনাত।

অবশ্য, এখানে একটা আশক্ষা ২ইতে পারে যে, চান্দোগোপ-নিষদে সাক্ষাৎসম্বন্ধে প্রমেশ্বর হইতেই তেজঃপ্রভৃতি ভূতত্রয়ের উৎপত্তি বার্ত্তা কথিত আছে, কিন্তু তৈত্তিরীয়োপনিষদে বায়ু হইতে তেজের উৎপত্তি বর্ণিত হইয়াছে: স্বতরাং উভয় উপনিষ্দের কথা ় পরস্পরবিরুদ্ধ হইতেছে. বিরুদ্ধ বাক্যম্বয় কখনই প্রমাণরূপে গ্রহণীয় হইতে পারে না। ঐ বাক্যন্বয়ের প্রামাণ্য রক্ষা করিতে হইলে, অত্যে ঐ বিরোধের পরিহার করা আবশাক হয়। কিন্তু সে বিরোধ-পরিহারের উপায় কি 📍 এডড়ন্ডরে আচার্য্যাণ বলেন, তৈত্তিরীয় ও ছাল্লোগোপনিষদের উক্তিতে আপাতত: ্রে বিরোধ লক্ষিত হয়, বাস্তবিকপক্ষে ভাষা বিরোধই নয়। সামান্য প্রণিধান করিলেই উভয় শ্রুতির সামগ্রুস্য রক্ষা করা ষাইতে পারে। মনে কর পরমেশ্বর যদি প্রথমে আকাশ ও বায়ুরূপ প্রকটিভ করিয়া পশ্চাৎ তেজঃস্প্তি করিয়া থাকেন, তারা হইলেও, তাঁহাকে তেজের স্ষ্টিকর্ত্তা নলিতে কোনও আপত্তি ছইতে পারে না। তৈত্তিরীয় উপনিষদ দেই অভিপ্রায়েই আকাশ ও বায়ুস্তির পর তেজঃস্টির কথা বলিয়াছেন, আর हात्मारगार्भानवम् व्याकाम ७ वायू स्ट्रिय कथा ना विलया अथरमरे

পরমেশর হইতে তেজঃস্প্তি বর্ণনা করিয়াছেন। উভয় পক্ষেই পরমেশ্বরের স্প্রিকর্তৃত্ব প্রথাণিত হইতেছে। বিশেষতঃ স্প্রেকর্তা-রূপে ব্রহ্মপ্রতিপাদন করাই ছান্দোগ্যোপনিষদের প্রধান উদেশ্য, স্প্তিক্রম প্রতিপাদন নছে। আকাশ ও বায়ু ব্যাপক পদার্থ হইলেও অতি সৃক্ষমতানিবন্ধন সাধারণের অপ্রত্যক্ষ: তত্ত্ভয়ের ম্বরূপ ও উৎপত্তি প্রভৃতি বিষয়গুলি মভাবতই দুর্কোধ্য ও সংশয়সক্ষুল: স্বতরাং সেরূপ ড:ব্রাধ্য পদার্থের শৃষ্টি ধরিয়া তৎকর্তারাপে ব্রহ্মতত্ত পরিজ্ঞাপন করা, অথবা তাহা হৃদযুক্তম করিয়া দেওয়া সহজসাধ্য নহে: এইজন্ম শিষ্যের বোধ সৌকার্য্যর্থ ই শ্রুতিতে ঐ চুইটা ভূতের স্বাষ্টকথা উল্লেখ না করিয়া প্রথমেই তেজঃস্প্রির কথা অভিহিত হইয়াছে, আর তৈতিরীয় শুভিতে উল্লিখিত আশকা না করিয়া স্মষ্টিচক্রের ক্রমসিদ্ধ ধারা অনুসারে পর পর যথাক্রমে আকাশাদি পঞ্ছতের হুষ্টি-কথা বৰ্ণিত হইয়াছে: অতএৰ উল্লিখিত শ্ৰুতিম্বয়ের মধ্যে প্রকৃত পক্ষে বিরোধ কিছুই নাই। অভিপ্রায়ভেদে একই কথা যে, বিভিন্ন-প্রকারে বলিতে পারা যায়, ইহা সর্ববাদিসমত (১)। উক্ত ঘুইটী স্প্রিবাক্যেও সেই চিরন্তন পদ্ধতি অমুসারেই নির্দেশ-ক্রমে মাত্ৰ পাৰ্থক্য ঘটিয়াছে, প্ৰকৃত তাৎপৰ্য্য অব্যাহতই আছে।

<sup>(</sup>১) তাৎপর্য্য এই যে, অক্সান্ত প্রতির সহিত একবাক্যতা করিরা বৃথিতে হউবে যে, ছান্দোগ্য প্রতিতেও "তৎ তেলঃ অস্তল্কত" এই কথার অর্থো "আকাশং বাযুং চ স্ট্রা" এই অম্তক্ত অংশটুকু পূরণ করিরা বিতৈ হউবে। ভাষা হউকেট উভয় প্রতির সামশ্বত হইরা বার।

ব্দতএব ঐ প্রকার উক্তি বিরোধব্যঞ্জক বা অসামঞ্চত্তপূর্ণ অপ্রমাণ নহে। (২াতা২)॥

আকাশোৎপত্তির পক্ষে আরও একটী যুক্তি এই যে, ছান্দোগ্য শ্রুতিতে প্রথমে একবিজ্ঞানে সর্ববিজ্ঞানের প্রতিজ্ঞা করা হইয়াছে: পরে সেই প্রতিজ্ঞাত বিষয়টী সমর্থনের জন্ম উদাহরশ-চ্ছলে বলা হইয়াছে যে,, কাৰ্য্যমাত্ৰই কাৰণ হইতে অপুথক্ বস্তু, অর্থাৎ উপাদানকারণই বিভিন্ন কার্য্যাকারে প্রকটিত হইয়া ভিন্ন ভিন্ন নাম প্রাপ্ত হয়। কোন কার্যাবস্তুই স্ব স্ব কারণন্তব্য হইতে অতিরিক্ত নহে: শুতরাং কারণবস্তুটা জানিতে পারিলেই ভত্নৎপন্ন (তৎকার্য্য) নিখিল বস্তু জানা হইয়া যায়। ব্রহ্মাই জগতের একমাত্র কারণ: স্বভরাং ব্রহ্মকে জামিতে পারিলে ওৎকার্য্য নিখিল জগৎই পরিজ্ঞাত হইতে পারে। আকাশ যদি ত্রনা হইতে উৎপন্ন না হইত, উহা যদি ত্রকোরই মত নিতাসিদ্ধ স্বতন্ত্র বস্তু হইত, তাহা হইলে, ব্রহ্মকে জানিলেও আকাশ বিজ্ঞানের কোনই সম্ভাবনা থাকিত্না: কারণ, আকাশ ত একা হইতে উৎপন্ন-ব্রহ্মকার্যা নহে। অতএব শ্রুতিপ্রদর্শিত উক্ত প্রতিজ্ঞা-রক্ষার অমুরোধেও আকাশের উৎপত্তি অঙ্গীকার করিতে হয়, নচেৎ শ্রুতির প্রতিজ্ঞাভূত্ম দোষ ঘটে। এই সভিপ্রায়ই সূত্রকার—

প্রতিজ্ঞাহহানিরব্যতিরেকাচ্চকেডা: ॥ ২৷৩.৬ ॥

সূত্রহার। পরিক্ষারভাবে বুঝাইয়াছেন। এই সূত্রের ব্যাখ্যা উপরেই বিশদভাবে বিবৃত করা হইয়াছে, আর অধিক কিছু বলিবার নাই॥২।৩।৬॥ ছান্দোগ্য শ্রুতিতে উল্লেখ না থাকিলেও, যে সকল কারণে আকাশের উৎপত্তি সমর্থন করা হইল, সেই সকল কারণেই বায়ুর উৎপত্তিও সমর্থিত হইয়াছে বৃঝিতে হইবে। সেইজ্বল্য সূত্রকার অধিক কথা না বলিয়া সংক্ষেপতঃ বলিয়াছেন—

### এতেন মাতরিখা ব্যাখ্যাত: ॥ ২।৩।৮॥

অর্থাৎ যদিও ছান্দোগ্য শ্রুতিতে বায়ুর উৎপত্তিকথা বর্ণিত না পাকুক, এবং যদিও কোন কোন শ্রুতিবাকো বায়ুর অমুৎপত্তিসূচক 'অনস্তমিত' প্রভৃতি শব্দের উল্লেখ দৃষ্ট হউক, তথাপি বায়ুর
নিত্যতা সম্ভাবনা করা যায় না। কারণ, ছান্দোগ্যশ্রুতিতে বায়ুর
উৎপত্তিকথা না থাকিলেও তৈত্তিরীয়শ্রুতিতে এবং অন্যান্ম শ্বনে
বায়ুর উৎপত্তি সংবাদ স্পস্ট কথায় উপদিষ্ট হইয়াছে। তাহার পর
বায়ুর উৎপত্তি অনভিপ্রেত হইলে একবিজ্ঞানে সর্ববিজ্ঞানের
প্রতিজ্ঞাই রক্ষা পায় না, এই সমুদ্য় কারণে, ছান্দোগ্যের মতেও
বায়ুর উৎপত্তি অবশ্যই স্বীকার করিতে হইবে। আকাশ হইতে
বায়ুর বায়ু হইতে তেক্সের, তেক্স হইতে জলের এবং জল হইতে
সর্ববিন্দি পৃথিবার উৎপত্তি হইয়া থাকে (১)। এখানে স্মরন
রাখিতে হইবে যে, জড়ম্বভাব আকাশ বায়ু প্রভৃতি ভূতবর্গ স্বয়ং
স্বাধীনভাবে কোন কিছুই স্প্তি করিতে পারে না, এবং করেও না,
পরম্ব "তদভিধ্যানাদেব" (২০০১০) অর্থাৎ সেই সর্বজ্ঞ সর্বশক্তি
পরমেশ্বই সংকল্পপূর্বক আকাশাদিরূপে প্রকটিত হইয়া পরবর্ত্তী

<sup>(</sup>১) তেজঃপ্রভৃতি ভূতত্রের কথা বিত্তার অধ্যাবের ভূতীর পাদের ১০—১৩শ প্রত্রে বণিত আছে।

ভূতসমূহ স্থাপ্তি করিয়া থাকেন (১); স্থতরাং পরমেশ্রের বিশ্বন্ধনীন কর্তৃত্ব কোথাও ব্যাহত হইতেছে না (২) । ২০০১৫ ॥

### [ আলোচনা ]

স্পৃত্তিতত্ব আলোচনা করিতে বসিলে প্রথমেই আকাশের কথা মনে পড়ে। কোন কোন দার্শনিক পণ্ডিত আকাশকে উৎপত্তি-বিনাশবিহীন নিত্যপদার্থ মধ্যে গণনা করিলেও বৈদান্তিকগণ তাহা স্বাকার করেন নাই। তাঁহারা আকাশকেও পৃথিবী প্রভৃতির স্থায় উৎপত্তি-বিনাশশীল একটা অনিত্য পদার্থ বলিয়া গ্রহণ করিয়াছেন। বৈদান্তিকগণ আকাশের উৎপত্তি স্থাকার করিলেও আপাতজ্ঞানে তাহা যুক্তিসন্মত্ত মনে হয় না। কারণ,

<sup>(</sup>১) "শ্বরমেব প্রমেখবঃ তেন তেনাত্মনাবতিষ্ঠিমানে'ছ'ভধ্যাবন্ তং তং বিকারং স্থান্তীতি" শাক্ষব ভাষ্য।২।৩।১৩।

<sup>(</sup>২) এন্থলে আর একটা বিষয় আলোচনাব যোগা। তাহা এই—পঞ্চাত্তর স্বান্ধ বৃদ্ধি, মন, প্রাণ ও ইন্দ্রিরগণও শ্রুতিপ্রসিদ্ধ এবং ব্যবহারসিদ্ধ; স্থাতবাং উহাদেরও ইংপ্তিক্রম চিন্তা করা আবশ্রক। তহন্তবে বক্তব্য এই বে, বৃদ্ধি, মন, প্রাণ ও ইন্দ্রিরগণ যদি ভৌতিক হয়, তবে ত ভূতোৎপস্তিক্রমেই উহাদেবও উৎপত্তি স্বীকাব করিতে হইবে। যেমন আকাশের সান্দ্রিশংশ হইতে প্রাক্তব সান্দ্রিশংশ হইতে ত্বতাক্রমে চক্ষ্ম, ভিহ্বা ও নাসিকার উৎপত্তি। এইরপ প্রাণ ও কর্মেন্দ্রিয়গণের ও পঞ্চাত্তব রাশ্মিক অংশ হইতে উৎপত্তি হইবে। আর ঐ সকল বস্তু যদি ভৌতিক না হয়, তবে ভূতোৎপত্তির অত্যে বা পশ্চাৎ স্বভন্ম ভাবে ঐ সকল ইন্দ্রিরের উৎপত্তি কর্মনা করিয়া লইতে হইবে। ইহাই অবৈত্বাদের সিদ্ধান্ত।

আকাশ নিরংশ বা নিরবয়ব; সাবয়ব পদার্থই অবয়বসমূহের পারস্পরিক সংযোগের ফলে একটা শ্বভন্ত বস্তরূপে উৎপন্ন হইয়া থাকে। আকাশ যখন নিরবয়ব, তখন তাহার সম্বন্ধে অবয়ব-সংযোগ কল্পনাই করা যায় না; অবয়বসংযোগ বাতীত কোন বস্তুই শ্বতন্ত অবয়বিরূপে উৎপত্তি লাভ করিতে পারে না; পারে না বলিয়াই আকাশকে উৎপত্তিশীল বলিতে পারা যায় না। বিশেষতঃ ছান্দোগ্যোপনিষদের যে স্থানে স্প্তিত্ব কথিত আছে, সেখানে কেবল তেজঃ, জল ও পৃথিবীর উৎপত্তিশাত্র বর্ণিত হইয়াছে, বায়ু বা আকাশের নামগন্ধ পর্যান্ত নাই। অভএব শ্রুতি ও মুক্তিবিরুদ্ধ আকাশেহপত্তি বৈদান্তিকগণের অভিমত হইলেও সমর্থন করা যাইতে পারে না।

এ কথার উত্তরে বৈদান্তিকগণ বলেন, যদিও আপাতজ্ঞানে আকাশের উৎপত্তি অসম্ভব বলিয়া মনে হউক..এবং যদিও উপরি উক্ত নিয়মানুসারে যুক্তিবিরুদ্ধ বলিয়া কল্লিড হউক, অধিকস্ত শুতিবিরুদ্ধ বলিয়াও বিবেচিড হউক, তথাপি, আন্সাদের দিন্ধাস্তে সন্দেহ করা সম্ভত হয় না। কেন না, আপাতজ্ঞান কথনই প্রমাণরূপে গণনীয় হইতে পারে না। আপাতজ্ঞান প্রায়ই শুমিশ্রিড হইয়া থাকে; স্তরাং ভাহাঘারা কথনই সভ্যাসভ্য নির্ণীত হয় না। ঘিতীয়তঃ আকাশ অভি সৃক্ষান দৃষ্টির অভীত সভ্য, কিন্তু সেইজন্মাই যে, নিরংশ বা নিরবয়ব হইবে, ভবিষয়ে প্রমাণ কি প্রার দর্শনের অগোচর হইলেই যদি ক্সত্রকে নিরবয়ব ও

বলিয়া স্বাকার করা আবশ্যক হয় ? অথচ বায়ুব সাবয়বন্ধ অনুভব-সিদ্ধ ও সর্ববদম্মত। কাজেই বলিতে হয় যে, উপরোক্ত যুক্তিটা সদ্যুক্তি নয়; স্তরাং তাহা দারা আকাশের নিরবয়বন্ধ প্রমাণিত হয় না, এবং আকাশের উৎপত্তিবাদও ব্যাহত হয় না।

তাহার পর শ্রুতির কথা। শ্রুতি শব্দপ্রধান শান্তা নহে, জাবপ্রধান শাস্ত্র। এই জন্ম শ্রুতির অর্থ গ্রহণ করিবার পূর্বের ভাৎপর্য্য বা অভিপ্রায় অবধারণ করা আবশ্যক হয়। শ্রন্তি আপনার অভিপ্রেত অর্থ প্রকাশ করিবার জন্ম যেখানে যতটুকু অবান্তর কথার অবতারণা করা আবশ্যক বোধ করেন, সেখানে ভদধিক কোন কথা বলেন না, ইহাই শ্রুণ তির স্বভাব। উল্লিখিত ছান্দ্যোগ্য শ্রতি অবয় ব্রশাত্ত প্রতিপাদনের অভিশ্রীয়ে প্রথমে একবিজ্ঞানে সর্ববিজ্ঞান হয়, অর্থাৎ একটা বস্ত্র জানিলেই অপর সমস্ত বিষয় জানা হয়, এইরূপ প্রতিজ্ঞাবাক্যের অবতারণা করিয়াছেন। পরে সেই প্রতিজ্ঞারই সমর্থনকালে আবশ্যকমতে তেজ:, জ্ল ও পৃথিণী স্ষ্টির কথামাত্র বিবৃত কারয়াছেন, অনাবশ্যক বা অনুপযোগী বোধে বায় ও আকাশের উৎপত্তিকথা বলেন নাই; ইহার দ্বারা ক্থনই তৈত্তিরীয় উপনিষদের স্পর্ফ কথায়-উপদিষ্ট আকাশোৎপত্তির সংবাদ অপ্রমাণ বা উপেক্ষিত হইতে পারে না। সেখানে ভত-স্টির কথাই প্রধান। ক্রহ্ম হইতে যে, সমস্ত ভূতের উৎপত্তি হইয়াছে, তাহা প্রতিপাদনের উদ্দেশ্যেই প্রধানত: ঐ প্রকরণ আরব্ধ হইয়াছে : স্কুর্তরাং সেখান্-কার কথা ( আকাশ ও বায়ুৎপত্তির কথা ) কখনই অপ্রমাণ হইতে

পারে না। অতএব আলোচ্য আকাশোৎপত্তির কথা কোনমতেই বিরুদ্ধ হইতেছে না। অতঃপর জীবাত্মার নিত্যানিত্যভাব সম্বন্ধে আলোচনা করা হইতেছে।

# [ আত্মার উৎপত্তি-চিন্তা ]

সর্ববাপেক্ষা বৃহৎ এবং সূক্ষ্ম ও নিরবয়ব বলিয়া প্রসিদ্ধ আকাশের উৎপত্তিও যখন শ্রুতিও যুক্তিভারা সম্ভাবিত ও সমর্থিত হইল, তখন সহক্রেই আশকা হইতে পারে যে, জীনাত্মারও উৎপত্তি আছে কি না ? ব্যবহারক্ষেত্রে আত্মার জন্ম ও মরণ স্থাসিদ্ধই আছে; শান্ত্রেও অমুকূল প্রতিকূল চুই রক্ষ্ম কথাই আছে। এই কারবে মনে হয়—আকাশাদি ভূতের ন্যায় জীবাভাবিও উৎপত্তি ও বিনাশ নিশ্চয়ই আছে। তথচ দেহের সঙ্গে সঙ্গে জীবাত্মার উৎপত্তি ও বিনাশ স্বীকার করিলে পারলোকিক কর্মাফল ভোগ করা সম্ভবপর হইতে পারে না। এই আশকায় সূত্রকার বলিতেছেন—

# নাশ্বাহশতেনিত্যথাক তাভ্য:॥ ২।০।১৭ ॥

দেহেন্দ্রিয়াদির অধ্যক্ষ বা পরিচালকরপে প্রসিদ্ধ যে, চেতন আত্মা, তাছারই নাম জীব বা জীবাত্মা। স্তির প্রারম্ভে জাকা-শাদি পঞ্চত্তের যেরূপ উৎপত্তি হইয়া থাকে, জীবাত্মার সেরূপ উৎপত্তি হয় না, এবং দেহের উৎপত্তি বা বিনাশের সঙ্গেও তাছার উৎপত্তি বা বিনাশ হয় না, ছইতেও পারে না। কারণ, শ্রুভি দেরূপ কথা বলে নাই। শ্রুভি আকাশেরই উৎপত্তির কথা বলিয়াছেন, কিন্তু কোথাও জীবের উৎপত্তিকথা বলেন নাই; এবং

যুক্তি ঘারাও তাহা সমর্থিত হয় নাই, বরং শ্রুতির উপদেশ

অনুসারে বিচার করিতে গেলে জীবের অনিত্যতা দূরে থাকুক,
নিত্যতাই প্রমাণিত হইয়া পড়ে। আমনা পুর্নেই বলিয়াছি যে,
অপ্রত্যক্ষবিষয়ে শ্রুতির প্রামাণ্য সর্বরাপেক্ষা বলবৎ; স্কৃতরাং

শ্রুতিবিরুদ্ধ কোন তর্কই সে স্থলে সাফল্য লাভ করিতে পারে না।
আত্মার সম্বন্ধে শ্রুতি বলিতেছেন — জীবাপেতং বাব কিলেদং

শ্রিয়তে ন জীগে শ্রিয়তে" হর্পাৎ জীবপরিত্যক্ত এই দেহই মরে,
কিন্তু জীব মরে না। "হ্রুজা নিতাং শার্পাছে।হয়ং পুরাণং" এই
আত্মা জন্মরহিত (হ্রুজ), নিত্য নির্বিকার ও চিরন্তন। "ন

জায়তে শ্রিয়তে বা বিপশ্চিৎ" হ্র্যাৎ সর্বব্রস্থন। এই শ্রীক্ষা জন্মেও
না, মরেও না ইত্যাদি।

বিশেষতঃ জীব ত কখনও ব্রহ্ম হইতে ভিন্ন স্বহন্ত্র পদার্থ নহে।
আকাশ যেরপ ঘটশরাবাদি উপাধিযোগে বিভিন্ন নামরপ প্রাপ্ত
হয়, সেইরপ দেহে দ্রিয়াদি উপাধিসম্বন্ধবশতঃ এক ব্রহ্মই বিভিন্ন
জীবরূপে প্রকটিত হন। শ্রুতি বলিয়াছেন—"একো দেবঃ সর্ববভূতের গ্র্ডঃ সর্বব্যাপী সর্ববভূতান্তরাত্মা।" সর্বব্যাপী ও সর্ববভূতের অন্তরাত্মা একই দেব (পরমাত্মা) সর্ববভূতের অভ্যন্তরে
নিহিত্ত আছেন, এবং "স বা এষ ইহ প্রবিন্ত আনখাগ্রেভাঃ,"
সেই এই পরমাত্মা এই দেহমধ্যে নখের অগ্রভাগ পর্যান্ত সর্বব্র
প্রবিন্ত আছেন। এই সকল শ্রুতিবাক্য আলোচনা করিলে
বেশ ব্রিতে পারা যায় যে, জীব ও ব্রহ্ম একই পদার্থ।

ব্রহ্মই উপাধিযোগে জীবসংজ্ঞা লাভ করিয়া থাকেন। জীব-ব্রহ্ম-বিভাগ কেবল ঔপাধিকমাত্র, উপাধি যতক্ষণ, এই বিভাগও ততক্ষণ। উপাধিবিনাশের সঙ্গে সঙ্গে এই বিভাগও বিলুপ্ত হইয়া যায়—জীবের জীবভাব ঘুচিয়া যায়, ব্রহ্মভাব ফুটিয়া উঠে। অভএব আজার উৎপত্তিকল্পনা যক্তিবিরুদ্ধ ও শাস্ত্রবিগর্হিত।

এখানে এ কথাও বলা আবশ্যক যে, উৎপত্তিশীল পদার্থমাত্রই ধবংশের কবলে পতিত হয়। আত্মা উৎপত্তিশীল হইলে
নিশ্চয়ই ধবংশের অধীন হইত; তাহা হইলে ধবংসের কবলীকৃত
আত্মার পক্ষে মৃক্তিকামনা ও ততুদ্দেশ্যে কঠোর সমাধিসাধনা
প্রভৃতি উপায়ানুষ্ঠান সমস্তই ফিল হইয়া যাইত। এই সমৃদয়
কারণে বলিতে হয় য়ে, আকাশাদির তায় আত্মার উৎপত্তি বা
বিনাশ কখনই সম্ভবপর হয় না, ও হইতে পারে না। ২।৩)১৭ য়

# [ আত্মার স্বরূপ বিচার ]

উপরি উক্ত হেতুবাদে এবং শাস্ত্রার্থ দৃষ্টে এই পর্যন্তে অবধারিত হইল যে, আত্মার উৎপত্তিও নাই, বিনাশও নাই; আত্মা নিত্য নির্বিবকার। কিন্তু ইলা ঘারা তাহার প্রকৃত স্বরূপ অবধারিত হইল না। আত্মা চেতন, কি অচেতন; চেতন হইলেও চৈতক্ত তাহার গুণ, না স্বরূপ ইত্যাদি সংশয় থাকিয়াই গেল। সংশয়ের কারণ শাস্ত্রকারগণের মতভেদ-বাহুল্য। নৈয়ায়িকগণ বলেন—আত্মা স্বর্রপতঃ কাঠ পাঘাণাদির ত্যায় অচেতন; মনের সহিত সংযোগে আত্মাতে চৈতন্যের অভিব্যক্তি হয়। এইজন্য আত্মাকে

চেতন বলা হয়, বস্তুতঃ উহা অচেতনেরই মত। চৈতনা তাহার
একটা গুণমাত্র; সময়বিশেষে সেই গুণ জন্মে ও মরে।
পূর্ববমীমাংসকগণও সাধারণতঃ আত্মার সম্বন্ধে এইরূপ মতেরই
সমর্থন করিয়া থাকেন। আবার সাংখ্যসম্প্রদায় বলেন, আত্মা
নিত্য চৈতত্যস্বরূপ। আত্মার সহিত চৈতত্যের যোগও নাই,
বিয়োগও নাই; চৈতত্য উহার নিত্যসিদ্ধ ধর্মা, চৈতত্যস্বরূপ
বলিয়াই আত্মাকে চেতন বলা হয়, গুণ যোগে নহে। এই
সমৃদ্য মতভেদ দর্শনে সহজেই আত্মার স্বরূপ সম্বন্ধে সন্দেহ ইইয়া
থাকে, সেই সন্দেহ নিরাসার্থ সূত্রকার বলিতেছেন—

### [ চৈত্ত আত্মার স্বভাব। ]

#### জোহতএব ॥ ২া৩/১৮ ॥

যেহেতু আত্মা জন্মমরণরহিত নিত্য—অবিকৃত ব্রহ্মস্বরূপ বলিয়াই অবধারিত হইয়াছে, এবং যেহেতু "সত্যং জ্ঞানমানন্দং ব্রহ্ম" "বিজ্ঞানমানন্দং ব্রহ্ম" ইত্যাদি শুভিতে পরব্রহ্ম নিতাটেতত্তা-শ্বরূপ বলিয়াই অভিহিত হইয়াছেন, সেইহেতু প্রমাণিত হইতেছে যে, অবালা অচেতনও নহে, অববা আগস্তুক চৈতত্ত্যসম্পান্ত নহে, নিত্য-চৈতত্ত্যস্বরূপ। আত্মা চৈতত্ত্যস্বরূপ বলিয়াই কখনও তাহার প্রকাশশক্তির অভাব বা অভিভব হয় না। এইজত্ত আত্মার নিকটে উপস্থিত হইয়া কোন বিষয়ই অপ্রকাশিত (অবিজ্ঞাত) পাকে না। আত্মার চৈতত্ত্য যদি আগস্তুক বা সাময়িক হইড, তাহা হুইলে নিশ্চয়ই কোন না কোন সময়ে আত্ম-সম্লিহিত বিষয়্তলি

অবিজ্ঞাতও থাকিত, কিন্তু কখনও তাহা থাকে না, এবং সেক্লপ দেখাও যায় না। এইজন্ম মহামূনি পতঞ্জলি বলিয়াছেন—

"সদা জ্ঞাতাশ্চিত্তবৃত্তরঃ, তৎপ্রভোঃ পুরুষস্থাগরিণামি**ছা**ৎ ॥" ৪৷১৮ **॥** অর্থাৎ চিত্তের বৃত্তিসমূহ সর্ববদাই জ্ঞাত বা জ্ঞানের বিষয়ীভূত হইয়া থাকে, কখনও অবিজ্ঞাত অবস্থায় থাকে না ; কারণ, তৎ-প্রকাশক পুরুষ (আত্মা) অপরিণামী বা নির্বিকার। অভিপ্রায় এই যে, জাগতিক কোন বিজ্ঞেয় বস্তুই সাক্ষাৎসম্বন্ধে আত্মার সমাপবর্ত্তী হইয়া প্রকাশ পায় না ; চিত্তই একমাত্র সাক্ষাৎসম্বদ্ধে আত্মার সমীপবর্ত্তীরূপে প্রকাশ পাইয়া থাকে। বাহু বস্তুসকল সেই চিত্তের সাহায্যেই আত্মার সমীপবর্তী হয়। বাহ্য বস্তুর সহিত ইন্দ্রিয়গণের সংযোগ হইলে পর. চিত্ত সেই সেই ইন্দ্রিয়পথে বহিৰ্গত হইয়া সেই সেই ৰাহ্য বস্তুৱ আকারে আকারিত হয়, এবং সেই সকল বাহ্য বস্তুর প্রতিবিম্ব লইয়া আত্মার সম্মুখান হয়, ডখন সেই বৃত্তিবিশিষ্ট চিত্ত অর্থাৎ চিত্ত ও বাহ্য বস্তুর প্রতিবিশ্ব— উভয়ই নিত্য চৈতন্তের ছায়ায় উদ্ভাসিত হইয়া-থাকে, ইহাকেই সাধারণতঃ 'জ্ঞান' নামে অভিহিত করা হয়। জ্ঞান কখনও অবিজ্ঞাত থাকে না: অবিজ্ঞাত জ্ঞানের সন্তাবে কোন প্রমাণই নাই। চিত্তর্ত্তির যে, এইরূপে সর্বনা <sup>"</sup>বিজ্ঞাতভাব, তাহার ঘারাই আত্মার নিত্য-,চৈতগ্যরূপতা প্রুমাণিত হয়।

স্বৰ্প্তিসময়ে বা মুৰ্চ্ছাদি অবস্থায় যে, আত্মার চৈততা থাকে না—কোনরূপ বোধশক্তিরই উদ্মেষ দেখা যায় না, তাহাধারা আত্মচৈতত্ত্বের অভ্যুব বা অনিত্যতা প্রমাণিত হয় না। তৎকালে আত্মতৈতত্তের অভিব্যঞ্জক ইন্দ্রিয়সমূহ বৃত্তিহীন বা নিজ্রিয় হইয়া পড়ে, এবং চৈতত্তবিকাশের বাহু উপায় সকলও প্রতিহত হইয়া থাকে, সেই কারণেই বাহিরে বোধশক্তির বিকাশ দেখা যায় না মাত্র; বস্তুতঃ সে সময়েও আত্মতিতন্য অক্ষত অবস্থায়ই বিভ্যমান থাকে। এবিষয়ে উপনিষদ্শান্ত্রসকল একবাক্যে বলিতেছেন—

"নহি বিজ্ঞাতুবিবজ্ঞাতের্বিপরিলোপো বিগতে।" বিজ্ঞাতার (আত্মার) স্বরূপভূত জ্ঞানের (চৈতন্যের) কখনও অভার হয় না।

"তদায়ং পুরুষঃ স্বয়ংজ্যোতির্ভবতি।" এই পুরুষ (আত্মা) তথন স্বয়ংজ্যোতিঃ অর্থাৎ স্বপ্রকাশই থাকে।

" শ্বস্তুপ্তঃ স্থানভিচাকশীতি" আত্মা অস্থ্য ্রুথাকিয়া— অলুপ্ত-চৈতন্য থাকিয়া বাগাদি ইন্দ্রিয়বর্গকে স্থপ্ত অর্থাৎ নির্ব্যাপার দর্শন করে।

" যদৈ তন্ন পশ্যতি, পশ্যন্ বৈ তন্ন পশ্যতি।" তখন ( সুষ্থি-সময়ে) যে দর্শন করে না; বস্তুতঃ তখন দেখিয়াও দেখে না; অর্থাৎ স্বরূপচৈতন্যবারা প্রকাশ করিলেও, ইন্দ্রিয়বৃত্তি না থাকায় বাহিরে তাহার অভিব্যক্তি হয় না মাত্র; এই কারণে পার্শবর্ত্তী লোকেুরা তাহার অদর্শন (দর্শনের অভাব) কল্পনা করিয়া থাকে, প্রকৃত্তপক্ষে তখনও তাহার দর্শনশক্তি পূর্ববৰৎ অবিলুপ্ত অবস্থায়ই থাকে ইত্যাদি।

উল্লিখিত প্রমাণপরম্পরা পর্যালোচনা করিলে এই সিদ্ধান্তই অবধারিত হয় বে, আলোচ্য আত্মা কাষ্ঠপার্যাণাদির স্থায় জড় পদার্থ নহে, অথবা খাছোতের (জোনাকীপোকার) ন্যায় আগস্তুক চৈতন্যবিশিষ্টও নহে, পরস্তু আত্মা নিত্যচৈতন্যস্বরূপ, সে চৈতন্ত্যর সহিত তাহার কথনও যোগ বা বিয়োগ ঘটে না। প্রাণিশরীরে কামাদি বৃত্তিসমূহ নিত্য বিছমান থাকিলেও যেমন শিশুব্যুদে সে দকলের সন্তাবজ্ঞাপক কোন ক্রিয়া প্রত্যক্ষ হয় না, অথচ প্রত্যক্ষ না হইলেও সে দকল বৃত্তির অসন্তাব প্রমাণিত হয় না, তেমনই অবস্থাবিশেষে (স্বযুপ্তি ও মূর্চ্ছা প্রভৃতি সময়ে) আত্ম-চৈতন্যের অভিব্যক্তি হয় না মাত্র, বস্তুতঃ সে দকল সময়েও স্বরূপচৈতন্যের অভাব বা উচ্ছেদ হয় না, ইহাই অবৈতবাদ সম্মত সিদ্ধান্ত (১)। (২।৩।১৮ সূত্র পর্যান্ত)

### ' [ আত্মাৰ ব্যাপকতা ]

আত্মা নিত্য চৈত গুসরুপ; এ সিদ্ধান্ত স্বীকার করিলেও তাহার পারদাণ বিষয়ে সংশয় থাকিয়াই যায়। উক্ত সিদ্ধান্ত ভারাও— আত্মা কি অণু (সূক্ষন)? কিংবা মধ্যম? অথবা পরম মহান্ ? —এ সংশয়ের অবসান হয় না। দার্শনিকগণের মধ্যেও এবিষরে যথেকী মতভেদ দেখা যায়। কেহ কেহ আত্মাকে অণুপরিমাণ বলিয়া নিদ্দেশ করেন; কেহ কেহবা মধ্যম পরিমাণযুক্ত বলিয়া

<sup>(</sup>১) জাচার্য্য শঙ্কর যেমন "জোহতএব" স্থা ব্যাখ্যার আত্মার চৈতত্ত-শক্ষপতা প্রমাণ করিরাছেন, তেমনি রামাছুল্পমানী প্রভৃতি আচার্য্যগণও ঐ স্ত্রের বিবরণে অন্তপ্রকার ব্যাখ্য। করিয়াছেন, এবং আত্মাজে চৈতন্ত্রস্থক্ষণ না ব্লিরা চৈতন্ত্রগুণসম্পন্ন—জ্ঞানী ব্লিরা প্রমাণ করিতে চেষ্টা করিরাছেন।

মনে করেন; কেছ কেহ আবার এ সকল কথায় পরিতুষ্ট না ছইয়া আত্মার পরম মহৎ পরিমাণ স্বীকার করেন। শ্রুতির দিকে দৃষ্টিপাত করিলে এ সন্দেহ আরও ঘনীভূত হইয়া পড়ে। শ্রুতি একদ্বানে বলিয়াছেন—

" এবোহণুরাত্মা হৃদয়ে সন্নিবিষ্টঃ," এই অণুপরিমাণ সূক্ষ আত্মা লোকের হৃদয়ে নিহিত আছে। এবং—

> " বালাগ্রশতভাগস্ত শতধা কল্লিভস্ত চ। ভাগো জীবঃ, স বিজ্ঞেরঃ স চানস্ত্যায় কলতে ৮"

কেশের অগ্রভাগকে একশত ভাগে বিভক্ত করিয়া, পুনশ্চ উহাদের এক এক জাগকে শতভাগে বিভক্ত করিলে, এক এক জাগের যাহা পরিমাণ হয়, ভাহাই জাবের পরিমাণ—শ্রুতি সূক্ষ। সেই অণু জীবই আবার অনস্তভাব প্রাপ্ত হইয়া থাকে।

শ্রুতি অনাত্র বলিয়াছেন—

" অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষোহস্তরাত্মা সদা জনানাং হৃদয়ে সমিবিষ্টঃ"
অর্থাৎ অঙ্গুষ্ঠাঙ্গুলী-পরিমিত পুরুষ ( আত্মা ) সর্ববদা প্রাণিগণের
ক্রদয়াভাস্তরে সমিবিষ্ট আছেন।

মহাভারতেও আছে—

"অথ সভ্যবতঃ কান্নাৎ পাশবদ্ধং বশংগতম্। অকুঠমাত্রং পুরুষং নিশ্চকর্ষ বলাদ্ যম:॥''

অর্থাৎ যমরাজ সত্যবানের শরীর হইতে কালবশপ্রাপ্ত অনুষ্ঠ-পরিমিত পুরুষকে বলপূর্বক আকর্ষণ করিয়াছিলেন। এখানে আত্মাকেই অনুষ্ঠপরিমিত পুরুষ বলা হইয়াছেন উল্লিখিত শ্রুতি-স্মৃতি বাক্যে আত্মার মধ্যম পরিমাণ স্পাইটই ক্ষিত হইয়াছে, এবং আরও বহুস্থলে আত্মার মধ্যম পরিমাণ বিবৃত রহিয়াছে।

অন্যত্র শ্রুতিই আবার আত্মার স্বরূপ নির্দেশস্থলে মহৎ পরিমাণেরও উল্লেখ করিয়াছেন।—

"স বা এষ মহানজ আত্মা, যোহয়ৎ বিজ্ঞানময়ঃ প্রাণেষু" (বৃহদাং ৪।৪।২২) প্রাণবর্গের অধিষ্ঠাতারূপে অবস্থিত সেই এই বিজ্ঞানময় আত্মা মহান ও অজ (জন্মরহিত)।

"আকাশবৎ সর্বগতশ্চ নিতাঃ" (সর্বোপ॰ ৪), এই আত্মা নিত্য এবং আকাশের স্থায় সর্ববগত (সর্বব্যাশী—মহান্)।

"সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম" ( তৈন্তিরী • ২।১।১), ব্রহ্ম, (আত্মা) সত্যস্বরূপ, জ্ঞানস্বরূপ ও অনস্ত ( সর্বব্যাপী )। পুরাণাদি শান্ত্রেও আত্মার ব্যাপকভাবোধক এই জ্ঞান্তীয় বাক্য যথেষ্ট পরিমাণে পরিলক্ষিত হয়।

কোথাও আবার শ্রুতিকে একতর পক্ষ পরিজ্যাগপূর্বক অণুষ ও বিভূগ উভয় পক্ষই সমর্থন করিতে দেখা বায়। বথা—
"নিত্যং বিভূগ সর্ববগতং স্থুসূক্ষন্ " (মুগুক স্থাড), আত্মা
নিত্য, বিভূ সর্ববগত (সর্বব্যাপী), অথচ স্থুসূক্ষ্ম অর্থাৎ অভিশয়
সূক্ষ্ম বা অণু। এখানে একই নিঃশাসে আত্মাকে অণু বিভূ তুইই
বলা হইয়াছে। অন্যত্র আবার—

"অণোরণীয়ান্, মহতো মহীয়ান্" (কঠ॰ ২।২০), আজা অণু অপেক্ষাও অণু, এবং মহৎ অপেক্ষাও মহৎ। এখানে অণু বিভূ উভয়ভাবই স্বীকৃত হইয়াছে। পরস্পরনিরোধী এই সকল প্রমাণ ও যুক্তি পর্য্যালোচনা করিলে আত্মার পরিদাণসম্বন্ধে স্বতই সংশয়ের মাত্রা বৃদ্ধি পাইয়া থাকে। এতদমুসারে সূত্রকার প্রথমে পূর্ববপক্ষীয় মতাবলম্বনপূর্বক আত্মার অণু ও মধ্যম পরিমাণের অমুকৃল যুক্তি প্রদর্শন করিয়া বলিতেছেন—

# উংক্রান্তি-গত্যাগতীনাম্ । ২। ৩। ১৯ ॥

শ্রুতি প্রভৃতি প্রামাণিক শাস্ত্রে আত্মার উৎক্রেমণ অর্থাৎ
ফুল দেহ হইতে বহির্গমন, লোকাস্তরে গতি এবং পুনরায় ইহ-লোকে প্রত্যাগমনের কথা বর্ণিত আছে। কিন্তু বিভু বা ব্যাপক আত্মার পক্ষে এ সকল ব্যাপার কথনই সম্ভবপর হইতে পারে না; কাজেই আত্মাকে হয় অণু, না হয় মধ্যম-পরিমাণ বলিতে হইবে (১)। অতএব আত্মার মহৎ পরিমাণ বা ব্যাপকতা কথনই সিদ্ধ হয় না॥ ২। ৩। ২০॥

<sup>(</sup>১) দেহ হইতে আত্মার উৎক্রমণবোধক শ্রুতি এই— "স যদাত্ম। শরীরাহ্ৎক্রামতি, সহৈবৈতৈ: সহৈর্ক্রজনাতি," অর্থাৎ জাবাত্মা যথন দেহ দেই তেঁ যার, তথন এইসকল ইন্সিরাদিকে সঙ্গে লইমাই যায়। গতিবোধক শ্রুতি এইরূপ—"বে বৈ কে চাত্মাৎ লোকাং প্রয়ন্তি চন্দ্রমসমেব তে সর্বেগ গছিস্তি।" অর্থাৎ যে কোন লোক ইহলোক হইতে প্রস্থান করে, তাহারা সকলেই চন্দ্রলোকে গমন করে। আত্মার আগমন শ্রুতি এইরূপ—"তত্মাৎ লোকাং পুনরেতি, অত্য লোকায় কর্মণে "ইত্যাদি। অর্থাৎ চন্দ্রলোকগত ব্যক্তিরা সেধান ইতৈ পুনরায় এবানে আব্সার কর্ম করে।

সূত্রকার পুনরায় উক্ত সিদ্ধান্তের বিপক্ষে আশস্কা উত্থাপন-পূর্ববক পূর্ববণক্ষবাদীর মূখে বলিতেছেন—

নাণুরভচ্ছু,তেরিতি চেৎ, ন, ইতরাধিকারাং॥ ২। ৩।২১॥

শক্কা হইতে পারে যে, "স বা এষ মহানজ আত্মা বিজ্ঞানময়ঃ" ইত্যাদি শ্রুতিতে অণুহবিরোধী মহৎপরিমাণ নির্দেশ থাকার আত্মার অণুপরিমাণ বা মধ্যম পরিমাণ সিদ্ধ হইতে পারে না। বস্তুতঃ এরূপ আশকাও সক্ষত হইতে পারে না,—এ আশকা সম্পূর্ণ ভিত্তিহীন ; কারণ, ঐ সকল শ্রুতি পরমাত্মারই স্বরূপ-নির্দ্দেশপ্রসঙ্গে প্রবৃত্ত—জীবাত্মার নহে; স্থতরাং আত্মার মহত্ব-প্রতিপাদক ঐ সক্ল শুভিবাক্য দারা জীবাত্মার অণুপরিমাণ বাধিত হইতে পারে না। বিশেষতঃ " এষোহণুরাত্মা চেতসা বেদিতব্যঃ '' এবং '' বালাগ্রশতভাগস্য শতধা কল্লিভস্য চ। ভাগো জীব: স বিজ্ঞেয়: সচানস্থ্যায় কল্পতে " ইত্যাদি শ্রুতিতেও আত্মার অণুত্ব ও সূক্ষ্মপরিমাণত স্পষ্টাক্ষরে প্রতি-পাদিত হইয়াছে; অভএব আত্মা নিশ্চয়ই অণু-পরিমাণসম্পন্ন---মধ্যম বা মহৎ-পরিমাণযুক্ত নহে। সেই পরিচ্ছিন্ন আত্মা দেহের একাংশে ( হৃদয়মধ্যে ) বর্ত্তমান থাকিয়াও সর্ববেদহব্যাপী ব্যাপার সম্পাদন করিয়া থাকে। উৎকৃষ্ট চন্দন বৈমন শরীরের একাংশে স্থাপিত হইয়াও সর্ববদেহব্যাপী আনন্দ সমূৎপাদন করে, আ্ত্মাও তেমনই দেহৈকদেশে হৃদয়মধ্যে থাকিয়াও দেহের সর্ববত্র অনুভূতি সম্পাদন করিয়া থাকে। পক্ষান্তরে বলিতে পারাযায় যে, প্রদীপের গুণ মালোক যেমন প্রদীপ ছাড়িয়া

বাহিরে দূরদেশেও প্রকাশকার্য্য সম্পাদন করিয়া থাকে, তেমনি জনমন্থ আত্মাও স্বীয় গুণ জ্ঞানের সাহায্যে দেহগত সমস্ত কার্ম্য অমুভব করিয়া থাকে। অথবা পুস্পাদির গুণ গদ্ধ যেরূপ পুষ্প ছাড়িয়াও অন্যত্র যাইতে পারে, সেইরূপ আত্মগুণ জ্ঞানশক্তিও আত্মাকে ছাড়িয়া দেহের সর্বত্র কার্য্য করিতে পারে। অতএব আত্মা বিভু বা সর্বব্যাপী নহে, পরস্তু অণুপরিমাণ, ইহাই যুক্তি-দিদ্ধ ও শাস্ত্রসম্মত সিদ্ধান্ত ॥ ২।৩।২২—২৮॥

এতহুত্তরে সূত্রকার নিজেই আপনার অভিমৃত সিদ্ধান্ত পরি-জ্ঞাপনার্থ বলিতেছেন—আত্মা যদিও অণু বা পরিচ্ছিন্ন নহে, পরস্তু নিভাচৈতনাম্বরূপ ও বিভূ (ব্যাপক), তথাপি—

তদ্ওণসারস্বাৎ তু তদ্বাপদেশঃ প্রাক্তবৎ ॥ ২। ৩। ইঠ ।

অর্থাৎ জীবাত্মার অণুপরিমাণ সমর্থনের জন্য যে সকল প্রমাণ ও বৃক্তি উপস্থাপিত করা হইয়াছে, সেই সকল যুক্তিপ্রমাণে আজার অণুপরিমাণ সমর্থিত হয় না। সাক্ষাৎ পরমাত্মাই যে, বৃদ্ধিরূপ উপাধিযোগে জীবভাবপ্রাপ্ত সংসারী হইয়াছেন, এ কথা পূর্বেই বলা হইয়াছে। পরমাত্মা যে, মহান্ বিভূ, তত্বিয়য় কাহারো মতভেদ নাই, কোন শাস্ত্রেরই তত্বিয়য়ে বৈমত্য নাই; অত্রেঁব জীবাত্মা ও পরমাত্মার মধ্যে যেমন কেবল উপাধিকৃত প্রভেদ ছাড়া আর কোনই প্রভেদ নাই, তেমন তত্ত্ভয়ের পরিমাণ সম্বন্ধেও কোন প্রভেদ নাই বা থাকিতে পারে না। পরমাত্মা মহৎপরিমাণসম্পন্ধ, স্ভরাং তদভিন্ন জীবাত্মাও মহৎপরিমাণ-বিশিষ্ট ব্যাপক; অণু বা মধ্যম পরিমাণসম্পন্ধন্দনহে।

জীবাত্মা পরমার্থতঃ পরমাত্মার সঙ্গে অভিন্ন ও তৎসমপরিমাণ — বিভূ হইলেও, বৃদ্ধিরপ উপাধির (পার্থক্য-সাধকের)
অধীন; বৃদ্ধিই পরমাত্মাতে জাবভাব আনয়ন করে, এবং বৃদ্ধির
সাহায়েই জাবাত্মা স্বকৃত পাপপুণার ফল ত্বখ তৃঃখ ভোগ
করিয়া থাকে; স্বতরাং বৃদ্ধিগত যে, কাম ও সংকল্পপ্রভৃতি গুণ,
সেই সমস্ত গুণই জাবাত্মার ভোগরাজ্যে সারভূত অবলম্বন।
বৃদ্ধিকে বাদ দিলে যেমন জীবের জীবত্ব থাকে না, তেমনি বৃদ্ধির
গুণ — কামনা প্রভৃতি ভাগে করিলেও জীবের বিষয়ভোগ সম্ভবে
না; এইজনাই বৃদ্ধিগত গুণসমূহকে জাবের সারভূত বা প্রধান
অবলম্বন বলিতে হয়। বৃদ্ধির গুণাবলী প্রধান অবলম্বন বলিয়াই
শ্রুতি স্থানে-স্থানে বৃদ্ধির অণু পরিমাণ অনুসারে জীবকেও অণু
বা সূক্ষ্ম বলিয়া নির্দ্দেশ করিয়াছেন, আবার সঙ্গে সঙ্গের ভাহার
মহৎপরিমাণও ঘোষণা করিয়াছেন (১)।

্অত এব আত্মার অণুপরিদাণ কল্পনা শ্রুণ তিসন্মতও নহে, যুক্তি-দিন্ধও নহে। তাহার পর, আত্মার অণুত্ব সমর্থনকল্পে যে সমস্ত যুক্তি বা দৃষ্টান্ত প্রদর্শিত হইয়াছে, সে সকল দৃষ্টান্ত আপাত-দৃষ্টিতে রমণীয় মনে হইলেও বিচারসহ বা প্রস্তাবিত বিষয়ের অমুকৃল নহে। বিচার করিলেই ঐ সকল দৃষ্টান্তের অসারতা

<sup>(</sup>১) " বালাগ্রশতভাগন্ত শতধা করিত্ত চ। ভাগো জীবঃ স বিজ্ঞেরঃ স চানস্কার করতে ॥" এখানে জীবকে বেমন শত শত ভাগে থণ্ডিত কেশাগ্রের সমপরিমাণ বলা হইরাছে, তেমনই আবার 'স চ আনস্ক্রান্ত করতে' বলিয়া তাহারই অসীমতাও নির্দেশ করা হইরাছে।

প্রতিপন্ন হইতে পারে। প্রথমতঃ প্রদীপ ও প্রদীপপ্রভার কথাই ধরা যাউক। প্রদীপপ্রভা (আলোক) যে, প্রদীপকে পরিত্যাগ করিয়া অন্যত্র অবস্থান করে, এ কথাই ভুল। কারণ, প্রদীপ ও প্রদীপ প্রভা স্বতন্ত্র পদার্থ ই নহে। পরস্পর গাঢ় সংশ্লিক্ট তৈজস অবয়বপৃপ্প প্রদীপ নামে, আর বিশ্লিক্ট তৈজসাবয়বের রশ্মিসমূহ প্রভা নামে ব্যবহৃত হয় মাত্রাঁ উভয় স্থানের আলোকই তৈজস অবয়বপুপ্পকে আশ্রয় করিয়া থাকে, কখনও নিরাশ্রয় হইয়া সাধীনভাবে থাকে না বা থাকিতে পারে না। তাহার পর, গদ্ধের অবস্থাও সেইরূপ। পুলাদির যে সমুদ্য সূক্রম রেণুকে আশ্রয় করিয়া গদ্ধ থাকে, বায়ুবেগে সেই রেণুসমূহ ইত্সতঃ বিশ্লিপ্রভাবে সঞ্চালিত হইয়া গদ্ধ বিকিরণ করিয়া থাকে; সূক্রমতানিবন্ধন গদ্ধের আশ্রয়ভূত রেণুগুলি প্রত্যক্ষ হয় না, কেবল গদ্ধমাত্র অব্সূত্ত হয়; বস্ত্যতঃ সেথানেও নিরাশ্রয় গদ্ধের অন্তিম্ব নাই। চন্দনস্পর্শাদির অবস্থাও এতদমুরূপ। অত এব এ সকল দৃষ্টান্ত কখনই আলোচ্য স্থলে গ্রহণগোগ্য হইতে পারে না।

উপরে প্রানশিত আলোচনা দারা প্রামাণিত হইল যে, গুণ কখনটু গুণীকে (আশ্রয়কে) পরিত্যাগ করিয়া থাকে না এবং থাকিতেও পারে না। ইহা গুণমাত্রেরই স্বভাবদিদ্ধ নিয়ম। আত্মার সম্বন্ধেও সে নিয়মের অন্যথা হইতে পারে না; তুতরাং দেহের একদেশস্থিত পরিচিছ্ন আত্মান গুণ— চৈত্ন্য কখনই আ্মাকে ছাড়িয়া দেহে সর্ব্যান্সীন অনুভূতি সম্পাদন করিতে পারে না; পারে না বিশিয়াই জীবাত্মাকে অনু বা পরিচিছ্নপ্র বলিতে পারা যায় না। গুণ যখন গুণীকে ছাড়িয়া থাকে না, এবং পরিচ্ছিন্ন আত্মার পক্ষে যখন সর্বদেহব্যাপী ক্রিয়া নির্বাহ করাও সম্ভবপর হয় না, তখন বাধ্য হইয়াই আত্মার ব্যাপকতা বা বিভূত্ব স্বীকার করিতে হইবে। বুঝিতে হইবে, আত্মার বিভূত্বই স্বাভাবিক ধর্ম্ম, তাহার পরিচ্ছিন্নতা কেবল বুদ্ধিরপ উপাধিকৃত আগস্তুকমাত্র।

এখানে বলা আবশ্যক যে, আত্মা তদ্গুণসার হইলেও এবং বুদ্ধির সাহায্যে জ্ঞান বা চৈতন্মের অভিব্যক্তি হইলেও ঐ চৈতন্যই আত্মার স্বরূপ। উহা আত্মা হইতে পৃথক্ আগন্তক বা সাময়িক গুণমাত্র নহে, উহা যাবদাত্মভানী, অর্থাৎ অগ্নি ও ভাহার উষ্ণতা গুণ যেমন পরস্পর অবিযুক্তভাবে চিরকাল অবস্থিতি করে, অগ্নিও উষ্ণতা ছাড়িয়া, কিংবা উষ্ণতাও অগ্নিকে ছাড়িয়া যেমন কখনও থাকে না, উভয়ই পরস্পারের সহিত সংবদ্ধভাবে চিরকাল থাকে, ঠিক তেমনই আত্মা ও তাহার জ্ঞানশক্তি পরস্পর অবিযুক্তভাবেই চিরকাল পাকে, কখনও একটী অপরটীকে ছাড়িয়া থাকে না: স্বভরাং আত্মা যতকাল থাকিবে, আপনার প্রধান গুণ জ্ঞানকে সলে দইয়াই থাকিবে, এবং জ্ঞানও আত্মার সহিত মিলিভভাবেই আপনার অস্তিত্ব রক্ষা করিবে। অগ্নি ও উষ্ণতার ন্যায় আত্মা ও জ্ঞানের সম্বন্ধ নিত্য ; স্ক্তরাং জ্ঞানের সৃহিত আত্মার বিচ্ছেদ বা বিলোপের সম্ভাবনা কখনও নাই; কাব্দেই জ্ঞানের অভাবে যে, আত্মার অজ্ঞতা অর্থাৎ অনুস্তৃতিবিলোপ, তাহা কখনই কল্পনা করা বাইতে পারে না।

ভবে যে, সময় সময় বিষয়বিশেষে আত্মার জ্ঞান ও অজ্ঞান দেখিতে পাওয়া যায়, তাহা আত্ম-গুণ জ্ঞানের অভাব নিবন্ধন নহে. পরুস্ত আত্মা যাহার সাহায্যে বিষয়রাশি অসুভব করিয়া থাকে, সেই অন্তঃকরণের অবস্থাবিশেয়ের ফল। মনোনামক অন্তঃকরণ অভি সৃক্ষা; সে কখনও এক সময়ে তুইটী বিষয় গ্রহণ করিতে পারে না ; সে যখন যে বিষয়ে সংযুক্ত থাকে, তখন সেই বিষয়টীমাত্ত অনুভবগোচর করে, অপরাপর বিষয়রাশি তখন অবিজ্ঞাত থাকে। আত্মার সহিত মনঃসংযোগের ফলেই জ্ঞান-শক্তির উদ্বোধ হইয়া থাকে। যথন সেই সংযোগের অভাব হয়, তখন আত্মার কোন বিবয়ই অনুভব করিবার সামর্থ্য থাকে না। স্ত্রুপ্তিদুস্ময়ে মন: আত্মার সহিত সম্পূর্ণরূপে বিচ্ছিন্ন থাকে, সেইজনা সেই সময় এবং তাদৃশ অন্য সময়েও গাত্মার জ্ঞান-শক্তির পরিচয় পাওয়া বায় না। এই জ্ঞানসাধন অন্তঃকরণের অন্তির অস্বীকীর করিলে, আত্মার যে, কখনও, বিষয় উপলব্ধি হয় কখনও হয় না ে ব্যবস্থা রকা করা অসম্ভব হইয়া পড়ে। 🗗 এই কারণে সকলকেই আত্মা ও ইন্দ্রিয়বর্গের অতিরিক্ত এই জ্ঞানসাধন অন্তঃকরণের অন্তিত্ব স্বীকার করিতে হয় ; স্বয়ং শ্রুতিও এই অন্তঃকরণের বৃত্তি বা অবস্থাবিশেষকেই ব্যবহারিক জ্ঞান বলিয়া স্বীকার করিতে বাধ্য হইয়া বলিয়াছেন-

<sup>&</sup>quot; কাম: সংকলো বিচিকিৎসা শ্রদ্ধাশ্রদ্ধা ধৃতিরধৃতিন্ত্রীর্ধীর্ভীরেতৎ সর্বাৎ মন এব " ইত্যাদি।

এখানে 'ধী' শব্দে মনোর্ত্তিরূপ জ্ঞানকেই লক্ষ্য করা হইয়াছে

(১)। এই মনোর্ত্তির উদ্ভব ও অভিভবামুসারেই বিষয়বিশেষে
আত্মার বোধ ও অবোধ হইয়া থাকে। অতএব আত্ম চৈতন্য
নিত্যসিদ্ধ হইলেও সাময়িকভাবে আত্মার বোধ ও অবোধ উভয়ই
উপপন্ন হইতে পারে। অতএব শ্রুতি ও যুক্তি অমুসারে আত্মার
বিভূত্ব ও চৈতন্যরূপত্ব উভয়ই সিদ্ধ হইতেছে॥ ২০৩০—৩৩॥

# [ আত্মার কর্ত্তর ]

নির্দ্দোষ যুক্তি, প্রমাণভূত শাস্ত্র ও শিষ্টব্যবহার দার। প্রমাণিত হয় যে, প্রত্যক্ষ-দৃশ্য দেহেন্দ্রিয়াদির অতীত সভস্ত্র এক আত্মা আছে, এবং তৎসঙ্গে ইহাও প্রমাণিত হয় যে, সেই আত্মা দেহের সঙ্গে সঙ্গে জন্মেও না, মরেও না; চিরকাল নিত্য নির্বিকার চৈতন্যস্বরূপে থাকে। তাহার সম্পর্কবশ্তই অচেতন দেহাদি

(১) এই একই অন্তঃকরণ বৃত্তিভেদে (ভিন্ন ভিন্ন কার্যান্স্সারে)
বিভিন্ন নামে অভিহিত হইয়া থাকে। যথা—

" মনোবৃদ্ধিরহকারশিততং করণমান্তরং। সংশল্পে নিশ্চরো গর্কাঃ অরণং বিষয়া ইমে"।"

শ্রকই অন্তঃকরণ সংশ্রাত্মক বৃদ্ধি অন্থসারে মনঃ, নিশ্চরাত্মক বৃদ্ধি অন্থসারে বৃদ্ধি, অহকার বা গর্জাত্মক বৃদ্ধি অন্থসারে অহকার, আর সরণকার্য্য অন্থসারে চিন্ত নামে করিত হইনা থাকে। উক্ত প্রকার বৃদ্ধিভেদে নামভেদ করিত হইলেও, ব্যবহারক্ষেত্রে সর্জ্ঞদা এই বিভাগ অন্থস্থত হয় না। অনেকস্থলেই সাধারণ অন্তঃকরণ অর্থেই মনঃ, বৃদ্ধি, চিন্ত ও অহ্নার শব্দের যথেচ্ছ প্রয়োগ হইয়া থাকে, কেবল বিশেষ বিশেষ হলেই ঐরূপ অর্থান্থসারে, মনঃ প্রভৃতি শব্দের প্রয়োগভেদ ঘটিয়া থাকে।

বস্তু চেডনের ন্যায় প্রতিভাত হইয়া থাকে, ইহাও বিভিন্ন প্রসক্ষে বিবৃত হইয়াছে ও হইবে। এখন চিন্তার বিষয় হইতেছে এই যে, উক্ত আত্মার কোনরূপ কর্ত্ত্ব বা কার্য্যকারিণী শক্তি আছে কিনা ? আত্মার যদি আদৌ কর্তৃত্ব না থাকে, তাহা হইলে শাস্ত্রীয় বিধি-নিষেধের কোনই সার্থকতা থাকে না: কারণ, সে সকল বিধি-নিষেধ মানিয়া চলিবার উপযুক্ত কর্তা পাওয়া যায় না, পক্ষান্তরে কর্তৃত্ব স্বীকার করিলেও আত্মার বিকার বা স্বত্নপ-প্রচ্যুতি সম্ভাবিত হইয়া পড়ে, তাহা হইলে আত্মার নির্বিকারতা রক্ষা পায় না। এ বিষয়ে দার্শনিকগণ একমতাবলম্বী না হওয়ায় ওন্থ-নির্দ্ধারণের পথ আরও কণ্টকিত হইয়া পডিয়াছে। দার্শনিকগণের মধ্যে গোতম ও কণাদ অতি দৃঢ়তার সহিত আত্মার ক্রুর্তৃত্ব স্বীকার করিয়াছেন, আবার কপিল ও পতঞ্জলি প্রভৃতি আচার্য্যগণ বুদ্ধির উপর কর্তৃত্ব-ভার অর্পণ় করিয়া আত্মাকে নির্লিপ্ত রাখিয়াছেন। व्यक्तिक श्रुवानानि भाखा এ विषया स्त्रके कथा ना विनया वतः উত্তয় পক্ষেই সাক্ষ্য দিয়া উক্ত সংশয়ের মাত্রা সমধিক বৃদ্ধি কল্পিয়াছে। এই সংশয় নিরদনের নিমিত্ত সূত্রকার বেদাস্তদিদ্ধান্ত সমালোচনাপূর্বক আত্মার কর্তৃত্ব বিষয়ে আপনার অভিমত সিচ্চান্ত বলিতেছেন-

#### कर्ता नाजार्थवदार ॥ २।०।०॥

উক্ত জীবাত্মা কর্মের কর্তা ও তৎফলের ভোক্তা। জীবের কর্তৃত্ব থাকিলেই "যজেত" (যাগ করিকে), "জুত্য়াৎ" (হোম করিখে), "দভাৎ" (দান করিবে) ইত্যাদি শাজোপদেশ সার্থক হইতে পারে, পক্ষান্তরে জীবের কর্তৃত্ব-শক্তি না থাকিলে, উপদেশানুষায়া কর্মাকর্তার অভাবে ঐ সকল আদেশবাক্যের
কোনই সার্থকতা থাকিতে পারে না। আদেশানুষায়া কার্য্য
করিবার উপযুক্ত অধিকারী কেহ না থাকিলে, সে আদেশবাক্য
উন্মন্তপ্রলাপের ন্যায় অসার অর্থহীন অপ্রমাণ হইয়া পড়ে।
অথচ স্বতঃপ্রমাণ বেদবাক্য কখনই অপ্রমাণ হইতে পারে না।
অভএব বিধিশাস্ত্রের সার্থকতাসংরক্ষণের জন্মই জীবের কর্তৃত্ব
স্বীকার করা অপরিহার্য্য হইয়া থাকে।

অভিপ্রায় এই যে, পুরুষমাত্রই কামনার দাস; কামনার প্রেরণাবশে লোক বিভিন্ন প্রকার বিষয় পাইতে ও ভোগ করিতে ইচ্ছা করে, কিন্তু, ইচ্ছামাত্রেই অভীষ্ট ফল কাহারো হস্তগত হয় না; তাহার জন্ম উপযুক্ত উপায়ামুগ্রান করিতে হয়। উপযুক্ত উপায়ামুগ্রান করিতে হয়। উপযুক্ত উপায়ের ষথাযথ অনুগ্রানেই অভীষ্ট ফল স্থাসম্পা হইয়া থাকে। কোন ফলের পক্ষে কিরূপ উপায় উপযুক্ত ও অনুপ্রেয়, মামুষ্ তাহা নিজ বুদ্ধিতে নিরূপণ করিতে পারে না; এই কারণে ভ্রমপ্রমাদরহিত বেদশান্ত্র ও তদমুগত স্মৃত্যাদি শাল্ত্র বিধিমুখে সেই সকল ফ্লসাধন উপায় নির্দেশ করিয়া দিয়াছেন। ফলাভিলাষী পুরুষ শান্ত্রবিধিদ্যৌ আপনার অভিমত ক্লসিদ্ধির জন্ম উপযুক্ত উপায়টী বাছিয়া লন, এবং স্বীয় প্রয়ন্ত্রদারা তাহার অনুষ্ঠান করত আপনার অভীষ্ট কল প্রাপ্ত হন।

এখানে এ কথাও শ্বরণ রাখা আবশ্যক যে, সাধারণ নিয়মে কম্ম-কর্ত্তাই স্বকৃত কর্মফলের অধিকারী ইইয়া থাকে; একের

কর্ম্মকল অপরে ভোগ করে না; তাহা হইলে ব্যবহারজগতে বিষম বিশৃষ্টলা উপস্থিত হইত, এবং লোক-ব্যবহারই একপ্রকার অচল হইয়া পড়িত। পূর্ববমীমাংসা-প্রণেতা জৈমিনি মুনিরও ইহাই মত। তিনি বলিয়াছেন—

"শান্তফলং প্রক্লোকরি, তল্লক্ষণহাৎ।"

শাস্ত্রোক্ত যে কর্ম্ম যিনি অত্মুষ্ঠান করেন, সেই কর্ম্মের ফল তিনিই প্রাপ্ত হন, অপরে নহে ; ইহাই কর্ম্মের স্বভাব ; কর্ম্ম কখনই এ স্বভাব পরিত্যাগ করে না। আচার্যাগণও "ফর্লং চ কর্ত্তগামি" বলিয়া উক্ত বাক্যেরই প্রতিধ্বনি করিয়াছেন। এ কথার উপর আশঙ্কা হইতে পারে যে, যজমান আপনার অভিলয়িত যজ্ঞ সম্পাদনের জন্ম ঋত্বিক নিয়োগ খাঁৱেন। সেই ঋত্বিকৃগণই প্রত্যক্ষতঃ যজ্ঞাদি কর্মা সম্পাদন করিয়া থাকেন: বজমান সাধারণতঃ ঋত্বিক নিয়োগ করিয়াই নিশ্চিন্ত থাকেন: তিনি কখনও কর্মামুষ্ঠানের ভার গ্রহণ করেন না; অথচ সেই পরামুষ্ঠিত কর্ম্মের ফল কর্মাকর্তা ঋত্বিক্গণ প্রাপ্ত না হইয়া, প্রাপ্ত হন-যজমান, ইহাও শান্তেরই আদেশ,-"যাং কাংচন আশিষমাসাশতে, যজমানজৈব আসাশতে" অর্থাৎ কর্ম্মে নিযুক্ত শবিক্গণ যে কোন ফলের আকাজ্ফা করেন, ভাহা যজমানের জন্মই করেন, নিজেদের জন্ম করেন না, ইত্যাদি শান্ত্রও ঋত্বিকৃত্বত कर्प्युत कल बक्तभारनत প्राभा विनेत्रा निर्द्धम कतिराज्छ। এখन কথা হইতেছে এই যে, কর্ম্মকর্তাই ৰদি স্থায়তঃ কর্ম্মফলের অধিকারী হন, তাহা হইলে ঋতিক্-সম্পাদিত কর্মের ফল অকর্ত্তা

যক্ষমান প্রাপ্ত হন কিরুপে ? পক্ষান্তরে, যক্ষমান কর্মাকলের অধিকারী না হইলে কর্মানুষ্ঠানেই বা প্রবৃত্ত হইবেন কি কারণে ? এবং পরস্পরবিরোধী শাস্ত্রবাক্যেরই বা সামঞ্জন্ত রক্ষা করা মাইতে পারে কি প্রকারে ? এ সকল প্রশ্ন স্বতই মনোমধ্যে উদিত হইয়া থাকে।

এতত্বত্তরে মীমাংসক আচার্য্যগণ বলেন—শাস্তার্থে বিরোধ সম্ভাবিত হইলে শাস্ত্রবাক্যদারাই তাহার সমাধান করিতে হয়, **क्वित युक्तित युग्नत्र कितिल हिला ना । भारत (युग्न कियांकन** কর্তুগামী হয় বলিয়াছেন, তেমনই আবার ঋতিকের দারা সম্পাদিত কর্ম্মের ফলভোগে যজমানের দাবীও বাহাল রাখিয়াছেন। যে, ক্রিয়াফল কর্ত্ত-ভোগ্য বলিয়া নির্দেশ আছে, তাহা অথগুনীয় নিয়মরূপে ধর্ত্তব্য, সে নিয়মের ব্যতিক্রম কোথাও নাই বা হইতে পারে না। ঋত্বিকের দারা সম্পাদিত কর্মান্থলেও এ নিয়ম ব্যাহত হইতেছে না। কারণ, ঋত্বিকৃত্বত কর্মান্থলেও ঋত্বিকৃগণই প্রথমে কর্মফলের অধিকার প্রাপ্ত হইয়া থাকেন; পরে যজমান দক্ষিণারূপ মূল্যঘারা তাঁহাদের নিকট হইতে সেই কর্মফল ক্রয় করিয়া লন: ক্রয়ের পরে দেই ফলের উপর তাহার অধিকার লাভ হয়। যজমান যতক্ষণ কর্ম্মের দক্ষিণা প্রদান না করেন. অথবা মোটেই দক্ষিণা না দেন, ততক্ষণ সেই কর্ম্মের ফল তাহার ভোগে আইসে না। এই কারণেই কর্মান্তে দক্ষিণাদানের थ्याःत्रा, जात्र जाता विषय निकावान भारत पृथे दश । এ বিষয়ে স্বয়ং শ্রুতি বলিয়াছেন-

"দৌকিতানদীকিতা দকিণাভিঃ ক্রীতা বাস্বয়স্তি।"

বজ্ঞারস্তের পূর্বের যজমানকে কতকগুলি নিয়ম গ্রহণ করিতে হয় সেই নিয়মগ্রহণকে দীকা বলে। সেই সকল নিয়ম গ্রহণ कतिर्त शत राजभानरक 'मीकिक' वना रात्र, किन्न अधिक्गगरक म স্কল নিয়ম গ্রহণ করিতে হয় না, এইজন্ম তাঁহারা 'দীক্ষিড'-পদবাচ্য হন না-অদীক্ষিতই থাকেন। দীক্ষিত যজমান দক্ষিণা দ্বারা অত্যে ঋত্বিকগণকে ক্রেয় করেন, পশ্চাৎ সেই দক্ষিণাক্রীড ঋত্বিক্যণের দারা আপনার অভিশ্বিত যজ্ঞাদি কর্ম সম্পাদন করেন। এ কথার অভিপ্রায় এই যে, ব্যবহার-জগতে মূল্যক্রীত ভূত্যাদি দারা সম্পাদিত কম্মে ও তৎকলে যেরূপ মূল্যদাতারই সম্পূর্ণ অধিকার জন্মে, ক্ষরিকের বারা সম্পাদিত মজ্ঞাদিস্থলেও महत्रभ कल्प्र ७ ७९कल्म म्लामाठा यक्तमार्निर्देश निर्ववृाष्ट्र, অধিকার উৎপন্ন হইয়া থাকে, ঋতিকের নহে। ইহা দারা কর্ম-कता कहीतरे अधिकांत-महाव श्रमानिज रहेन, धवः यक्रमान्छ (व, কিরূপে পরামুন্তিত কর্ম্মের ফলে অধিকারী হয়, ভাহাও প্রদর্শিত ও সমর্থিত হইল। অভএব সূত্রকার যে, "কর্ত্ত। শাল্রার্থববাৎ" বলিয়াছেন, তাহা অসকত বা যুক্তিবিরুদ্ধ হয় নাই ।

ুকেবল যে, বিধিশান্তের সার্থকতা রক্ষার অনুরোধেই জীবাত্মার কর্ত্ত্ব বা কার্য্যকারিত। স্বীকার করিতে হয়, তাহা নহে, এ বিষরে সাক্ষাৎ শুতির উপদেশও এইরপই আছে। স্বপ্রসময়ে আত্মার অবস্থা পর্য্যালোচনাপ্রসক্তে শুতি বলিয়াছেন—"স সয়তেহমুতো বত্র কামম্" অমরণশীল আত্মা যেখানে (স্বপ্রসময়ে) ইচ্ছানুসারে গ্রমন ক্রে। এখানে আত্মাকে স্বেচ্ছানুর্বুপ গতির কর্ত্তা বলা

ছইয়াছে। অশুত্র আবার এই স্বপ্নাবস্থাপ্রসঙ্গেই বলা আছে বে,—
"স্বে শরীরে যথাকামং পরিবর্ত্তে।" নিজের ইচ্ছামত স্বীয় শরীরমধ্যেই বিচরণ করে। এখানেও বিচরণক্রিয়ার কর্তৃত্ব আত্মাতেই
অপিত হইয়াছে। তাহার পর অগ্রন্থলে আবার—"তদেষাং
প্রাণানাং বিজ্ঞানেন বিজ্ঞানমাদায়।" অর্থাৎ 'অপরাপর ইন্দ্রিয়ভাত বিজ্ঞানের সহিত বৃদ্ধিবিজ্ঞানকে গ্রহণ করিয়া, এম্বলে
গ্রহণক্রিয়ার কর্তৃত্রপে আত্মার নির্দ্দেশ রহিয়াছে, অত এব ঐ
সকল শ্রোত প্রমাণ ঘারাও আত্মার কর্তৃত্বই প্রমাণিত ইইতেছে।
(২০৩৪—৩৫ সূত্র)। আত্মার কর্তৃত্ব থে, কেবল এই সকল
প্রমাণের ঘারাই সমর্থিত হইতেছে, তাহা নহে,—

বাপদেশাচ্চ ক্রিয়ারাং, নচেৎ নির্দেশবিপ্রারঃ স্থাৎ ॥ ২।৩।৩৬ ॥

"বিজ্ঞানং যজ্ঞং তনুতে, কর্মাণি তনুতেহপি চ" অর্থাৎ বিজ্ঞাননংজ্ঞক জীবাত্মা যক্ষ (বেদোক্ত কর্মা) ও ব্যবহারিক কর্মা নির্বাহ করিয়া থাকে, ইত্যানি শুভিতে লৌকিক ও বৈদিক কর্মো নির্বাহ করিয়া থাকে, ইত্যানি শুভিতে লৌকিক ও বৈদিক কর্মো জীবাত্মার কর্ম্বহিনির্দেশ হইতেও জীবাত্মার কর্ম্বছ প্রমাণিত ইইতেছে। এখানে 'বিজ্ঞান' শব্দে যদি জীবাত্মা ভিন্ন বুদ্ধি বা অপর কিছু অভিগ্রেত হইত, তাহা হইলে নিশ্চয়ই শুভিতে অন্যপ্রকার নির্দ্দেশ থাকিত—'বিজ্ঞান' না হইয়া 'বিজ্ঞানেন' নির্দ্দেশ ইইত; কেন না, বুদ্ধির করণত্বই প্রাদিন্ধ, কর্ম্বছ নহে; স্মৃতরাং 'বিজ্ঞান' শব্দের উত্তর করণবিভক্তি (তৃতীয়া বিভক্তি) হওয়াই উচিত ছিল। তাহা না হইয়া যথন 'বিজ্ঞান' শব্দে কর্ম্বহবাৰক প্রথমা বিভক্তির রহিয়াছে, তথন উহার অর্থ জীবাত্মা ব্যক্তীত বুদ্ধি

বা অপর কিছু হইতেই পারে না। অতএব এখানে আত্মারই **কর্তৃত্ব বলা হইয়াছে, বুদ্ধি**র কর্তৃত্ব বলা হয় নাই। যাহারা আত্মার কর্তৃত্ব প্রত্যাখ্যান করিয়া কেবল ভোক্তৃত্বমাত্র স্বীকার করেন, এবং বুদ্ধিরও ভোকৃত্ব প্রত্যাখ্যান করিয়া কেবল কর্তৃত্ব-মাত্র স্বীকার করেন, তাহাদের সিদ্ধান্ত বিশেষ যুক্তিসহ বলিয়া মনে হয় না। কারণ, পূর্বেই আমরা বলিয়াছি যে, অগ্রে ফল-প্রাপ্তির ইচ্ছা হয়, পরে তাহার উপায়াম্বেষণ হয়, তাহার পর হয় ক্রিয়ার অনুষ্ঠান। ইহাই ক্রিয়ানুষ্ঠানের সাধারণ পৌর্ববা-<mark>পর্য্যক্রম।</mark> যাহার **ভোগ নাই**, ফলভোগে তাগার ইচ্ছাও নাই; স্তরাং তাহার উপায়াবেষণেও প্রয়োজন নাই ;ুকান্ডেই তাহার পক্ষে কোনপ্রকার ক্রিয়াসুষ্ঠানই সম্ভবপর হয় নাঁ, বা হইতে পারে না। বুদ্ধি অচেতন জড়পদার্থ; তাহার ভোগচিস্তা থাকিতে পারে নাঁ: স্থতরাং তাহার পক্ষে ফলেচ্ছা, উপায়চিস্তা বা ক্রিয়ানুষ্ঠান কোনটাই হইতে পারে না। পক্ষান্তরে, বুদ্ধিই যদি ক্রিয়ানবর্বাচক্ষম কর্ত্রী হইত, (আত্মার কর্তৃত্ব না থাকিত), তাহা হইলে, ব্যবহারসিদ্ধ কর্ত্তবভাগীলোকেরা যেরূপ কোন একটী সাধনের (করণের) দ্বারা ক্রিয়া নিস্পাদন করিয়া থাকে, रियमन कुछकार निख्वारा घर निर्माण कतिया शास्त्र, व्यस्करणक्रशी বুদ্ধিকেও সেইরূপ অপর একটা করণের সাহায্যেই সমস্ত ক্রিয়া নির্ববাহ করিন্দে হইত। যদি বৃদ্ধির কার্য্য-নির্ববাহের জন্ম অপর একটা করণ বস্তুরই অস্তিত্ব, কল্লনা করিতে হয়, ভাষা হইলে ড কেবল কল্পনাগোরৰ ছাড়া আর কিছ্ই লাভ হয় না। অধিকন্ত

আত্মা যেমন বুদ্ধির সাহায্যে সহস্ত কার্য্য করিয়া থাকে, বুদ্ধিও যদি ঠিক তেমনই অপর একটা বস্তুর (করণের) সাহায্যে সমস্ত ক্রিয়া নির্নবাহ করে, তাল হইলে ত প্রকারাস্তরে বুদ্ধিই আত্মার স্থান অধিকার করিয়া থাকায়, তদতিরিক্ত আর স্বতন্ত্র আত্মা স্বীকার করিবার আবশ্যকই হয় না; বরং লাঘণতঃ বুদ্ধিকেই আত্মার স্থানে বসাইয়া তালাকেই কর্তৃত্ব ও ভোক্তৃত্বশক্তি প্রদান করা অধিকত্বর সক্ষত হয়, অনর্থক একটা অতিরিক্ত আত্মা স্থাকার করিবার কোনই প্রয়োজন দেখা যায় না (১)। এই সমস্ত কারণেই বুদ্ধির কর্তৃত্ব স্থীকার করিতে পারা যায় না। আত্মার কর্তৃত্ব ও ভোক্তৃত্ব তুইই গোণ বা ঔপচারিক; মুতরাং আত্মাতে ঐ তুইটা ধর্ম্ম স্বাকার করিলেও তালার বিশুদ্ধি হয় না। অতএব ঐ ধর্ম্মদ্বয় আত্মারই ধর্ম্ম বলিয়া প্রমাণিত হয়॥২ ৩০৬ সৃত্॥

এখন আশস্কা হইতে পারে যে, আত্মাই যদি কর্ম্মকর্ত্তা ও ফলভোক্তা হয়, তাহা হইলে, আত্মা স্বাধীন হইয়াও আপনার অপ্রিয় তু:খময় কর্ম্মের অনুষ্ঠান করে কেন ? কোন স্বাধীন ব্যক্তিই আপনার অহিভকর কর্ম্ম করে না; এমন কি, উন্মন্তও এরূপ কর্ম্ম করে কি না সন্দেহ; এমত অবস্থায় আত্মার পক্ষে অহিত কর্ম্মের অনুষ্ঠান করা কখনই সম্ভবপর হয় না। কেন না, আত্মা যখন কর্ত্তা; কর্ত্তা অর্ধই পরের অনধীন স্বতম্প্র।

<sup>(</sup>১) পরবর্ত্তী ৩৮ সংখ্যক "শক্তিবিপর্য্যরাৎ" প্রভৃতি স্থত্তে একথা আরও বিশেষ ভাবে বর্ণিত আছে।

সেই স্বতন্ত্র আত্মা কর্ম করিবার সময় আপনার হিতকর প্রিয় কর্মাই করিবে, অহিতকর কর্মা করিবে কেন? অথচ প্রত্যেক আত্মাকেই যথেচছভাবে হিত অহিত বা প্রিয় অপ্রিয় কর্মা করিতে দেখা যায়। স্বাধীন আত্মার পক্ষে এরূপ বিসদৃশ ব্যবহার কখনই সম্মত হইতে পারে না। এই কারণেও আত্মার কর্তৃত্বকল্পনা যুক্তিস্কৃত হয় না। এ প্রশাের উত্তরে স্বয়ং সূত্রকার বলিতেছেন—

#### **উপলব্ধিবদনিয়ম: ॥ २।०।०१** ii

অভিপ্রায় এই যে, আত্মার কর্তৃত্বসম্বন্ধে মতভেদ থাকিলেও ভোকৃত্বসম্বন্ধে কাহারে। মতান্তর দৃষ্ট হয় না। যাহারা আত্মার কর্তৃত্ব স্বীকারে অসম্মতি জ্ঞাপন করেন, তাহারাও স্ক্রাত্মার ভোকৃত্ব-পক্ষে সাদরে সম্মতি দান করেন। আত্মার ভোকৃত্ব বা জ্ঞাতৃত্ব-সম্মন্ধে "দ্রুষ্টা, শ্রোতা, মন্তা বিজ্ঞাতা" ইত্যাদি শ্রুতিও উদারভাবে সম্মতি জ্ঞাপন করিয়াছেন। ভোগ আর উপলব্ধি একই কথা। বিষয়বিশেষের উপলব্ধিকেই ভোগনামে অভিহিত্ত করা হয়। এই ভোগ বা বিষয়োপলব্ধি প্রিয় ও অপ্রিয়ভেদে ছইপ্রকার দৃষ্ট হয়। চেতন আত্মা যে, উক্ত ছইপ্রকার (প্রিয় ও অপ্রিয়) ভোগই যথাসম্ভব সম্পাদন করিয়া থাকে, ইহা সর্বব্জনবিদিত। এখন দেখিতে হইবে যে, আত্মা যেমন চেতন হইয়াও, এবং স্বাধীনভাবে কর্ত্তা হইয়াও যথাসম্ভব প্রিয় ও অপ্রিয় বিষয় পর্য্যায়ক্রমে উপলব্ধি (অমুভব) করিয়া থাকে, ঠিক ভেমনি-ভাবেই আবার পর্য্যায়ক্রমে যথাসম্ভব হিতাহিত উভয়বিধ কার্য্যই করিয়া থাকে; এবং স্বাধীনতাসত্বেও আত্মী যেমন অপ্রিয় বিষয় পরিত্যাগপূর্বক কেবলই প্রিয় বিষয় সকল উপলব্ধি (ভোগ) করে না, বা করিতে পারে না, ঠিক তেমনই স্বাধীনতাসছেও সে, অনিষ্টকর কার্য্য পরিত্যাগপূর্বক কেবলই হিতকর কার্য্য করে না, বা করিতে পারে না, ইহাতে আর আপত্তির কার্মণ কি আছে ?

আত্মা সাধীন হইয়াও কেন যে, ইচ্ছামত কেবলই প্রিয় কার্য্য করে না, এবং কেনই বা কেবল প্রিয় বিষয়মাত্র উপলব্ধি করে না, তাহার উত্তরে কেহ কেহ বলেন, আত্মা স্বাধীন হইলেও, সম্পূর্ণ নিরপেক্ষ নহে। তাহাকেও কার্য্যকালে দেশ, কাল ও নিমিত্ত-ভেদের অপেক্ষা করিতে হয়। আত্মা সেই বিভিন্নপ্রকার দেশ-কালাদি নিমিত্তামুসারে বিভিন্নপ্রকার (হিত ও অহিত) কার্য্য ক্রিতে এবং বিভিন্নপ্রকার বিষয় উপলব্ধি করিতে বাধ্য হয়; সেই জন্মই তাহার সম্বন্ধে প্রিয়াপ্রিয় কার্য্য ও হিতাহিত বিষয়-ভোগ অনিয়মে সংঘটিত হইয়া থাকে।

আছা স্বীয় কার্য্যসম্পাদনে ঐ সকল নিমিত্রের সহায়তাগ্রহণ করিয়া থাকে; সেই কারণে যে, তাহার কর্তৃত্বের (স্বাতন্ত্র্যের)
হানি হয়, তাহা নহে। কার্য্য করিতে হইলেই কর্তাকে অপর
কতকগুলি সহকারীর সহায়তাগ্রহণ করিতেই হয়। কোনও
সহকারীর সহায়তা না লইয়া একাকী কেহই কোন কার্য্য
সম্পাদন করিতে সমর্থ হয় না। সমর্থ হয় না বলিয়াই—
সহকারী কারণের সাহায্য গ্রহণে যে, কর্তার কর্তৃত্ব-হানি ঘটে না,
এ বিষয়ে পণ্ডিতগণ একবাক্যে সম্বতি জ্ঞাপন করিয়াছেন।

পক্ষান্তরে কোনরূপ সহকারী লইয়া কার্য্য করিলেই যদি কর্ত্তার স্বাভন্ত্য (কর্ত্ত্ব) বিনষ্ট হয়, তাহা হইলে, যিনি সর্ববজ্ঞ সর্ববশক্তি প্রমেশ্বর, তাঁহারও স্বাভন্ত্য রক্ষা পায় না, কারণ, ভাঁহাকেও এই বিশাল বিশ্বরাজ্য স্প্তি করিতে, জীবের প্রাক্তন কর্ম্মরাশির সাহায্য গ্রহণ করিতে হয়। তিনি জীবগণের কর্ম্মভেদ অমুসারেই স্প্তিগত বৈচিত্র্য বিধান করিয়া থাকেন (১); তাহাতে যদি প্রমেশ্বরেরও স্বাভন্ত্য বিলুপ্ত হয়, তাহা হইলে বুঝিতে হইবে যে. 'স্বাভন্ত্য' একটা কথার কথা মাত্র; জগতে কোথাও স্বাভন্ত্য বলিয়া কোন পদার্থই নাই। অভএব দেশকালাদি নিমিত্ত-সাপেক্ষ হইয়া কার্য্য করাতেও আত্মার স্বাভন্ত্যহানি হইবার সম্ভাবনা আদে নাই।

বস্তুতঃ এই সাপেক্ষতাবাদও থুব সমীচীন মনে হইতেছে
না। না হইবার কারণ এই যে, আজা নিত্য চৈত্যাস্থরপ;
তাহার প্রকাশ বা উপলব্ধি স্বতঃসিদ্ধ; তাহাতে অপর কোনও
নিমিত্তের অপেক্ষা থাকিতেই পারে না; স্বতরা: তাহার
কর্ত্ত্বসম্বন্ধে অপর নিমিত্তের অপেক্ষা থাকিলেও প্রকাশরূপ
উপলব্ধিতে নিমিত্তান্তরের অপেক্ষা থাকিতেই পারে না। তবে.

<sup>(</sup>১) বেদান্তদর্শনের তৃতীয় অধ্যারে পরমেশরের বিষমদলিতা বা পক্ষ-পাতিতা ও নির্দ্দরতা দোষের আশব্দায়, তরিরাকরণার্থ স্ত্রকার বলিরাছেন —"বৈষম্য-নৈর্দ্ধণ্য ন, সাপেক্ষত্বাং" অর্থাৎ ঈশ্বর শ্রীবগণের প্রাক্তন কর্ম্ম-সাপেক্ষ হট্যা স্কৃষ্টি ও সংহার করিরা থাকেন, এইজন্ম তাঁহার উপর বৈষম্য (পক্ষপাতিত্ব) ও নৈর্দ্ধণ্য (নিষ্ঠ রতা) দোষ আরোঞ্জিত হইতে পারে না।

উপলব্ধিশব্দে যদি বৃদ্ধির্ভিকে লক্ষ্য করা হয়, তাহা হইলে
নিমিত্তাপেক্ষার কথা দোষাবহ না হইতেও পারে; কেন না,
বৃদ্ধির্ত্তি স্বভাবতই অনিতা; স্বতরাং তাহার উৎপত্তির জন্য
নিমিত্তকল্পনা আবশ্যকই হয়। সে যাহা হউক, বিষয়োপলব্দি
নিমিত্ত-সাপেক্ষ হউক, বা নাই হউক, তাহাতে আত্মার কর্তৃত্বসিদ্ধির কোনই ব্যাঘাত হইতেছে না। আত্মার কর্তৃত্ব অসিদ্ধ
হইলে শাল্তে যে, ধ্যান ধারণা ও সমাধিপ্রভৃতি মুক্তিসাধনের
উপদেশ রহিয়াছে, সে সমুদ্র উপদেশ একেবারেই ব্যর্থ—
অকর্মাণ্য হইয়া পড়ে। অতএব আত্মার কর্তৃত্ব অস্বীকার করিতে
পারা যায় না ৷ ২০৩৩৯ ॥

#### [ আত্মার কর্তৃত্ব—ঔপাধিক ]

প্রদর্শিত প্রমাণ ও যুক্তিছারা কীবাত্মার কর্তৃত্ব সিদ্ধ হইল সত্য, কিন্তু সেই কর্তৃত্ব ধর্মা কি আত্মার স্বাভাবিক—অগ্নিধর্মা উষ্ণতার ভায়ে স্বতঃসিদ্ধ ? অথবা জলগত উষ্ণতার ভায় জন্তাপেক্ষিত আগস্তুক বা ঔপাধিক মাত্র ? স্বাদি নিতাসিদ্ধ হয়, তাহা হইলে এমন কোন সময় বা অবস্থাই কল্পনা করা যায় না, যাহাতে আত্মার কর্তৃত্ব ধর্মা সম্পূর্ণরূপে বিরত হইতে পারে। কর্তৃত্ব বিরত না হইলে জীবাত্মার সংসারনিবৃত্তি বা মুক্তিলাভ একেবারেই অসম্ভব হইয়া পড়ে। কর্তৃত্বই জীবকে সংসারে ও সাংসারিক তুঃখভোগে নিয়োজিত করিয়া থাকে; সেই কর্তৃত্বই যদি জীবের নিতাসিদ্ধ হয়, তাহা হইলে মোক্ষদশায়ও সে কর্তৃত্বর বিরাম হইবে না; কর্তৃত্বের অবিরামে সংসার ও সাংসারিক ছুঃখভোগও নিবৃত্ত হইবে না ; স্ত্তরাং জন্মমরণ-সম্পর্কশুন্ত নিতু:খ মোক্ষলাভ কোন কালে বা কোন অবস্থায় কোন জীবের পক্ষেই সম্ভবপর হইতে পারে না। পক্ষান্তরে. আজ্বার কর্ত্তর যদি উপাধিজনিত আগন্তুক ধর্ম্ম হয়, তাহা হইলে পূর্বেবাক্ত দোষের সস্তাবনা থাকে না সত্য, কিন্তু জানিতে ইচ্ছা হয় যে, সেই উপাধিটী কি ও কি প্রকার, এবং কি কারণে কোথা হইতে আইসে ? যাহার সংস্পর্গে থাকিয়া জীবকে এতদুর অনর্থরাশি ভোগ করিতে হয়, তাহার স্বরূপাদি সম্বন্ধে পরিচর জ্ঞানা নিতান্তই আবশ্যক হয়। এতত্ত্তরে নৈয়ায়িকগণ ও মীমাংসক সম্প্রদায় বলেন—আত্মার কর্তৃত্ব উপাধি-সম্পর্কভনিত আগন্ধক নহে, উহা আত্মার স্বভাবসিদ্ধ ধর্ম্ম।' অবিক্সার স্বভাৰ-দিন্ধ কর্ত্বৰ আছে বলিয়াই শাস্ত্রোক্ত বিধিনিষেধ-প্রতিপালনের জন্ম জীবকে বাধ্য, করা হইয়াছে। আত্মার যদি কর্তৃত্বই না পাকিত, তাহা হইলে ঐ সকল বিধিনিষেধশান্ত্র নির্ম্পক হইয়া পড়িত। বিশেষতঃ কর্ত্তব্বর স্বাভাবিকতা সম্ভবপর হইলে, উষার প্রণাধিকত্ব কল্পনা যুক্তিসম্মতও হয় না। এমন কিছু অনুপপত্তি ৰা ৰাধক প্ৰমাণ দৃষ্ট হয় না, যাহার দারা আত্মার কর্তৃত্বকে শাসন্তক বা ঔপাধিক বলিয়া কল্পনা করা বাইতে পারে; অতএব আত্মার কর্ম্বর আগস্তুক নহে —স্বাভাবিক। ইহা স্থায় ও মীমাংসাশান্তের সিদ্ধান্ত হইলেও বেদান্তশান্তের সিদ্ধান্ত অন্য-বেদাস্তাচার্য্য সূত্রকার আপনার অভিমত সিদ্ধান্ত জ্ঞাপনাৰ্থ বলিতেছেন---

वर्षा ह उटको उद्दर्श । २।०।३० ।

ভক্ষা অর্থ—সূত্রধর ( বাহারা কাঠের জিনিষ প্রস্তুত করে )। সেই তক্ষা যেমন কর্ত্তা অকর্ত্তা উভয়রূপেই অবস্থান করে, আত্মাও তেমনই কর্ত্তা অকর্ত্তা উভয়ভাবেই অবস্থান করে। সূত্রধর যতক্ষণ আপনার যন্তাদি লইয়া তক্ষণ-কার্য্যে নিযুক্ত থাকে, ততক্ষণ কর্ত্তারূপে পরিচিত হয়, সেই তক্ষাই আবার যখন অপেনার যন্ত্রপাতী পরিত্যাগ করিয়া কার্য্য হইতে বিরত হয়, তখন আরু সে কর্ত্তারূপে পরিচিত হয় না। কারণ, তাহার কর্ত্ত্ব ধর্ম্ম স্বাভাবিক নহে,—ঔপাধিক অর্থাৎ নিজের কার্যাঘটিত। সেই ক্রিয়ারূপ উপাধি যতক্ষণ, উতক্ষণ সে কর্ত্তা আবার সেই উপাধির অভাব হইলেই সে হয় অকর্ত্তা। আত্মার অবস্থাও ঠিক সেইরূপ। আত্মা যতক্ষণ উপাধি-সহযোগে ক্রিয়া করে. ভতক্ষণ কর্ত্তারূপে পরিচিত হয়, আবার সেই উপাধিসম্বন্ধরহিত ছইয়া যখন ক্রিয়া হইতে বিরত হয়, তখন অকর্তারূপে স্বভাব প্রাপ্ত হয়। মৃক্তিদশায় আত্মার উপাধিসম্বন্ধ থাকে না, স্বতরাং তখন ঔপাধিক কর্তৃত্ব ও তমূলক চুঃখাদিলম্পর্কও থাকে না। তথন জীবের সর্ববতঃখের উপশমরূপ মৃক্তি স্থসম্পন্ন হয়।

এই যে, জীবের কর্তৃত্ব ধন্মের অভিবাক্তি ও নির্বৃত্তি, ইহাম্বারা কর্তৃত্বের ঔপাধিকত্বই (অস্বাভাবিকত্বই) প্রমাণিত হয়। আত্মার কর্তৃত্ব ধর্মা স্বভাবদিদ্ধ হইলে, উষ্ণতা যেমন অগ্নির চিরসহচর, কথনও তত্তভয়ের বিচেছদ ঘটে না, বরং স্বাভাবিক উষ্ণতাধর্মের বিলোপে অগ্নিরই অভাব ঘটিয়া থাকে, সেইরূপ কর্তৃত্বের বিলোপে আগ্নারই উচ্ছেদ বা অস্তিত্ব-বিলোপ অবশ্যস্তাবী

হইত, এবং জীবের মৃক্তি উচ্ছেদেরই একটা নামান্তরমাত্র বলিয়া গণ্য হইত। আজার স্বরূপোচ্ছেদের নাম মৃক্তি হইলে প্রকৃতিস্থ কোন লোকই মৃক্তির জন্য এত কঠোর সাধনায় ব্রতী হইত না। এই সকল কারণেই স্বাকার করিতে হয় যে. আজার কর্তৃত্ব ধর্ম্ম স্বাভাবিক নহে—ঔপাধিক—বুদ্ধিরূপ উপাধি-সম্বন্ধের ফল। প্রকৃতপক্ষে কিন্তু কর্তৃত্ব বুদ্ধিরই স্বাভাবিক ধর্ম। এই বুদ্ধিরপ উপাধির সহিত সম্বন্ধ বশতই পরমাত্মা জীবভাব প্রাপ্ত হন; বুদ্ধিকে লইয়াই জীবের জীবত্ব; বুদ্ধিকে বাদ দিলে জীবভাবই ঘুচিয়া যায় (৩)। অতএব, অধিক পরিমাণে অগ্নিসন্তপ্ত লোহ যেরূপে অগ্নির সহিত অবিবিক্তভাবে অবস্থান করে. অগ্নি ও লোহের মধ্যে কিছুমাত্র পার্থক্য করা দিইজ হয় না, ভাহার ফলে সেই লোহায়িতে শরীর দগ্ধ হইলেও লোকে অবিবেক-বশতঃ 'লোহে আমার' শরীর দগ্ধ করিয়াছে' বলিয়া উল্লেখ করে, সেইরূপ গাঢ়ভাবে সংস্ফে বুদ্ধি ও চৈতন্যের মধ্যে বিবেক বা পার্থক্য করেতে না পারিয়া. অজ্ঞ লোকেরা বৃদ্ধিকৃত কর্ম্মকেই চেতন্যরুপী

<sup>(</sup>১) জীবান্থার বাবহারিক স্থরণ কথন প্রসংগ বিভারণাস্থানী রলিয়াছেন—

<sup>&#</sup>x27;'চৈতন্তং যুদধিষ্ঠানং লিঙ্কদেহশ্চ যঃ পুন: চিচ্ছায়া লিঙ্কদেহস্থা তৎসভেষা জীব উচাতে ॥" (পঞ্চদশী)

অর্থাৎ যে চৈতত্ত্বের উপর জগৎ প্রতিষ্ঠিত আছে, নিক্লশরীর এবং নিক্লশরীরগত চিৎপ্রতিবিশ্ব, এই সকলের সমষ্টিকে জীব বলা হর। কথিত বুদ্ধিও নিক্লশরীরেরই একটা প্রধান অংশ, এই কারণেই জীবভাবের উপর বুদ্ধির এত প্রভাব দৃষ্ট হর।

আত্মার কন্ম বিলিয়া মনে করে, এবং তদমুরূপ ব্যবহারও করিয়া থাকে; কিন্তু সেই ভ্রান্তকল্পনা ও অসত্য ব্যবহার দারা নিক্ষিয়মভাব আত্মার কর্তৃত্ব কখনই স্বাভাবিকে পরিণত হয় না, ও হইতে পারে না। এইজন্যই আত্মার কর্তৃত্ব অস্বাভাবিক বলিতে হয়॥২।৩।৪০॥

## [আত্মার কর্তৃত্বে অদৃষ্ট ও ঈশ্বরের প্রভাব]

বুদ্ধিকৃত ক্রিয়া দারা কর্তৃত্ব আরোপিত হয় বলিয়া আত্মার কর্তৃত্ব যেমন স্বাভাবিক নহে, তেমনি স্বাধীনও নহে; সম্পূর্ণ পরাধীন। জীব পরেচ্ছাপরবশ হইয়াই সমস্ত কার্য্য করিয়া থাকে, কোন কার্য্যেই তাহার স্বাধীন কর্তৃত্বশক্তি নাই, সমস্তই পরায়ত্ত। জীব কোথা হইতে সেই কর্তৃত্বশক্তি প্রাপ্ত হয় ? এ প্রশ্নের উত্তরে সূত্রকার বলিতেছেন—

### পরাং তু তচ্ছুতে:॥ ২।৩।৪১ 🕯

এই সূত্রের সহজ অর্থ এই যে, আত্মার কর্তৃত্ব আছে
সত্য, কিন্তু তাহা 'পরাৎ'—অপর বস্তু হইতে পারে না; স্কুতরাং
বুদ্ধিই 'পরাৎ'পদের প্রতিপাত। সেই বুদ্ধি হইতেই আত্মার
কর্তৃত্ব নিষ্পান্ন হয়। এইরপ সূত্রার্থ সহজ বুদ্ধিগম্য হইলেও,
আচার্য্য শঙ্কর ইহার অভ্যপ্রকার অর্থ করিয়াছেন। তিনি
বলিয়াছেন—

আত্মার যে কত্তি, তাহা 'পরাৎ'-পরমাত্মা হইতে প্রাপ্ত।
পরমেশরের ইচ্ছানুদারে জগতের অভাগ্য সমস্ত কার্য্য যেমন

নিম্পন্ন হয়, জীবের কর্তৃ হও ঠিক তেমনভাবেই তাঁহার ইচ্ছায় প্রকটিত হয়। পরমেশ্বর জীবগণের প্রাক্তন শুভাশুভ কর্মামু-সারে ভালমন্দ বিষয়ে তাহাদের বৃদ্ধিবৃত্তি প্রেরণ করিয়া থাকেন; তদমুসারে তাহার। কার্য্য করিয়া থাকে। এই অভিপ্রায়ে শ্রুতি বলিয়াছেন—

ত্বৰ উ এব সাধু কৰ্ম কানন্নতি তং, বনেভ্যো লোকেভ্য উন্নিনীৰতে। এৰ উ এবাসাধু কৰ্ম কানন্নতি তং, বনেভ্যো লোকেভ্যোক্ধো নিনীৰতে।

অর্থাৎ তিনি যাহাকে উন্নত বা উর্জলোকগামী করিতে ইচ্ছা করেন, ভাহাকে উত্তম কর্মে নিয়োজিত করেন, আবার তিনি যাহাকে অবনত বা অধাগামী করিতে ইচ্ছা করেন, ভাহাকে অসাধু কর্মে নিয়োজিত করেন। এ কথার অভিপ্রায় এই যে, পরমেশ্বর কাহারো শক্রও নন, মিত্রও নন; তিনি রাগকেষবিবভিত্তত—সকলের প্রতি সমান। তিনি কখনও রাগদেবের বলবর্তী হইয়া অমুচিত অমুত্রহ বা নিগ্রহ করেন না। পরস্ক পূর্বকেল্লে বা পূর্ববজন্ম, যে জীব যে প্রকার কর্ম্মাশয় সঞ্চয় করিয়া রাখিয়াছে, ভাহাকে তদমুরূপ কল প্রদান করিয়া থাকেন মাত্র। দে কল শুভই হউক, বা অশুভই হউক, দে দিকে তিনি দৃত্পাতও করেন না, এবং করিতেও পারেন না; কারণ, তাহা হইলে প্রমেশ্বরের পক্ষপাতিত দোষ অপরিহার্য্য ইইয়া পড়ে। কিছু ভাহার ক্রত স্থিবিচিত্র্য যদি জীবগণেরই অমুন্তিত প্রাক্তন কর্ম্মের ক্ষাশ্বরূপ হয়, তাহা হইলে, তাঁহার সমদর্শিতা ও উদারতা ব্যাহত হয়্ম না এবং বিবমদর্শিতা ও নিষ্ঠ্ বভাপ্রভৃতি গৌবরাশিও ভাঁহাকে

ন্দর্শ করিতে পারে না। স্বয়ং সূত্রকারই—"বৈষম্য-নৈর্থণো ন সাপেক্ষরাৎ ॥" (২।১।৩৪) সূত্রে এ কথা বিশদভাবে বুঝাইয়া দিয়াছেন। এখানে আর সে কথার অধিক আলোচনা আবশ্যক মনে হয় না।

এপগ্যস্ত যে সমস্ত কথা বলা হইল, তাহা দ্বারা প্রমাণিত হইল যে, আত্মার কর্তৃত্ব আছে সত্য, কিন্তু তাহা তাহার নিজস্ব বা স্বাভাবিক নহে,—ঔপাধিক। বৃদ্ধির যে স্বভাবসিদ্ধ কার্য্যকারিতা বা কতৃত্ব আছে, তাহাই অবিভা বা অবিবেকবশতঃ আত্মাতে আরোপিত হইয়া থাকে মাত্র। আত্মার তাদৃশ কর্তৃত্বও স্বেচ্ছাতন্ত্ব নহে, পরস্ত পরমাজ্মার আমোঘ ইচ্ছায় সম্পাদিত। পরমাজ্মার ইচ্ছার অস্তরালেও আবার জীবগণের প্রাক্তন কর্ম্মরাশি প্রচ্ছার ভাবে থাকিয়া কার্য্য করিয়া থাকে। অনাদি স্তিপ্রবাহে এই কর্ম্ম (অদৃষ্ট) ও স্তিরিকার্য্য অবিচ্ছিন্নভাবে চলিতেছে, ইহাদের পৌর্ব্যাপয়্য নির্ব্য করা মানববৃদ্ধির সাধ্য নহে। এবিষয়ে মানবকে কেবল অনাদি বৃদ্ধিয়াই সম্ভট্ট থাকিতে হইবেনা ২০৩৪১ ॥

# [ অবচ্ছিন্নবাদ—জীব ও প্রমান্মার অংশাশিভাব ]

পূর্বের কথিত হইয়াছে যে, পরমাত্মাই অবিভাবশে বৃদ্ধিক্ষপ উপাধি-সংযোগে জীবভাব প্রাপ্ত হন, এবং জীবগণ পরমাত্মারই ইচ্ছাবশে কার্যা নির্বাহ করিয়া থাকে। এখন জিজ্ঞান্ত এই যে, পরমাত্মার সহিত যে, জীবের সম্বন্ধ, সে সম্বন্ধটা কিপ্রকার ? উহা কি প্রভূ-ভূত্যের স্থায় ? অর্থাৎ প্রভূ যেমন ভূত্যকে ইচ্ছামূসারে নিয়োগ করেন, ঠিক তেমনই ? অর্থা অশ্লি- ক্ষুলিকের ন্যায় ?—অগ্নি হইতে নির্গত ক্ষুলিক ও অগ্নির মধ্যে যেরূপ স্বরূপতঃ কোন প্রভেদ নাই, জীব ও পরমাত্মার অবস্থাও কি ঠিক তদ্রুপ ? এই প্রশ্নের উত্তর প্রদানপ্রসঙ্গে অনেকগুলি মতবাদের স্ঠি হইয়াছে। তন্মধ্যে তুইটা বাদ প্রধান—এক অবচ্ছিরবাদ, অপর প্রতিবিশ্ববাদ।

অবচ্ছিন্নবাদীর মতে এক অধিতীয় সর্বব্যাপী, চৈতন্মস্বরূপ ব্রহ্মই বৃদ্ধিরূপ অন্তঃকরণ ঘারা পরিচিছন্ন হয়, এবং অসংখ্য দেহভেদে ভিন্ন ভিন্ন ভাব প্রাপ্ত হয়। অর্থাৎ দেহ ও অন্তঃকরণ-ভেদে জীবভেদও অনন্ত। অন্ত:করণ পরিচ্ছিন্ন বলিয়া তদবচ্ছিন্ন অখণ্ড ব্রহ্মটেন্ডরেও খণ্ড বা বিজ্ঞাগ সম্পাদিত হয়: এই কারণেই অন্তঃকরণকে এক্ষাচৈতন্তের অবচ্ছেদক ও ভেদক উপাধি' বলা হইয়া থাকে। পূর্কেই বলা হইয়াছে যে, অ**ন্তঃ**করণরূপ উপাধি দ্বারা পরমাত্তাই জীবভাব প্রাপ্ত হইয়া থাকেন। এক অখণ্ড আকাশ যেরপ ঘটপটাদি উপাধিদারা পরিচ্ছিন্ন হইয়া ঘটাকাশ পটাকাশাদিরূপে অসংখ্য বিভাগ প্রাপ্ত হয়, সেইরূপ এক অখণ্ড ব্রহ্মতৈতমন্ত অন্ত:করণরূপ উপাধির দ্বারা পরিচ্ছিন্ন হইয়া অনস্ত বিভাগ প্রাপ্ত হন। সর্ববগত আকাশের যেরূপ ঘটপটাদি দারা স্বাঁচ্ছেদ লাভ (সীমাবদ্ধভাব প্রাপ্তি) অপরিহার্য্য, সর্ববগত ব্রহ্ম-চৈতন্মের পক্ষেত্ত সেইরূপ অন্তঃকরণযোগে (সীমাবদ্ধভাব লাভ ) অবশ্যস্তাবী। উক্ত অন্তঃকরণ দারা অবচিছন্ন ( অবচেছদ প্রাপ্ত বা সীমাবন্ধ ) চৈতনাই জীবনামে অভিহিত হয়। অব-চ্ছেদক অন্ত:করণের ভেদামুসারে জীবচৈতক্ত অসংখ্য।

সূত্রকার বেদব্যাস---

অংশো নানাব্যপদেশাৎ, অগ্ৰথা চাপি দাশ-কিতবাদিত্বমধীয়ত একে ॥ ।২।৩)৪৩॥

এই সূত্রে পূর্বকথিত অবচ্ছিন্নবাদই সমর্থন করিয়াছেন। আলোচ্য জীবাত্মা ব্রহ্মটেতন্তেরই অংশ। স্ফুলিঙ্গ যেমন অগ্নির অংশ, তেমনি জীবাত্মাও পরমাত্মার ই অংশমাত্র,—পৃথক্ পদার্থ নহে। এইপ্রকার অংশাশিভাবের প্রতি লক্ষ্য রাখিয়াই উক্ত সূত্রে জীবাত্মা ও পরমাত্মার মধ্যে ভেদ নির্দ্দেশ করিয়াছেন। যেমন— "সোহম্মেটবাঃ, স বিজিজ্ঞাসিতবাঃ" (পরমাত্মার অবেষণ করিবে, তাহাকে জানিবে) "তদেব বিদিত্বাতি মৃত্যুমেতি" (তাহাকে—পরমাত্মাকে জানিয়াই জীব মৃত্যু অতিক্রম করে) ইত্যাদি শ্রুতিও জীবাত্মা ও পরমাত্মার নানাত্ব (ভেদ) নির্দ্দেশ করিতেছে। উক্ত উভয় বাকেয় জীবাত্মাকে বলা হইতেছে অবেষণ ও বেদনের কর্ত্তা, আর পরমাত্মাকে বলা হইতেছে ঐ উভয় ক্রিয়ার কর্ম্ম—অম্বেইটবা ও বেছা। অভেদ্দে ক্র্তৃ-কর্ম্মভাব ইইতে পারে না; কাজেই শ্রুতির ঐ প্রকার নির্দ্দেশের ফলে জীব ও পরমাত্মার প্রভেদ (নানাত্ব) প্রমাণিত হইতেছে, বলা বাইতে পারে।

এই ভেদবাদ শ্রুতির অভিমত বলিয়াই—" বথাগ্রেছ লতো বিস্ফুলিকা ব্যুচ্চরন্তি, এবমেবৈতস্মাদাত্মনঃ সর্ব্বে প্রাণাঃ" ইত্যাদি শুতিতে বিস্ফুলিক দৃষ্টান্তঘারা জীব-পরমাত্মার নানাত্বপক্ষ স্পষ্ট-ভাষায় সমর্থিত হইয়াছে। সমস্ত উপাসনাকাণ্ডটাই এইপ্রকার ভেদবাদের উপর প্রতিষ্ঠিত। জীব ও পরমাত্মার মধ্যে ভেদ না থাকিলে কে কাছার উপাসনা করিবে? কেই-বা কাছার ধ্যান ধারণাদি করিবে? কারণ, উপাস্থ-উপাসকভাব চিরকালই ভেদসাপেক্ষ; ভেদ থাকিলেই উপাস্থ-উপাসকভাব থাকে, ভেদের অভাবে থাকে না। ইহাই উপাস্থ-উপাসকভাবের চিরন্তন ব্যবস্থা।

এখানে একথাও বলা আবশ্যক যে, শ্রুতিতে জীব ও পরমাত্মার ভেদনির্দেশ আছে বলিয়াই যে, জীবাত্মা পরমাত্মা হইডে
সত্য সতাই ভিন্ন বস্তু, তাহা নহে। শ্রুতি একত্র যেমন জীব ও
পরমাত্মার উপাস্য-উপাসকভাব নির্দেশ বারা উভয়ের নানার
(ভেদ) জ্ঞাপন করিয়াছেন, তেমনই অন্যত্র অভিনির প্রকারান্তরে
তত্নভয়ের অভেদও নির্দেশ করিয়াছেন। অথব্ববেদের ত্রুভারের আভেদও নির্দেশ করিয়াছেন। অথব্ববেদের ত্রুজার্মুক্তি
কথিত আছে—

"ব্ৰহ্ম দাশা ব্ৰহ্ম দাসা ব্ৰহ্মেমে কিতবা উত"

অর্থাৎ দার্শগণ (কৈবর্ত্তগণ), দাসগণ (দাসত্বনারী ভূত্যগণ)
এবং কিতবগণ ( ঘুত্রকারী ধূর্ত্তগণ), ইহারা সকলেই ব্রহ্ম।
এ সকল নিন্দিতকর্মা হীনজাতীয় লোকদিপকে ব্রহ্মস্বরপ বলিবার অভিপ্রায় এই বে, স্থূলদৃষ্টিতে উহারা নিন্দিত হইলেও বস্তুতঃ তত্ত্বদৃষ্টিতে কেহই নিন্দনীয় নহে; কারণ, সকলের আত্মাই ব্রহ্মস্বরূপ। ব্রহ্ম, এক—খণ্ড ও তারতম্যবিহীন; স্থূতরাং আধ্যাত্মিক দৃষ্টিতে কেহই নিন্দনীয় হইতে পারে না। প্রমাত্মার সক্ষে জীবাত্মার মূলতঃ অভেদ বা একত্ব না থাকিলে শ্রুতিই এরপ অভেদোক্তি কখনই শোভন ও সম্বত হইতে পারে না। তাহার পর ব্রহ্মনিরপণপ্রসম্বে শ্রুতিই বলিয়াছেন—

"অং স্ত্রী, অং পুনানসি, অং কুমার উত বা কুমারী, অং জীপো দণ্ডেন বঞ্চসি, অং জাতো ভবসি বিশ্বতোমুথ:।"

হে ব্রহ্ম, তুমিই স্ত্রী, তুমিই পুরুষ, তুমিই কুমার, তুমিই কুমারী, তুমিই বৃদ্ধ হইয়া দণ্ডের সাহায্যে গমনাগমন করিয়া থাক, এবং বিশ্বরূপ তুমিই শিশুরূপে জন্মধারণ কর, ইত্যাদি। ব্রীষ, পুরুষষ ও বাল্য বার্দ্ধকা প্রভৃতি ভাৰগুলি শরীরধারী জীবধর্মা। ব্রহ্ম হইতে জীব অত্যন্ত পৃথক্ বস্তু হইলে, জীবধর্ম্মের ঘারা ব্রহ্মান্ততি করা কখনই সম্ভবণর হইত না। তাহার পর "নান্যোহতোহন্তি দ্রেষ্কা" ব্রহ্মাতিরিক্তভাব স্পন্টাক্ষরেই প্রতিষিদ্ধ হইয়াছে। বিশেষতঃ—

"পাদেহেন্স বিশা ভূতানি ত্রিপাদন্তি স্বরংপ্রভ:।" 'মনৈবাংশো জাবগোকে জীবভূতঃ সনাতনঃ॥" ইত্যাদি।

প্রথমোক্ত শ্রুতিবচনে ভূত-পদবাচ্য জীবর্গণকে ব্রক্ষের একটা পাদ বা একাংশমাত্র বলা হইয়াছে। বিতীয় বাক্যেও ভগবান্ শ্রীকৃষ্ণ নিধিল জীবকে তাঁহারই অংশ বলিয়া স্পাস্ট নির্দেশ করিয়াছেন (১)। অতএব জীব যে, ত্রন্মোরই অংশ অর্থাৎ ত্রন্মাই

<sup>(</sup>১) প্রক্রতপক্ষে প্রমাত্মা নিরংশ নিরবয়ব হইলেও শিদ্মগণের বোধ-সৌকর্য্যার্থ, তাঁহাতে অংশাংশিভাবে করনা করিরা শ্রুতি ঐরণ উপদেশ করিয়াছেন। এই অংশাংশিভাবের অসত্যতা জ্ঞাপনের নিমিন্ত বিভারণা স্থামী ব্লির্যাছন—

<sup>&</sup>quot;নিরংশেহপাংশমারোপ্য রুংনেহংশে বেতি পৃচ্ছতঃ। তদ্ভাবনোদ্ধরং ত্রতে শ্রুতিঃ শ্রোতুহিতবিদী ॥" (পঞ্চদশী)

বৃদ্ধিরূপ উপাধিতে প্রবিষ্ট হইয়া (অবচ্ছিন্ন হইয়া) জীবভাব প্রাপ্ত হইয়াছেন, একথা অপ্রামাণিক বা উপেক্ষাযোগ্য নহে। উল্লিখিত বাক্য-প্রামাণ্যে স্থির হইতেছে যে, জীব-ত্রক্ষের ভেদাভেদ ভূইই আছে। তন্মধ্যে ভেদ হইতেছে অবিভাকল্লিভ—ঔপাধিক— বৃদ্ধিরূপ উপাধি দারা সম্পাদিত, আর অভেদ হইতেছে পারমাধিক বা স্বভাবসিদ্ধ; স্পুতরাং তাহাই পরমার্থসত্য (১)।

#### [ প্রতিবিশ্বাদ ]

এ পর্যাস্ত আত্মার সম্বন্ধে যে সমন্ত কথা বলা হইল, সমস্তই অবচ্ছিন্নবাদের কথা। এই অবচ্ছিন্নবাদসম্বন্ধেও যথেন্ট মতভেদ দৃষ্ট হয়। অন্যান্য দার্শনিকগণের ন্যায় অদ্যৈত্ব দৃষ্ট হয়। অন্যান্য দার্শনিকগণের ন্যায় অদ্যেত্ব দৃষ্ট বিদান্তিকগণের মধ্যেও এক সম্প্রদায় আছেন, বাঁহারা আত্মার অবচ্ছিন্নবাদ মোটেই স্বীকার করেন না। তাঁহারা অবচ্ছিন্নবাদের পরিবর্তে প্রতিবিম্ববাদ স্বাকার করেন, এবং স্বপক্ষ সমর্থনকল্পে নানাপ্রকার মৃক্তির অবতারণাপূর্বক শাস্ত্রীয় প্রমাণ-প্রয়োগ প্রদর্শন করেন, এবং ইগাই বোঁ, শ্রুতিসম্মত সিদ্ধান্ত, তাহা বুঝাইবার নিমিন্ত বিশেষ প্রয়াস পাইয়া থাকেন।

<sup>&#</sup>x27;(১) আচার্য্য শঙ্করের মতে জীব-ব্রন্ধের ভেদ অবিছা-করিত : স্থতরাং ব্যবহারদশায় সত্য হইলেও, পারমাণিক সত্য নহে; অবিছাবিনাশেই ভেদের অবসান হইরা যায়। কিন্তু বিশিষ্টাবৈতবাদী রামান্ত্র্য বলেন— অগ্নিকুলিঙ্গের স্থায় জীব ও প্রন্ধ হইতে বহির্গত হইয়াছে; স্থতরাং প্রন্ধেরই অংশ। জীব-প্রন্ধের যে, এই অংশাংশিভাব ও বিভাগ, তাহা কথনও নই হটাে না— মুক্তিতেও এই ভেদ বিলুপ্ত হইবে না, এই ভেদ সত্য— পারমাণিক সত্য।

প্রতিবিম্ববাদী পণ্ডিতগণ বলেন যে, "ঋংশো নানাব্যপদেশাৎ" এই সূত্রে জীবাত্মাকে অন্তঃকরণাবচ্ছিন্ন পরমাত্মার অংশ বলিয়া নির্দেশ করায় অবচ্ছিন্নবাদ যেমন সূত্রকারের অভিমত বলিয়া মনে হইতে পারে, তেমনি আবার তাঁহারই অন্ত কথায় প্রতিবিম্ববাদও তাঁহার অভিপ্রেত বলিয়া অমুমান করা যাইতে পারে। সূত্রকার নিক্ষেই উপসংহারচ্ছলে জীবকে পরমাত্মার প্রতিবিম্বরূপে নির্দেশ করিয়া বলিয়াছেন—

#### আভাস এবচ ॥ ২।৩।৫ • ॥

এই সূত্রে সূত্রকার জীবকে জলগত সূর্য্য-প্রতিবিশ্বের ন্যায় অস্তঃকরণে প্রতিবিশ্বিত পরমাত্মার আভাস (প্রতিবিশ্বমাত্র) বলিয়া ঘোষণা করিয়াছেন। তাহার উপর আবার অবধারণসূচক 'এব' ('আভাস এব') শব্দঘারা প্রতিবিশ্বপক্ষকেই যেন আপনার অভিপ্রেত পক্ষ বলিয়া নির্দেশ করিয়াছেন—মনে হয়। বেদান্তদর্শনের শাঙ্করভান্তের ব্যাখ্যাকর্ত্তা বা টীকাকার গোবিন্দানন্দও স্বকৃত 'রত্বপ্রভা' টীকায় এই 'এব' শব্দের উপর জোর দিয়া প্রতিবিশ্ববাদকেই সূত্রকারের অভিমত পক্ষ বলিয়া নির্দেশ করিয়াছেন (১)।

<sup>(</sup>১) "অংশ ইত্যাম্বস্ত্রে জীবজাংশত্বং ঘটাকাশ্ন্তেব উপাধ্যবচ্ছেনব্ন্যোক্তম্। সম্প্রতি 'এব' কারেণাবচ্ছেন-পক্ষাক্রচিং স্ক্রেন্ " ক্রণং রূপং প্রতিরূপে। বভূব" ইত্যাদি-শ্রুতিসিদ্ধং প্রতিবিশ্বপক্ষম্পঞ্জতি ভগবান্ স্ত্রকারং " ইতি।

ইহার তাবার্থ এই যে, স্ত্রকার প্রথমতঃ "অংশো নানাবাপদেশাং" ইত্যাদি স্ত্রে ঘটাবচ্ছির আকাশের গ্রার জীবকে অন্তঃকরণাবচ্ছির বিদ্যাহেন, কিন্তু সেই অবচ্ছেদবাদ যেন তাঁহার মনঃপুত হর নাই; সেই

শ্রুতিবাক্য পর্য্যালোচনা করিলে বুঝিতে পারা যায় যে, কেবল সূত্রকার কেন, বহুতর শ্রুতিবচনও প্রতিবিম্ববাদের উপরই যেন সমধিক পক্ষপাত প্রদর্শন করিয়াছেন। যথা—

"বথা হয়ং জ্যোতিরাত্মা বিবস্থান্ অপো ভিন্না বহুধৈকোৎসুগচ্ছন্। উপাধিনা ক্রিয়তে ভেদরূপ: দেব: ক্ষেত্রেম্বেম্জোৎস্নাত্মা ॥"

অর্থাৎ জ্যোভির্মায় একই সূর্য্য যেমন বিভিন্ন জলাধারে প্রতিফলিত হইয়া অনেকাকারে প্রকাশ পান, ঠিক তেমনই জন্মমরণরহিত স্থপ্রকাশ একই পরমাত্মা ভিন্ন ভিন্ন ক্ষেত্রে (দেহস্থ বৃদ্ধিতে) প্রতিবিশ্বিত হইয়া নানাকারে প্রতিভাসমান হন। উভয় স্থলেই বিশ্ব-বস্তুটী ঠিক একরূপই থাকে, উপাধিঘারা প্রতিবিশ্বে কেবল নানাবিধ ভেদ প্রকটিত হয় মাত্র। উপনিষদ্ বলিতেছেন—

"অগ্নির্যথৈকো ভূবনং প্রবিষ্টো রূপং রূপং প্রতিরূপো বভূব। অকতথা সর্বভূতান্তরাত্মা রূপং রূপং প্রতিরূপো বহিল্চ ॥° ( কঠ ১।>)

অর্থাৎ একই আঁশ্ল যেরপ জগতে বিভিন্ন বস্তুর অভ্যস্তরে প্রবেশ করিয়া সেই সকল বস্তুর আকারে আকারিত হয়, সর্বব ভূতের অস্তরগল্পা সেই এক পরমাত্মাও সেইরপ বিভিন্ন বস্তুতে ্রেক্টিবিম্বিত হইয়া সেই সেই বস্তুর আকারে প্রকটিত হন। আচার্য্য হস্তামলক একথা আরও পরিকার করিয়া বলিয়াছেন—

জন্মই পুনরার "আভাস এব চ" স্ত্র করিয়াছেন। এই স্ত্রে 'এব' শব্দ প্ররোগ করিয়া অবচ্ছেলপক্ষে আপনার অফচি জ্ঞাপন করিয়াছেন, এবং 'ক্লণং ক্লপন্ন' ইত্যাদি-শ্রুতিসক্ষত প্রতিবিশ্বাদের উপর অমুকম্পা প্রদর্শন করিয়াছেন।

"মুখাভাদকো দৰ্পণে দৃগুমানো
মুখত্বাৎ পৃথক্তেন নৈবান্তি বস্তু।

চিদাভাদকো ধীযু জীবোহপি তদ্বৎ,

দ নিত্যোপলন্ধিসকপোহহমান্তা ॥" (হস্তামলক—৩)

অর্থাৎ দর্পণে দৃশ্যমান মুখের প্রতিবিদ্ধ যেরূপ মুখ হইতে ভিন্ন
—শ্বভন্ত পদার্থ নহে, সেইরূপ বৃদ্ধিতে পতিত চিৎপ্রতিবিদ্ধও
প্রকৃতপক্ষে চিৎস্বরূপ পরমাত্মা হইতে পৃথক্ পদার্থ নহে, পরস্তু
পরমাত্মারই স্বরূপ। এই সকল প্রমাণহারা, এবং এতদতিরিক্ত আরও বহু প্রমাণ আছে যাহা দারা প্রতিবিদ্ধবাদীর পক্ষ সমর্থন করা যাইতে পারে। তদমুসারে প্রতিবিদ্ধবাদিগণ মনে করেন যে, বৃদ্ধি-দর্পণে পতিত পরমাত্মার প্রতিবিদ্ধই জীব-পদবাচ্য, কিন্তু অন্তঃকরণাবচ্ছির চৈতক্য নহে (১)।

### ঁ [ অনেক-জীববাদ ]

যাঁহারা জীবত্মাকে চিৎপ্রতিবিম্ব চিদাভাস বলিয়া সিদ্ধান্ত করিয়া থাকেন, তাঁহাদের মধ্যেও আবার তুইটী সম্প্রদায় আছে। এক সম্প্রদায় অন্তঃকরণকেই চিৎপ্রতিবিম্বের আধার বলিয়া

<sup>(</sup>১) প্রকৃতপক্ষে অবচ্ছেধনাদে ও প্রতিবিধনাদে প্রভেদ অতি অর।
জীবাত্মা অনচ্ছিন্নই হউক, আর প্রতিবিধন হউক, উভন্নতেই জীবাত্মাকে
অন্তঃকরণের সহিত চিৎসপদ্ধের ফল বলিতে হইবে। উভন্ন পক্ষেই যথন
অন্তঃকরণের সহিত চিদাত্মার সম্বন্ধ অপরিহার্য্য, তথন অবান্তর বিষরে
বিবাদ সম্ভাবিত হইলেও প্রধান বিষয়ে কোন বিবাদ নাই বলিতেই
ইইবে। অতথ্য এ বিষয়ে আর অধিক আলোচনা অনাবশুক।

निर्फिन करतन, व्यक्त मन्ध्रमाग्न व्यावात रम कथाग्न मन्नरहे ना इडेश কারণ-শরীরনামক অজ্ঞানকেই প্রতিবিদ্যাধাররূপে কল্পনা করিয়া থাকেন। উক্ত উভয় মতে জীবের স্বরূপগত কোন প্রভেদ না পাকিলেও প্রকারগত প্রভেদ যথেষ্টই আছে। কারণ, অন্ত:-করণই যদি চিৎপ্রতিবিম্বের একমাত্র আধার হয়, তাহা হইলে দেহভেদে যখন অন্তৰুরণ ভিন্ন ভিন্ন, তখন তত্তৎ অন্তঃকরণে পতিত প্রতিবিশ্বও নিশ্চয়ই বিভিন্ন — অনেক হইবে। প্রতিবিশ্ব অনেক হইলেই জীবসংখ্যাও আর পরিগণিত থাকিতে পারে না. कीटवर मःशां अनस्य इरेग्ना भए। कीटवर मःशा अनस्य হইলেও জাগতিক ব্যবহার ও বন্ধ-মোক্ষাদি ব্যবস্থার কোনই ব্যাঘাত ঘটে না, বরং লোকিক ব্যবহার এ পক্ষাকৈই বিশেষ-ভাবে সমর্থন করিয়া থাকে। পক্ষাস্তরে জীব যদি অজ্ঞানে প্রতিফলিত চিদাভাসমাত্র হয়, তাহা হইলে, অজ্ঞান যখন মূলতঃ এক—অভিন্ন, তখন তৎপ্রতিফলিত চিৎপ্রতিবিম্বও একাধিক— অনেক হইতে পারে না, প্রতিবিদ্বাধারের একত্ব নিবন্ধনই জীবের একত্ব অঙ্গীকার করিতে হয়। এমতে ভোক্তা জীব এক হইলেও, ভোগসাধন অস্তঃকরণ দেহভেদে অনেক; স্বভরাং র্জ্রোগসাধন অন্তঃকরণের পার্থক্যামুদারে প্রত্যেক দেহে পৃথক্ পৃথক্ ভোগামুভৃতি সম্ভবপর হইতে পারে।

এইপ্রকার কল্পনার প্রভেদামুসারে প্রতিবিদ্ববাদিগণের মধ্যে বিরুদ্ধবাদী হুইটী দলের স্থান্ত ভইয়াছে। একদল অনেক জীববাদী, অপর দল এক-জীববাদী। অনেক জীববাদীর পকে

স্বর্গ-নরকাদিভোগ যেমন প্রত্যেকনিষ্ঠ পৃথক্ পৃথক্, বন্ধ-মোক্ষণ্ড ঠিক তেমনই পৃথক্ পৃথক্ভাবে সম্পন্ধ হইতে পারে। যে জীব অজ্ঞানে আবদ্ধ হয়, সেই জীবই বন্ধনদশা প্রাপ্ত হয়, আর যে জীব সাধনলব্ধ তত্ত্জান ঘারা স্বগত অজ্ঞানরাশি দগ্ধ করিতে সমর্থ হয়, সেই জীবই মুক্তিলাভে অধিকারী হয়; স্তত্রাং ভোগরাজ্যে ও মোক্ষরাজ্যে কোনপ্রকার বিশৃষ্থলা বা অব্যবস্থা ঘটিবার সম্ভাবনা নাই; অতএব ব্যবহার-জ্বগতে নিঅন্ত প্রয়োজনীয় স্থ্য, তুঃশ্ব ও বন্ধ-মোক্ষাদির ব্যবস্থা অব্যাহত থাকে বলিয়া অনেক-জীববাদিগণ অন্তঃকরণকেই চিৎপ্রতিবিন্দের আধাররূপে কল্পনা করিয়া থাকেন। কিন্তু অপর পক্ষ এ সিদ্ধান্তে সম্ভাইন না হইয়া অন্যপ্রকার পক্ষতি কল্পনা করিয়া থাকেন।

#### [ এক-জীববাদ ]

এক-জীববাদিগণ বলেন, পরিবর্ত্তনশীল অন্তঃকরণ কখনই চিরন্থায়ী জীবভাব রক্ষা করিতে পারে না। কারণ, প্রলয়-কালে প্রত্যেক অন্তঃকরণই স্ব স্থ প্রকৃতিতে বিলীন ইইয়া যায়; জীবগণ কিন্তু তখনও স্বরূপে বিল্পমান থাকে। এখন দেখিতে ইইবে এই যে, যে অন্তঃকরণে পতিত ইইয়া চিৎপ্রতিবিম্ব জীবভাব প্রাপ্ত ইইয়াছিল, এখন (প্রলয়কালে) সেই অন্তঃকরণের অভাবেও প্রতিবিম্বরূপী জীবের বিদ্যমান থাকা সম্ভবপর ইয় কিরূপে ? বিশেষতঃ প্রলয়ের অবসানে পুনরায় যখন কল্লারম্ভ হয়, তখন অন্তঃকরণ ও তদগত কর্মাদি-সংস্কার সমন্তই বিলুপ্ত হইয়া যায়, সে সময় প্রমেশ্বর কোন নিয়মের অনুসারে

স্পৃষ্টিবিভাগ সম্পন্ন করিবেন ? বৈচিত্র্যময় স্পৃষ্টিবিভাগ যেমন শান্ত্র-সম্মত, তেমনি প্রভ্রাক্ষমিন্ধও বটে। প্রাক্তন কর্মাই এই বৈচিত্র্যানিধানের মূল কারণ, কিন্তু বিনাশশীল অন্তঃকরণকে প্রভিবিদ্বাধার কল্পনা করিলে প্রলয়ে প্রাক্তন কর্ম্ম নিরাশ্রয় হইয়া পড়ে। এই-জ্বাতীয় আরও অনেক দোষ এপক্ষে সম্ভাবিত হয়, এবং সেসকল দোষের পরিহার সম্ভবপর হয় না; অতএব অনেক-জীববাদের অন্যুরোধে অন্তঃকরণকে চিৎপ্রতিবিশ্বের আধার কল্পনা করা সম্ভত হয় না। পক্ষান্তরে, অজ্ঞানকে চিৎপ্রতিবিশ্বের আধার স্বীকার করিলে এ সকল দোষের কোন সম্ভাবনাই থাকে না; অতএব কারণ-শরীরনামক অজ্ঞানই চিৎ-প্রতিবিশ্বের প্রকৃত অধিকরণ—অন্তঃকরণ নহে।

উক্ত অজ্ঞান পদার্থ টী অন্তঃকরণের স্থায় কালবশে বিনষ্ট হয় না; একমাত্র তত্ত্বজানের হারাই উহার বিনাশ বা বাধ সন্তানিত হয়; স্তর্কাং বর্ত্তমানের স্থায় প্রলয়কালেও অজ্ঞান অক্ষতদেহেই রিভমর্নি থাকে; কাজেই তদধীন জীবভাবও তথন অব্যাহতই থাকিতে পারে। অত্তর্র জীবের কর্মামুসারে স্প্রি বৈচিত্র্য সংঘটন করা পরমেশ্বরের পক্ষেও অসন্তব হইতে ারে না। তাহার পর, অজ্ঞানে প্রতিকলিত চিৎপ্রতিবিশ্বরূপী জীব স্বরূপতঃ এক হইলেও তাহার ভোগাদি-সাধন অন্তঃকরণ এক নহে (অনেক); সেই অন্তঃকরণের পার্থক্যামুসারে প্রত্যেক শরীরণত ভোগাদিবৈচিত্র্যও সহক্ষেই উপপন্ন হইতে পারে, ভাহার জন্ম আর অনেক জীব কল্পনা করা আবশ্যক হয় না। কায়বুছ- রচনাম্বলে আমরা এইরপ ভোগবৈচিত্রাই দেখিতে পাই (১)।

এ পক্ষে মৃক্তিসম্বন্ধে বিশেষ কথা এই যে, সমস্ত জগতে একই

সজ্ঞানে প্রভিবিদ্ধমান জীব যখন এক, তখন একের মৃক্তিতেই

সকলের মৃক্তি সিদ্ধ হয়। অভিপ্রায় এই যে, অধিষ্ঠানভূত এক

অজ্ঞানই যখন সমস্ত জীবের বন্ধন, তখন যে কোন এক দেহ
মধ্যে তত্মজান সমৃদিত হইলেই জ্ঞানবিরোধী সেই অজ্ঞান—

(যাহাতে চিৎপ্রতিবিদ্ধ পতিত হইয়া জীবভাব আনয়ন করিয়াছে,

তাহা) আপনা হইতেই বিধ্বস্ত হইয়া যায়; কাজেই তখন

প্রতিবিদ্ধও (জাবও) নিরাধারভাবে থাকিতে না পারিয়া মৃক্তভূত

বিষ্টেতন্তে মিশিয়া যায়। এইরূপে যে প্রতিবিদ্ধের বিশ্বভাবপ্রান্তি, তাহারই নাম মৃক্তি বা অপবর্গ। অজ্ঞানের একত্ব
নিবন্ধন এক দেহাবচ্ছেদে মৃক্তি সিদ্ধ হইলেই সর্বব দেহাবচ্ছেদে

<sup>(</sup>১) বোগশান্তে কথিত আছে যে, যোগী পুরুষ উরত স্তরে উঠিবার পর, যদি মনে করেন বে, শীল্প শীল্প মুক্তিশাভ করিতে হইবে, আর সংসারে থাকিবার প্রয়োজন নাই। তাহা হইবে, তিনি অন্ধ দ্যাবের মধ্যে আপনার প্রাক্তিনা শেষ করিবার জন্য এবং সাধনপথেও সন্ধর ক্ষত্রাস হইবার জন্য সংক্রেছারা বহু শরীর রচনা করেন। সেই সকল শরীরে পৃথক্ পূথক্ জীব থাকে না, কিন্তু পৃথক্ পূথক্ জন্তঃকরণ থাকে সেই সকল অন্তঃকরণবারা পরস্পারবিরোধী বছবিধ কার্য্য করিয়। থাকেন। এ বিষরে প্রমাণ এই—

<sup>&</sup>quot; আত্মনো বৈ শরীরাণি বছুনি ভরতর্বত। যোগী কুর্যাঘলং প্রাপ্য ভৈচ্চ সর্ব্বৈর্মহীং চরেৎ ॥ ভূঞতে বিষয়ান কৈ শিচৎ কৈ শিচদুগ্রং তপশ্চরেৎ । শংহরেচ পুনস্তানি ক্র্যো রশিগণানিব ॥"

মুক্তি সিদ্ধ হইয়। থাকে, তন্নিমিত্ত অপর সকলের আর পৃথক্
চেষ্টা আবশ্যক হয় না। শ্মরণ রাখিতে হইবে যে. এ পক্ষে
আজপর্যান্ত কেহই মুক্তিলাভ করে নাই। যখন একজন
মুক্তিলাভ করিবে, তখন সকলেই মুক্ত হইয়া যাইবে (১),
এবং স্প্তির কার্য্যন্ত তখন পরিসমান্ত ইইবে। তখন পরমেশ্বর
চিরকালের তরে অবসর গ্রহণ করিবেন—সমস্ত বিশেষভাব
বিসর্ভ্জন দিয়া আপনার স্বরূপে অবস্থান করিবেন (২), আর
ফিরিবেন না।

#### [ ব্রন্দে জীবধর্ম্মের অসংক্রমণ ]

উপসংহারে বক্তব্য এই যে, অবচেছদবাদ সৃত্য, কি প্রতিবিশ্ব-বাদ সত্য, অথবা এক-জীববাদ ভাল, কিংবা অনেক-জীববাদ ভাল, এ সকল বিষয় আরু অধিক আলোচনার আবশ্যক নাই। এখন

<sup>(</sup>১) এক-জীববাদীর অভিপ্রায় এই যে, জীব আত্ম-দাক্ষাৎকার করিলেই তাহার উপাধি বা প্রতিবিদ্যাধার অজ্ঞান বি.টে হইয়া যায়।
অজ্ঞানের অভাবে জীবভাবেরও অভাব হর; কাঞ্চেই একমুজিতে
সর্বামৃতি সিদ্ধ হয়। প্রাণাদি শাস্ত্রে যে, শুক ও নারদ প্রভৃতির মুক্তি-সংবাদ আছে, তাহা গৌণ মুক্তি, বথার্থ মুক্তি নহে।

প্রধান আলোচ্য বিষয় হইতেছে এই যে, জীব যদি পরমাত্মারই অংশ হয়, তাহা হইলে জীবকৃত শুভাশুভ কর্ম্মের ফল পরমাত্মাতে সংক্রামিত হয় না কেন ? কোন এক জলাশয়ের একাংশ দৃষিত হইলে যেমন সমস্ত জলাশয়টাই দৃষিত হইয়া পড়ে, ঠিক তেমনই —পরমাত্মার অংশভূত জীবগণ স্বকৃত শুভাশুভ কর্ম ধারা কলুষিত হইলে তৎসম্পর্কবশতঃ পূর্ণ পরমাত্মাও ঐ সকল দোষে দৃষিত হন না কেন ? দৃষিত হইলে, শ্রুতি ও পুরাণাদি শাস্ত্র যে, তারস্বরে তাঁহার নিত্য-নির্দ্দোষ পরম পবিত্রভাব ঘোষণা করিতেছেন, তাহারই বা সমাধান কি ? এইপ্রকার আরও অনেক আপত্তি উত্থাপনের সম্ভাবনা দেখিয়া সূত্রকার বিলয়াছেন—

#### क्यकामानिवर, देनवर शतः, ॥२।०।८७॥

অর্থ এই যে, স্থ্যালোক স্থ্যেরই অংশ; সেই আলোক 
যথন গবাক্ষরন্ধ প্রভৃতির ভিতর দিয়া প্রবেশ করে, তথন তাহা

বজুবক্রাদিভাব ধারণপূর্ববক লোকচক্ষ্র সমক্ষে উপস্থিত হইয়া
থাকে। স্থ্যেরই অংশভূত আলোকে ঝজুবক্রাদি ভাব দৃষ্ট

হইলেও তদ্মারা যেমন তাহারই অংশী বা মুলীভূত স্থ্যদেব

কখনও সংস্পৃষ্ট হন না, অর্থাৎ সেথানে যেমন অংশের দোম-গুণে
অংশী দৃষ্তি বা প্রশংসিত হয় না, তেমনি ব্রহ্মাংশভূত জীবে
দোম-গুণ উপস্থিত হইলেও তাহা দারা প্রব্রহ্ম কখনই দোহগুণভাগী হন না, ও হইতে পারেন না। এ সমস্ত আপতি

উত্থাপনপূর্বক ইভঃপূর্বেও নিম্নলিখিত তিনটী সূত্রে তাহার সমাধানপ্রণালী প্রদর্শিত হইয়াছে,—

- ১। ভোক্তাপত্তেরবিভাগন্ডেং; স্থাৎ লোকবং ॥২।১।১০॥
- ২। ইতরবাপদেশান্ধিতাকরণাদিদোষ-প্রসক্তি: ॥ ২।১।২০ ॥
- ७। व्यक्षिक्य (अमनिर्द्मना९ ॥२।)।२)॥

ইহার মধ্যে প্রথম সূত্রে বলা হইয়াছে—জীব ও ব্রহ্ম যদি
স্বরূপতঃ অবিভক্ত একই বস্তু হয়, [জীব ও ব্রহ্মের একত্বই
বেদান্তের সিদ্ধাস্ত ] তাহা হইলে, জীবের স্থ-তুঃখাদিভোগের
ঘারা তদভির ব্রহ্মেরও স্থ-তুঃখাদিভোগ অপরিহার্য্য হইতে
পারে ? ব্রহ্মে ভোগ সম্ভাবিত হইলে, জীবের ন্যায় ব্রহ্মেরও
মায়াবশ্যতা ও সংসারিত্ব ধর্ম্ম অবশ্যই স্বীকার করিতে হয়, তাহার
ফলে শান্তে যে, জীব ও ব্রহ্মের প্রভেদ বর্ণিত আছে, তাহাও
অপ্রমাণ অলীক কথায় পর্য্যবসিত হয়।

এই আপত্তির উত্তরে সূত্রকার বলিয়াছেন যে না—জীব ও ব্রেক্সের বাস্তব বির্জাগ না থাকিলেও, জীবের ভোগে ব্রক্সের ভোগ-সম্ভাবিত হয় না; কারণ, অবিভক্ত পদার্থের মধ্যেও একদেশগড ধর্ম্মদারা বে, মূলীভূত অংশী বস্তু সংস্পৃষ্ট হয় না, তিষিষয়ে লোকপ্রসিদ্ধ দৃষ্টাস্ত বিহুমান রহিয়াছে। সমুদ্র ও তদীয় তরক্ষা-বলী ইহার উর্ত্তম দৃষ্টাস্তম্প্রল। জলময় সমুদ্রের তরক্ষসমূহও জলময়, কোন তরক্ষই সমুদ্র হইতে বিভক্ত বা পৃথক্ পদার্থ নহে। কিস্তু সেই তরক্ষসমূহের মধ্যে ছোট-বড়, ছম্ব-দার্ঘ প্রভৃতি বছবিধ ধর্ম্ম বিহুমান ধাকিলেও, এবং সমুদ্রের সহিত তরক্ষাবলীর অবিভাগ অক্র থাকা সত্ত্বে, তরক্ষণত ধর্মসমূহের কোনটীই যেমন সমূদ্রে সংক্রামিত হয় না, তেমনি বস্তুগত্যা জীব-ব্রহ্মের অবিভাগ বিভামান থাকিলেও জীবগত স্থ্য-ছ:খাদিভোগ পরব্রহ্মে সঞ্চারিত হয় না; অতএব জীবের ভোগে যে, ব্রহ্মের ভোগাশকা করা হইয়াছিল, তাহা অমূলক ও যুক্তিবিরুদ্ধ। অতঃপর উল্লিখিত দ্বিতীয় ও তৃতীয় সূত্রের মর্মার্থ উদ্ঘাটন করা ঘাইতেছে—

প্রথমতঃ দ্বিতীয় সূত্রে আশকা করা হইয়াছে যে, শিক্ষরের মতে জীব ও পরত্রক্ষ যখন একই পদার্থ, অর্থাৎ স্বয়ং পরমেশ্বরই যখন ভোগনির্ববাহের উদ্দেশ্যে জীবরূপে সংসারে প্রবেশ করিয়া-ছেন, তখন বুঝিতে হইবে যে, জীবের ভোগ বলিয়া যাহা প্রসিদ্ধ, প্রকৃতপক্ষে তাহা প্রমেশবেরই ভোগ। এমত অবস্থায় সর্ববিদ্ধ সর্ববশক্তি প্রমেশ্বর জানিয়া শুনিয়া নিজের অহিতকর তঃখময় সংসারে প্রবেশ করিলেন কেন? এবং কেনই বা তিনি নিকৃষ্টতর জীবভাব গ্রহণ করিতে বাধ্য হইলেন ? এই আপত্তির সমাধানার্থ সূত্রকার তৃতীয় সূত্রটীর অবতারণা করিয়াছেন, এবং তাহাঘারা বুঝাইয়াছেন যে, "অধিকস্তু", অর্থাৎ জীব বস্তুতঃ ব্রহ্ম হইতে বিভক্ত বা স্বতন্ত্ৰ পদাৰ্থ না হইলেও জীব অপেক্ষা ত্ৰক্ষে কিঞ্চিৎ আধিক্য বা বৈশিষ্ট্য আছে। "আত্মা বা অরে দ্রস্টব্যঃ" "সোহস্বেফ্টব্যঃ" ইত্যাদি শ্রুতিবাক্যে কর্তৃ-কর্ম্মভাব নির্দ্দেশ থাকায় ব্রহ্মগত সেই পার্থক্যটা (জাধিক্য) বুঝিতে পারা যায়। জীব ও ব্ৰহ্ম যদি সম্পূৰ্ণভাবে এক অবিভক্তই হইত, তাহা হইলে. নিশ্চয়ই জীবকে অন্বেষণের কর্তা বলিয়া, ত্রন্মকে কর্ম্ম বলা সক্তত হইত না। একই পদার্থে একই ক্রিয়ার কর্তৃত্ব ও কর্মাত্ব থাকিতে পারে না। অতএব বুনিতে হইবে যে, জীবে যেরপে অবিভারত নামরপাত্মক দেহেন্দ্রিয়াদি-সম্বন্ধ আছে, ব্রহ্মে তাহা নাই; নাই বলিয়াই এতছুভয়ের আত্যস্তিক অভেদ বা অবিভাগও নাই; সেই কারণেই অবিভাগরবশ জীবের হিতাহিত বোধ আছে, এবং তদমুরূপ চেফাও আছে; কিন্তু পরমাত্মার হিতাহিতবুদ্ধিও নাই; স্নতরাং তরিমিত্ত তাঁহার কোন চেফাও নাই; কাজেই পরমেশ্রের উপর হিভাকরণাদি দোষ আরোপিত হইতে পারে না।

প্রকৃত কথা এই যে, হিতাহিত-চিন্তা বা স্থ্য-ছঃখাদিবোধ, এ সমস্তই বৃদ্ধির ধর্ম। বৃদ্ধিগত সেই সমৃদয় ধর্ম অবিভাবশে অজ্ঞানান্ধ জীবে আরোপিত হইয়া থাকে। 'র্ল্পার্টনাপিত কোন ধর্মই আরোপাধার বস্তুকে স্পর্শ করিতে পারে না। স্ফটিকে আরোপিত লোহিত্য গুণদারা স্ফটিক কখনও লোহিত বুর্ণ প্রাপ্ত হয় না; সেইরূপ জীবে আরোপিত ঐ সমৃদয় বৃদ্ধিধর্ম দারাও চিদানন্দময় জীব কখনই সংস্পৃষ্ট হয় না (১) বিশেষতঃ প্রতিবিদ্ধগত দামগুণ কখনও বিদ্ধ-বস্তুতে সঞ্চারিত হয় না; ইহা সর্ব্বসম্মত সিদ্ধান্ত। জলে পতিত সূর্য্য-প্রতিবিদ্ধ কম্পিত হয়লও বিশ্বভূত সূর্য্য কখনও কম্পিত হয় না। কথিত জীবালা

<sup>(</sup>১) এ বিষয়ে আচার্য্য শব্দর বলিয়াছেন—"কত্র যদধ্যাস:, তৎক্তেন দোবেণ গুণেন বা অণুমাত্রেণাপি ন স সম্বাতে।" ( শাহ্দর ভাষ্য )

অর্থাৎ বে বস্তুর উপর অপর যে বস্তুর আরোপ হয়, সেই আরোপাধার বস্তুটী আরোপিত বস্তুর দোষে বা গুণে অতি অক্সমাত্রও সম্বন্ধ হয় না।

বস্তুতঃ পরমাত্মার প্রতিবিদ্ধ ভিন্ন আর কিছুই নহে; স্কুতরাং তাহার দোষ-গুণ বিশ্বভূত পরমাত্মায় সংক্রামিত হইতে পারে না, একথা পূর্বেবই বলা হইয়াছে। অতএব অবিভা-প্রতিবিদ্ধ জীবের কোন ধর্ম্মই যখন বিশ্বভূত পরমাত্মায় যাইতে পারে না, তখন পরমাত্মার সন্বন্ধে পূর্বেবাক্ত হিতাকরণাদি দোষের আপত্তি করা কোনমতেই সক্ষত হইতে পারে না॥ ২।৩।৪৬॥

### [প্রাণচিন্তা।]

#### [ कीव ७ প্রাণের ঘনিষ্ট সম্বন্ধ ]

জীবের স্বরূপপরিচয়,পরিমাণ, সংখ্যা, সম্বন্ধ ও স্থ্য-তুঃখাদি-ভোগ বিষয়ে প্রায় সমৃস্ত কথাই বলা হইয়াছে, অবশিষ্ট যাহা কিছু বলিবার আছে, সে সমস্ত কথা পরে মৃক্তিপ্রসঙ্গে বলা হইবে। এখন জীবাত্মার প্রম সহায় প্রাণের কথা বলা যাইতেছে।

জীবের সঙ্গে প্রাণের সম্বন্ধ অতিশয় ঘনিষ্ঠ। জীব ও প্রাণ এক সঙ্গেই দেহমধ্যে অবস্থান করে, আবার এক সঙ্গেই দেহত্যাগ করিয়া চলিয়া যায়, উভয়ের মধ্যে কেহই যেন অপরেঁর বিচ্ছেদ-বেদনা সহ্য করিতে পারে না। "সহ হেতাবিম্মন শরীরে বসতঃ, সহোৎক্রামতঃ" ( এই প্রাণ ও প্রভ্যাত্মা জীব এই শরীরমধ্যে এক সঙ্গে বাস করে, এবং এক সঙ্গে উৎক্রেমণ করে, অর্থাৎ শরীর ছাড়িয়া চলিয়া যায়), এই শ্রুতিবচনও প্রাণ ও প্রভ্রাত্মার (জীবের) সহচরভাব বর্ণনা করিয়াছেন। 'জীব'শব্দের ব্যুৎপত্তিগত অর্থও ঐ ভাবেরই সমর্থন করিয়া থাকে। 'জীব'ধাতু ইইতে 'জীব'শব্দ নিষ্পান্ধ হইয়াছে। জীবধাতুর অর্থ প্রাণধারণ। বুদ্ধিদর্পণে প্রতিবিদ্ধিত ত্রন্ধাটেত শুই প্রাণকে ধরিয়া রাখে বলিয়া 'জীব' নামে অভিহিত হন। বিভারণাস্থামীও "প্রাণানাং ধারণাৎ জীবঃ" এই বাক্যে প্রাণধারণকেই জীব-সংজ্ঞার নিদান বলিয়া নির্দেশ করিয়াছেন। এই সকল কারণে জীবের সহিত প্রাণের ঘনিষ্ট সম্বন্ধ প্রমাণিত হইতেছে। মনে হয়, মুখ্য প্রাণের সঙ্গে জীবাত্মার যেরপে ঘনিষ্টতা, চক্ষুঃপ্রভৃতি ইন্দ্রিয়বর্গের সহিতও জীবাত্মার প্রায় সেইরূপই ঘনিষ্টতা; কারণ, ইন্দ্রিয়বর্ণের সহিতও জীবাত্মার প্রায় সেইরূপই ঘনিষ্টতা; কারণ, ইন্দ্রিয়বর্ণাই ভৃত্যের ত্যায় জাবাত্মার সর্বপ্রকার ভোগ সম্পাদন করিয়া থাকে। এইপ্রকার ঘনিষ্ট সম্বন্ধের প্রতি দৃষ্টি রাখিয়াই স্ক্রকার জীবচিন্তার সঙ্গে সঙ্গে প্রাণবিষয়ক চিন্তুারও অবতারণা করিয়াছেন।

#### [উৎপত্তি সম্বন্ধে সংশয় ]

জীবাত্মার ন্যায় মৃথ্য প্রাণ ও ইন্দ্রিয়বর্গের সম্বন্ধেও অনেক বিষয় আলোচনা করিবার আছে; কিন্তু যতক্ষণ উহাদেব উৎপত্তি ও অনুৎপত্তি, এতত্মভয়ের মধ্যে একতর পক্ষ অবধারিত না হয়, ততক্ষণ অপর কোন বিষয়ই আলোচিত বা মীমাংসিত হইতে পারে না। এই কারণে প্রাণ ও ইন্দ্রিয়বর্গের উৎপত্তি সম্বন্ধে আলোচনা করা সর্ববাদো কর্ত্তব্য, কিন্তু শ্রুতিবাক্য ধরিয়া আলোচনা করিতে বসিলে আপাততঃ উহাদের উৎপত্তি-কন্ধনা অসম্ভব বলিয়াই মনে হয়। কেন না, "তৎ তেজোহস্ক্রভ" (সেই প্রমেশ্রর ভেজঃ [ ভূতবর্গ বিস্তু করিলেন )। এখানে প্রাণ ও ইন্দ্রিয়-স্তুরি কোন কথাই নাই। তাহার পর, "তত্মাঘা

এতস্মাদাত্মন আকাশঃ দম্ভতঃ, আকাশাদায়ুঃ, বায়োরগ্নিঃ, অগ্নে-রাপঃ, অন্ত্যঃ পৃথিবী"। সেই এই পরমাত্মা হইতে প্রথমে **আকাশ** উৎপন্ন হইল, আকাশ হইতে বায়ু, বায়ু হইতে অগ্নি, অগ্নি হই**তে** জল, জল হইতে পৃথিবা উৎপন্ন হইল।: ইত্যাদি। এখানেও লাকাশাদি স্বপ্তির কথামাত্র আছে, প্রাণস্থতীর উল্লেখই নাই। জ্যাত্র সাবার প্রাণেৎপত্তির নিপ্রকেট উক্তি দৃষ্ট হয়। যথা— "অস্বা ইন্মগ্র-আসাৎ। তদাহঃ—কিং তদস্দাসীদিতি? অধ্যা বাব তেহগ্রেহসদাসীৎ। তদাহুঃ—কে তে ঋষয় ইতি ? প্রাণা বা ঋষয় ইতি।" (অগ্রে অর্থাৎ স্বস্টির পূর্নের্ব এই জগৎ অসৎ ছিল। সেই অসৎ কি ? অগ্রে ঋষিগণই সেই অসৎ ছিল। সেই ঋষি কাহারা ? প্রাণ সমূহই সেই সকল ঋষি)। এখানে স্ঞ্চির পূর্নেবও ইন্দ্রিয়গণের অস্তিত্ব বার্ণত রহিয়াছে। প্রাণ ও ইন্দ্রিয়গণ উৎপত্তিশীল হইলে স্প্রের আগ্রে তাহানের সন্তাবের কথা থাকা কোন প্রকারেই উপপন্ন হয় না। এইজাতীয় জারও বছতর শ্রুতিবাক্য রহিয়াছে, যাহাতে প্রাণের ও ইন্দ্রিয়-সমূচের অনুৎপত্তি বা নিত্যতা প্রমাণিত হইতে পারে। সেই সকল বাক্যের প্রামাণ্যের উপর নির্ভর করিয়া অনেকে ম**নে** করিতে পারেন যে, আত্মার ন্যায় উহারাও বোধ হঁয় নিত্য পদার্থ, উহাদের উৎপত্তিও নাই, বিনাশও নাই, উহারা স্বতঃসিদ্ধ এই প্রকার ভ্রান্ত ধারণা দূরীকরণার্থ সূত্রকার প্রথমে ইন্দ্রিয়গণের সম্বন্ধে বলিতেছেন—

ज्या व्याचाः ॥ २।८। **१,८॥॥ ॥।८८।०॥ ।**१८९

অর্থাৎ আকাশাদি পঞ্চভূতের ন্থায় চকুরাদি ইন্দ্রিয়গণও সেই পরমাত্মা পরমেশর হইতে প্রায়ভূতি হইয়াছে। নিম্নোদ্ধ্ ভ্রুতিবাক্যে আকাশাদির ন্থায় উহাদেরও উৎপত্তিকথা স্পট্টাক্ষরে বর্ণিত রহিয়াছে।—"এতস্মাদাত্মনঃ সর্ব্বে প্রাণাঃ সর্বের দেবাঃ সর্ব্বাণি ভূতানি চ বুচ্চরন্তি" অর্থাৎ এই পরমাত্মা হইতে—সমস্ত প্রাণ (১), সমস্ত লোক (স্বর্গাদি), সমস্ত দেবতা ও সমস্ত ভূত প্রায়ভূতি হয়। এখানে একই পরমাত্মা হইতে লোক ও দেবাদির সঙ্গে প্রাণেরও উৎপত্তিকথা বর্ণিত আছে। তাহার পর "এতস্মাৎ জায়তে প্রাণে। মনঃ সর্ব্বেক্রিয়ানি চ" অর্থাৎ এই পরমাত্মা হইতে প্রাণ, মন ও সমস্ত ইন্দ্রিয় সমূৎপন্ন হয়। "স প্রাণমস্ক্রত, প্রাণাৎ প্রদ্ধাং" তিনি প্রাণ স্মৃতি করিলেন, এবং প্রাণ হইতে শ্রদ্ধার সৃষ্টি করিলেন, ইত্যাদি শ্রুতিবাক্যে যথন প্রাণোৎপত্তির কথা স্পট্টাক্ষরে বর্ণিত রহিয়াছে, তথন বাধ্য হইয়াই পরমাত্মা হইতে ইন্দ্রিয়গণের উৎপত্তি স্বীকার করিতে হইবে।

বদিও পূর্ববপ্রদর্শিত স্থাষ্টিপ্রকরণস্থ কোন কোন বাক্যে ইন্দ্রিয়গণের উৎপত্তির উল্লেখ দৃষ্ট না হউক, এবং যদিও কোন কোন শ্রুতিবাক্যে প্রাণের নিত্য-সন্তাবজ্ঞাপক কথাও থাকুক, তথাপি সে সকল বাক্যের দ্বারা প্রাণোৎপত্তিসিদ্ধান্ত ব্যাহত

<sup>(</sup>১) বেদান্ত শাস্ত্রে পঞ্চরতি প্রাণের স্তায় জ্ঞানেন্দ্রির ও কর্ম্মেন্দ্রির সমূহও প্রাণশব্দে অভিহিত হইয়া থাকে। এখানে উভয়প্রকার অর্থেই প্রাণশব্দ প্রযুক্ত হইয়াছে।

ইইতে পারে না। কারণ, সে সকল বাক্যে ইন্দ্রিয়োৎপত্তির উল্লেখ নাই মাত্র, কিন্তু সেইজন্ম বে, বে সকল বাক্যে স্পান্ট কথার উৎপত্তিবার্ত্তা বিঘোষিত ইইয়াছে, সে সকল স্পান্টার্থক শ্রুতিবাক্যও অপ্রমাণ ইইবে, তাহার অমুকূল কোনও যুক্তি দেখা যায় না। একস্থানে উল্লেখ নাই বলিয়া যে, অক্সন্থানের বিস্পান্ট উল্লেখও উপেক্ষা করিতে ইইবে, এরূপ কোনও যুক্তি বা প্রমাণ দেখিতে পাওয়া যায় না। অতএব বুঝিতে ইইবে যে, আকাশাদি ভূত-সমন্তি যেরূপ পরমাত্মা ইইতে প্রাত্তর্ভূত ইইয়াছে, চক্ষু:-প্রভূতি ইন্দ্রিয়ও সেইরূপই পরমাত্মা পরমেশ্বর ইইতে মমুৎপন্ন ইইয়াছে (১); অতএব কোন ইন্দ্রিয়ই উৎপত্তি-বিনাশবিহীন নিত্যানিদ্ধ নহে, সমন্তই অনিত্য। ইন্দ্রিয়সমূহ উৎপত্তিশীল হইলেও ইন্দ্রিয়গ্রাহ্থ নহে, তাহা নহে, পরস্ক্র—

#### অণবশ্চ ॥ ২।৪।৭ ॥

অর্থাৎ উল্লিখিত প্রাণসংজ্ঞক ইন্দ্রিয়ণ কেবলই ুযে, ইন্দ্রিয়-

<sup>(</sup>১) বেদান্তাচার্য্যগণ বলেন—ইন্সিরসমূহ পরমাত্রা হইতে সম্ৎপন্ন হইলেও ভৌতিক, অর্থাৎ ভূতসমূহ উহাদের উপাদান। আকাশ বায়, তেজ, জল ও পৃথিবীর সান্ত্রিকভাগ হইতে বথাক্রমে শ্রোত্র, তৃক্, চক্ষ্ণ জিহবা ও নাসিকা সম্ৎপন্ন হইরাছে, এবং ঐ পঞ্চভূতেরই এক একটী রজোভাগ হইতে বথাক্রমে বাক্, পাণি, পাদ, পায় (মলনার) ও উপস্থ (মৃত্রার) সম্ৎপন্ন হইরাছে। ঐ পঞ্চভূতেরই সম্মিলিত সান্ত্রিক ভাগ হইতে ক্রাক্রম। মন, বৃদ্ধি, অহঙ্কার ও চিন্তা এবং সন্মিলিত রজোভাগ হইতে পঞ্জাণ প্রাকৃত্র হইরাছে। (সদানন্দ্রতিক্ত বেদান্ত্রদার)।

গণের অগ্রাহ্ম বা অগোচরমাত্র, তাহা নহে; পরস্কু প্রত্যেক ইন্দ্রিয়ই অণু। এখানে 'অণু' অর্থ—অতিশয় সূক্ষ্ম ও পরিমিত,
কিন্তু প্রসিদ্ধ পরমাণুতুল্য নহে। ইন্দ্রিয়গণ পরমাণুতুল্য হইলে,
দেহব্যাপী কার্য্য (অনুভূতি) হইত না; আবার স্থুলপরিমাণ হইলেও,
মত্যুসময়ে সূক্ষ্ম শরীর যখন দেহ হইতে বহির্গত হয়, তখন সমীপত্ব
লোকদিগের অদৃশ্যভাবে চলিয়া যাইতে পারিত না; অতএব
উহাদের মধ্যম পরিমাণই স্বীকার করিতে হইবে। ইহাই আচার্য্য
শঙ্করের অভিমত সিদ্ধান্ত। ইন্দ্রিয়সমূহের সংখ্যা সন্ধন্ধে যথেই
মতভেদ দৃষ্ট হয়, সূত্রকারও সে বিষয়ে অনেক আলোচনা
করিয়াছেন। এখানে সে বিষয়ের অবভারণা অনাবশ্যক বোধে
পরিত্যক্ত হইল॥ ২।৪।৩— ৭ ॥

# [ মৃধ্যপ্রাণের উৎপত্তি ]

কেবল যে, ইন্দ্রিসংজ্ঞক প্রাণবর্গই পরমাত্মা হইতে সমূৎপন্ন হইয়াছে, তাহা নহে,—

#### (अर्थ•5 ॥ २।81৮ ॥

অর্থাৎ অপরাপর প্রাণের স্থায় শ্রেষ্ঠ প্রাণও (পঞ্চরুত্তিবিশিই প্রাণও) সেই পরমাত্মা হইতে প্রায়ুভূতি হইয়াছে। "এতস্মাৎ জায়তে প্রাণো মনঃ সর্বেক্সিয়াণি চ" এই শ্রুণতিতে প্রাণ ও ইন্দ্রিয়গণের তুল্যরূপে উৎপত্তি নির্দ্দেশ রহিয়াছে। বছম্মান প্রাণের মহিমা বর্ণিত আছে, এবং বেদের মধ্যেও প্রাণের নিত্যতাব্যঞ্জক অনেক শব্দ রহিয়াছে; তদমুসারে মুখ্যপ্রাণের উৎপত্তি সম্বন্ধে সহজেই লোকের মনে সংশয় হইতে পারে, সেই সংশয়-ভঞ্জনার্থ সূত্রকার পৃথক্ সূত্রবারা মুখ্যপ্রাণের উৎপত্তিবার্ত্তা ঘোষণা করিলেন। আত্মার ভোগসাধন করণবর্গের মধ্যে প্রাণই সর্ববাপেকা ভ্রেষ্ঠ, এবং উপনিষদ্ও "প্রাণো নাব জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ" বলিয়া একাধিক স্থলে এই প্রাণেরই শ্রেষ্ঠতা কীর্ত্তন করিয়াছেন; এইজন্ম সূত্রকার এখানে কেবল 'প্রোষ্ঠ' শব্দবারা প্রাণের নির্দ্দেশ করিয়াছেন, আর পৃথক্ করিয়া 'প্রাণ' শব্দের প্রয়োগ করেন নাই।

### [ প্রাণের স্বরূপসম্বন্ধে মতভেদ ]

উল্লিখিত শুতিপ্রসাণের বলে প্রাণের উৎপত্তিবাদ সমর্থিত হুইলেও উহার স্বরূপসম্বন্ধে অনেক প্রকার মতভেদ দেখিতে পাওয়া যায়। কেহ বলেন, আলোচ্য মুখ্যপ্রাণ বায়ুর পরিণতিবিশেষ; ইহা বায়ু ভিন্ন আর কিছুই নহে। বাফ বায়ুই দেহমধ্যত হইয়া প্রাণসংজ্ঞা লাভ করিয়া থাকে। শুতিও এপক্ষে সাক্ষ্য দিয়া বলিতেছেন—"য়ঃ প্রাণঃ, স এষ বায়ুঃ" অর্থাৎ যাহা প্রাণনাম্মে পরিচিত, ভাহা এই প্রসিদ্ধ বায়ু, অর্থাৎ উহা বায়ুরই বিকার-বিশেষ। অত্যাব বায়ুই প্রাণের উপাদান বা মূলভূত পদার্থ। সাংখ্যবাদিরা অবার একথায় পরিতৃষ্ট হন না; তাঁহারা বলেন—
"সামান্তকরণ-করণবৃত্তিঃ প্রাণালা বায়বঃ পঞ্চ।" (দাংখ্যক্তর ২০১১)

অর্থাৎ মন, বুদ্ধি ও অহস্কার, এই তিনটী অন্তঃকরণ শরীরা-ভান্তবে থাকিয়া প্রতিনিয়ত আপনাদের যে সকল কার্য্য—সংকল্প-বিকল্প, অধ্যবসায় (কর্ত্তব্য নির্ণয়) ও অহস্কার বা গর্বব করিয়া থাকে, ভাষাদের সেই সকল কার্য্যের ফলে দেহমধ্যে যে, একপ্রকার বিক্ষোভ বা স্পন্দন উপস্থিত হয়, তাহাই প্রাণাদি পঞ্চ বায়ুনামে প্রসিদ্ধ, বস্তুতঃ উহা বারু বিকার নহে; স্বতরাং প্রাণ বলিয়া কোনও স্থিরতর স্বতন্ত্র পদার্থ নাই, এবং থাকিবার আবশ্যকও নাই (১)।

[ প্রাণের বেদাস্তদমত স্বরূপ ]

সূত্রকার প্রবল শ্রুতিপ্রমাণের সাহায্যে এই সকল মতভেদ নিরাসপূর্বক বলিতেছেন—

"न वायु-किरम পृथश्वभरमगाए" ॥२।८।১॥

অর্থাৎ মুখ্যপ্রাণ বস্তুতঃ সাধারণ বায়ুমাত্র, অথবা অন্তঃকরণের সাধারণ বৃত্তি বা ব্যাপারবিশেষ নহে। শুভিতে বায়ু ও প্রাণের পৃথক্ উল্লেখ থাকায় বুঝা যায় যে, প্রাণ কখনই সাধারণ বায়ুমাত্র নহে। "এতস্মাৎ জায়তে প্রাণো মনঃ মুর্বেক্তিয়াণি চ। খং বায়ুর্জ্যোতিরাপঃ পৃথিবী বিশ্বস্ত ধারিণী।" এখানে একই স্থানে প্রাণ, ইন্দ্রিয় ও বায়ুর পৃথক্ পৃথক্ উল্লেখ রহিয়াছে। অন্যত্র আবার—"প্রাণ এব ব্রহ্মাণ স্তুর্গুং পাদঃ, স বায়ুনা জ্যোতিষা ভাতি চ তৃপতি চ।" প্রাণকে ব্রক্ষের চতুর্থপাদ বলিয়া বায়ু ও জ্যোতি ঘারা তাহার প্রকাশ ও তাপদান বর্ণিত হইয়াছে। বায়ু ও প্রাণ যদি একই পদার্থ হইত, তাহা হইলে কখনই এরূপে

<sup>ু (</sup>১) তাৎপর্যা এই যে, অন্তঃকরণের সাধারণ কার্যান্থারা শরীরে যে, বিক্ষোভ উৎপন্ন হয়, ইহাকে 'পঞ্জর-চালন স্থান্ন' বলে। একটা পঞ্জরে পাচটা পাথী থাকিলে, সেই পাথীদের নিজ্ঞ নিজ্ঞ কর্ত্তব্য কর্মান্থার। যেনন পঞ্জরে স্পন্দন উপস্থিত হয়, অথচ কোন পাথীই সেই পঞ্জর-সংচালনের জন্ম ক্রিয়া করে না, তেমনি করণবর্গের স্বাভাবিক ক্রিয়ার ফলেই দেহমন্ত্যে এক্প্রকার স্পন্দন উপস্থিত হয়য়া থাকে, তাহাই পঞ্চপ্রাণ নামে ক্থিত হয়।

পূণক্ উল্লেখ শোভা পাইত না। ঐরূপে পূথক্ উল্লেখ হইতেই প্রমাণিত হয় যে, মুখ্যপ্রাণ কখনই বায়ুর বিকার নছে।

মুখ্যপ্রাণ যেমন বায়ু বা বায়ু-বিকার নহে, তেমনি করণবর্গের সাধারণ ব্যাপারস্বরূপও নহে: কারণ, শ্রুতিতেই ("এতস্মাৎ জায়তে প্রাণ: মন: সর্বেকিয়।ি চ") প্রাণ, মন ও ইক্রিয়গণের পৃথক্ নির্দেশ রহিয়াছে। মুখ্যপ্রাণ যদি করণ-বর্গের সাধারণ ব্যাপারমাত্র হইত, তাহা হইলে প্রত্যেকের ঐরপ নাম করিয়া পৃথক্ভাবে উল্লেখ করিবার কোন প্রয়োজন হইত না, বিশেষতঃ ক্রিয়া ও ক্রিয়াবানে যখন ভেদ নাই, উভয়ই যখন অভিন্ন পদার্থ. তখন ব্রক্তিয়াবান মনঃ ও ইন্দ্রিয়গণের উল্লেখেই প্রাণের উল্লেখ সিদ্ধ হইত: স্বতন্ত্রভাবে প্রাণনির্দ্দেশের কোন প্রয়োজনই ২ইত না। তাহার পর. ছান্দোগ্যোপনিষদে প্রাণসংবাদ-প্রস্তাবে দেখা যায়, চক্ষুরাদি সমস্ত ইন্দ্রিয়ই বিবাদে প্রাক্তিত হইল এবং মুখ্য-প্রাণের প্রাধান্য স্বীকার করিয়া তাহারই সেবায় আত্মনিয়োগ প্রাণের স্বতম্ব অক্তিত্ব না থাকিলে তাহার সহিত বিবাদকরণ, এবং পরাজিত হইয়া তাহার উদ্দেশ্যে উপহার প্রদান, ইত্যাদি কথারও কোনই সার্থকতা থাকে না। অধিকল্প উপ-নিষদের "হুপ্তেষু বাগাদিষু প্রাণ এবৈকো জাগ্রন্তি," এবং "প্রাণঃ সংবর্গ: বাগাদীন সংবৃদ্ধক্তে" ইত্যাদিপ্রকার পার্পক্যোপদেশও সার্থক হইতে পারে না। এই সমুদ্য কারণে বুঝিতে হইবে যে, পালোচ্য মুখ্যপ্রাণ কখনই বায়ু বা করণবৃত্তিমাত্র নহে। পরস্তু—

চকুরাদিবৎ তু তৎসহশিষ্টাদিভা: ॥২।৪।১•॥

চক্ষু: প্রভৃতি ইন্দ্রিয়সমূহ যেরপে ভৃত্যের হ্যায় জীবাত্মার ভোগ-সম্পাদনে ব্যাপৃত থাকে, মুখ্যপ্রাণও সেইরপই জীবাজ্মার ভোগ-সম্পাদনে নিয়ত ব্যাপৃত থাকে, স্বতন্ত্রভাবে নিজের জন্ম কোনও কার্য্যে লিপ্তা থাকে না। এ সিদ্ধান্ত আমরা উপনিষত্তক প্রাণসংবাদপ্রভৃতি আখ্যায়িকা হইতে প্রাপ্ত হই। সেখানে অপরাপর ইন্দ্রিয়ের হ্যায় প্রাণকেও জীবাত্মার সেবায় নিযুক্ত থাকিতে দেখিতে পাওয়া যায়। অতএব প্রাণ একটা স্বতন্ত্র সাধনপদার্থ হইলেও জীবের উপকারসাধন ব্যতীত ভাহার নিজের কোনও উপকারচিন্তা নাই। প্রাণ সম্পূর্ণ পরার্থনর ইইয়া ভৃত্যের হ্যায় আত্মার ভোগ সম্পাদন করিয়া প্রিভূষ্ট থাকে; সে আর কিছু চাহে না। উল্কি প্রাণ স্বরূপতঃ এক হইলেও—

পঞ্চবৃত্তিম নোবদ ব্যপদিশুতে ॥২।৪।১২ ॥
[ প্রাণেব বিভাগ ও পরিমাণ ]

একই অন্তঃকরণ যেরপে বৃত্তিভেদে অর্থাৎ সংকল্প, অধ্যবসায়, গর্মব ও স্মরণ, এই চ চুর্নিধ ক্রিয়া বা বাগোর অনুসারে মন, বৃদ্ধি, অহঙ্করে ও চিত্ত নামে চাবিপ্রকার বিভাগ প্রাপ্ত হয়, দেইরূপ একই প্রাথ প্রাণনাদি ব্যাপাবভেদ অনুসারে পাঁচপ্রকার বিভাগ প্রাপ্ত হয়। তদমুসারে একই বস্ত প্রাণ, অপান, ব্যান, উদান ও সমান নামে অভিহিত হয়। (১)।

<sup>(</sup>১) প্রাণ হথন মুখ ও নাসিকাপথে ক্রিয়া করে, তথন 'প্রাণ' নামে,
যথন অধোগামী হইয়া মলছার প্রভৃতিতে কার্য্য করে, তথন 'অপান'

ভাচার্য্য শঙ্কর এই সূত্রের অন্মপ্রকার অর্থ করিয়াছেন।
তিনি বলিয়াছেন—একই মন যেমন চক্ষু:প্রভৃতি পঞ্চ ইন্দ্রিয়ের কার্য্যে সংশ্লিফ হইয়া ঐন্দ্রিয়িক রন্তিভেদ অনুসারে পাঁচ
প্রকার রন্তিভেদ প্রাপ্ত হইয়া থাকে, তেমনি এক প্রাণেই
পাঁচ প্রকার ক্রিয়ানুসারে প্রাণ-অপানাদি পাঁচ প্রকার বিভাগ
ও নামভেদ কল্লিত হইয়া থাকে। মূলতঃ প্রাণ একই বস্তু (২)।
ছান্দোগ্যোপনিষদের প্রাণসংগাদে দেখা যায় মুখ্যপ্রাণ অপরাপর
ইন্দ্রিয়াগকে লক্ষ্য করিয়া বলিতেছে—

"—মা মোহমাপত্তথ, অহমেবৈতৎ পঞ্চধাত্মানং প্রবিভজ্ঞা এতক্ষনমবকীতা বিধারয়ামীতি," অর্থাৎ হে ইন্দ্রিয়গণ, তোমরা বিমুগ্ধ হইও না, আমিই আমাকে পাঁচ ভাগে বিভক্ত করিয়া এই শরীর-ধারণের ব্যবস্থা করিছেছি। এই শ্রুণিত হইতেও একই

নামে, যথন শ্রমসাধ্য কার্যা উপলক্ষে প্রাণ ও অপানের সদ্ধি ( এক এ স্থিতি ) হয়, তথন 'ব্যান' নামে, যথন উৎক্রুমণ ও উল্পানাদি ক্রিয়া সম্পাদন করে, তথন 'উদান' নামে, আর যথন ভুক্ত ক্ষ্মপানাদি বস্তু পরি-পাকপূর্বক রসক্ষধিরাদি সম্পাদন করে, তথন 'সমান' নামে অভিহিত্ত হইয়া থাকে। এইয়পে একই প্রাণ পাঁচটা বিভিন্ন নাম প্রাপ্ত হয়।

<sup>(</sup>২) শক্ষরের ব্যাখ্যায় স্ত্রন্থ 'মনঃ' শক্ষীর মুখ্য অর্থ রক্ষা পাইলেও
এবং 'পঞ্চরুত্তি' কথাটার অর্থসঙ্গতি কোন প্রকারে রক্ষা পাইলেও
'বাপদেশ' কথার অর্থ রক্ষা পায় না। 'বাপদেশ' অর্থ— বাবহার; প্রাণের
যেমন পাঁচটা নামে পৃথক্ বাবহার আছে, মনের ত বৃত্তিভেদে সেরপ নামভেদের বাবহার দেখা যায় না।

প্রাণের পাঁচপ্রকার বিভাগ প্রমাণিত হইতেছে। অতএব প্রাণের একন্থ সিদ্ধান্তই অদ্রান্ত বলিয়া প্রতিপন্ন হইল।

একই প্রাণ পাঁচ প্রকার বৃত্তি অমুসারে সর্বন্দেহব্যাপী ক্রিয়ানিব্বাহ করিলেও, ছুল বা চক্ষুরাদি ইক্রিয়ের দৃশ্য নহে। কেন না,—

#### আৰ্চ গহা৪৷১৩

প্রাণ দেহব্যাপী হইলেও অণু—অতিশয় তুর্ল ক্ষা; এইজন্মই
পার্মন্থ ব্যক্তিরা প্রাণের ক্রিয়ামাত্র প্রত্যক্ষ করে, কিন্তু প্রাণকে
দেখিতে পায় না। মৃত্যুকালে প্রাণ যখন দেহ ছাড়িয়া চলিয়া যায়,
তখনও প্রাণের প্রস্থান-ব্যাপার কেছ লক্ষ্য করিতে পাসে না।
এখানে 'অণু' অর্থ—পরমাণুর ন্যায় অতিশয় সূক্ষন পরিমাণ
নহে। কেবল দৃশ্য নয় বলিয়াই প্রাণকে 'অণু' বলা হইয়াছে,
প্রকৃতপক্ষে প্রাণ দেহব্যাপী মধ্যম পরিমাণযুক্ত।

## [ইব্রিয়গণের দেবতা]

মুখাপ্রাণ ও ইন্দ্রিয়গণের স্বতন্ত্র সদ্ভাব স্বীকৃত হইলেও উহারা জড়স্বভাব। উহাদের স্ব স্ব কার্য্যে সম্পূর্ণ স্বাতন্ত্র্য নাই। উহাদের কার্য্যপ্রবৃত্তি নিয়ন্ত্রিত করিবার জন্য অপর কোনও নিয়স্তার শাঁবশ্যক আছে, এই-সভিপ্রায়ে সূত্রকার বলিতেছেন—

জ্যোতিরাভাষিষ্ঠানং তু তদামননাৎ ॥২।৪।১৪॥

বাক্প্রভৃতি ইন্দ্রিয়বর্গের কার্য্যশক্তি পরিচালিত ও নিয়ন্ত্রিত করিবার জন্য জ্যোতিঃপ্রভৃতি (অগ্নিপ্রভৃতি) দেবতাগণের অধিষ্ঠান বা অধ্যক্ষতা আবশ্যক হয়, নচেৎ জড়স্বভাব ইন্দ্রিয়গণ নিয়মিতরূপে স্ব স্ব কার্য্য সম্পাদনে কখনই সমর্থ হইতে পারে না। জড়পদার্থমাত্রই যে, চেতনের সাহায্যে পরিচালিত হয়, ইহা প্রায় সকলেরই অনুমোদিত সিদ্ধান্ত। শ্রুতিও এই সিদ্ধান্তবাদের অনুকূলে মত দিয়া বলিয়াছেন—

"অগ্নির্বাগ্ ভূষা মুখং প্রাবিশৎ" অর্থাৎ অগ্নিদেব বাগিল্রিরের অধিষ্ঠাতা হইয়া মুখমধ্যে প্রবেশ করিলেন ইত্যাদি। কেবল যে, বাগিল্রেয়ের সম্বন্ধেই অধিষ্ঠাত্ত্ববিধি, তাহা নহে; অপরাপর সকল ইক্রিয়ের সম্বন্ধেই অধিষ্ঠাত্রা ভিন্নভিন্ন দেবতার কথা উপনিষদে দেখিতে পাওয়া যায় (১)। অভএব যুক্তি ও প্রমাণভারা সম্মর্থিত হইতেছে যে, ইক্রিয়গ্রগণের কার্য্যপরিচালনের জন্য চেতনা-শক্তিসম্পন্ন স্বতন্ত্র দেবতাগণের অধিষ্ঠাতৃত্ব আবশ্যক হয়। ইক্রিয়বর্গ সেই সকল দেবতার প্রেরণা অনুসারে নিজ নিজ কর্যা বিয়্নিডভাবে সম্পাদন করিয়া থাকে। বিশেষ কথা এই যে, আত্মার ভোগোপকরণ এই সকল করণবর্গের মধ্যে

<sup>(</sup>১) কোন্ দেবতা কোন্ ইন্সিয়ের অধিষ্ঠাতী, তাহার নির্দেশ এইরপ—

<sup>&</sup>quot;দিগ্ বাতার্ক-প্রচেতোহখি-বহুীক্রোপেক্স-মিত্র-কা:।" অর্থাৎ প্রবণে-, ক্রিয়ের দেবতা দিক্, ত্বকের বায়ু, চক্ষুর সূর্য্য, জিহ্বার বরণ, নাসিকার আখনীকুমার দেবতা। এবং "চক্স-চতুমুর্থ-শঙ্করাচ্যুতৈঃ ক্রমা-দ্বিবন্ধিতেন মনোবৃদ্ধাহকার-চিত্তাথ্যেন অস্তঃকরণেন" ইত্যাদি।

অর্থাৎ মনের দেবতা চক্ত, বৃদ্ধির ব্রহ্মা, অহস্কারের শক্তর ও চিত্তের বিষ্ণু। উহাদের ধারা ঐ সকল অস্তঃকরণ নিয়মিত হয়।

মুখ্যপ্রাণ সর্বাপেক্ষা শ্রেষ্ঠ। অপর একাদশ ইন্দ্রিরের
মধ্যে কর্ম্মেন্দ্রিয় অপেক্ষা জ্ঞানেন্দ্রিয় শ্রেষ্ঠ, এবং জ্ঞানেন্দ্রিয়
অপেক্ষাও অন্তঃকরণ চতুইয় শ্রেষ্ঠ, তন্মধ্যেও আনার
বুদ্ধির প্রাধান্ত সর্বাপেক্ষা অধিক, কিন্তু উহার। সকলে
স্বর্গনের মধ্যে উত্তনাধমভাবাপন্ন হইলেও জীবের সম্বন্ধে সকলেই
ভ্তাস্থানীয়—ভোগ-সাধনরূপে পরিকল্লিত; স্ত্রাং জীবাপেক্ষা
উহাদের সকলকেই অপ্রান্তরূপে গ্রনা করিতে হইবে

এখানে আর একটা বিষয় আলোচ্য এই যে, শ্রুতির উপদেশ হইতে জানা যায় যে, পঞ্চপ্রাণ, মনঃ (অন্তঃকরণ), পঞ্চ জ্ঞানেন্দ্রিয় ও পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, ইহারা সকলেই 'প্রাণ'শন্দু-বাচ্য। ুপ্রাণ বলিলে যেমন ঐ ষোড়শ পদার্থ ই বুঝিতে হয়, তেমন 'ইন্দ্রিয়' বলিলে ঐ যোড়শ পদার্থ ই বুঝিতে হইবে কি না ? এতত্ত্ত্বে সূত্রকার বলিতেছেন যে, না—সেরূপ বুঝিতে হইবে না, কারণ ?--

## ত ইন্দ্রিয়াণি, তদ্বাপদেশাদগুত্র শ্রেষ্ঠাৎ॥ ২।৪।১৭॥

এ সকল জলৈ কিক ব্যবহারবিষয়ে শ্রুতিই একমাত্র প্রমাণ।
সেই শ্রুতিই যখন শ্রেষ্ঠ প্রাণকে (পঞ্চ প্রাণকে) পরিত্যাগ করিয়া
অপ্পর একাদশটীর (পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয় ও
মনের উপরে) 'ইন্দ্রিয়' শব্দের প্রয়োগ করিয়াছেন, অর্থাৎ ঐ
একাদশটীকেই কেবল ইন্দ্রিয়শব্দে নির্দ্দেশ করিয়াছেন,—
"এতস্মাৎ জায়তে প্রাণো মনঃ সর্বেক্রিয়াণি চ", তখন মুখ্যপ্রাণকে 'ইন্দ্রিয়'শ্রেণীর সন্তর্ভুক্ত করা যায় না; স্ত্তরাং উহাকে
ইন্দ্রিয়নামে ব্যবহারও করিতে পারা যায় না। ফন কথা,

উহারা সকলেই প্রাণশব্দ-বাচ্য হইলেও 'ইন্দ্রিয়'-শব্দবাচ্য হইতে কেবল একাদশটীই হয়, মুখ্যপ্রাণ হয় না। মনের ইন্দ্রিয়ত্ব পুরাণ শাস্ত্র প্রসিদ্ধ।

## িদেবতাধিষ্ঠিত ইক্রিয়গণের সঙ্গে জীবের সম্বন্ধ ]

এখানে বলা আবশ্যক যে, যদিও সূর্য্য, চন্দ্রপ্রভৃতি দেবতাগণ অধিষ্ঠাতা বা অধ্যক্ষরূপে ইন্দ্রিয় ও অন্তঃকরণের পরিচালনা করিয়া থাকেন, তথাপি সেই সমুদ্য ইন্দ্রিয় ও অন্তঃকরণের দারা সম্পাদিত শুভাশুভ কর্ম্মফলের সহিত তাঁহাদের কোন সম্বন্ধ নাই। তাঁহার। ঐ সকল কর্ম্মের ফলভোগে অধিকারী হন না। ফল-ভোগের অধিকার একমাত্র জীবাত্মাতেই পর্য্যবসিত, অপর ্সকলে কর্ম্মনিস্পাদনে সহায়তা করিয়াই চরিত্রর্থ হয়। একই দেহে একাধিক ফলভোক্তা থাকিতে পারে না। এইজন্য শ্রুতি ফল-ভোগের অধিকার জীবাত্মার উপরেই সমর্পণ করিয়াছেন এবং তদ্মু রূপ উপদেশও করিয়াছেন—"অথ যো বেদ—ইদং জিঘ্রাণি ইতি, স আত্মা, গন্ধায় ঘ্রাণম" ইত্যাদি, ('আমি এই বস্তু আ্রাণ করিতেছি বলিয়া যিনি অমুভব করেন, তিনি আক্সা: আণেন্দ্রিয় কেবল সেই গন্ধ গ্রহণের দারমাত্র (ভোক্তা নছে)। এখানে দেখা যায়, শ্রুতি নিজেই জীবের ভোক্তৃত্ব স্বীকারপূর্ববক ঘ্রাণেক্সিয়ের ভোগ-সাধনত্ব-মাত্র (গন্ধগ্রহণের করণত্বমাত্র ) নির্দেশ করিয়াছেন। বিশেষতঃ ইন্দ্রিয়ের বা তদধিষ্ঠাত্রী দেবতার ভোক্তৃত্ব স্বীকার করিলে, লোক-<sup>ব্যবহারও</sup> অচল ও বিশৃত্থল হইয়া পড়ে। কারণ, প্রত্যেক দেহে ইন্দ্রিয়ের সংখ্যা অনেক : এবং অধিষ্ঠাত্রী দেবতার সংখ্যাও বস্ত । একের অনুষ্ঠিত কার্য্যের ফল অপরে ভোগ করে না, এবং একের অনুভূত বিষয় অপরে শ্বরণ করে না, ইহাই বিশ্বজনীন স্থনিশ্চিত নিয়ম।

এতদমুসারে স্বীকার করিতে হইবে যে, যখন যে ইন্দ্রিয় ষে কার্য্য করে, কালান্তরে সেই ইন্দ্রিয়ই সেই কার্য্যের শুভাশুভ ফল উপভোগ করে, এবং পূর্ববাসুভূত বিষয়রাশিও সেই ইন্দ্রিয়ই ম্মরণ করিয়া থাকে। এ ক্ষেত্রে কিন্তু ব্যবহার অশুরূপ দেখা যায়। চক্ষু ছারা পূর্ববদৃষ্ট বস্তুও ছগিন্দ্রিয় ছারা স্পর্শপূর্বক বলা হয় যে, আমি সেই 'পূর্ববদৃষ্ট বস্তুটী স্পর্শ করিতেছি', অর্থাৎ शृद्ध्य (य आमि हक्क् बाता (य वख्रुष्टी पर्णन कतियां हिलामा.... এখন সেই আমিই তুর্গিন্দ্রিয় দারা এই সেই বস্তুটীই স্পূর্ণ করিতেছি। এখানে চক্ষু যদি দর্শনের কর্ত্তা হইত, আর ত্বক্ যদি স্পর্শের কর্ত্তা হইত, তাহা হঁইলে কখনই উভয় ক্রিয়াতে এক 'আমি' শব্দের প্রয়োগ করা সক্ষত হইত না. এবং 'এই—সেই' বলিয়া প্রত্যভিজ্ঞার ব্যবহারও সম্ভবপর হইত না (১)। তাহার পর, চকু নষ্ট হইয়া গেলে, চক্ষুর দৃষ্ট বস্তু মনে মনে স্মরণ করাও অদস্তব হুইত ; কারণ, সেখানে চক্ষু হুইতেছে পূর্ব্ব দর্শনের কর্ত্তা, আর মন শৃইতৈছে ইদানীন্তন স্মারণের কর্তা। একের অমুভূত বস্তু বে, অপরে স্মরণ করিতে পারে না, একথা পূবেবই বলা হইয়াছে। জীবকে কর্ত্তা ও ভোক্ত। স্বীকার করিলে এ সমস্ত দোষের সম্ভাবনা

পৃর্ব্দৃষ্ট কোন বস্তকে যদি পরে দেখিরা—প্রত্যক্ষপূর্বক স্বরণ করা হয়, ভাহা হইলে সেই স্বরণমিপ্রিত প্রত্যক্ষকে প্রত্যভিক্তা বলা হয়।

ধাকে না। কারণ, প্রত্যেক দেহে জীবাত্মা এক ও নিত্য। এই অভিপ্রায়ে সূত্রকার বলিতেছেন—

> প্রাণৰতা শব্দাং॥ ২।৪।১৫॥ তম্ম চ নিতাত্বাং॥ ২।৪।১৬॥

উদ্ধৃত সূত্রন্ধয়ের ব্যাখ্যা উপরে বিশদভাবে প্রদর্শিত হইয়াছে।
ভাবার্থ এই বে, প্রাণবান্ (প্রাণবতা) অর্থাৎ প্রাণধারা জীবের
সহিত ইন্দ্রিয়গণের যে সম্বন্ধ, তাহা প্রভূ-ভূত্যসম্বন্ধের ভায়
সম্বন্ধ। অতএব জীবই এই দেহে কর্ত্তা ও ভোক্তা, ইন্দ্রিয়গণ
ভাহার ভোগ-সাধনমাত্র। জীবাত্মা এক ও নিত্য; স্কুতরাং
কর্মাফলীজোগ বা পূর্বান্মভূত বিষয় স্মরণ করিতে ভাহার
পক্ষে পূর্বোক্ত কোন বাধা ঘটিতে পারে না। অতএব জীবকেই
কর্তা ও ভোক্তা বলিয়া স্বীকার করিতে হয়॥ ২০৪০ — ১৭॥

### ি প্রমেশ্বর হইতে নাম-রূপ প্রকাশ ]

তেজঃ, জল ও পৃথিবীস্ষ্টির পর ত্রিব্ৎকরণের দ্বথা উপনিষদে । ছান্দোগ্যে) বর্ণিত আছে। সেই প্রদক্ষে নাম (ঘট, পট ইত্যাদি সংজ্ঞা) ও রূপ বা আকৃতি-প্রকাশনের উল্লেখও দলিবদ্ধ হইয়াছে। যথা—"হস্তাহম্ ইমান্তিস্রো দেবতা অনেন জ্পীন্তনাজ্মনান্তপ্রবিশ্যনানরপে ব্যাকরবাণি, তাসাং ত্রিবৃতং ত্রিবৃতম্ একৈকাং করবাণি," অর্থাৎ আমি এই জীবাজ্মারূপে এই দেবতাত্রয়ের (তেজঃ, জল ও পৃথিবীর) অভ্যন্তরে প্রবেশপূর্বক নাম ও রূপ প্রকাশ করিব, ইহাদের এক একটা দেবতাকে ত্রিবৃৎ ত্রিবৃৎ অর্থাৎ ত্রাজ্মক

ত্যাত্মক করিব'। এখানে কেবল ত্রিবৃৎকরণেরও নাম-রূপ প্রকাশনের কথামাত্র আছে, কিন্তু জীব অথবা পরমেশ্বর এই কার্য্য সম্পাদন করেন, সে কথা স্পায়্ট করিয়া বলা হয় নাই। কাজেই সংশয় হইতে পারে যে, এ কার্য্যের কর্ত্তা কে ?—জীব ? অথবা পরমেশ্বর ? শুণ্ডিতেই জীবের উল্লেখ (অনেন জীবেনাত্মনা) থাকায় জীবের কর্তৃত্বপক্ষই যুক্তিযুক্ত মনে হইতে পারে, সেই শ্রাস্তি-নিরসনের নিমিত্ত সূত্রকার বলিতেছেন—

সংজ্ঞা-মৃৰ্ট্টিকৃপ্তিস্ত তিবৃৎকৃত উপদেশাৎ ॥ ২।৪।২• ॥

উক্ত শ্রুতির উপদেশানুসারে ত্রিবৃৎকরণ ব্যাপারে বর্ধন প্রমেশ্রের কর্তৃত্বই প্রমাণিত ও স্থানিশ্চিত হইয়াছে, তৃথুন তেৎসহপঠিত সংজ্ঞা (নাম) ও মূর্ত্তির (রূপ বা আকৃতির) অভিব্যঞ্জনকার্য্যেও সেই ত্রিবৃৎকর্তা পরমেশ্রের কর্তৃত্বই অবধারিত হইতেছে। অস্তান্ত শ্বনেও এইরূপই স্পাই উপদেশ বিভ্যমান রহিয়াছে। অতএব এই সিদ্ধান্তই শ্বির হইল যে, যে পরমেশ্বর তেজঃপ্রভৃতি ভূতবর্গ শ্বন্থি করিয়া (নাম-রূপ প্রকৃতিত করিবার উদ্দেশ্যে) ত্রিবৃৎকরণ (পঞ্চীকরণ-) ব্যাপারে প্রবৃত্ত হইয়াছেন, সেই পরমেশ্বরই উহাণিগকে সংজ্ঞা ও মূর্ত্তিরূপে পরিণমিত করিয়াছেন। নাম-রূপ প্রকৃতিরে জন্তব্যক্ত না করিয়াই বিরত হন, তাহা হইলে তাঁহার ত্রিবৃৎকরণের উদ্দেশ্যই পশু হইয়া যায়; কাজেই ত্রিবৃৎকারী পরমেশ্বর্ম কেই নাম-রূপপ্রকারের উদ্দেশ্যই পশু হইয়া যায়; কাজেই ত্রিবৃৎকারী পরমেশ্বর্ম কেই নাম-রূপপ্রকাশের কর্তা বলিতে হইবে, জীবকে নহে।

এই ত্রিবৃৎকরণ ব্যাপার উপলক্ষে সূত্রকার এখানে জীবশরী

সম্বন্ধেও কিঞ্চিৎ আলোচনা করিয়াছেন। শরীরের উপাদান সম্বন্ধে তিনি বলিয়াছেন—

মাংসাদি ভৌমং যথাশব্দমিতরয়োশ্চ ॥ ২।৪।২১ ॥

পরনেশর প্রথমে সূক্ষ তেজঃ, জল ও পৃথিবী স্থিষ্ট করিলেন।
সেই সূক্ষ তন্মাত্রাত্মক ভূতত্রের দারা জীবের ভোগনির্বাছ
অসম্ভব বুঝিয়া ঐ প্রত্যেক ভূতকে পরস্পরের সহিত সম্মিশ্রিত
করিলেন। ঐরপ সম্মিশ্রাণেরই নাম 'ত্রিবৃৎকরণ'। এই 'ত্রিবৃৎকরণ'
শব্দটী পঞ্চীকরণের উপলক্ষণ; অর্থাৎ ইহাবারা আকাশাদি
পঞ্চভূতেরই সম্মিশ্রণ বুর্ঝিতে হইবে (১)। ঐপ্রকার সম্মিশ্রণের
কলে ব্রুবহার-জগতে ভূত ও ভৌতিক পদার্থমাত্রই ত্রিবৃৎকৃত
হইয়া পড়িয়াছে। আমরা ব্যবহারক্ষেত্রে অবিমিশ্র বিশুদ্ধ কোন
ভূতের সন্ধান পাই না, সমস্তই ত্রিবৃৎকৃত বা মিশ্রিত। আমাদের
ভূতের সন্ধান পাই না, সমস্তই ত্রিবৃৎকৃত বা মিশ্রিত। আমাদের
দিনন্দিন উপভোগ্য অন্ত্র-পানাদি বাহা কিছু, সমস্তই সেই ত্রিবৃৎকৃত
পঞ্চভূতের পরিণাম। আমাদের ছূল শরীরও সেই পঞ্চীকৃত
ভূতবর্গ হইতেই সমূৎপন্ন হইয়াছে। বিশেষ এই মে, "মাংসাদি
ভৌমং বঞ্গালক্ষিতরয়োশ্চ" অর্থাৎ শরীরগত মাংসপ্রশুভৃতি

<sup>(</sup>১) ত্রিবৃৎকরণ ও পঞ্চীকরণ একই কথা। ছান্দোগ্যোপনিষদে তিনটীমাত্র ভূতের উৎপত্তির কথা আছে; সেইজক্ত সেথানে 'ত্রিবৃৎকরণ' শব্দ ব্যবন্ধত হুইরাছে, কিন্তু তৈত্তিরীর উপনিষদে পঞ্চভূতেরই উৎপত্তি বর্ণিত ইইরাছে; স্বভরাং ভদনুসারে পঞ্চীকরণ (পঞ্চভূতের সন্মিশ্রণ) স্বীকার না করিলে অসকত হয়, এইজক্ত আচার্য্যগণ "ত্রিবৃৎকরণশ্রুতেঃ পঞ্চীকরণত্যাপ্যাপনক্ষণার্থ্যাও" বলিতে বাধ্য হুইয়াছেন।

অংশগুলি ভূমির সারভাগ হইতে উৎপন্ন, এবং জল ও তেজ হইতে যথাসন্তব দৈহিক অপরাপর অংশ সমূৎপন্ন হয়। তন্মধ্যে জল হইতে শরীরগত প্রাণ, মূত্র, রক্ত নিম্পন্ন হয়, আর তেজ হইতে অন্থি, মন্ডা ও বাগিন্দ্রিয় প্রকটিত হয় (১)। উক্ত আকাশ ও বায়ু হইতেও দৈহিক যে যে অংশ সমূৎপন্ন হয়, তাহা উপনিষদ হইতে জানিতে হইবে।

ব্যবহার-জগতে অগ্নি, জল, বায়্প্রভৃতি যে সমস্ত
ভূত ও ভৌতিক পদার্থ আমরা দেখিতে পাই, সে সমস্ত
ত্বিহুৎকৃত—পঞ্চভূতের সম্মিশ্রান্যুক্ত—পঞ্চলুতের সম্মিশ্রান্যুক্ত—পঞ্চলুতের সম্প্রিশ্রান্ত
কোন ভূত বা ভৌতিক পদার্থ ভোগ-জগতে নাই !

এক কথার
উপর আপত্তি হইতে পারে যে, জগতের সমস্ত ভূতেই যদি পঞ্চীকৃত
হয়, সমস্ত ভূতেই যদি অপর সমস্ত ভূতের অংশ বিভ্যমনি
থাকে, তবে 'ইহা'তেজঃ, উহা জল' এই প্রকার ব্যবহারতেদ হয়

<sup>(</sup>১) এ সকল পরিণতির ক্রম উপনিষদের বিছিন্ন ছাংশে বর্ণিত আছে। ছান্দোগোঁপনিষদে কথিত আছে যে, "অন্নমশিতং ক্রেথা বিধীমতে—তত্ত যা স্থবিঠো ধাতুঃ, তৎ প্রীয়ং ভবতি; যো মধ্যমঃ, তৎ মাংসং;
যোহণিঠাং, তৎ মনঃ" ইত্যাদি। অর্থ এই যে, ভুক্ত অন্ন উদরস্থ ইইরা
ভিন ভাগে বিক্রক্তে হয়, স্থল, মধ্যম ও অণু। তন্মধ্যে স্থলভাগ প্রীধরূপে, মধ্যম ভাগ মাংসরূপে এবং অতি স্ক্রভাগ মনোরূপে অর্থাৎ মনের
পোষকরূপে পরিণত হয়। এই প্রকার অন্যান্য ভূতক্রয়সম্বন্ধেও পরিণামক্রম উপনিষদে বর্ণিত আছে। এখানে যে সকল পরিণামের কথা বল্।
হইল, সে সমন্তই ত্রিবৃৎকৃত বা পঞ্চীকৃত ভূতেরু পরিণাম। অত্রিবৃৎকৃত
ক্রম্ব ভূতের এবংবিধ কোন পরিণাম নাই।

কি কারণে ? অনিয়মে সকলকেই সকল শব্দে নির্দেশ করা হয় না কৈন ? অথচ সেরূপ নির্দেশ কেহ কখনও করে না, এবং তাহা ছইলে লোক-ব্যবহারও রক্ষা পায় না। ইহার উত্তরে স্বয়ং সূত্রকারই বলিতেছেন—

# **दित्**मगाज् **उन्नामग्रनामः** ॥२।८।२२॥

অর্থ এই মে, যদিও ব্যবহার-জগতে সমস্ত ভূত-ভৌতিক পদার্থ ই ত্রিবৃৎকৃত (পঞ্চীকৃত) হউক, তথাপি 'বৈশেষ্যাৎ ভ্রমান্ত' অর্থাৎ মাত্রার আধিক্যানুসারে বিভিন্ন নামে ব্যবহার হইয়া থাকে। ভূত-ভৌতিক পদার্থের মধ্যে বাহাতে যে ভূতের ভাগ অধিক, দেই ভূতের নামানুসারে তাহার ব্যবহার হইয়া থাকে। ইদানীস্তন পণ্ডিতগণও—'আধিক্যেন ব্যপদেশা ভবস্তি,' আধিক্য অনুসারেই ব্যবহার হয়, এই কথা বলিয়া থাকেন। অতএব বৃথিতে হইবে যে, বাহাতে পৃথিবীর ভাগ অধিক (অর্দ্ধেক), তাহা পৃথিবীনামে, যাহাতে জল্বের ভাগ অধিক, তাহা জলনামে ব্যবহার লাভ করিয়া থাকে। অপ্রাপর ভূত-ভৌতিক সম্বন্ধেও এইরূপ ব্যবস্থা (১)। এই নিয়মানুসারে

<sup>(</sup>১) পঞ্চীকরণের প্রণালী এইরূপ—

"দ্বিধা বিধায় চৈতৈককং চতুদ্ধা প্রথমং পুন:।

স্বন্ধেত্র-দ্বিতীয়াংশৈবোজনাৎ পঞ্চ পঞ্চ তে॥" (পঞ্চদশী)

পৃষ্ণ ভূতের প্রত্যেকটাকে প্রথমে হইভাগে বিভক্ত করিনা, উহার এক এক অর্দ্ধ ভাগকৈ আবার চারি ভাগ করিন্না উহার এক এক ভাগকে অপরাপর ভূতের অর্দ্ধাংশের সহিত সংযোজিত করা। যেমন আকা-শেষ অর্দ্ধাংশকে চারিভাগে বিভক্ত করিন্না, এই চারিভাগের এক

মনুষ্টাদিশরীরে পৃথিবীর ভাগ অধিক থাকায় 'পার্থিব' নামে, এবং তেজের ভাগ অধিক থাকায় দেবাদি-শরীর 'তৈজ্ঞস' নামে পরিচিত হইয়াছে। এই নিয়ম সর্ববত্র পরিচালিত করিতে হইবে, এবং তাহা ঘারাই বিশেষ বিশেষ নামাদি-ব্যবহার উপপন্ন হইবে; স্থতরাং পঞ্চীকরণ-ব্যবস্থা প্রচলিত ব্যবহারের বিরোধী হয় না 12181২২॥

## [ জন্মান্তর চিন্তা ]

ইতঃপূর্বেব প্রতিপাদিত হইয়াছে, জগতে একমাত্র জীবব্যতিরিক্ত আর সমস্তই অনিত্য—জন্মমরণের অধিকারে অবস্থিত। আকাশাদি পঞ্চতুত এবং প্রাণ ও ইন্দ্রিয়বর্গ—সমস্তই
পরমেশর হইতে যথানিয়মে উৎপন্ন হইয়া জীবের ভোগসাধনে
নিযুক্ত আছে। জীব স্বরূপতঃ ব্রহ্মপদার্থ হইয়াও— বস্ততঃ জন্মমরণাদিরহিত হইয়াও অবিভাবশে সংসারে প্রবেশ করে, এবং
অবিবেক দোবে, জন্ম-মরণ ও স্থখ-তঃখাদিময় সংসারদশা প্রাপ্ত
হয়। জীবের জন্ম-মরণ বা স্থর্গ-নরকাদিগমন বাস্তবিকই হউক,
আর কাল্পনিকই (ওপাধিকই) হউক, মানবমাত্রেই উহার স্বরূপত্ত

এক ভাগকে ধার্প্রভৃতি চারি ভূতের অর্ধাংশের সহিত মিলিত করা।
এইরণে মিলিত করিলেই প্রত্যেক ভূতই পদ্দীকৃত বা পঞ্চাত্মক হয়। ইহা
হইতে বৃথিতে হইবে যে, আমরা যাহাকে আকাশ বলিয়া নির্দেশ করিয়া
থাকি, তাহাতে আকাশের মাত্র অর্ধাংশ আছে, এবং অপর চারি ভূতের
ছই ছই আনা অংশের মিলনে উহার অলয় অর্ধেক পৃণ হইয়াছে।
এইরুণ মিশ্রণসংখ্য আধিকায়সুসারে আকাশাদি নাম-ব্যবহার হইরাথাকে।

জানিতে উৎস্ক হয়। শ্রুতি, স্বাণাদি শান্তও এ সম্বন্ধে আলোচনা করিতে ও তত্ত্ব-নির্দারণ করিতে অবহেশা বা ঔদাস্য প্রকাশ করেন নাই। বর্ত্তমান জনসমাজেও ঐ চিন্তার নিতান্ত অভাব নাই। সকলে না হউক, অধিকাংশ লোকই ঐ বিষয়ের খাঁটি সত্য খবর পাইতে আগ্রহ প্রকাশ করিয়া থাকেন। এইজন্য স্ত্রকার বেদব্যাসও এবিষয়ে চিন্তা না করিয়া থাকিতে পারেন নাই। বেদব্যাসও এবিষয়ে আবার ক্রাণ্ডির উদ্দেশ্যে কির্মণে এই দেহ ত্যাগ করিয়া যায়, তখন তাহার সঙ্গে অপরী ক্রেশে করিপে এই দেহ ত্যাগ করিয়া যায়, তখন তাহার সঙ্গে অপরী ক্রেশ্য করিমণে এই দেহ ত্যাগ করিয়া বায়, তখন তাহার সঙ্গে অপরী ক্রেশ্য করিয়ে ক্রিয়া ক্রিয়া গন্তব্য স্থানে সমন করে, ইত্যাদি বিষয়ের আলোচনায় অবহিত হইয়াছেন। এই বিষয়টী তত্ত্ব-জিজ্ঞাম্মণণের যেরপ কৌত্হলোদ্দীপক, সেইরূপ আবার সাধারণেরও উৎসাহবর্দ্ধক। এই কারণেই এখানে জীবের পরলোকচিন্তা অপরিহার্যা হইয়া পড়িয়াছে।

জগতে প্রাণিমাত্রেরই শরীরগ্রহণ ও শরীর-ত্যাগ প্রভাক্ষসিদ্ধ; স্থভরাং এ বিষয়ে কাহারও কোনপ্রকার সন্দেহ করিবার
অবসর নাই। অতি পামর লোকেরাও এবিষয়ে ছিরনিশ্চয়
থাকিয়া নিজ নিজ কর্ত্তব্য-পথে অগ্রসর হইয়া থাকে; কাজেই
এবিষয়ে বলিবার কিছু নাই; এবং মৃত্যুর সময়ে যে, ভোগসাধন ইন্দ্রিয়বর্গ, মনঃ, প্রাণ, ভ্রানসংস্কার ও কর্ম্মসংস্কার জীবের
সালে অসুগমন করে, তাহাও "অথৈনমেতে প্রাণা অভিসমা্মন্তি"

অর্থাৎ দেহ হইতে বহির্গমনের সময় এই সমুদয় (প্রাণ, মন ও ইন্দ্রিয় প্রভৃতি) জীবের সঙ্গে সঙ্গে গমন করে, এইজাতীয় নানাবিধ শাস্ত্র প্রমাণের সাহায্যে পরিজ্ঞাত হওয়া যায়: স্বতরাং সে সম্ব-ন্ধেও অধিক কথা বলিবার প্রয়োজন নাই। এখন প্রধান জিজ্ঞাস্য বিষয় হইতেছে এই যে, "অন্যৎ নবতরং কল্যাণ্ডরং রূপং কুরুতে" অর্থাৎ জীব স্বীয় কর্মানুসারে যেখানে গমন করে, সেখানে যাইয়া ভোগক্ষম আর একটী নূতন দেহ নির্মাণ করে, ইত্যাদি শ্রুতিরচন হইতে জানিতে পারা যায় যে, জীব নূতন লোকে যাইয়া আপনার উপযুক্ত দেহ নির্মাণ করিয়া লয়। দেহ নির্মাণ করিতে হইলেই দৈহিক উপাদান সংগ্রহ করাৄ,আক্রশ্রক হয়। এখন প্রশ্ন এই যে, জীব দেহাস্তরপ্রাপ্তির উদ্দেশ্যে এই দেহ হইতে যাইবার সমযই ভাবী দেহের উপাদান সূক্ষ ভূতাংশ-সমূহ সঙ্গে লইয়া যায় 🤊 অথবা সেখানে যাইয়া আবশ্যক্ষত দেহো-পাদান সংগ্রহ করিয়া লয় 🤊 উভয় প্রকারে দেহরচনা সম্ভবপর হইলেও শান্ত্রসম্মতি জানিবার জন্য এইপ্রকার প্রশ্নের উত্থাপন হইতেছে। ততুত্তরে সূত্রকার বলিতেছেন —

রংহতি সম্পরিষক্তঃ প্রশ্ন-নিরূপণাভ্যাম্ ॥৩৷১৷১॥

জীব যখন এক দেহ ছাড়িয়া অন্ত দেহপ্রাপ্তির জন্ত যায়, তখন দেহোপাদান ভূতসূক্ষ্মসন্থলিত হইয়াই যায়, ইহা শ্রুতি-প্রদর্শিত প্রশ্ন ও প্রতিবচন (উত্তর বাক্য) হইতে জ্ঞানা যায়। রাজা প্রবাহণ খেতকেতুকে জিজ্ঞাসা করিয়াছিলেন—"বেথ যথা পঞ্চম্যামাহতাবাপঃ পুরুষবচসো ভবস্তি ?" অর্থাৎ পঞ্চমী আছতিতে অপিত জলসমূহ মেপ্রকারে পুরুষ-শব্দবাচ্য হয়, অর্থাৎ
মনুষ্যদেহরূপে পরিণত হয়, তাহা তুমি জান কি ? এতজ্নুরে
প্রথমত: ত্যুলোক, পর্জ্জন্ত, পৃথিবী, পুরুষ ও যোষিৎ (গ্রী), এই
পাঁচটী পদার্থকৈ অগ্নিরূপে কল্পনা করিয়া, সেই পাঁচপ্রকার
অগ্নিতে যথাক্রমে শ্রুদ্ধা, সোম, বৃষ্টি, অন্ন (খাল্ডবস্তু) ও রেতঃ,
এই পাঁচপ্রকার আহুতি নির্দ্ধেশ করিয়া অবশেষে বলিয়াছেন,
"ইতি তু পঞ্চম্যামান্ততাবাপঃ পুরুষবচসো ভবন্তি," অর্থাৎ এইপ্রকারে (পূর্ববদ্শিত ত্যু-পর্জ্জন্তাদিতে শ্রুদ্ধা সোমাদিক্রমে) পঞ্চম
আছুতিতে অপিত 'অপ্'সকল পুরুষপদবাচ্য হইয়া থাকে (১) ।

<sup>(</sup>১) বিতকেতুনামক পাবিক্নার প্রবাহণনামক রাজার নিকট আপনার পাণ্ডিত্যের পরিচর দিতে গিরাছিলেন। রাজা তাঁহাকে 'পঞ্চান্ধি-বিজা' অবলম্বনে করেকটা প্রশ্ন জিজ্ঞানা করেন। উক্ত প্রশ্নটা তাহারই অক্সতম। 'শ্রেতকেতু প্রশ্নোত্তরদানে অক্ষম হইলে পর, রাজা নিজেই ঐ সকল প্রশ্নের উন্তর প্রদান করেন। মজ্ঞাদি-কর্মান্মন্টাতা লোক মৃত্যুর পর যধন মর্গে যান, তথন আহতি-সম্পর্কিত 'অপ্' (জলীয়ভার্ম) অদৃষ্টরূপে তাহার সঙ্গে বায়। পরে তিনি যথন মর্গভোগ সমাপ্ত করিয়া প্রনাম জন্মলাভের অক্ত পৃথিবীতে আগমন করেন, তথন সেই সঙ্গীয় জলে বেন্টিত ইইয়া প্রথমে আকাশে পতিত হন, সেধান ইইতে মেনে, মেন ইইতে বুল্লিরপে' পৃথিবীতে পতিত হন, প্রথম ভঙ্কার সংখ্য প্রবেশ করেন, সেই অরু পুক্ষভুক্ত ইয়া ভক্ররপে পরিণত হয়, শেবে স্ত্রীয় জ্বায়ুতে প্রবেশ করে, এবং কেন সেধানে দেহাকার ধারণ করে। স্বরণ রাখিতে ইইবে বে, জরায়ুমধ্যে দেহ নির্ম্বিত ইইবার পর, জীব তন্মধ্যে প্রবেশ করে না, পরস্ক জীবই 'অপ' প্রিণিতভূত ভক্তে বেন্ধিত হইয়া জরায়ুতে প্রবেশ করে। জীবযুক্ত ভক্তই

এখানে স্পর্যাই বলা হইল যে, একই 'অপ্' প্রথমে শ্রাদারপে ত্যালোক-অগ্নিতে আছত হয়, পরে সোমরূপে পর্জ্ঞয়-অগ্নিতে (অগ্নিরূপে করিত মেঘে) ও তাহার পর বৃত্তিরূপে পৃথিবী-অগ্নিতে আছত হইয়া ভুক্তান্তরূপে পুরুষরূপ-অগ্নিতে প্রবিষ্ট হয়, সেখানে সেই অরই শুক্রে পরিণত হইয়া অগ্নিরূপে করিত স্ত্রীতে আছত হয় এবং দেহাকারে পরিণত হইয়া মনুষ্যাদি-শব্দে উল্লেখ-যোগ্য হয়। ইহা হইতে স্পর্যাই প্রমাণিত হইতেছে যে, জীব পূর্বদেহ ত্যাগ করিয়া বাইবার সময়েই দেহোপকরণ সূক্ষ্ম ভূতসমূহ সঙ্গে লাইয়া বায়, এবং তাহাঘারাই ত্যু, পর্জ্জ্ঞ্য, পৃথিবী, পুরুষ ও বোষিৎরূপ পাঁচপ্রকার অগ্নিতে আছত হইয়া নির্মেন্ধ দেহ নির্মাণ করিয়া থাকে।

এখানে বলা আবশ্যক বে, যদিও পূর্বপ্রদর্শিত শ্রুতির প্রশ্ন ও প্রতিবচনের মধ্যে 'অপ্' (জল) ভিন্ন অন্ত কোন ভূতেরই নামোলেখনাই, তথাপি যথোক্ত সিদ্ধান্তে অবিশাস করা উচিত হয় না। কারণ, এই এক 'অপ্' শব্দঘারাই অপরাপর সূক্ষ ভূতেরও সন্তাব সূচিত হইয়াছে। কারণ ?—

ত্রাত্মকথাত্ব ভূরত্বাৎ । তাঠাই ॥

শরীর রচনা করিরা থাকে, অর্থাৎ দেহাকারে পরিণত হর।
রেশমের শুটিপোকা বেরূপ নিজেই শুটি নির্মাণ করিরা তন্মধ্যে আবদ্ধ
হর, জীবও সেইরূপ নিজেই নিজের সংগৃহীত ভূতস্ক্ষরারা দেহ
নির্মাণ করিরা তন্মধ্যে আবদ্ধ হর। উক্ত দিব্, পর্জ্জ্ঞ, পৃথিবী, পুরুষ ও
বোরিৎ—এই পাঁচটাকে অগ্নিরূপে চিস্তা করিতে হর। তাহার প্রণাণী
ভালোগোপনিষদে তাইবা।

পূর্বেবাক্ত ত্রিবৃৎকরণ-প্রণালী অমুসারে জানা যায় যে, সমস্ত ভূতই ত্রিবৃৎকৃত—ত্রাত্মক (তেজ:, অপ্ ও পৃথিব্যাত্মক)। অপর ভূতঘয়ের সহিত মিশ্রিত না হইয়া শুদ্ধ 'অপ' কোন কার্যাই সম্পাদন করে না, বা করিতে পারে না ; এবং সেরপ অমিশ্রিত সূক্ষ্ম ভূত ব্যবহার-অগতের উপযোগীও হয় না, এই কারণে শ্রুপভিক্ষিত কেবল 'অপ্' (আপ:) শব্দ হইতেই অপর ভূতঘয়েরও (বস্তুত: সমস্ত ভূতেরই) সন্তাব বৃক্ষিতে হইবে। এক অপ্ শব্দঘারা অপর সমস্ত ভূতের সন্তাব বিজ্ঞাপিত হইতে পারে বিলয়াই শ্রুতি অপর কোন ভূতের নামোল্লেখ করা আবশ্রক বোধ করেন নাই। অতএব ঐ শ্রুতিঘারাই জীব যে, দেহোপাদান সমস্ত ভূতে পরিবেপ্তিত হইয়া বহির্গত হয়, তাহা প্রমাণিত হইতেছে।

সূত্রন্থ 'ত্রাত্মক' শব্দের অক্যপ্রকার অর্থ করিলে ঐ সিদ্ধান্ত আরও ক্ষুটতর হইতে পারে। এ পক্ষে 'ত্রাত্মক' (ত্রি + আত্মক) অর্থ — বাত, পিত্ত, শ্লেমা এই ত্রিধাতুষয়। প্রত্যেক দেহেই বে, বাত, পিত্ত ও শ্লেমার পূর্ণ প্রভাব বিভ্যমান আছে, তাহা কেহই অস্থীকার করিতে পারে না। কারণ, দেহমধ্যে ঐ ত্রিবিধ ধাতুরই পৃথক্ পৃথক্ কার্য্য দেখিতে পাওয়া যায়। তিন্মধ্যে 'বাত' ভারা বায়ুর, পিত্তভারা তেজের, আর শ্লেমা ভারা জলের অন্তিত্ব প্রমাণিত ভয়। কারণ, ঐ তিনটা ধাতু যথাক্রেমে বায়ু, তেজঃ ও জলের বিকার বা পরিণতি ভিন্ন আর কিছুই নয়। দেহমধ্যে যদিও ভৃতত্রেয়ই বিভ্যমান থাকিয়া সমানভাবে কার্য্য করিতেছে সভ্য,

ভথাপি দেহমধ্যে জলের বা জলীয় অংশেরই আধিক্য দেখিতে
পাওয়া যায়। প্রত্যেক দেহেই রস-ক্ষিরাদি জলীয় ভাগের
ভূষত্ব বা বাহুল্য প্রত্যক্ষসিদ্ধ; সেই ভূষত্বের প্রতি লক্ষ্য রাখিয়াই
ক্রান্তি কেবল 'অপ্' শব্দের উল্লেখমাত্র করিয়াছেন—"পঞ্চম্যাম্
আহতো আপ: পুরুষবচ্সো ভবস্তি ইতি"। অতএব দেহ হইতে
বহির্গমনের কালে জীব যে, দেহোপাদান সূক্ষম ভূতে পরিবেঞ্জিত
হইয়া যায়, ইহাই শ্রুতির অভিমত সিদ্ধান্তঃ॥ ৩০১২১॥

কীব দেহ ছাড়িয়া যাইবার সময়ে যে, দেহোপকরণ ভূতবর্গে বেপ্তিত হইয়াই যায়, একথা প্রকারান্তরেও সমর্থন করা যাইতে পারে, তহুদ্দেশ্যে সূত্রকার অপর একটা হেতৃ ক্ট্লেখ্য্ব্বক্ষ বলিতেছেন—

### ্লাণগতেন্চ াতাসাতা

জীবের দেহত্যাগপ্রসঙ্গে অন্ত শ্রুতি বলিয়াছেন—"তম্ উৎক্রোমন্তঃ প্রাণোহন্ৎক্রামতি, প্রাণমন্ৎক্রামন্তঃ সর্বে প্রাণা অন্ৎক্রামন্তি" ইত্যাদি। জীব যথন দেহ ছাড়িয়া গমন করে, প্রাণ তখন তাহার সঙ্গে উৎক্রমণ করে, এবং অপরাপর প্রাণও (ইক্রিয়গণও) প্রাণের সঙ্গে সঙ্গে উৎক্রমণ করিয়া থাকে ইত্যাদি। এখানে জীবের সঙ্গে মুখ্য প্রাণ ও ইন্দ্রিয়বর্গের বহির্গমনের কথা রহিয়াছে। কিন্তু প্রাণই হউক, আর ইন্দ্রিয়ই হউক, কেহই নিরাধারভাবে (নিরাশ্রয়ভাবে) থাকিতে বা যাইতে পারে না। প্রসিদ্ধ ভূতবর্গই উহাদের আশ্রুয়; স্কুতরাং প্রাণ ও ইন্দ্রিয়গণের গতিদ্বারাই উহাদের আশ্রুয়রপ সূক্ষম ভূত- বর্গের গতিও অনুমিত হয়; স্নতরাং ইহাদারাও ভূতবর্গ-সহযোগে জীবের গতি প্রমাণিত হয়। অতএব জীব পরলোকে যাইবার সময়ে যে, সূক্ষ ভূত সজে লইয়াই যায়, ইহাই শ্রুতির অভিমত সিদ্ধান্ত দ্বির হইল ॥ ১—৩॥

## [ কর্মী জীবের স্বর্গাদিগতি ]

এখানে আশকা হইতে পারে যে, প্রথম হইতে এ পর্যান্ত যে সকল প্রমাণ প্রদর্শিত হইয়াছে, তাহার কোথাও স্বর্গাদি-লোকে গমনের কথা, অথবা সেখানে যাইয়া কোনরূপ ফলভোগের উল্লেখ দৃষ্ট হয় না। বিশেষতঃ অপ্শব্দ-বাচ্য আছতি যে, জীবের সক্তম স্মুগমন করে, এমন কথাও কোন স্থানে স্পষ্টাক্ষরে বলা হয় নাই; অভএব জীব যে, সভ্য সভাই লোকান্তরে ফলভোগের উদ্দেশ্যে ভূতসূক্ষ্ম-সহযোগে গমন করে, এ কথা ভ প্রমাণিত হইতেছে না। এই আপত্তি উত্থাপনপূর্বক সূত্রকার বলিতেছেন—

অশ্রুতত্বাদিতি চেৎ, ন ; ইষ্টাদিকারিণাং প্রতীততঃ॥ ভাসাও ॥

পূর্ববিপ্রদর্শিত কোনও শ্রুতিবচনে স্বর্গাদিলোকগতির উল্লেখ
নাই বলিয়াই যে, উক্ত সিদ্ধান্ত উপেক্ষণীয় হইবে, তাহা নহে;
কারণ, এরূপ বহু শ্রুতিবাক্য আছে, যে সকল বাক্য হইতে.
বজ্ঞাদি, কর্ম্মানুষ্ঠাতা জীবগণের স্বর্গলোকে বা চন্দ্রলোকে গতির
সংবাদ জানিতে পারা যায়। কর্ম্মাদিগের পারলোকিক গতিনির্দেশ প্রসক্ষে শ্রুতি বলিয়াছেন—

"অথ যে ইমে গ্রামে ইফাপূর্ত্তে দত্তমিত্যুপাসতে, তে ধ্মমভি-

সম্ভবন্তি, \* \* \* আকাশাৎ চন্দ্রমসং, এষ সোমো রাজা ভবতি"
ইত্যাদি। অর্থাৎ যে সমস্ত গৃহত্ব কেবল 'ইফাপৃত্ত' ও 'দত্ত'
কর্ম্মের (১) অমুষ্ঠান করেন, তাহারা মৃত্যুর পর ধুমাদি-পথে
(পিতৃযানে) গমন করেন। ক্রমে তাঁহারা আকাশ পর্যাস্ত ঘাইয়া
সেখান হইতে চন্দ্রলোকে উপস্থিত হন। সেখানে তাঁহারা উত্তম
সোম-রূপ প্রাপ্ত হন, ইত্যাদি এবং আরও কয়েকটা শ্রুতিবচন
উদ্ধৃত করিয়া ভাষ্যকার সে সকল বাক্যের সারসংকলনপূর্ব্বক
নিজের ভাষায় বলিয়াছেন—

"তেবাং চ অগ্নিহোত্ত-দর্শপূর্ণনাসাদিকর্ম-সাধ্নভূত। দধিপয়:-প্রভূতরো দ্রবন্দ্রব্যভ্রন্থাৎ প্রত্যক্ষমবাপঃ সন্তবস্তি। তা আহবনীয়ে হতাঃ স্বাম্বাহতরোহপূর্বরূপাঃ সত্যঃ তানিষ্টাদিকারিণ আশ্রয় ক্রিঃ। —তেবাং চ শরীরং নৈধনেন বিধানেনাস্ত্যে অগ্নৌ ঋত্বিজা ভূক্তি 'অসৌ স্বর্গার লোকার স্বাহা' ইতি। ততন্তা শ্রদ্ধাপূর্বক-কর্মন্মবাগ্নিস্ত আহতিম্যা আপোহপূর্বরূপাঃ সত্যঃ তানিষ্টাদিকারিণো জীবান্ পরিবেষ্ট্য অ্যুং লোকং কলদানার নরস্তীতি যৎ, তদত্র জুহোতিনাভিধীরতে—শ্রদ্ধাং জুহোতি ইতি।"

শ্রুতি ও শ্বুতিবিহিত উক্ত প্রকার তিন শ্রেণীর কর্মজনে 'ইষ্ট' 'পূর্ব' ও 'দ্বে' নামে অভিহিত হয়। শ্লোক তিনটীর ব্রুথি সরব।

<sup>(</sup>১) 'ইষ্ট', 'পৃষ্ঠ' ও 'দন্ত' কর্ম্মের পরিচন্ন এইরূপ—

"অগ্নিহোত্তাং তপঃ দতাং বেদানাং চামুপালনম্।
আতিথ্যং বৈখাদেবং চ 'ইষ্টম্' ইত্যভিধীন্নতে ॥"

"ৰাপী-কৃশ-তজাগাদি-দেবতান্নতনানি চ।
অন্ধ্রদানমানামঃ 'পৃর্ত্তম্' ইত্যভিধীন্নতে ॥"

"নরণাগতসন্ত্রাণং ভূতানাং চাপাহিংদনম্।
বহির্কোদি চ যদানং দিন্তম্' ইত্যভিধীন্নতে ॥"

শ্রুতি ও স্মৃতিবিহ্ত উক্ত প্রকার তিন শ্রেনীর কর্মক্রমে

মর্মার্থ এই বে, "যাহারা ইউ-পূর্তাদি কর্মামুষ্ঠানে নিরত, তাহাদের অমুর্ভিত অগ্নিহোত্র দর্শপূর্ণমাস্যাগপ্রভৃতি কর্ম প্রধানতঃ দ্রবহল দধিম্বতাদি দ্রব্যধারা সম্পাদিত হইয়া থাকে। সে সকল দ্রব্যে বে, জলীয়ভাগ প্রচুরতর, ইহা সকলেরই প্রত্যক্ষাদির। দ্রবহলে সেই সকল দ্রব্য আহবনীয় অগ্নিতে আছত হইবার পর সূক্ষা বাম্পাকার-ধারণপূর্বক অপূর্বর বা অদৃষ্টাকারে পরিণত হয়, এবং কর্মাকর্তাকে আশ্রয় করিয়া থাকে। অবশেবে, সেই কর্ম্মী পুরুষরে শরীর শাশানাগ্নিতে ভক্মীভূত হইলে পর, অপূর্বরূপে পরিণত সেই সকল আছতি (শ্রদ্ধাশকে-নির্দ্দিন্ত অপ্) সেই কর্মী পুরুষকে অর্থাৎ সূক্ষা-শরীরগত জীবকে পরিবেইজনপূর্বক কর্মাকল দ্বিবার নিমিত্ত পরলোকে (চল্রাদিলোকে) লইয়া। যায়। এই অবস্থাকে লক্ষ্য করিয়া শ্রুতি 'ক্স্হোতি' শব্দ ব্যবহার করিয়াছেন। যাগাদি কার্য্যে অপ্বহল দ্রব্যসকল শ্রদ্ধাপ্রক্রিক শ্রম্বত হয়, এইজন্য শ্রুতির কোন কোন স্থলে অপ্-শব্দের পরিবর্ত্তে শ্রদ্ধাশক্ত প্রযুক্ত ইইয়াছে ইতি"।

উপরি উদ্ভ ভাষ্যোক্ত সমাধানপ্রণালী পঁষ্যালোচনা করিলে বেশ বুঝা যায় যে, যাহারা যাগাদি কর্ম যথানিয়মে নিম্পাদন করেন, তাহারা নিশ্চয়ই কর্ম্মানুরপ ফলভোগের জন্ম চন্দ্রাদিলোকে গমন করেন, এবং কলভোগ শেষ না হওয়া পর্যান্তু. প সেইখানেই অবস্থিতি করেন ॥৩।১।৭॥

[ ठल्डलाक श्रेट व्यवस्त्राश्लात क्य ]

ইফাদি কর্ম্মের অনুষ্ঠাত্বর্গ ধুমাদি-পথে চন্দ্রমণ্ডলে গমন

করেন, এবং কলভোগ শেষ না হওয়া পর্যান্ত সেইখানেই বাদ করেন, একথা বলা হইয়াছে। কিন্তু তত্রত্য ভোগ সম্পূর্ণ হইলে, তাহার কোন পথে কোখায় কিরূপে যান, তাহা বলা হয় নাই; এখন বলিতে হইবে। এসম্বন্ধে উপনিষদ বলিয়াছেন—" তিম্মিন্ বাবৎসম্পাতমুষিদ্বা, অথৈতমেবাগ্নানং নিবর্ত্তন্তে—যথেতম্" অর্থাৎ কম্মী পুরুষ যে পর্যান্ত কর্ম্মফল শেষ না হয়, সে পর্যান্ত চন্দ্রমণ্ডলে বাস করিয়া, অনস্তর যে পথে গিয়াছিলেন, সেই পথেই ইহলোকে প্রত্যাবর্ত্তন করেন। শ্রুতির এই উপদেশ শ্বরণ করিয়া স্বয়ং সূত্রকার বলিয়াছেন—

ক্বতাত্যরেহমুশরবান্ দৃষ্ট-স্বতিভ্যাম্, যথেতমনেবং ুচ ॥<u>০</u>।১।৮॥ 🖫

কর্মফল ভোগের জন্ম যাহার। চক্রমগুলে গমন করেন, তাহারা যথন বুঝিতে পারেন যে, এখানেই আমাদের স্থান্দ্রেগ শেষ হইল, অতঃপর আমাদিগকে এ স্থান হইতে চলিয়া যাইতে হইবে। তখন তাহাদের কদয়ে এমন তুঃসহ শোকসন্তাপ উপস্থিত, হয় যে, সেই তীত্র সন্তাপের ফলে তাহাদের তত্ত্বত্য জলময় দেহগুলি গলিয়া যায় (১)। সেই অবস্থায় তাঁহারা সূক্ষদেহে স্বগ্রুষ্ট হইয়া, যে পথে চক্রমগুলে আরোহণ

<sup>(</sup>১) প্রাণিদেই সর্ধত্ত এক উপাদানে গঠিত ও একরপ নহে।
পৃথিবীস্থ প্রাণিগণের স্থুল দেহ বেরপ পার্থিব অর্থাৎ পৃথিবীরূপ উপাদানে
নির্দ্দিত, চন্দ্রমণ্ডলম্ব প্রাণিগণের স্থুল দেহ সেইরূপ জলরূপ উপাদানে
রচিত হয়; বরক্ষের পৃত্রুল বেরূপ, ঠিক সেইরূপ হয়। এইবস্ত উত্তাপম্পর্দে বরক্ষের স্থায় সেই জলমন্ত্র দোকজ্ব তাপে গলিয়। বায়।

করিয়াছিলেন, সেই পথে কতকটা যাইয়া শেষে অস্থাপথ ধরিয়া প্রত্যাবর্ত্তন করেন, এবং নিজের প্রাক্তন কর্মানুসার্বে উত্তমাধম যোনিতে জন্মধারণ করেন। এ তত্ত্ব 'দৃষ্ট' হইতে (১) অর্থাৎ সাক্ষাৎ শ্রুতি হইতে ও স্মৃতিশান্ত্র হইতে জানিতে পারা যায়। এ বিষয়ে শ্রুতিপ্রমাণ পূর্বেই প্রদর্শিত হইয়াছে—"তদ্মিন্ যাবৎ সম্পাতমুষিদ্বা" ইত্যাদি। এতদপেক্ষা আরও স্প্রফৃতর শ্রুতি-প্রমাণ এই যে,—

> °প্রাপ্যান্তং কর্ম্মৃণস্তস্ত যৎকিঞ্চেহ করোতারম্। তন্মাৎ লোকাৎ পুনরেতালৈ লোকার কর্মধে॥" ইতি

নামুব ইছলোকে যেরূপ কর্মামুষ্ঠান করে, চক্রমগুলে যাইরা তাুগার ফলভোগ শেষ করিয়া পুনরায় কর্ম্ম করিবার নিমিন্ত সেই চন্দ্রলোক হইতে এই পৃথিবীলোকে প্রত্যাগমন করে। চক্রমগুলে ভোগ শেষ হইলে যে, ইহলোকে পুনরায় স্থাগমন

<sup>(</sup>১) প্রত্যক্ষ প্রমাণ বেরপ নিভূল, প্রুতিপ্রমাণ্ড ঠিক সেইরপ নিভূল; এইজন্ত প্রতিকে 'প্রত্যক্ষ' বলা হয়। চন্দ্রমণ্ডলে আরোহণের সমর ধ্যাদিপথ অবলঘন করিয়া আকাশ বা ছ্যালোকের ভিতর দিরা চন্দ্রলোকে বাইতে হয়, কিন্তু প্রত্যাবর্তনের পথে কেবল ধ্ম ও আকাশের মাত্র উল্লেখ থাকায় এবং ধ্যাদি-পথের অপরাপর অংশের কথা না থাকায় ব্যা বায় বে, চন্দ্রমণ্ডলারোহী পুরুষগণ যে পথে অবিরাহণ করেন, কিরিবার সময়ে ঠিক সেই পথেই ফিরেন না। সে পথে কেবল ধ্ম ও আকাশেয় সহিত সবদ্ধ হল মাত্র। এই জন্তই প্রতে বিথেতম্' বেপ্রকার পথে গমন হইরাছে, আসিবার সময় 'অনেবং চ' ঠিক সেই পথেই কিরেন না, কিঞ্চিৎ বাতিক্রমণ্ড আছে, এইকথা বলা হইরাছে।

করেন, উক্ত শ্রুতিবাক্যদারা তাহা স্পাইট প্রমাণিক হইতেছে।
স্মৃতিশাস্ত্রও এ কথার প্রতিধনি করিয়া বলিতেছেন--

"বর্ণা আশ্রমাশ্চ অধর্মনিষ্ঠা: প্রেত্য কর্মফলমমূভ্র ততঃ শেষেণ বিশিষ্ট-দেশ-জাতি-কুল-ক্লপায়্:-শ্রত-বৃত্ত-বিত্ত-স্থ্যমেধ্সো জন্ম প্রতিপগততে" ইত্যাদি।

অর্থাৎ বর্গাশ্রামধর্ম প্রতিপালনপূর্বক বাহার। স্ব স্ব কর্ত্তব্য কর্ম্ম সম্পাদন করেন, তাহারা মৃত্যুর পর ভোগযোগ্য স্বকৃত কর্ম্মের ফল উপভোগ করিয়া, অবশিষ্ট কর্ম্মানুসারে বিশেষ বিশেষ দেশ, জাতি, কুল (বংশ), রূপ, আয়ুং, বিছা, চরিত্র, ধন, স্থুখ ও মেধা (ধারণাশক্তি) লইয়া জন্মব্রীহণ করেন। এখানেও, লোকান্তরে স্বকৃত কর্মাফল-ভোগান্তে অবশিষ্ট কর্মানুসারে পুনরায় জন্মগ্রহণের কথা স্পষ্ট ভাষায় কথিত আছে; স্থতরাং কর্ম্মী পুরুষণণ যে, চন্দ্রমগুল হইতে নিজের অভুক্ত সঞ্চিত কর্মা লইয়া, মর্ত্তাভূমিতে ফিরিয়া আইসে, তাহাতে আর সংশয় থাকিতে পারে না। পরলোকে অভুক্ত কর্ম্মরাশিকে লক্ষ্য করিয়াই সূত্রে 'অমুশয়' শব্দ প্রযুক্ত ইইয়াছে(১)। সেই

<sup>(</sup>১) স্ত্রন্থ 'অনুশর' শব্দের অর্থসন্থরে, কিঞ্চিৎ মততেদ আছে। কেই বলেন, নান্নী পুরুষগণ যে সকল কর্মের ফলভোগের জন্ত চক্রমণ্ডলে গমন করেন, দেখানে তাহারা দেই সকল কর্মের ফল নিঃশেষরপে ভোগ করিয়া আসিতে পারেন না; কিঞ্চিৎ অবশিষ্ঠ থাকিতেই চলিয়া আসিতে বাধ্য হন। ঘুতভাও হইতে ঘুত উঠাইয়া লইকলও যেনন তাহাতে কিঞ্চিৎ সেহভাগ থাকিয়া যায়, ঠিক তেমনই ক্মী পুরুষেরা চক্রমণ্ডলে থ্থাস্ভ্র

ষমুশরই চন্দ্রমঞ্জল হইতে প্রত্যাগমন-সময়ে কর্ম্মীদিগের গন্তব্য-দথ নির্দেশ ক্ষিয়া দেয়। তদমুসারে কেছ উৎকৃষ্ট দেশে, উত্তম বংশে রমণীয় দেহ ও ভোগ-সম্পদ্ প্রাপ্ত হন, কেছ বা নিজ কর্ম্মফলে ইহার বিপরীত অবস্থায় উপনীত হন। 'অমুশয়'-পদবাচ্য কর্ম্মই ঐ সকল পার্থক্যের একমাত্র নিদান ॥৩১।৮॥

কর্মী পুরুষদিগের চক্রমগুল হইতে ফিরিবার পথস্থান্ধে— শুতি বলিয়াছেন—

"অথৈতমেবাগ্নানং পুননিবর্ত্তন্তে যথেতম্—আকাশং, আকাশালায়ং, বায়্ভূ বা ধুমো ভবতি, ধ্মো ভূবা অভ্ৰং ভবতি, অভ্ৰং ভূবা মেঘো ভবতি, মেঘো ভূবা প্রবর্ষতি" ইত্যাদি।

ইহার অর্থ এই থে, চন্দ্রমণ্ডলে দেহ বিগলিত হইৰার পর কর্মীরা যে পথে সেখানে গিয়াছিলেন, সেই পথেই প্রত্যাবর্ত্তন

স্মন্ত কর্মাফল ভৌগ করিলেও কর্মাশেষ কিছু অভুক্ত অবস্থায় থাকিয়া আয়। ভুক্তাবশিষ্ঠ সেই কর্মাংশই 'অন্ধুশয়' শব্দের অর্থ ।

আচার্য্য শহর এরপ অর্থ স্বীকার করেন না। তিনি বলেন,—
কর্মী লোক যে কর্মফল ভোগের জন্ত চক্রমগুলে গমন করেন, সেই
কর্মের ফল দেখানেই নিঃশেষরূপে ভোগ করেন, তাহার কিছুমাত্র অবশিষ্ট
পাকে না; স্বত্তরাং ভূকাবশিষ্ট কর্মাংশকে 'অলুশর' বলা ্যাইতে পারে
না। চক্রমগুলগত কর্মী পুরুষদিদের পূর্ব্যক্ষিত কর্মারা নির্মুশ্বেয় ছেকর্মা তথনও ফল প্রদান করে নাই,—কলপ্রদানে উন্মুধ হইরা আছে,
বাহাদারা অব্যবহিত পরস্বর্ত্তী জন্ম ও ভোগাদি নির্দীত হইবে, কলবাদানোমুধ সেই কর্মান্ত 'অনুশর'-পদবাচ্য। এখানেও সেই অর্থ ই গ্রাহ্য,
পূর্ব্যেক্ত অর্থ বহে।

করেন। প্রথমে আকাশে পতিত হন, এবং আকাসা ইইতে বার্ডে পতিত হন। বার্ ইইয়া ধুম হন, ধূম হইতে হুল্ল হন, অল্রের পর মেঘ হন, মেঘ হইয়া বৃষ্টিরূপে পৃথিবীতে পতিত হন (১) ইত্যাদি। এই শ্রুতিকে উপলক্ষ্য করিয়া সূত্রকার বলিয়াছেন—

#### শাভাব্যাপত্তিরূপপত্তে: ॥৩।১।২২॥

উপরি উদ্ভ শ্রুতিতে যে, কর্ম্মী পুরুষদিগের আকাশ-ধ্মাদি প্রাপ্তির কথা আছে, তাহার অর্থ—কর্ম্মী পুরুষেরা প্রভাবর্তনের সময়ে আকাশাদির সঙ্গে মিলিভ হইয়া ঐ সকল বস্তুর সমান সভাব প্রাপ্ত হন মাত্র, কিন্তু তাহাদের সজে এক হইয়া বান না; কারণ, উহা যুক্তিবিরুদ্ধ। কেন না ক্রে ক্সারে বস্তুর ভুল্যাবন্ধ প্রাপ্ত হইয়া যাইতে পারে না; পরস্ত অপর বস্তুর ভুল্যাবন্ধ প্রাপ্ত হইয়া যাইতে পারে না; পরস্ত অপর বস্তুর ভুল্যাবন্ধ প্রাপ্ত হইয়া আইতে পারে না; পরস্তু অপর বস্তুর ভুল্যাবন্ধ প্রাপ্ত হইয়া জীবকে দীর্ঘকাল (নাতিচিরেণ, বিশেষাৎ । ৩।১।২০।) অতিবাহিত করিতে হয় না,—অতি অল্লকালের মাধ্যই পূর্বর পূর্ব অবন্থা পরিত্যাগ করিয়া পরবর্তী অবন্থায় উপনীত হইতে হয়। কিন্তু ভূমিপতিত জীব যখন—"ত্রীহিষবা ওযধি-বনস্পত্য:, তিলমার্য জায়ন্তে" ত্রীহি (ধান্য), যব, তুণ, লতা ও বুক্কজাতি এবং তিল

<sup>্ (</sup>১) এপানে গ্রম অর্থ—জলের রাস্পাবস্থা—বৈ অবস্থার পরিণানে মেঘের সঞ্চার হর ; অভ অর্থ—জলপূর্ণভাব, তথনও বারিবর্বণের ক্ষমতা হয় নাই, সেই অবস্থা ; আর মেঘ অর্থ—বারিবর্বণ করিবার উপর্ক : অবস্থা, মেঘের যে অবস্থা হইলে পর বারিবর্বণ হইরা থাকে। এইপ্রকার স্পর্যা তরকে কক্ষ্য করিরা গুম, অভ ও মেঘ শক্ষ প্রযুক্ত হইরাছে।

মাধকড়াই প্রজ্ঞতি শতাকারে প্রাত্তর্ভ হয়, তখনকার অবস্থার
প্রতি লক্ষ্য করিয়া শ্রুতি বলিতেছেন—"অতো বৈ খলু ছর্নিপ্রপণ্ডরন্" এখান হইতে বহির্গমনই বড় কটকর—অত্যস্ত
ন্থানিশ্চিত (১)। এই যে, ত্রীহিষবাদি অবস্থা হইতে কটে নির্গমনের কথা, ইহা হইতেই বুঝা যায় যে, পূর্বব পূর্বব অবস্থা ইইতে নির্গমনে তত কট্ট বা কালবিলম্ব ঘটে না। কর্ম্মী পুরুষেরা জন্মধারণের অন্মুরোধে ত্রীহিষবাদি শভ্যের কিংবা তৃণ-লতাপ্রভৃতি বস্তুর মধ্যে প্রবেশ করিলেও, সে সকল স্থানে ভাহাদের কোনরূপ ভোগ থাকে না। ঐ সকল শত্য ও তৃণ-লতার ছেদনে, কর্তুনে, ভক্ষণে কিংবা চূর্ণাদি-অবস্থান্তর করণে ভাহাদের কিছুমাত্র যাতনা-বোধ হয় না। কিন্তু যাহারা প্রাক্তন

<sup>(</sup>১) ব্রীহিষ্বাদিভাষপ্রাপ্তির পরে নির্গমন যে, কেন অনিশ্চিত, ডাহার কারণ এই—জীব কর্মামুষারী বেরূপ জন্ম লাভের জন্য যে শশুমধ্যে প্রবেশ করে, ঘটনাক্রমে সেই শশুটী যদি এমন কোন প্রাণিকর্তৃক্
ভক্ষিতৃ হয়, বাহার ফলে তাহার অভীই জন্ম লাভ করা অসম্ভব হইয়া
পাড়ায়। মনে করুন, মন্ত্রাজন্ম লাভের জন্ম যে জীব যে শশুর মধ্যে
প্রবেশ করিরাছে, কোনও পশু যদি সেই শশুটী ভক্ষণ করে, তাহা
হইলে তাহার আর মন্ত্র্য জন্ম লাভ করা সভবপর হয় না। সেই পশুর
ক্ষেহ হইতে মলম্ত্ররূপে নির্গতি হইরা পুনরায় তাহাকে শশুলহুগে যাইটি
ইইবে, সেবারও যদি সেই শশুটী মন্ত্রের উদরম্ব না হয়, তাহা হইলে তথনও
ভাহাকে বসিয়া থাকিতে হইবে; যতক্ষণ মন্ত্র্য-ভক্ষিত না হইবে, ততক্ষণ
থাইরূপ অবস্থায়ই ভাহাকে থাকিতে হইবে, এইজস্কই এখান হইতে নির্গমন
বিদ্ধ করক্ষর বলা হইরাছে।

কর্দ্মবশে ঐ সকল শতাদিরপে জন্মলাভ করে, তাহারাই ঐ
সকল দেহের ভাল মন্দ অবস্থাভেদে স্থ-ছ:খাদি ভোগ করিক্স
শাকে; কারণ, ঐ সকল বস্তু তাহাদেরই ভোগদেহ—স্থদ্য:খ-ভোগের আয়তন, কন্মীদের নহে; কাজেই সেখানে কন্মীদের
কোনপ্রকার ভোগ সম্ভবে না। তাহারা কেবল রেত:সেকসমর্থ
মনুষ্যাদির দেহে প্রবেশের জন্ম ঐ সকল বস্তুর সহিত সংস্ক্রী
(সম্বদ্ধ) হয় মাত্র। তাহারা মনুষ্যাদির দেহে প্রবিষ্ট হইয়া শুক্ররাপ
পরিণত অন্ধরদের সহিত স্ত্রী-দেহে প্রবেশ করিয়াই আপনাদের
কন্মানুরপ দেহ রচনা করিয়া চরিতার্থ হয়॥ ৩০১।২২—২৪,
২৬—২৭॥

# [ বৈধহিংসার পাপের অভাব ]

কেহ কেছ মনে করেন, যাগাদি কর্মমাত্রই হিংসাসাপেক।
বাগাদি কার্য্যে প্রাণিহিংসার বিধান আছে; প্রাণিহিংসা
উহার একটা অন্ত; অস্ততঃ কর্মমাত্রেই বীক্তাবংসা অপরিহার্য।
হিংসার ফল পাপ, পাপের ফল হঃখভোগ। অতএব কুর্ম্মার
ভোগশেষে যখন চন্দ্রমণ্ডল হইতে প্রভাগমনপূর্বক শস্য ও
ত্ণলভাদির মধ্যে প্রবেশ করেন, তখন ঐ সকল বস্তুর নিপীড়নে
ভাহাদেরও স্কর্কত হিংসাসম্ভূত পাপের ফলে হঃখভোগ কর
অপরিহার্যী হইতে পারে; স্থতরাং ঐ সকল বস্তুর নিপীড়নে বে,
ভাহাদের হঃখ হয় না, এ পক্ষে যুক্তি বা প্রমাণ কি ? তছ্ত্রে
সূত্রকার বলিতেছেন—

অভন্ধমিতি চেৎ, ন, শব্দাৎ্বীতাসংখ্যা

অর্থাই বিধিনোধিত কর্ম্মে হিংসার সম্বন্ধ আছে বলিয়াই বে, ঐ সকল বর্ম্ম অশুদ্ধ—পাপযুক্ত, তাহা নহে; কারণ, শব্দ-প্রমাণ বেদই যাগাদি কর্ম্মে প্রাণিহিংসার অমুমতি দিয়াছেন। পাপ পুণ্য নির্দ্ধারণের একমাত্র উপায় হইতেছে বেদ (শব্দ)। বেদের সাহায্য ব্যতীত কেবল যুক্তি বা তর্কের সাহায্যে পাপপুণ্য নির্দ্ধারণ করা যায় না। সেই বেদই যখন যজ্ঞকার্য্যে হিংসার বিধান দিয়াছেন, তখন কোন সাহসে বলিতে পারা যায় যে, যজ্জাদি কর্ম্মে অমুষ্ঠিত বৈধ হিংসাতেও পাপ হইবে, এবং সেই পাপের ফলে কর্ম্মীরা শ্রম্যাদি দেহে থাকিয়া তঃখ্যাতনা ভোগ ক্রিবেন ? ফল কথা এই যে, বৈধহিংসা করিয়া কর্ম্মীরা কথনই পাপভাগী হন না, এবং শস্যাদি-দেহে প্রবেশ করিয়া পাপফলও তোগ করেন না। ঐ সকল দেহে তাহাদের সংশ্লেষ মাত্র ঘটে; আর কিছুই হয় না ॥৩১।২৫॥

### িপাপকশ্মীদিগের গতি ট

বাঁহারা যাগাদি পুণ্য কর্মদারা ধর্ম সঞ্চয় করেন, মৃত্যুর পর তাঁহাদের চন্দ্রমণ্ডলে গতি হয়, এবং কল-ভোগান্তে দিব, মেঘ, পৃথিবা, পুরুষ ও যোষিৎ, এই পঞ্চ পদার্থের ভিতর দিয়া পৃথিবীতে আসিয়া পুনরায় তাহাদিগকে জন্ম ধারণ করিতে হয়; কিন্তু যাহারা সৎকর্ম-বহির্ম্থ পাপাচারী, চন্দ্রমণ্ডলে—ফ্রাহাদের প্রমণ্ড বোগ্য কোন স্থান বা বস্তু নাই; স্কুতরাং সেখানে তাহাদের গমনেও কোন প্রয়োজন নাই। তাহাদের সম্বন্ধে সূত্রকার বলিতেছেন—

সংযমনে ত্বসূত্রেতরেয়াম্ আরোহাবরোহৌ ॥ ৩।১।১৩ ॥

যাহারা যাগাদি পুণ্য কর্ম্ম করে না—পাপকর্মান্বিস, ভাছারা স্থ্যুর পর সংযমনপুরে (যমালয়ে) গমন করে, ুবং সেখানে কর্ম্মান্মরূপ যম-যাতনা ভোগ করিতে থাকে। ভাহারা সেখানকার কলভোগ শেষ করিয়া পুনরায় কর্মাফল-ভোগের জন্ম পৃথিবীতে জাগমন করে। যমালয়ে গমনই ভাহাদের আরোহ, আর সেখান হইতে পৃথিবীতে ফিরিয়া আসাই অবরোহ। কঠোপনিষদে এই কথাই যমরাজ নচিকেভাকে বলিয়াছিলেন—

" ন সাম্পরায়: প্রতিভাতি বাণম্, প্রমাজন্তং বিভ্নোহেন্ মৃদৃম্। ক্ষয়ং লোকো নান্তি পর ইতি মানী, পুনংপুনর্শমাপজতে যে॥"

অর্থাৎ যাহারা বালক, যাহারা স্বার্থে অমনোযোগী, অথবা .
বাহারা ধনমাহে অন্ধ, তাহারা মনে করে যে, ইহলোকই
একমাত্র সভ্য, পরলোঁক বলিয়া কিছু নাই; স্থভরাং পরলোকের
অন্ধ পুণ্য-সঞ্চয়েরও আবশ্যক নাই; তাহারা বারংবার আমার
বশ্যতা প্রাপ্ত হয়, অর্থাৎ আমার প্রদত্ত নরক-যাতনা ভোগ করে।
এ কথায় মন্মু, ব্যাস, বশিষ্ঠ প্রভৃতি অ্বিগণ্ড অন্ধুরূপ সম্মতিপ্রদান করিয়াছেন। পাপীদিগের,পাপের তারতম্যানুসারে যাতনাভোগের জন্ম কভকগুলি স্থান নির্দিষ্ট আছে। সে স্থানগুলির
নাম 'নরক'। নির্দিষ্ট ব্যাছে। সিন্তানর

অপি চ সপ্ত<sup>া</sup>। তা ১৷১৫ ৷৷

नत्रत्कत्र नमष्टिनःशा नश्च-दोत्रव, महादाँतिव हेलामि। এই

সাতপ্রকাৡ নরকের স্বরূপ-পরিচয়প্রভৃতি পুরাণশাস্ত্রে বিস্তৃতভাবে বর্ণিত আছে 
ব্যদিও উক্ত সাতপ্রকার নরকে চিত্রগুপ্তপ্রভৃতি বিভিন্ন শাসনকর্ত্তার নামোল্লেখ দৃষ্ট হয় সত্য, তথাপি —

তত্রাপি তত্ত্বাপারাদবিরোধ: ॥ ৩।১১৬ ॥

সে সকল স্থানেও যমরাজেরই সম্পূর্ণ অধিকার। তাঁহারই শাসনাধীনে থাকিয়া চিত্রগুপ্তপ্রশুভি শাসনকর্তারা যথানির্দ্দিষ্ট কার্য্য করিয়া থাকেন; স্থতরাং সে সকল স্থানেও যমরাজের প্রভুবের বাধা ঘটিতেছে না ॥ ১।১।১,৬॥

বাহারা বিত্তার অনুশীলন করেন—উপাসনায় নিরত পাকেন, মৃত্যুর পর তাহারা 'দেববান' পথ (অর্চিরাদি পথ) অবলম্বন করিয়া ব্রহ্মলোক পর্যান্ত গমন করেন, আর বাহারা কর্ম্মনিরত কেবল বাগাদি কর্ম্মের অনুষ্ঠানঘারা জীবন অভিবাহিত করেন, মৃত্যুর পর তাহারা ধুমাদিপথে চক্রমণ্ডলে গ্রুমন করেন; কিন্তু বাহারা কর্ম্ম বা উপাসনা, এই উভয় পথের কোন পথেরই অনুসরণ করে না, তাহাদের কিপ্রকার গতি হয়• ? এ প্রশ্নের উত্তরে উপনিষদ বলিতেছেন—

"অথৈতয়োঃ পথোর্ন কতরেণচন, ভানীমানি ক্ষুত্রাণ্যসক্ষ-দাবর্ত্তীনি ভূতানি ভবস্থি—জায়স্ব মিয়স্বেভি, ভেনাসো লোকো ন সম্পূর্যাতে" ইতি

অর্থাৎ যাহারা এতত্ত্তারের কোন পথেই গমন করে না, তাহারা পুনঃ পুনঃ যাতায়াতশীল 'জায়ন্ত ডিয়ন্ত' (বল্লকালী) ক্ষুত্ত প্রাণিরূপে (মশা-মাছী প্রভূতিরূপে) জন্মলাভ করে।

SHALL MISSION INSTITUTE

ইহা হইতেছে স্বৰ্গ-নরকাতিরিক্ত তৃতীয় স্থান। এই তৃতীয় একটী গস্তব্য স্থান আছে বলিয়াই ঐ চন্দ্রলোক বা যমলোক পরিপূর্ণ হয় না (১)। উক্ত শ্রুতিবাক্যে কেবল 'এতয়োঃ পথোঃ' এই কথা মাত্র আছে; কিন্তু ঐ কথার অর্থ যে, কি, তাহা নির্দারণ করা চুক্কর; এই জন্ম সূত্রকার বলিতেছেন—

বিছা-কর্মণোরিভি ভু প্রক্কতত্বাৎ । ৩।১।১৭ ॥

শ্রুতির 'এতয়ো:' শব্দের অর্থ বিতা ও কর্ম। কারণ, বিতা ও কর্মের প্রসঙ্গেই এই শব্দটী ( এতয়ো:) প্রযুক্ত হইয়াছে; স্থুতরাং ঐ শ্রুতির তাৎপর্য্য হইতেছে—যাহারা পূর্বকথিত বিতাপথে কিংবা কর্ম্মপথে যাইতে অক্ষম অর্থাৎ বিতা ৩ কর্ম্মপথের অনধিকারী, তাহারা স্বর্গেও যায় না, নরকেও যায় না; তাহারা মশক-মক্ষিকাদিরূপে জন্ম পরিগ্রহ করিয়া 'জায়্ম মিয়্ম্ব' নামক তৃতীয় স্থান পূর্ণ করে। বিশেষ এই যে,—

ন তৃতীয়ে, তথোপলকে: ॥ আ১।১৮॥

যাহার। চন্দ্রমণ্ডলে যাইবার অনধিকারপ্রযুক্ত তৃতীয় স্থানে

<sup>(</sup>১) প্রথমে প্রশ্ন ইইরাছিল—"বেখ বথাসৌ লোকো ন সম্প্রতক্টিত" তুমি জান কি—বে কারণে ঐ চন্দ্রলোক ও বমলোক বাত্রীঘারা
পূর্ব ইইরা যার না? তছন্তরে বলা ইইল যে, সকল লোকইত মৃত্যুর পর
প্রাক্রে রামন করে না। যাহারা উপাসনার রত, তাহারা ব্রহ্মলোকে
বান; যাহারী কৈবল কল্প নিষ্ঠ, তাহারা চন্দ্রলোকে যান; আর বাহারা
নিতান্ত পাপী, তাহারা যমলোকে যার, কিন্তু যাহারা উপাসনাবিমুথ, কিংবা
সংকর্মবিহীন, অথচ পাপকার্য্য-পরাত্ম্যুথ, তাহাদের ঐ সকল লোকে গতি
হয় না, তাহারা মশক-মক্ষিকাদিরপে পুনঃ স্কুনঃ জন্মধারণ করে; এই
কারণেই চন্দ্রাদিনোক পূর্ব ইইরা যায় না।

যায়, বাহাদের দেহলাভের জন্ম আর পঞ্চাগ্রি-সংযোগ আবশ্যক হয় না। 'জায়স্থ ভ্রিয়ন্ত্র' ইত্যাদি বাক্যের তাৎপর্য্য পর্য্যালোচনা করিলে বেশ বুঝা যায় যে, যাহারা চন্দ্রমণ্ডলে যাইবার অধিকারী, কেবল তাহাদেরই দেহোৎপত্তির জন্ম জ্যু-পর্চ্জন্মাদি পঞ্চাগ্রি-সম্বদ্ধ অপরিহার্য্য হইয়া থাকে (১), কিন্তু যাহারা মনুষ্যশরীর পরিপ্রহ না করিয়া অন্যপ্রকার দেহ ধারণ করিতে বাধ্য হয়, তাহাদের জন্ম আর পঞ্চান্ত আবশ্যক হয় না, কেন না,—

> স্বৰ্য্যতেহপি চ লোকে । আ১। ১৯। দুৰ্শনাচ্চ ॥ আ১। ২•॥

- পুরাণ ও ইতিহাস প্রভৃতি গ্রন্থে প্রদর্শিত লৌকিক উদাহরণ হইতেও
  ইহা জানা যার। দ্রোণ, ধৃন্টত্যুন্ধ, সীতা ও দ্রোপনীপ্রভৃতির নাম
  এখানে বিশেষভাবে উল্লেখযোগ্য। তাঁহারা সকলেই অযোনি-সম্ভৃত,
  তন্মধ্যে দ্রোণাচার্য্যের দেহোৎপত্তিতে ক্মেষিৎ-সম্বন্ধের অভাব, আর
  ধৃষ্টন্যুন্ধ, সীতা ও দ্রোপদীর দেহধারণে যোষিৎ ও পুরুষ—উভয়-
  - (১) মৃত ব্যক্তিমাত্রই চক্রমণ্ডলে যাইতে পারে না, তাহার অন্তর্ভাবিকার চাই। শ্রুতি বলিয়াছেন—"বে বৈ কেচিদধিকতা অন্তর্গাকাব প্রবৃদ্ধিক তা অন্তর্গাকাব প্রবৃদ্ধিক তা অন্তর্গাকাব প্রবৃদ্ধিক তা অন্তর্গাকাব প্রবৃদ্ধিক তা অন্তর্গাকাব করি লাভ করি আনি লাভ করি আনি করেন। চক্রমণ্ডল হইতে আনি রা প্রবৃদ্ধি মহুয়াদি দেহ প্রাভ করিতে হইলেই দিব্-পর্জ্জভাদি পঞ্চবিধ অগ্নিতে আছতিব্যবহা অনুমাজ্জনীয়; কিন্তু সকলের পক্ষে নহে। স্বেদল, উদ্ভিজ্ঞ ও অণ্ডল প্রভৃতির দেহও এই ভৃতীয় স্থানের অন্তর্গত। তাহা পরবর্তী "তৃতীয়-শ্বাব্রোধ: সংশোক জন্ত্য" (০)১২১) স্ত্রে ব্ণিত হই রাছে।

সম্বন্ধেরই অভাব পরিলক্ষিত হয় (১)। ইহা হইতে এই সিদ্ধান্থই ছির হয় বে, বাহারা চন্দ্রমণ্ডল হইতে প্রত্যাবর্ত্তনপূর্বক স্মৃত্যান্ত্রীর গ্রহণ করেন, তাহারাই পঞ্চাগ্রিসংযোগে বাধ্য হন, আর যাহার। চন্দ্রমণ্ডলে বাইবার অনধিকারী—এখানেই কর্ম্মান্থরেপ শরীর পরিগ্রহ করেন, তাহাদের শরীরের জন্ম আর পঞ্চসংখ্যার কোনই আবশ্যক নাই। নানাপ্রকারে তাহাদের দেহ রচনা হইতে পারে। স্বেদজ্ব ও উল্লিক্ষপ্রভৃতির দেহনির্ম্মাণে বে, ত্রীপুরুষ-সংসর্গের কিছুমাত্র অপেকা নাই, ইহা প্রত্যক্ষ প্রমাণদারাও সমর্থিত। অতএব দেহ ধারণ করিতে হইলেই বে, সর্বত্র পঞ্চাহতির আবশ্যকতা আছে, তাহা নহে॥ ৩।১।১৯—২০।

## [ স্বপ্নাবস্থা ]

জাগ্রৎ, স্বশ্ন ও ত্রুবৃন্তি, এই তিনটা অবস্থা জীবজগতে স্থাসিদ্ধ। তমধ্যে জাগ্রৎ অবস্থা অতি বিশাল ও বিবিধ বৈচিত্রের আধার। জাগ্রৎ অবস্থাই জীবের ব্যবহারিক স্থাই,খ-সম্পাদনপূর্বক সংসারাস্ত্রিক অধিকতর বৃদ্ধি করিয়া থাকে; এবং মুদ্ধ জীবগণও অসার সংসারকে সত্য মনে করিয়া সতত তাহারই সেবাব্র আত্মনিয়োগ করিয়া থাকে। কেইই ইহার অসত্যতা উপলব্ধি করে না, অপুরে বলিলেও, তাহা বিশাস করে না, এবং করিখান ক্রেইও করে না। প্রত্যক্ষবিকৃদ্ধ কথা উদ্যন্ত-প্রলাপ জ্ঞানে উপেক্ষা করিয়া থাকে। এইজন্য স্বপ্রদৃষ্টান্তের সাহায্যে

<sup>(</sup>১) দ্রোণ, বৃষ্টছার প্রভৃতির উৎপত্তিবিবরণ দহাভারত ও রামারণ ব্লেছে বিশ্বতভাবে বর্ণিত আছে।

জাত্রৎ-'ঝ্বহারের অসত্যতা বিজ্ঞাপিত করিবার উদ্দেশ্যে সূত্র-কার তৃতীয়, অধ্যায়ের ঘিতীয় পাদের প্রারম্ভেই স্পাবস্থার অব-তারণা করিয়াছেন। স্বপ্ন সম্বন্ধে যথেষ্ট মতভেদ আছে। তন্মধ্যে—

কেহ কেই মনে করেন—মামুষ জাগরণসময়ে ভাল মন্দ যে সমৃদয় বিষয় দেখে শুনে বা অমুভব করে, সেই সকল বিষয়ের জ্ঞান বিলুপ্ত হইয়া গেলেও উহাদের সৃক্ষম সংস্কারগুলি মামুষের মানস-পটে দৃঢ়ভাবে অভিত থাকে। নিদ্রাকালে সেই সকল সংস্কার উদ্বুদ্ধ হইয়া—অতীত বিষয়রাশি শ্বরণ করাইয়া দেয়। ভ্রান্তিবশে সেই শ্বরণাত্মক জ্ঞানই প্রত্যক্ষের ন্যায় প্রতীত হয় মাত্র; বস্তুতঃ সেধানে প্রত্যক্ষ করিবার মত কোন বাশ্তব বিষয়ও নাই, এবং প্রত্যক্ষ জ্ঞানও নাই; সমস্তই শ্বৃতির বিলাস-মাত্র। এ আশক্ষার উত্তরে সূত্রকার বলিতেছেন—

#### मक्ता रुष्टितार हि ॥ ७१। ১॥

জাগরণ ও সুষ্প্তি অবস্থার মধ্যবন্তী বলিয়া স্বপ্লাবস্থাকে 'সন্ধা' বলা হয়। সেই সন্ধ্য-অবস্থায় অর্থাৎ জাঁগ্রাই-স্বপ্লের মধ্যস্থলবর্তী স্বপ্লাবস্থায় যে সমস্ত বস্তু দৃষ্ট হয়, সেই সমস্ত বস্তুই তৎকালের জন্ম স্ফ্র (উৎপন্ন) হইয়া প্রত্যক্ষ-গোচর হয়; স্কুতরাং সে সমস্ত দৃশ্য কেবলই স্মরণমাত্র নহে। শুতি একথা স্পষ্টাক্ষরে বলিয়া-হেন—"ন তত্রে রুপা ন রুপ্যোগা ন পদ্মানো অবস্তি, স্বর্থ রূপ্ যোগান্ পথ: স্কুতে" অর্থাৎ সেখানে (স্বপ্লে) রুপ নাই, রবের যোড়া নাই, পথও নাই; কিন্তু রুপ, রুপ্যোগ্য অব্ধ ও প্রসকল স্প্তি করে। জীবই সে স্প্তির কর্তা। এই শ্রুতির উপদেশ হইডে বুকা যায় যে, স্বপ্ন-সময়ে দৃশ্য বস্তুসকলের যথার্থ ই স্থাই হইয়া থাকে; উহা কেবল ভ্রান্তি বা কল্পনামাত্র নহে। প্রস্তু— কেবল স্প্রির কথামাত্র বলিয়াছেন, তাহা নহে, পরস্তু—

#### নির্মাতারং চৈকে, পুত্রাদয়শ্চ মতাহাহ॥

কোন কোন শুভি সাবার আত্মাকেই স্বপ্ন-দৃশ্য সেই সকল
পুজাদি কাম্য বস্তুর স্প্তিকর্ত্তা বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। যথা—
"য এব স্থপ্তের্ জাগর্ত্তি কামং কামং পুরুষো নির্দ্মিমাণঃ" অর্থাৎ
এই পুরুষ (জীবাত্মা) স্বপ্রসময়ে ইচ্ছামত কাম্য বিষয়সমূহ
নির্দ্মাণ করতঃ জাগরিত থাকে। অহ্যত্র আবার মুমারও স্পষ্ট
করিয়া বলিয়াছেন—"স হি তস্য কর্ত্তা" সেই দ্রুষ্টা জীবই সেই
স্বপ্রদৃশ্য রথাদিস্প্তির কর্ত্তা; অর্থাৎ জীব নিজেই দৃশ্য বিষয়্যসমূহ
স্পত্তি করিয়া প্রত্যক্ষ ক্রিয়া থাকে; স্ক্তরাং ঐ সকল বস্তা
কেবলই স্মরণমাত্র নহে, পরস্ত তৎকালোৎপন্ন প্রাভিভাসিক (১)।

<sup>(</sup>১) অবৈতবাদীরা সত্যকে তিন শ্রেণীতে বিভক্ত করিয়াছেন—
পারমাথিক, ব্যবহারিক ও প্রাতিভাসিক। যাহা চিরকালই সত্য, কথনও
অসক্তা বা বিনাশপ্রাপ্ত হয় না, তাহা পারমাথিক সত্য, যেমন ব্রহ্ম। যাহা
কেবল ব্যবহারদশায় সত্যরূপে ব্যবহাত হয়, পরমার্থদর্শনে মিথা বলিয়া
প্রতিপর হয়, তাহা ব্যবহারিক সত্য, যেমন জল, বায়, তেজঃ প্রভৃতি
পদার্থ। পিন্দ্রেকা প্রমার্থতিও সত্য নহে, ব্যবহারদশায়ও সত্য নহে,
অবচ সামরিকভাবে সত্য বলিয়া প্রতীত হয়,—যতকণ প্রতীতি, ততকণই
সত্য বলিয়া ব্যবহৃত হয়—শোক হয়াদির সমুৎপাদক হয়, আবার
প্রতীতি-বালের সঙ্গে সজেই বিলয় প্রাপ্ত হয়, তাহা প্রাতিভাসিক' সত্য;
বেমন য়য়্বুস্প, তাক্তি-রমত প্রভৃতি।

এইজন্য ঐ স্কুল বস্তু জীবকর্তৃক নির্দ্মিত হইলেও ব্যবহারিক বস্তুর স্থায় সঞ্চী নহে, পরস্তু—

> মান্নামাত্রং তু কাৎস্মে নানভিব্যক্ত-স্বরূপদাং ॥৩া২। আ স্চকশ্চ হি শ্রুতেরাচক্ষতে চ তদিদঃ ॥৩া২।৪॥

শ্বপ্রদৃশ্য পুত্র পশুপ্রভৃতি বস্তু জীবস্ট হইলেও পরমার্থ সত্য নহে, সমস্তই মায়ামাত্র—মায়াকল্লিত—অসত্য। এইজন্মই মপ্রদৃশ্য কোন বস্তুই সম্পূর্ণ যথাযথলপে প্রকাশ পায় না। বে বস্তু যে দেশে, যে কালে ও যে ভাবে প্রকাশ পাওয়া উচিত, স্বপ্রে তাহার কোন সম্বন্ধই থাকে না। জীর্ণ কুটারে শ্বান দীনদিরিক্র ব্যক্তিও স্বপ্র-সময়ে আপনাকে দ্রদেশস্থ প্রাসাদোপরি স্থেশযাায় শ্বান দেখিতে পায়। কখন কখন এরপও স্বপ্র-দর্শন হইয়া থাকে যে, নিজে যেন বহু দ্রদেশে যাইয়া বহুবিধ কার্য্যে ব্যাপৃত রহিয়াছে; অথচ সেখান ইইতে ফিরিয়া আসিবার পূর্বেই স্বপ্র ভান্ধিয়া গেলে নিজেকে যথান্থানে বর্ত্তমান দেখিতে পায়। এইরূপ আরও শত শত দৃষ্টাক্ত দেখান যাইডে পারে, যে সম্বন্ধে কাহারো কোন সন্দেহ বা অবিশ্বাস করিবার অবসর নাই। স্বপ্রদর্শন বাস্তব সত্য হইলে এরূপ বিসদৃশ সংঘটন কখনই সম্ভবপর হইত না; স্বত্রাং স্বপ্রদর্শনকে মায়ামাত্র বলিয়া নির্দ্দেশ করা অসঙ্গত হয় নাই।

স্বপ্ন নিজে মায়িক বা অসতা হইলেও, কখন কখন ভবিষ্যৎ শুভাশুভ সত্যঘটনা সূচনা করিয়া থাকে। অদূর-ভবিষ্যৎ জীবনে যে সমস্ত শুভাশুভ ঘটনা নিশ্চয় ঘটিবে, তাহাও কোন কোন স্বপ্নদর্শন হইতে নি:সংশয়িতভার জানিতে পারা যায়। শ্রুতির উপদেশ হইতেও এ তত্ত্ব স্পাইত প্রমাণিত হয়, এবং যাহারা স্বপ্রবিদ্যা-বিশারদ, তাহারাও একথা বলিয়া থাকেন। শ্রুতি বলিয়াছেন—

> "ষদা কর্মস্ক কাম্যেষ্ স্তিরং স্বপ্লেষ্ পশ্যতি। সমৃদ্ধিং তত্র জানীরাৎ তন্মিন্ স্বপ্লনিদর্শনে ॥" "পুরুষং ক্লফং ক্লফদন্তং পশ্যতি, স এনং হস্তি" ইত্যাদি।

অর্থাৎ যাগাদি কাম্য কর্ম আরম্ভের পর কর্তা যদি স্বপ্ন-বোগে কোনও স্ত্রীমূর্ত্তি দর্শন করেন, তাহা হইলে তিনি বুঝিবেন যে, তাহার আরব্ধ কর্ম অসম্পন্ন ও ক্ষুফলপ্রাদ হইবেঁ। আর স্বপ্নে যদি কেহ কৃষ্ণদন্তযুক্ত কৃষ্ণকায় পুরুষমূর্ত্তি দর্শন করে, তাহা হইলে জানিতে হইবে যে, সেই স্বপ্রদৃষ্ট পুরুষই তাহার মৃত্যুর কারণ হইবেঁ। পৌরাণিক স্বপ্নাধ্যায়ে এসম্বন্ধে বহু বিস্তৃত আলোচনা ও উদাহরণ সন্নিবেশিত আছে; জিজ্ঞাম্থ পাঠক ব্রহ্মবৈবর্ত্ত প্রভৃতি পুরাণে অমুসন্ধান করিবেন ৪৩।২।৩—৪৪

#### [ কুৰুপ্তি অবস্থা ]

জাগরণের প্র বেমন স্বপ্লাবস্থা, স্বপ্লের পর তেমনি সুষ্প্তি-অব স্থার আবির্ভাব হয়। বৈ অবস্থায় মানুষ আপনার কোন অবস্থাই অমুভবে আনিতে পারে না; এবং আপনার হিতাহিত বা শুভাশুভ বুঝিতে পারে না; অধিক কি, আপনার অন্তিম্ব পর্যান্তথ অমুভব করিতে পারে না, তাহাই আলোচ্য সুষ্প্তি-অবস্থার স্বন্ধন। শ্রুভি বলিয়াছেন—"ব্রৈতৎ সুস্তঃ সমস্তঃ সম্প্রার শ্বপ্র: ন বিঞ্চানাতি, আন্ত তদা নাড়ীয়ু সংপ্রো ভবতি" অর্থাৎ ইন্দ্রিয়গণ বির্ত্তবাপার হইলে পর, স্থ্য পুরুষ যখন সম্প্রদার নাড়ীতে প্রবিষ্ট হয় ইত্যাদি। এইরপ আরও বছ স্থানে স্বয়ুপ্তির কথা বর্ণিত আছে। কোথাও আছে—"পুরীততি শেতে," কোথাও আছে—"পুরীততি শেতে," কোথাও আছে—"সতা সোম্য তদা সম্পন্নো ভবতি," তখন সৎ-পদবাচ্য পর্মাত্মার সহিত একীভূত হয়, আবার কোথাও আছে—"ব এবোহস্তর্জন আকাশঃ, তন্মিন্ শেতে" ইত্যাদি। এই সকল বাক্যের অর্থ পর্য্যালোচনা করিলে স্বতই সংশ্য়ের উদর্য হয় যে, স্বয়ুপ্তির প্রকৃত স্থান কোনটী—নাড়ী ? কিংবা পুরীতৎ ? অথবা ব্রহ্ম (হুদরাকাশ) ? বিভিন্ন শ্রুতিতে ঐ তিন স্থানেরই উল্লেখ বহিয়াছে: স্বতরাং তম্ব-নির্ণ্য করা সহজ হয়"না। এই ক্রপনের সংশয়-নিরসনার্থ সূত্রবার বলিতেছেন—

# তদভাবো নাড়ীযু, তচ্চুতেরাম্বনি চ ॥৩। । বি॥

স্বৃত্তি-অবস্থার উদয়ে স্থাবস্থার অবসান হয়; এইজস্থ
স্বৃত্তিকে 'ওদভাব' শব্দবার। নির্দেশ করা হইয়াছে। জীব

যখন নাড়ীপথে অগ্রসর হইয়া পুরীতৎস্থানের ভিতৃত দিয়া
পরমাজাতে উপস্থিত হয়, তখনই পূর্ণ স্বৃত্তি সম্পন্ন হয়।
কেবল নাড়ী, বা কেবল পুরীতৎ, অথবা কেবলই আত্মা স্বৃত্তির
ভান নহে; পরস্থ নাড়া, পুরীতৎ (হাদয়বেষ্টনী) ও আত্মা, এই
ভিনই পর্যায়ক্রমে সুবৃত্তি অবস্থা সম্পাদন করিয়া থাকে;

মুতরাং ঐ তিনটী স্থানই সুষ্থ্যির স্থান। ভাষ্যকার শৈক্ষরাচার্য্য বিলয়াছেন— "সমুচ্চয়েনৈতানি নাড্যাদীনি স্বাপ্য যোগৈতি, ন বিকল্পেন" অর্থাৎ ক্তীব সুষ্থ্যির জন্ম নাড়ীপ্রভৃতি সমস্তম্থানেই ক্রেমশঃ গমন করে, কিন্তু বিকল্পে নহে—অর্থাৎ কখনও নাড়ীতে, কখনও পুরীততে, কখনওবা আত্মাতে, এরপ নহে। টীকাকার গোবিন্দানন্দও সমুচ্চয়পক্ষ সমর্থনপূর্বক বলিয়াছেন—"নাড়ীদারা পুরীততং গত্মা ব্রক্ষাণি শেতে" অর্থাৎ নাড়ীপথে পুরীততে ঘাইয়া ব্রক্ষেতে বিশ্রাম করে। ব্রক্ষা বা পরমাত্মাই যখন সুষ্থির শেষ ভূমি বা বিশ্রামন্থান, তখন সুষ্থির অর্বসানেও—

#### অত: প্রবোধোহত্মাৎ ॥ ১।২।৮,॥

সেই পরমাত্মা হইতেই জীবের প্রবোধ বা প্রত্যাগমন প্রমাণিত হইতেছে। "সত আগম্য ন বিত্য:—সত আগচ্ছামহে" অর্থাৎ জীবগণ প্রবোধসময়ে সং—পরমাত্মা হহতে আসিয়াও বৃঝিতে পারে 'না বে, আমরা সং—পরমাত্মার নিকট হইতে আসিয়াছি, ইত্যাদি শ্রুতিগাক্যও যথোক্ত সিদ্ধান্তেরই সমর্থন করিতেছে; স্কুতরাং উক্ত সিদ্ধান্তকে অসক্ষত বা অপ্রামাণিক বলা যাইতে পারে না।

আন্তর্গ হাইতে পারে যে, স্বয়প্তিসময়ে জীবের যখন কোনপ্রকার আত্ম-পরিচয়ই থাকে না, এবং স্বয়ং শুটিও যখন তৎকালে জীবের অক্ষপ্রোপ্তির কথা <del>বি</del>লভেছেন—"সভা সোমা ভদা সম্পান্ধা ভবতি", আর ব্রক্ষলাভের পরে যখন প্রভ্যাগমনও সম্ভবপর হয় ঝ, তখন সেই জীবই যে, প্রবোধকালে ফিরিয়া জাইনে, তাহার<sup>)</sup>প্রমাণ কি ? ততুত্তরে সূত্রকার বলিতেছেন—

স এব তু কর্মামুস্থতি-শন্ধ-বিধিভ্যঃ ॥৩।২।৯॥

সেই জীবই যে, ফিরিয়া আইসে, ইহা অপ্রামাণিক নহে; ভাষার কর্মা, অনুসমৃতি ও শব্দই (শ্রুতিই) তদিষয়ে উৎকৃষ্ট প্রমাণ। স্বষ্পু ব্যক্তিকে জাগরণের পূর্বেব অমুষ্ঠিত অস**ম্পূর্ণ** কর্ম্মের শেষাংশ পূরণ করিতে এবং পূর্ববামুভূত বিষয়গুলি ম্মরণ করিতে দেখা যায়, স্বযুপ্ত ও জাগরিত ব্যক্তি এক না হইলে এরূপভাবে শেষাংশপূরণ ও পূর্বানুভূত <del>স্ম</del>রণ কখনই সম্ভণশর হইতে পারে না। স্বযুপ্ত ব্যক্তির পুনরুত্থান সম্ভবপর না হইলে, শাস্ত্রোক্ত ধর্মকর্মোপদেশেরও সার্থকতা থাকে না। কারণ, স্বুমুপ্তিতেই যদি জীবের সমস্ত শেষ হইয়া যায়, তাহা 'এইলে জাগ্রৎকালীন কর্ম্মের ফলভোগ করা তাহার পক্ষে আর শস্তবপর হইতে পারে না, এবং একের অনুষ্ঠিত কর্ম্মের ফল যে, অপরে ভোগ করিবে, ইহাও যুক্তিসঙ্গত হয় <mark>না।</mark> অথচ স্ত্যু-থ্যে পুনরুত্থান স্বীকার করিলে এ সকল আপত্তি উঠিতেই পারে না। ভাহার পর, শ্রুতি বলিয়াছেন—"পুনঃ প্রতিভায়ং প্রতিযোনি আদ্রবতি বুদ্ধান্তাহৈরন" অর্থাৎ 'প্রযুপ্ত ব্যক্তি বুদ্ধান্তা-বস্থা (জাগরিতাবস্থা) লাভের জন্ম পুনরায় নিজ নিজ আঁতার-"ঘানে গমন করে।" এবং "ত ইহু ব্যাম্মো বা সিংহো বা বুকো। বা \* \* \* যদ্যদ্ ভবস্তি, তৎ তদা ভবস্তি" অর্থাৎ 'সুসুব্রির পূৰ্বে ব্যাত্ৰ, বুক বা সিংহ প্ৰভৃতিরূপে যে যাৰা ছিল,

স্বৃধিভবের পরেও সে তাহাই হয়, এই সর্বল বেদবাণী হুইতেও বেশ বুঝা যায় যে, যে ব্যক্তি স্বৃধিনুনা প্রাপ্ত হয়, সেই ব্যক্তিই পুনরায় জাগরণ-অবস্থায় উপনীত হয়, এবং আপ-নার প্রাক্তন কর্মফল ভোগ করিয়া কৃতার্থ হয়।

অতএব, বুঝিতে হইবে যে, সুযুপ্তিসময়ে জীব সং-সম্পন্ন হইলেও—পরমাত্মার সহিত মিলিত হইলেও—আত্মদর্শী মৃক্ত পুরুবের স্থায় সর্ববতোভাবে মিলিত হয় না; তখনও তাহার প্রাক্তন কর্ম্মানি সঙ্গ্রেই থাকে, কিন্তু আত্মদর্শীর কোনপ্রকার কর্ম্মসম্বন্ধ থাকে না; থাকে না বলিয়াই ব্রহ্মলাভের পর তাঁহাকে আর ফিরিয়া; আসিতে হয় না, কিন্তু অনাত্মন্ত পুরুষকে প্রকালাভের পরও ফিরিয়া আসিতে হয় । প্রাক্তন কর্ম্মরাশিই তাহাকে ফিরাইয়া লইয়া আসে, এবং পুনরায় সংসারভোগে নিয়োজিত করে (১)।

<sup>(</sup>১) হুষ্প্ত অবঁহাকে দৈনন্দিন 'প্রলম্ব' বলা হয়। এ সময়ে জীবের জোগোপকরণ সমস্তই 'কারণশরীর' নামক অজ্ঞানে বিলীন ইইরা যার; খাকে কেবল প্রাক্তন কর্ম্মমূহ। সেই সমৃদয় কর্ম লইয়াই জীব পরমাত্মার সহিত মিলিত হয়। অজ্ঞান থাকে বলিয়াই জাগ্রংকালে আপানার আত্মান্ত ক্রিতে পারে না, এবং কর্মরাশি সঙ্গে থাকায় সেধানেও চিরকাল থাকিতে পারে না, কিরিয়া আসিতে বাধ্য হয়। উপনিষ্ধ ১০ছাছন—

<sup>&</sup>quot;সুষ্থিকালে সকলে বিলীনে তমোহভিত্তঃ সুধন্নপমেতি। পুনক ৰুদ্ধান্তর-কর্মধোগাৎ স এব শীবঃ স্থপিতি প্রবৃদ্ধঃ ॥" ইত্যাদি।

# . [ ষুচ্ছা-অবস্থা ]

উক্ত সুধুপ্তি-অবস্থার আলোচনাপ্রসঙ্গে সূত্রকার লোক-প্রসিদ্ধ মূর্চ্ছাবস্থার সম্বন্ধেও আলোচনা করিয়াছেন। তিনি বলিয়াছেন—

## মুগ্মেহ র্দ্ধদম্পত্তিঃ পরিশেষাৎ ॥ এ২। ১ ।॥

মূর্চ্ছা-অবস্থা যথন মৃত্যু বা সুষ্প্তি-অবস্থার অন্তর্নিবিষ্ট হইতে পারে না, তখন বাধ্য হইয়াই ঐ অবস্থাকে 'অর্দ্ধ-সম্পত্তি' বলিতে হইবে। সুষ্প্তি অবস্থায় জীবের পূর্ণমাত্রায় সৎ-সম্পত্তি হয় ( এক্ষের সঙ্গে মিলন হয় ), কিন্তু মূর্চ্ছাকালে ঠিক তাহা হয় না, আন্ধ্র-আধি হয়; অতএব মূর্চ্ছা-অবস্থাকে 'অর্দ্ধ-সম্পত্তি' বলাই স্বসন্থত হয় (১)।

#### [ পরত্রকোর স্বরূপ নির্দেশ ]

স্বৃপ্তিদ্দায়ে জীব, যে পরমাত্মার ( ব্রন্ধের 🕽 সহিত সন্মিলিত হয়, এবং প্রবোধসময়েও যাঁহা হইতে প্রত্যুত্থিত হয়, সেই পরমাত্মার প্রকৃত স্বরূপ নিরূপণপ্রসঙ্গে সূত্রকার বলিতেছেন—

#### অরূপবদেব হি তৎ-প্রধানত্বাৎ মতা২।১৪।

আলোচ্য পরত্রক্ষ নিশ্চয়ই অরূপবৎ, কোনপ্রকার রূপ বা আকারাদি বিশেষধর্ম তাঁহার নাই; তিনি সর্ব্বতোভাবে নীরূপ—

<sup>(</sup>১) এথানে ভাষ্যকার আচার্য্য শব্দর বলিয়াছেন—"নিঃসজ্জবাৎ সম্পন্নঃ, ইতরত্মাচ্চ বৈলক্ষণাৎ অসম্পন্নঃ ইতি" অর্থাৎ স্ববৃথি-অবস্থান্ন বেমন সংজ্ঞা থাকে না, তেমনি মুর্জাকালেও সংজ্ঞা থাকে না, এই কারণে অব্যথ্যর ক্রান্ত্র মুর্জাত্তিত্বকেও সম্পন্ন বলা বাইতে পারে। আবার মুর্বের নালিক্ত ও বিকৃতি প্রভৃতি বৈলক্ষ্য থাকার অসম্পন্নও বলা বাইতে পারে।

নিরাকার ও নির্বিশেষ। ত্রক্ষের এবংবিধ স্বরূপ নির্দেশ করাই—
"ব্রুক্তমন্থ্য, অব্রুক্তমনীর্ঘ্য" "দিব্যো হুমূর্ত্তঃ পুরুষঃ" ইত্যাদি
শুভিবাক্যের একমাত্র লক্ষা, তদ্ভিন্ন আর যে সকল শ্রুভিবাকো
ত্রক্ষের সবিশেষভাব উপদিষ্ট আছে, সে সকল বাক্যের প্রধান
উদ্দেশ্য হইতেছে উপাসনাবিধির বিষয়-প্রদর্শন। কোনপ্রকার
শুণ বা রূপ-সম্বন্ধ ব্যতীত নিরাকারের উপাসনা সম্ভবপর হয় না;
এই কারণে নির্বিশেষ ত্রক্ষোও গুণরূপাদি বিশেষভাব সমারোপপূর্বক ঐ সকল শ্রুভিবাক্য ত্রক্ষোপ্রদেশ করিয়াছেন; কিন্তু
ত্রক্ষের সবিশেষভাব প্রতিপাদন করাই উ্থাদের উদ্দেশ্য নহে;
স্কুতরাং সে সকল শ্রুভিবাক্যদ্বারা ত্রক্ষের স্বিশেষভাব প্রমাণিত
হয় না।

যাহারা বলেন, শ্রুতিতে যখন সগুণ নিগুণ উভয়ভাবই বণিও আছে, তখন প্রশোর উভয়ভাবই সত্য—তিনি সগুণও বটে, নিগুণও বটে। বৃস্তুতঃ তাহাদের এ কথা যুক্তিসক্ষত মনে হয় না। কারণ, এক বস্তু কখনও চুই রকম হয় না, এক রকমই হয়। যাহার যাহা স্বতঃসিদ্ধ ভাব, তাহার সেভাব কখনই পরিবর্তিও হয় না, বা হইতে পারে না। অগ্লি কখনও উষ্ণ-অস্থুষ্ণ চুই রকম হয় না, প্রক্ষাসম্বন্ধেও সেই কথা। প্রশ্ন যদি সবিশোষই হন, তাহা হইলে কখনই নির্বিশোষ নহে, আর যদি নির্বিশোষই হন, ভাহা হইলেও সবিশোষ হইতে পারেন না। যাহা হয়, একরপই হুইতে হইবে। এমত অবস্থায় প্রধানতঃ প্রশ্নের স্বরূপ প্রতিপাদক শুতিসমূহ যথন প্রশ্নকে নির্পাণ—নির্বিশোষ বলিয়াছেন, তুর্থন

বৃদ্ধান্ত তাৎপর্যাবিহীন উপাসনাকাণ্ডীয় শ্রুতির অন্যুরোধে ব্রেক্সর সবিশ্বেষভাব বা উভয়স্বভাব স্বীকার করিতে পারা যায় না। তবে, একই প্রকাশ ( স্র্যাদির আলোক ) যেমন নানাবিধ বস্তু-সংযোগে নানাবর্ণে রঞ্জিত হইয়া বিভিন্ন আকারে প্রকাশ পায়, কিন্তু তাহার প্রকৃত স্বরূপ নফ্ট হয় না, অক্সুরই থাকে, তেমনি বিবিধ উপাধি-সংযোগের ফলে নিরাকার নির্বিশেষ ব্রহ্ম নানাবিধ আকারে প্রকৃতিত হইলেও তাহার স্বাভাবিক রূপ (নিগুণি নির্বিশেষভাব) অব্যাহতই থাকে। শ্রুতি নিজেও 'সৈন্ধব্দন' প্রভৃতি দৃষ্টান্তদ্বারা ব্রক্ষের একরপতাই ( চৈত্রন্তর্মপতাই ) ক্রাপন করিয়াছেন, এবং "নেতি নেতি" (তিনি ইহা নহেন,—ইহা নহেন) ইত্যাদি বাক্যে তৎসম্বন্ধে যতপ্রকার বিশেষভাবের প্রাপ্তিসম্ভাবনা ছিল, সে সমস্ত প্রতিষেধ করিয়া ব্রক্ষের নিম্নপাধিক — নির্বিশেষ চৈত্রন্তর্মপতাই জ্ঞাপন করিয়াছেন। অতএব প্রবল শ্রুতিপ্রমাণ ও তদমুকূল যুক্তিদারা ইহাই প্রমাণিত হয় যে, আলোচ্য পরব্রক্ষ স্বভাবতই নিরাকার—নির্বিশিষ চৈত্রন্তর্ম্বরূপ।

যাহারা বিবেক-বৈরাগ্যাদি সাধনা-বিহীন অনিশ্মলমতি, তাহাদের নিকট তিনি অব্যক্ত—' নৈব বাচা ন মনসা দ্রস্ট্রুং শক্যং ন চক্ষ্যা", কিন্তু যাহারা তাঁহার আরাধনায় আত্মনিয়োগ করিয়া বিশুদ্ধচিত হইয়াছেন, তাহাদের নিকট তিনি স্বব্যক্ত—'বুদ্ধি-গ্রাহ্মন্ত্র—অভীন্তিয় হইয়াও বুদ্ধিগম্য হন। তাঁহাকে বুদ্ধিগম্য করিতে হইলে যেরূপ যোগ্যতা বা অধিকার অর্জ্জন করিতে হয়, তাহা উপাসনা-সাপেক; সেইজন্য জনহিতৈ খিণী শ্রুভি তাঁহার

সগুণভাব, 'পাদ'ভেদ ও অংশাংশিভাব বর্ণনা করিয়াছেন। প্রকৃত-পক্ষে তিনি অখণ্ড, অনস্ত, নিত্য চৈতন্যস্বরূপ ॥৩।২।১১—৩৭॥

#### [ সগুণোপাসনার ফল ]

কর্মী পুরুষেরা যেরূপ, দেহভাগের পর চন্দ্রলোকে গমন করেন, সগুণ-ব্রক্ষোপাসকগণও সেইরূপ দেহভাগের পর দেবযান'-পথে (১) ব্রহ্মলোকে গমন করেন। ইহা সমস্ত উপাসনার সাধারণ ফল। আত্মদর্শনবিহীন মনুষ্যমাত্রই পাপ-পুণ্যের আত্ময়; সম্পূর্ণরূপে পাপ-পুণ্যরহিত মানুষ অভ্যন্ত ফলভি। এখন কিন্ত্রাম্থ এই যে, উপাসকগণের পূর্বস্কিত পাপ-পুণ্যরাশির গতি কি হয় ? তাঁহারা কি দেহভাগের সমন্ত্রক্ষীয় পাপ-পুণ্যরাশি বিদ্রিত করেন, কিংবা মধ্যপথে করেন, অথবা ব্রহ্মলোকে যাইয়া ভাগে করেন? এ প্রশ্নের উত্তরে সূত্রকার বলিভেছেন—

সাম্পরান্নে তর্ত্তব্যান্তাবাৎ, তথাহ্নন্যে ॥৩।৩।২ ৭॥

বৃদ্ধান বাবী উপাসকের সঞ্চিত পাপ-পুণ্যরাশি সঙ্গে লইয়া বৃদ্ধানে যাইবার কোনই প্রয়োজন দেখা যায় না। সেখানে পাপ-পুণ্যের ফলভোগ হয় না; মধ্যপথেও পাপ-পুণ্য- ছারা করণীয় এমন কোন প্রয়োজন দেখা যায় না, যাহার জন্য উপাসককে পাপ-পুণ্যরাশি সঙ্গে লইয়া যাইতে হইবে; কাজেই

 <sup>(&</sup>gt;) দেববানপথের পরিচর এইরূপ—
 "অধিক্যোতিরহঃ শুরুঃ ব্যাসা উত্তরারণম্।
 শুরু প্রহাতা গছকি ব্রদ্ধ ব্রদ্ধবিলে জনাঃ ।"

বলিতে ছইবে যে, ভাহারা পূর্বনিঞ্চিত পাপপুণ্যরাশি এখানেই—
দেহত্যাগের পুর্বেই পরিত্যাগ করিয়া যান। শ্রুতি বলিতেছেন
—"তস্য পুত্রা দায়মুপ্যস্তি, স্কুলঃ সাধুকৃত্যাং, দ্বিষন্তঃ পাপকৃত্যাম্" অর্থাৎ 'উপাসক দেহত্যাগ করিবার সময়ে তাহার
পুত্রগণ ধনসম্পদ্ ,গ্রহণ করে, এবং বন্ধুবর্গ ও শত্রুণক্ষ
যথাক্রমে পুণ্য ও পাপের অংশ গ্রহণ করে। ইহাঘারা প্রমাণিত
হইতেছে যে, উপাসকগণ দেহত্যাগের পূর্বেই পাপ-পুণ্য পরিত্যাগপূর্বেক 'দেব্যান'-পথ অবলম্বন করিয়া ব্রক্ষলোকে গমন
করেন ১৩।৩।২৭—৩১৪

## [বিশেষ অধিকারপ্রাপ্ত উপাসকদিগের অবস্থিতিকাল]

উপাসকদিগের মধ্যে যাহারা উপাসনাকার্য্যে সম্ধিক সমূৎকর্ষলাভ করেন, এখানেই সমস্ত পুণ্য-পাপ ক্ষয় করিতে সমর্থ

ইন, তাহারা দেহত্যাগের পর ক্রন্মলোকে গমন করেন, এবং
সেখানেই জ্ঞানামুশীলন করিয়া থাকেন, আর যাহারা তত্টা উৎকর্ষলাভ করিতে পারে না, এবং সঞ্চিত ক্র্যুরাশিও দগ্ধপ্রায়
করিতে পারে না, তাহারা মৃত্যুর পর কর্ম্মানুযায়ী বিভিন্নপ্রকার
অধিকার প্রাপ্ত হন, তাহাদিগকে 'আধিকারিক' পুরুষ বলে।
বেমন চন্দ্র, সূর্যা, বরুণ, বায়ু প্রভৃতি। তন্মধ্যে যাহারা ক্রন্ধলোকে গমন করেন, তাহাদিগকে আর সংসারে ফিরিয়ো আসিতে

ইয় না; পরস্ত যাঁহারা স্বীয় কর্ম্মানুসারে অধিকারিবশেষ প্রাপ্ত

ইইয়াছেন, তাঁহাদিগকেও সহসা সংসারে ফিরিতে হয় না; বরং—

যাবদ্ধিকারমবৃত্বিরাধিকারিকাণাম্ গ্রাথাথ 1

আধিকারিক পুরুষদিগের স্থকত কর্মাপুসারে লব্ধ সিধিকারের ক্ষয় না হওয়া পর্যান্ত অবস্থিতি হইয়া পাকে। কর্ম্পের ফল সর্বত্রই দেশ-কলোদি-পরিচ্ছিন্ন; স্থতরাং আধিকারিক পুরুষদিগের লব্ধ অধিকারও নিশ্চয়ই সামাবদ্ধ — নির্দ্দিষ্ট কালের জন্ম কল্লিড, চির-দিনের জন্ম নহে। যতকাল সেই নির্দ্দিষ্ট কাল পূর্ণ না হয়, তত্ত-কালই তাহাদের লব্ধ অধিকার অক্ষুপ্ত থাকে, কিন্তু নির্দ্দিষ্ট কাল পূর্ণ হইলেই সে অধিকার আর থাকে না; সঙ্গে সঙ্গ্পে বিলুপ্ত হইয়া যায়। তথন আপনাদের অধিকার ও ঐশ্বর্যার অনিত্যতাদশনে সহজেই তাঁহাদের হৃদয়ে বৈরাগ্যের আবির্ভাব হয়, এবং ক্রমশঃ, আত্মজানের অভ্যানয় হইতে থাকে। সেই জ্ঞানাগ্রিদারা দগ্ধ ক্রমণঃ অজ্ঞান ও সঞ্চিত কর্ম্মরাশি তাঁহাদিগকে আর জন্মান্তর গ্রহণে বাধ্য করিতে পারে না।

" বীজান্তগ্নুসদগ্ধানি ন বোহস্তি যথা প্নঃ। জ্ঞানদগ্ধৈতথা ক্লেশৈনাত্মা সম্পত্তত পুনঃ॥"

অগ্নিদক্ষ শশ্মবীজ বেমন পুনরায় অকুর-সমূৎপাদনে সমর্থ হয় না, তেমনি অবিভাদি ক্লেশ ও ক্লেশমূলক (১) কর্ম্মরাশি জ্ঞান-দক্ষ হইলে সে সকলের দারাও আত্মা সংস্পৃষ্ট হয় না, অর্থাৎ

(পাতঞ্চলস্ত্র ২।৩)।

<sup>(</sup>১) অবিকালি তা-রাগদ্বোভিনিবেশা: পঞ্চ ক্লেশা: I

কর্থাং ক্লেশ পাঁচ প্রকার। অবিষ্ঠা, অস্মিতা, রাগ, দ্বেষ ও অভিনিৰেশ। অবিষ্ঠা অন্মিভাপ্রভৃতির বিশেষ পরিচর পাতঞ্জলে ক্ল<sup>ট্র</sup>য়।

কর্মাধীন হইয়া জমাদি গ্রহণ করিতে বাধ্য হন না (১)। অতএব অধিকার সমাপ্তির পরেই আধিকারিক পুরুষেরা পরমপদ-লাতে বিমুক্ত হন; আর সংসারে ফিরেন না॥ গাণ্ডাং॥

#### [উপাসনা ও কর্মা]

বেদাস্তদর্শনের তৃতীয় অধ্যায়ের তৃতীয় পাদে সগুণ উপাসনাসম্বন্ধে বহু কথা আলোচিত হইয়াছে। বিভিন্ন শ্রুতিতে বিভিন্ন
প্রকারে প্রদর্শিত ত্রেলাপাসনার সমন্বয় ও সামপ্তস্থের প্রণালী
বিশদরূপে বর্ণিত ১ইয়াছে। এখানে অল্লকথায় সে সমস্ত বিষয়
বোধগায় করান সম্পূর্ণ অসম্ভব; এইজন্ম এখানে সে সকল
বিষয়ের বিশ্লেষণ বা আলোচনা পরিত্যাগ করা হইল। অতঃপর
চতুর্থ পাদে বর্ণিত উপাসনার প্রাধান্যসম্বন্ধে কিঞ্চিৎ আলোচনা
করা যাইতেছে।

ব্রক্ষোপাসনা কর্মসাপেক্ষ কি না, অর্থাৎ উপাসনার সহিত বিধিবোধিত কর্ম্মের কোনরূপ সম্বন্ধ আছে কি না, অগবা কর্ম্মের সহায়তা ব্যতিরেকেও উপাসনার ফল হইতে পারে কি না, এ

<sup>(</sup>১) বস্তুত: কর্ম্ম ও অবিভাগি ক্লেশ জ্ঞানহারা দগ্ধ হয় না,—
দগ্ধপ্রায়—দগ্ধের মত হয়। বিজ্ঞানভিক্ষু বণিয়াছের—"কর্মণাং দাহল্চ
সহকার্যাছেরেদেন নৈক্ল্যুম্ " (সাংখ্যার) শাস্ত্রে, যে, 'জ্ঞানাগ্রিতে কর্ম্মন্য হয়' কথা আছে, তাহার অর্থ—জ্মীভূত হওয়া নহে, পরস্ত যে
অবিভাগি ক্লেশের সহায়ভায় কর্ম্মমূহ ফল প্রস্তুত হওয়া নহে, পরস্ত যে
অবিভাগি ক্লেশের সহায়ভায় কর্ম্মমূহ ফল প্রস্তুত হওয়া নহে, পরস্ত বে
অবিভাগি ক্লেশের সহায়ভায় কর্ম্মমূহ ফল প্রস্তুত হউয়া অস্তুর জন্মায়
কান, কর্ম্মন্ত তেমন অবিভাগিরহিত হইয়া ফল প্রশান করেনা।

বিষয়ে বিভিন্নপ্রকার বহুতর মতবাদ আছে। তন্মধ্যে পূর্ব্ব-মীমাংসা-প্রণেডা আচার্য্য জৈমিনি বলেন—

যে কর্ম্মের অমুষ্ঠান করা যায়, কর্মাকর্তা হয় সেই কর্ম্মের শেষ (অম্ব)। সেই কর্তাব করণীয় যদি কোনও জ্ঞান বা উপাসনা বিহিত থাকে, তাহা বস্তুতঃ সেই প্রধানভূত কর্ম্মের সহিতই সংশ্লিই—কর্ম্মেরই অম্ব বা অধীন, মতন্ত্র নহে; মৃতরাং সেই সকল উপাসনাতে যে, পৃথক পৃথক কলের উল্লেখ দৃষ্ট হয়, তাহাও—অভ্যান্য কর্মাম্মমম্বন্ধে উল্লিখিত ফলের ভায় ক্রবল অর্থবাদমাত্র, অর্থাৎ পুরুষের উৎসাহবর্দ্ধনার্থ কল্পিত স্তুতিবাদমাত্র—বাস্তব নহে। অত্রর উপাসনামাত্রই কর্ম্মমাপেক্ষ হওয়া উচিত, অর্থাৎ উপাসকগণকেও উপাসনার সম্মে সম্মে অবশ্রুই কর্মামুষ্ঠান করিতে হইবে। 'ব্রক্ষাবিদ্' বিনিয়া প্রামিদ্ধ জনকপ্রভূতির আচারদর্শনেও এ কথা প্রমাণিত হয়। তাহারা জ্ঞানী হইয়াও কর্মামুষ্ঠান হইতে বিরত ছিলেন না, এতত্ব শ্রুতিও স্মৃতিশান্ত হইতেও জ্ঞানিতে পারা যায়। এইরপ আরও বস্তু কারণ আছে, যাহাছারা জ্ঞানার পক্ষেও কর্মামুষ্ঠানের আবগ্রকতা প্রমাণিত হইতে পারে। এতত্ত্বরে স্যুক্রর বলিতেছেন যে, না—

'পুরুষার্থোহতঃ শব্দাৎ॥ এ৪।১॥

পুরুষের পরমার্থলাভের (মুক্তিলাভের) উপায়ভূত যে, জ্ঞান, তাহা নিশ্চয়ই কর্ম-সাপেক নংহ। কর্মের কোনপ্রকার সহায়তা না লইয়াই জ্ঞান পুরুষার্থসাধনে সমর্থ হয়। জ্ঞান-সহবোগে কর্ম্মেরই উৎকর্ষ দিদ্ধ হয়, বিস্তু কর্ম্মসহযোগে জ্ঞানের সমুৎকর্ষ হয় না; অধিকন্ত উপাসনা ব্যতিরেকেও যেমন কর্ম হইতে পারে, তেমনি কর্ম্ম ব্যতিরেকেও জ্ঞান ও জ্ঞানফল নিষ্পন্ন হইতে পারে। তবে যে, স্থানে স্থানে জ্ঞান ও কর্ম্মের সহামুষ্ঠানের উপদেশ আছে, তাহা কেবল জ্ঞানমার্গের প্রশংসাজ্ঞাপকমাত্র। নিত্য নৈমিত্তিক কন্মের অমুষ্ঠানে চিত্তের বিশুদ্ধতা সম্পন্ন হয়। বিশুদ্ধ চিত্তে স্বতই আত্মজ্ঞান প্রসায়িত হয়; এইজন্ম জ্ঞানোদ্মের নিমিত্ত প্রথমে নিত্য নৈমিত্তিক বা নিক্ষাম কর্ম্মের অমুষ্ঠান করা আবশ্যক হয় সত্য, কিন্তু জ্ঞানোদয় হইলে—আত্মা নিত্য নির্বিকার, স্থপ তুংধের অতীত অকর্ত্য-ইত্যাকার বোধ সমূৎপন্ন হইলে পদ্ম কর্ম্মের অমুষ্ঠান দূরে থাকুক,—

## উপমৰ্দ্ধঞ্চ ॥৩।৪।১৬॥

কর্ম ও কর্ম-প্রবৃত্তি আপনা হইতেই বাধিত হইরা যায়। তখন কর্মামুষ্ঠানের উপযোগিতা মনোমধো স্থানই পায় না; তখন আজ্মার স্থরূপ-সাক্ষাৎকারের প্রবৃত্তিই বল্নিতী হইয়া উঠে, এবং তদমুক্ল সাধন-সংগ্রহেই সমধিক আগ্রহ বৃদ্ধি পাইয়া থাকে। সেইজন্ম সূত্রকার জ্ঞানামুক্ল উপায়-নির্দ্দেশপূর্বক বলিতেছেন—

> শম-দমাখাপেতঃ স্থাৎ, তথাপি তু তমিধেওদক্ষতরা তেষামৰশ্রামুঠেরতাৎ ॥১।৪।২৭॥

যদিও জ্ঞান আপনার ফলসম্পাদনের জন্য অপর কাহারো অপেকা করে না সভ্য, ভথাপি আত্মজিজ্ঞাস্থ পুরুষ অবশ্যই শম-দমাদি সাধনসম্পন্ন হইবেন; কারণ, "তম্মাৎ শান্তো দাত্ত উপর হস্তি তিক্ষু: সম!হিতো ভূষা আত্মন্যে বাজানং পশ্যেৎ", 'অতএব আত্মজিজ্ঞান্ত পুরুষ শাস্ত, দাস্ত, উপরত (ভোগিবিত বা সন্মানী). তিতিকু ও সমাধিসম্পন্ন হইয়া আপনাতে আপনাকে (আত্মাকে) দর্শন করিবেন' ইত্যাদি ক্রতিতে আত্মজ্ঞানলাভের অক্সরপে শমদমাদি সাধনসমূহের অবস্থামুঠেয়তা বিহিত হইয়াছে (১)। অতএব আত্মজ্ঞানপিপান্ত ব্যক্তিকে উক্ত শম-দমাদি সাধনগুলি অবশাই গ্রহণ করিতে হয়। যোগ্যতামুসারে সন্ম্যাসগ্রহণেরও বিধান আছে। সন্ম্যাসীর পক্ষে কর্ম্মামুঠানের বিধি না থাকিলেও ভিক্ষাচর্য্যাদি নিয়মনিঠা প্রতিপালনের কঠোর আদেশ রহিয়াছে; প্রভ্রাং সন্মাসাপ্রস্ববিভোভাবে নিয়মের অতীত হইতে পারেন না; তাঁগাকেও পালনীয় নিয়ম লুল্যন করিলে প্রভ্রায়ী ও সংঘচ্যুত হইতে হয় (২)। সূত্রকার বলেন— "ভদ্মভ্র্যা তু নাভদ্মানঃ" (গ্রাহাহণ)

<sup>( &</sup>gt; ) শাস্ত অর্থ— অন্তবিক্রিয়সংযমী। দাস্ত অর্থ— বহিরিক্রিয়সংযমী, উপরত কুঅর্থ—একবার ব্লাকত উল্লিয়গণকে পুনরায় বিষয়ে যাইতে না দেওয়া। কেহ কেহ বলেন, উপরত অর্থ—সন্ন্যাসী। তিতিক্ষ্ অর্থ— শীস্ত-গ্রীমাদি দক্ষসহিষ্ণু। সমাহিত অর্থ—একাগ্রাচত।

<sup>(</sup>২) ধর্মশাস্ত্রের উপদেশ এই বে,—

"আরটো নৈষ্টিকং ধর্মং যন্ত প্রচাবতে পুনঃ।
প্রায়ন্চিতাং ন পশামি যেন ওধাৎ স আয়হা।"

অর্থাৎ একবার নৈষ্ঠিক ধর্মে আরোহণ করিরা যে লোক তাহা হইতে চ্যুত হর, তাহার পক্ষে এমন কোনও প্রায়শ্চিত্ত দেখিতেছি না, বাহা দারা সেই আত্মঘাতী বিশুদ্ধ হইতে পারে।

অর্থাৎ যে লোক একবার উন্নত পদে আরোহণ করিয়াছে, তাহার আর সে পদ হইতে ফিরিবার উপায় নাই। বিশেষতঃ সন্ন্যাসী বা নৈষ্ঠিক ব্রহ্মচারী যদি স্ত্রীসংস্যা প্রভৃতি নিষিদ্ধ কর্ম্ম করে, তাহা হইলে প্রায়শ্চিত্ত করিলেও তাহার নিস্তার নাই—

বহিস্তু ভয়থাপি, স্বতেরাচারাচ্চ ॥৩।৪।৪৩॥

তাহার সেই পাপ উপপাতকই হউক, আর মহাপাতকই হউক, তাহাতে কিছু ক্ষতির্দ্ধি নাই; তাহাকে সমাজ হইতে বহিন্ধত করিতেই হইবে, ইহাই স্মৃতিশাস্ত্রের আদেশ এবং সাধুসম্প্রালায়ের চিরন্তন ব্যবহার। এই কারণে সন্ধ্যাসীকেও ক্রেম-নিষ্ঠার, অধীন হইয়া চলিতে হয়, নচেৎ তাহার পতন অনিবার্গ্য। অতএব আল্মজিজ্ঞাস্ত্রমাত্রই সেই সমুদ্য পতনীয় কার্য্য হইতে বিরত থাকিয়া এবং শমদমাদি-সাধনসম্পন্ন হইয়া উপাসনায় মনোনিবেশ করিবেন ॥৩৪।—৪৩॥ প

#### [উপাসনার প্রভেদ ও চিন্তার ক্রম ]

শাস্ত্রোক্ত উপাসনা বহুশাখায় বিস্তৃত ইইলেও প্রধানতঃ
তিন শ্রেণীতে বিভক্ত—সম্পদ্-উপাসনা, প্রতীকোপাসনা ও
অহংগ্রহোপাসনা। তন্মধ্যে—কোন এক ফ্রু বা অপকৃষ্ট বস্তুর
অপকৃষ্টভাব প্রচ্ছন্ন রাখিয়া ভাগাকে মে, ভদপেক্ষা উৎকৃষ্ট
বস্তুরপে উপাসনা, ভাগার নাম সম্পদ্-উপাসনা। যেমন
পার্থিব মূর্ব্তিবিশেষে প্রমেশরের উপাসনা। কোন একটা
অংশবিশেষকে যে, অংশিরূপে বা পূর্থ-বৃদ্ধিতে উপাসনা, ভাগা
প্রতীকোপাসনা। যেমন ব্রক্ষের অংশভূত মনে ও আদিত্যে

ব্রহ্মবৃদ্ধিতে উপাদনা। আর উপাদ্য বিষয়ের সহিত উপাদকের যে, অভেদ-বৃদ্ধিতে (অহংভাবে) উপাদনা, তাহার নাম অহং-গ্রহোপাদনা। যেমন 'অহং ব্রহ্মান্মি' আমি ব্রহ্ম-ইত্যাকারে উপাদনা। এই তিনপ্রকার উপাদনাই সাধারণতঃ প্রচলিত ও প্রসিদ্ধ আছে।

## [ জীবাত্মার ব্রহ্মদৃষ্টি ]

অহং-গ্রহোপাসনাম্বলে আত্মাতে ও ব্রক্ষেতে অভেদচিন্তার উপদেশ আছে। এখন সংশয় হইতেছে এই যে, 'অহম্'এ (আত্মাতে) ব্রক্ষদৃষ্টি করিতে হইবে? 'না ব্রক্ষেতে অহং-বৃদ্ধি করিতে হইবে? (১)। তত্ত্তের সূত্রকার বর্লিভৈছেন্—

আত্মেতি তুপগচ্ছন্তি, গ্রাহমন্তি চ ॥৪ ১।৩॥

যদিও আত্ম ও ব্রহ্ম মূলতঃ এক—অভিন্ন পদার্থ, তথাপি '
অহং-পদবাচ্য আত্মাতেই ব্রহ্ম-দৃষ্টি করিতে হইবে, অর্থাৎ
আত্মাকেই ব্রহ্মরূপে চিন্তা করিতে হইবে, কিন্তু ব্রক্ষেতে আত্ম-দৃষ্টি
করিতে হইবে না: কার্ণ, "অহং ব্রহ্মান্মি" আমিই ব্রহ্ম) ইত্যাদি

<sup>(</sup>১) সংশরের কারণ এই বে.—অহং-পদবাচ্য আত্মা রাগছেবাদিদোবে দ্বিত, আর পরমাত্মা ব্রহ্ম নিত্য নির্দেশিব—পরম পবিত্র। এমত
অবস্থার অহংপদবাচ্য আত্মাকে ব্রহ্মরূপে চিন্তা করা কথনই সক্ষত হইতে
পারে না, এবং পরম পবিত্র পরমাত্মাকেও 'অহং'রূপে চিন্তা করা যার না;
কারণ, তাহাতে ব্রহ্মের পবিত্রতার হানি করা হয়। এই কারণে আপাতদর্শনে ঐরূপ সংশর হইতে পারে। বলা বাছল্য বে, তন্ত্র্পৃষ্টিতে এরপ সংশর
আসিতেই পারে না; কারণ, জীবাত্মাও প্রক্রতীক্ষে রাগছেবাদি দোবস্ক্র
নহে, পরন্ত নিত্যস্ক্র ও বিশ্বদ্ধ।

ন্থলে ঐরপেই ব্রক্ষচিন্তার উপদেশ রহিয়াছে, এবং "তত্ত্বম্ অসি"
(তুমি সেই ব্রক্ষা) ইত্যাদি শ্রুতিও জীবকেই ব্রক্ষরপে প্রতিবাধিত করিয়াছেন, কিন্তু কোথাও ব্রক্ষে জীবভাব আরোপিত করেন নাই। এইজাতীয় আরও বহু শ্রুতিবাক্য আছে, সেদকল বাক্য পর্য্যালোচন। করিলেও স্পন্ট বুঝিতে পারা যায় যে, জীবেই ব্রক্ষান্তি করিতে হইবে, কিন্তু ব্রক্ষোতে জীবদৃষ্টি নহে।
যুক্তির অনুসরণ করিলেও বুঝা যায় যে,—

## ব্ৰহ্মদৃষ্টিকৃৎকৰ্ষাৎ ॥৪।১।৫॥

অপকৃষ্ট বস্তুকে উৎকৃষ্ট বস্তুরূপে চিন্তা করিলেই বস্তুতঃ
অপকৃষ্ট বস্তুর গৌরব বা প্রশংসা সূচিত হয়, কিন্তু উৎকৃষ্ট বস্তুকে
অগকৃষ্ট বস্তুরূপে চিন্তা করিলে, তাহা তাহার প্রশংসার করেণ
না হইয়া, বরং সম্বিক নিন্দারই কারণ হইয়া থাকে; এই
কারণেই "মনো প্রক্ষেত্রাপাসীত' মনকে প্রক্ষা বলিয়া উপাসনা
করিবে, "আদিত্যে। প্রক্ষেত্রাদেশঃ" আদিত্যকে প্রক্ষাবৃদ্ধিতে
উপাসনা করিবে, ইত্যাদি স্থলে যেরপ অপকৃষ্ট মনে ও আদিত্যে
অক্ষানৃষ্টি করিতে হয়, সেইরূপ অপকৃষ্ট ( অজ্ঞানবশে স্থপুতুঃখময়
সংগারে পতিত) জীবাজ্মাতেই প্রক্ষা-দৃষ্টি করা শোভন ও যুক্তিশক্ষত হয়। অতএব উপাসক অভেদোপাসনাকালে আপনাকেই
বিক্ষারূপে চিন্তা করিবেন, কিন্তু প্রক্ষে 'অহংভাব' আরোপ করিবেন
না। এবং—

न প্রতীকে, নহি স: ॥ ৪।১।৪ ॥

**শহং-প্রহোপাস**নাস্থলে অহং-ধৃদ্ধিতে ত্রন্মচিন্তা করিতে **হর** 

বলিয়া যে, "মনো ব্রহ্ম (মনই ব্রহ্ম) ইত্যাদি প্রতীকোপাসনাস্থলেও মনপ্রস্কৃতিতে অহং-দৃষ্টি করিতে হইবে, তাহা নহে; কারণ, বিভিন্নপ্রকার প্রতীক পদার্থ মন ও আকাশ প্রভৃতি কখনই মেই উপাসকের আত্ম-স্বরূপ নহে, এবং তিনি সেরূপ দর্শনও করেন না, ভেদবুদ্ধিই তাহার বাধক থাকে। অতএব কোন উপাসকই মনপ্রভৃতি কোন প্রতীক বস্তুকে আত্মবুদ্ধিতে উপাসনা করিবেন না; কেবল ঐ তুই পদার্থের (মনঃও ব্রহ্মের) অভেদ-চিন্তামাত্র করিবেন। সম্পদ্-উপাসনা ও.কর্ম্মান্ত-উপাসনার স্থলেও এই নিয়ম মান্ত করিয়া চলিতে হইবে।

# [ উপাসনার বারংবার কর্তব্যতা 🖠

যাগাদি ক্রিয়া একবারমাত্র অমুষ্ঠান করিলেই যেরূপ সম্পূর্ব ক্রিয়া-ফল পাওঁয়া যায়, তাহার জন্ম আর বারংবার অমুষ্ঠান করিতে হয় না, উপাসনা সেরূপ করিলে হয় না; কারণ, উপাসনার বিধি স্বতন্ত্র—

# আবৃত্তিরসকুত্পদেশাৎ ৷৪৷১৷১৷৷

সাধারণতঃ উপাসনা বা আত্মচিন্তা ও তদনুক্ল সাধনামুষ্ঠান মাত্র একবার করিলে হয় না, অর্থাৎ একবারমাত্র প্রবণ, একবারমাত্র মন্ত্রন, এবং একবারমাত্র নিদিধ্যাসন করিয়াই শান্তের আদেশ প্রাক্তম করা হইল, মনে করিয়া সম্ভাই থাকিলে চলিবে না; কারণ, ভাষাতে কোন কলপ্রাপ্তির সম্ভাবনা নাই। যে কার্য্যের ফল অদুইট—অপ্রত্যক্ষ —দেখিবার উপায় নাই, সেখানে একবারমাত্র অমুষ্টানেই শান্তের আদেশ রক্ষিত হয়, এবং ভবিশ্বৎ ফললাভেরও

আশা করা সঙ্গত হয়, কিন্তু যাহার ফল সম্পূর্ণরূপে প্রতাক্ষ-গম্য-কর্তা নিজেই অমুভব করিতে সমর্থ, সে কার্য্যের সম্বাস্থ্য কেবল শাস্ত্রের আদেশ প্রতিপালন করিয়াই নিশ্চিম্ত হইলেঁ ছল করা হয়। সেখানে ফলোদয় না হওয়া পর্য্যন্ত পুনঃ পুনঃ অমুষ্ঠান করিতে হয়।' ক্ষুধানিবুত্তির উদ্দেশ্যে লোক ভো**জনে**' প্রবুত হয়, কিন্তু সেখানে একবার এক গ্রাসমাত্র ভোজন করিয়া নিয়ম রক্ষা করিলে ত ফলোদয় ( ক্ষুধানিবৃত্তি ) হয় না, এবং কতবার কতগ্রাস ভোজন করিলে ফুনিরন্তি হইবে, তাহাও 'নির্দারণ করিয়া বলা যায় না: পরস্তু যতবার যতগ্রাস ভোজন কারলে ক্ষুধানিবৃত্তি হয়, তাহা তিনি (ভোজনকর্ত্তা) নিজেই বুঝিতে পারেন, এবং তদমুসারে তিনি পুনঃ পুনঃ খাছাবস্তু গ্রাহণ করিয়া থাকেন: তেমনি উপাসনাকার্য্যের অনুষ্ঠানও কুতবার করিলে যে, <sup>4</sup>ফল-নিষ্পত্তি হইবে, তাহা অপরে নির্দেশ করিতে পারে না : তাহা তিনি (উপাসক) নিজেই উত্তমরূপে বুঝিতে পারেন, তদমুসারে তিনি ফলোদয় না হওয়া পর্যান্ত বারংবার সাধনাত্মতান করিয়া থাকেন-পুনঃ পুনঃ শ্রবণ মনন ও নিদিধ্যাসন করেন, একবার-মাত্র করিয়াই নিবৃত্ত হন না ও হইবেন না। ইহাই সাধনশাক্রের খাদেশ ও অভিপ্রায়। এসম্বন্ধে বিশেষ কথা এই যে, **যে** সকল উপাসনার ফল বর্ত্তমান জন্মে উপভোগ্য নহে, কেইল পরলোকভোগা, সে সকল উপাসনা অবলম্বন করিয়া মধামুলৈ— সিদ্ধিলাভেন্ন পুর্বের ভ্যাস করিবে না, পরস্ত—

वांबात्रगार, ठ्वांनि हि वृष्टेम्। आंशंतर ।

সেরপ উপাসনা জীবনের শেষসীমা—মৃত্যুকালপর্য্যন্ত চালাইতে হয়; কারণ, শাস্ত্রে দেখা যায়, প্রয়াণকালেও সাধু চিন্তার বিধান আছে, এবং তদমুসারে ভবিশ্বৎ শুভাশুভ ফলপ্রাপ্তিরও উল্লেখ রহিয়াছে।—যথা—"যং যং বাপি স্মরন্ ভাবং ত্যঞ্জত্যন্তে কলেবরম্" ইত্যাদি ॥৪।১।১—২,১২॥

## [উপাসনায় আসনবিধি]

কার্য্যমাত্রেই স্থান ও আসনাদির বিধিব্যবস্থা দৃষ্ট হয়;
স্থেতরাং উপাসনাসম্বন্ধেও স্থান ও আসনাদির নিয়ম-ব্যবস্থা থাকা
আবশ্যক। তন্মধ্যে কর্ম্মান্ত-আশ্রিত উপাসনা যুখন কর্ম্মবিধির ই
অধীন, তখন কর্ম্মকাণ্ডোক্ত স্থান ও আসনাদির নিয়মই সেখানে
গ্রহণীয়; স্থতরাং এখানে সে সম্বন্ধে চিন্তা করা অনাবশ্যক।
আজ্মজ্ঞানের সম্বন্ধেও সেই কথা। আজ্মজ্ঞান যুখন বস্তুতন্ত্র
অর্থাৎ জ্ঞানে যুখন বিজ্ঞেয় বস্তুরই সর্ববতোভাবে প্রাধান্য,
তখন তাহাতেও স্থানাসনাদির অপেক্ষা থাকিতে পারে না।
ফলে, একমাত্র সপ্তণ-উপাসনার জন্যই স্থান ও আসনাদি-চিন্তা
আবশ্যক হইতেছে। তন্মধ্যে স্থানসম্বন্ধে বহুপ্রকার বিধিনিষ্ণেস্থেও সূত্রকার সংক্ষেপতঃ বলিয়াছেন—

## যৱৈকাগ্ৰতা, ভত্ৰাবিশেষাৎ ॥।।১১১॥

বেখানে বসিলে চিত্ত প্রসন্ন হয়, সংসারের সর্ববিধ আকর্ষণ ছিন্ন করিয়া ধ্যেয় বিষয়ে একাগ্র হয়, সেইরূপ স্থানই ( সাধারণ-ভাবে নিষিদ্ধ হইলেও ) উপাসনার পক্ষে উৎকৃষ্ট স্থান। উপাসক তাদৃশ উত্তম স্থান নির্বোচন করিয়া, তথায় উপাসনায় প্রবৃত্ত হইবেুন; এবং—

## व्यामीनः मञ्जवाद ॥ ८। ।।

আসনবদ্ধ হইয়া—পদ্মাসন, স্বস্তিকাসনপ্রভৃতি যে কোন একটী আসন অবলম্বন করিয়া উপাসনায় বসিবেন। কারণ, ঐ ভাবে আসনবদ্ধ হইয়া ধ্যান বা উপাসনা করিলেই ধ্যেয় বিষয়ে একাগ্রতা লাভ করা সম্ভবপর হয়, নচেৎ গমনাদিসময়ে ধ্যান করিতে বসিলে চিত্তের বিক্ষেপ উপস্থিত হইতে পারে, এবং শয়ান অবস্থায় ধ্যান প্রস্তুত্ত হইলেও সহজেই নিদ্রাকর্ষণ হইতে পারে, অপচ আসীন হইয়া—অক্লেশকর ও অচঞ্চল আসন অবলম্বন করিয়া উপাসনায় বসিলে সহজেই উপাস্থাবিষয়ে মনোনিবেশ স্থাসপন্ন হইতে পারে; অতএব আসনবদ্ধ হইয়াই উপাসনা করিবে, এবং তাহাই ফল-সিদ্ধির প্রধান উপায় ॥ ৪।১।৭—৯ ॥ ' .

### [সন্তণোপাসকের মৃত্যুকালীন অবস্থা ]

কন্মী পুরুষেরা চন্দ্রমণ্ডলে গমন করেন, একথা সাধারণভাবে বলা হইয়াছে, এবং মুক্ত পুরুষদিগের যে, লোকাস্তর-গতি নাই, সে কথাও পরে বলা হইবে। এখন সগুণোপাসনায় রত পুরুষদিগের দেহত্যাগকালীন অবস্থা বলা ্যাইতেছে। তাঁহাদের যখন অন্তিম সময় সন্নিহিত হয়, তখন—

> বাঙ্মনসি সম্পদ্ধতে, দর্শনাৎ শব্দাক ॥ ৪।২।১॥ স্মতএব সর্বাণ্যন্থ ॥ ৪।২।২ ॥ তন্মনঃ প্রাণে ॥ ৪।২।৩ ॥

তাঁহাদের দেহ অসার হইয়া পড়ে; ইন্দ্রিয়গণ স্ব স্ব কার্য্য হইতে

বিরত হুইতে আরম্ভ করে। প্রথমে রাগিক্সিয়ের ক্রিয়া বিরুত হয়, অর্থাৎ বাগিন্দ্রিয়ের ক্রিয়াশক্তি মনেতে বিলীন হয়, তৎকালে বাক্শক্তি নিরুদ্ধ হইলেও সনের ক্রিয়া চলিতে থাকে ; মন তখনও অভ্যাসক সংস্কারাসুসারে শুভাশুভ চিস্কাবারা হর্ষ-বিষাদ অসু-ভব করিতে থাকে। তশ্বন রাগিল্রিয়ের ন্যায় চক্ষু, কর্ণ, জিহ্বা প্রভৃতি ইন্দ্রিয়গণেরও রুত্তি বা ক্রিয়াশক্তি মনেতে বিলীন হয়, অর্ধাৎ চকু কৰ্ণপ্ৰভৃতি সমস্ত ইন্দ্ৰিয়েৰ ক্ৰিয়াশক্তি নিৰুদ্ধ হইয়া মনোবৃত্তির অধীনতা-পাশে আবদ্ধ হয়। একথা যেমন—"বাক্ মুন্দি সম্পত্ততে, মূনঃ প্রাণে, প্রাণন্তের্শ্বদি" ইত্যাদি প্রুতিধারা প্রমাণিত হয়, তেমন্ই প্রত্যক্ষ-দর্শন দারাও দ্মণিত হয়। कारता, सुमूर् वाक्निय वाक्निक निरुक्त बरेटलाउ, मूर्यय अवस्था দেখিয়া তাহার মানসিক চিন্তাবৃত্তির অন্তিত্ব অনুমান করা যায়।' অনস্তর মনের ক্রিয়াশক্তিও নিরুদ্ধ হইয়া যায়, মনোবৃতি প্রাণের অধীন হয়, অর্থাৎ তখন মনের চিন্তাশক্তি বিলুপ্ত হয়, কেবল প্রাণের ক্রিয়াশক্তি-পরিম্পান্দনমাত্র বিভাগন থাকে। ইহা সকলেই প্রত্যক্ষ করিয়া থাকেন যে, যে সময় দেহের সমস্ত ক্রিয়া পানিয়া যায়, নিঃখাস প্রখাসও নিরুদ্ধ হইয়া যায়; জীবিত কি মুত, ইহা নিষ্কারণ করা কঠিন হইয়া পড়ে, সে সময়েও লোকে মুমুর্ব বক্ষঃস্থল ও নাভিদেশ পরীক্ষা করিয়া দেখে। যদি সেক্ষানে অতি অল্পমাত্ৰপ্ত স্পদন্দন উপলব্ধি করে, তবে জীৰিত বলিয়া অব-ধারণ করে, নচেৎ মৃত নিশ্চয় করিয়া অনস্তরকরণীয় কার্য্য ক্রিয়া পাকে, ইহাই লোক-ব্যবহার। অত্ত্রৰ মনোবৃত্তি নিরুদ্ধ

ছইবার পরেও যে, প্রাণর্ত্তি বিজ্ঞমান থাকে, ইহাতে আর সংশয় করিবার কারণ নাই। এই প্রাণ আবার কোথায় লয় পায় ? এতষ্ট্রতরে সূত্রকার বলিতেছেন—

সোহধ্যকে, তত্বপগনাদিভ্য: ॥ ৪।২।৪।।

সেই প্রাণ দেহাধ্যক্ষ আত্মাতে লয় পায়, অর্থাৎ প্রাণ তথন
সম্পূর্ণভাবে আত্মার 'সহিত সন্মিলিত হয়; কাজেই তৎকালে
প্রাণের কোনপ্রকার ক্রিয়া—পরিস্পান্দন দেহমধ্যে প্রকাশ
পায় না। এবিষয়ে উপনিষদ বলিয়াছেন—"এবমেব ইমমান্সানশ্
অন্তকালে সর্বের প্রাণা ক্রভিসমায়ন্তি" অর্থাৎ অন্তিম সময়ে এই
প্রকারেই সমস্ত প্রাণ এই জীবাত্মাকে প্রাপ্ত হয়। এই
উপনিষদ্বাকা হইতেই দেহাধ্যক্ষ আত্মাতে প্রাণের সন্মিলন প্রমাণিত
হৈতেছে। প্রাণ দেহাধ্যক্ষ আত্মাতে মিলিত হইলে পর—

#### ভূতেমত: শ্ৰুতে: ॥ ৪।১।৫॥

সেই প্রাণসম্বলিত অধ্যক্ষণ্ড আবার তৈজঃপ্রভৃতি ভূতবর্গের মধ্যে প্রবেশ করে। অভিপ্রায় এই যে, যেই মুহূর্ত্তে প্রাণ
যাইয়া আত্মার দক্ষে মিলিত হয়, আত্মাণ্ড নৈই মুহূর্ত্তেই এই
দেহের সমস্ত কার্য্য শেষ হইয়াছে. বুঝিতে পারিয়া পরলোকে
দেহ-রচনার উপযোগী তেজঃপ্রভৃতি সূক্ষ্ম ভূতবর্গের সহিত
মিলিত হইয়া প্রস্থানের জন্য প্রস্তুত হয়; (১) এবং বহির্গমনের

<sup>()</sup> শরদম্বন্ধে শ্রুতি বলিয়াছেন—"প্রাণস্তেজনি, তেজঃ পরস্তাং দেবতায়াম্," অর্থাৎ প্রাণ লয় পায় তেজে, তেজ আবার লয় পায় গরা-দেবতাতে (আয়াতে)। এখানে যদিও তেজেতেই প্রাণ-লয়ের কথা আছে, অধ্যক্ষে লয়ের কথা নাই সত্য; তথাপি স্ত্রকারের কথার অপ্রামাণ্য

পথ অষেষণ করিতে থাকে। তাহাকে গমনোপযোগী পথ দেখাইবার জন্যই যেন তথন "তদোকোহগ্রজ্বনম্" (৪।১।১৭)—
তাহারই বাসভূমি (ওকঃ) হৃদয়ের অগ্রভাগ উচ্ছদ আলোকময়
হইয়া উঠে। শ্রুতি বলিয়াছেন-"তস্য হৈত্যসূহদমস্থাগ্রং প্রভোততে, তেন প্রভোতেনৈষ আজা নিজ্রামতি— চক্ষ্টোবা মৃর্ধে।
বা, জন্যেভ্যো বা শরীরদেশেভাঃ", সেই মুমূর্জীবের হৃদয়াগ্রভাগ
প্রদীপ্ত হয়; সেই আলোকের সাহাথ্যে জীব দেহ হইতে নিজ্রমণ
করে। তাহার নির্গমনের পথ যথাসম্ভব চক্ষ্, মূর্ধা (ব্রহ্মবন্ত্র ),
কিংবা অন্যান্ত দেহাবয়বও হইতে পারে (১)। এ পর্যান্ত সকল

"শতং চৈকা চ হাদয়ন্য নাডাস্তানাং চৌর্দ্ধমভিনিঃস্টতকা। ভয়োর্দ্ধমাররমৃতথ্মেতি বিশ্বঙ্ঙ্কা উৎক্রমণে ভবস্তি॥"

অর্থাৎ মনুষ্যন্ত্রদর্যে একশত একটা নাড়ী আছে, তাহাদের একটা নাড়ী উদ্ধে ব্রহ্মরন্ধু পর্যান্ত গিরাছে। সেই নাড়ীপথে যাহারা নিজ্রান্ত হন, তাহারা মুক্তিলাভ করেন, অভাভ স্থানে যাইবার অন্য অপরাপর নাড়ী-পথ মবলংক করেন।

শঙ্কা করা উচিত নহে। ভাষ্যকার এন্ধলে বলিয়াছেন— "বো হি ক্রন্নাং প্রাক্রির করাই পাটলিপুলং ব্রজতি, সোহপি ক্রন্নাই পাটলিপুলং বাতি-ইতি শক্যং বদিতুম। তল্মাৎ প্রাণসংযুক্ত গ্রাণকভ্রৈর এতং তেজঃ-সহচরিতের ভূতের অবস্থানম ইতি।" তাংপগ্য এই যে, যে লোক ক্রমদেশ হইতে যাত্রা করিয়া মণুরা হইরা পাটনার যায়, তাহাকেও ক্রমদেশ হইতে পাটনার যাইতেহৈ বলিতে পারা যায়, এইরপ, প্রাণ ইদি অধাক্র সহিত মিলিত হইয়াও তেজেতে মিলিত হয়, তাহা হইলেও "প্রাণঃ তেজিসি"—প্রাণ তেলে লয় পায়, একথা বলিতে পারা যায়।

<sup>(</sup>১) দেহের কোন অংশের ভিতর দিয়া কোন জীব যায়, অ**ট** শ্রুতিতে তাহার বিবরণ আছে—

জাঁবের অবস্থাই প্রায় সমান। এখানে অজ্ঞ-বিজ্ঞে প্রভেদ নাই, যোগী-ভোগীতে পার্থক্য নাই; এ পর্যান্ত গতি সকলের পক্ষেই তুল্য। বিশেষ এই যে, অবিদ্বান্ ও উপাসক যথোক্তপ্রকারে ভূতসূক্ষম আশ্রায় করিয়া যথাযোগ্য পথে প্রস্থান করেন, আর জ্ঞানী পুরুষ মোক্ষের জন্ম কেবল নাড়ীপথমাত্র অবলম্বন করেন॥
৪।২।৪—৭॥

#### [ স্ক্স শরীরের পরিমাণ ও স্থিতিকাল ]

লয়প্রকরণে পঠিত—"বাক্ মনিস সম্পালতে, মনঃ প্রাণে, প্রাণস্তেজনি, তেজঃ পরক্ষাং দেবতায়াম্" এই শ্রুতিনির্দেশ ও "সোহধ্যক্ষে" এই সূত্রনির্দেশ অনুসারে বলা হইয়াছে যে, মুম্রুর্ব্যক্তির অস্তিম সময় সল্লিহিত হইলে, বাক্শক্তি মনের অধীন হয়, মনোরতি প্রাণের অধীন হয়, প্রাণ অধ্যক্ষ-আত্মাতে বিলীন হয়, প্রাণাদিসংবলিত অধ্যক্ষ সৃক্ষম তেজের অধ্যন হয়, সেই তেজঃ আবার প্রাণ, মন, অধ্যক্ষ, ইন্দ্রিয়নর্গ ও অপরাপর সৃক্ষম ভূতের সহিত একযোগে পরা-দেবতা পরমাত্মায় বিলীন হয়। এখানে বলা আবশ্যক যে, সৃক্ষম শরীরের সহযোগিতা বাতীত দেহাধ্যক্ষ জীবের কোনপ্রকার কার্য্য করাই সম্ভবপর হয় না; মৃতরাং 'অধ্যক্ষের লয়' অর্থে সূক্ষম শরীরেরই লয় বুঝিতে ইইবে।

এখন ক্সিজ্ঞান্ত এই যে, পরা-দেবতা প্রমাত্মা সকলেরই
মূল কারণ। কার্য্য বা উৎপন্ন বস্তামত্রই স্ব স্ব মূল কারণে
লয়প্রাপ্ত হয়—মূল কারণের সহিত মিলিয়া এক হইয়া যায়,
ভাহার আর ফিরিয়া আসা সম্ভবপর হয় না; বরফ্ ফলে পড়িলে

জাল হইয়া যায়, তাহার আর পুনরাবির্ভাব হয় না বা হইতে পারে
না। মৃত্যুকালে জীব যদি সূক্ষা শরীর ও তেজঃপ্রভৃতি সূক্ষা
ভূতের সহিত পরমাস্থায় বিলীন হয়, তাহা হইলে ত উহারা
সকলেই পরমাস্থার দহিত মিলিয়া এক হইয়া যাইবে, কেহই
আর পৃথক্ বা বিভক্ত থাকিবে না, উহাদের পুনরুখানও সম্ভবপর
হইবে না; তৎকালেই মুক্তি নিষ্পান হইতে পারে; স্থতরাং উহাদের আর লোকান্তর-গমন বা অক্যপ্রকার কর্ম্মকলভোগের অবসর
কোথায় ? তত্ত্ত্বে সূত্রকার বলিতেছেন—

তদ্ আপীতে: সংসার-বাপর্দেশাৎ ॥ ৪।২।৮॥

'অপীতি' অর্থ— আত্ম জ্ঞানোদয়ে সর্ববক শ্বন্ধায়ের, পর একোডেলার। তাদৃশ অপীতি (লয়) আর মুক্তি একই কথা। যতদিন পর্যান্ত জীবের তৃংদৃশ 'অপীতি' বা ব্রহ্মসম্পত্তি না হয়, ততদিন পর্যান্ত সূক্ষম শরীর বিধনস্ত বা বিনষ্ট হয় না। জীব সেই সূক্ষম শরীর আত্রায় করিয়া এবং তেজঃপ্রভৃতি সূক্ষমভূতে বেষ্টিত হইয়া অর্গ নরকাদি স্থানে গমনপূর্বক সংসার (জন্ম-ময়ণপরম্পরা) ভোগ করিয়া থাকে।

উক্তে সূক্ষম শরীর সপ্তদশ অবয়বে রটিত (১), পরিমাণে অতি সূক্ষম। সূক্ষম বলিয়াই পার্শত লোকেরা ইহার নির্গমন

 <sup>(</sup>১) ফ্ল শরীরের সপ্তদশ অবয়ব এই —

 পঞ্চ প্রাণ-মনোবৃদ্ধি-দশে ক্রিয়সমিরিতম্।
 শরীরং সপ্তদশভিঃ ফ্লেং তরিলমূল্টতে ॥

<sup>.</sup> नक आ१-(आ१, ज्यान, नमान, वान ७ हतान), मन, वृद्धि वना

দেখিতে পায় না। তুল শরীরের বিকারে ইহার বিকার হয় না, বিনাশেও বিনাশ হয় না, এবং প্রলয়কালেও উচ্ছেদ হয় না। ইহা অনাদিকাল হইতে আছে, এবং অনস্তকাল থাকিবে—যতদিন জীবের পরামুক্তি দিন্ধ না হয়॥ ৪।২।৮—১২॥

এই সূক্ষন শরীরের সাহায্যেই জীবগণ পরাপর-ব্রহ্মবিষ্ঠা অর্জনে সমর্থ ইইয়া থাকে। তন্মধ্যে যাহারা অপর-ব্রহ্মবিষ্ঠা অর্জনে করেন, তাহারা এই সূক্ষন শরীরের সাহায্যে উৎক্রমণ করেন. (তাহাদের উৎক্রমণের প্রণালী পরে বলা হইবে); আর যাহারা পরব্রহ্মবিদ্যা অধ্যিত হইয়া অবিদ্যা-বন্ধন ছিন্ন করিতে, সমর্থ হন, তাহাদের আর উৎক্রমণ করিতে হয় না, এখানেই সূক্ষম শরীর ও তর্ৎসহচর, সূক্ষমভূত সকল বিলয় প্রাপ্ত হয়। এবিষয়ে সূত্রকার বলিয়াছেন—

তানি পরে, তথাহাহ ॥ ৪।২।১৫॥

যে সৃক্ষ শরীর ও ভূতবর্গ অপরাবিতাদেবীদিগের উৎক্রমণে সহায় হয়, সেই সৃক্ষ শরীর ও ভূতবর্গ ই আবার পরাবিতার উপাসকদিগের উপকারসাধনে সর্বতোভাবে অসমর্থ হয়; এবং আপনাদের করণীয় কিছু না থাকায় পরাদেবতা পরমাত্মায় যাইয়া এমনভাবে বিলয়প্রাপ্ত হয় যে, আর কথনও তাহাদের বিভাগ বা পুনক্ষণান সম্ভবপর হয় না। এ বিষয়ে শ্রুণিত বলিয়াছেন—

কর্মেন্দ্রির পাঁচ ও জ্ঞানেন্দ্রির পাঁচ, এই সপ্তদশ অবয়বদম্বিত স্ক্রশরীর, ইহার অপর নাম লিক শরীর। সাংখ্যমতে অহকারও একটা অবয়ব,
স্কুডাং সেইমতে স্কুরবসংখ্যা স্কুটায়শ হয়।

LIBRARY

"ন তম্ম প্রাণা উৎক্রামন্তি, ইহৈব সমবলীয়ন্তে" অর্থাৎ 'সেই ব্রহ্মবিদ্ পুরুষের প্রাণসকল (ইন্দ্রিয়প্রভৃতি) উৎক্রমণ করে না, এখানেই বিলীন হইয়া যায়' ইত্যাদি। আরপ্ত বহু শ্রুতি ও ম্মৃতিবাক্যদারা এ কথা সমর্থিত হইয়াছে; সে সব কথা পরে আলোচিত হইবে, এখন উপাসকদিগের উৎক্রমণের প্রণালী আলোচনা করা যাইতেছে ॥ ৪।২।১৩—১৩॥

### [ উপাসকদিগের উৎক্রমণ-প্রণালী ]

অপরাবিত্যাদেবী উপাসকগণের উৎক্রমণচিন্তাপ্রসঙ্গে মৃত্যুকালীন অবস্থা, এবং সৃক্ষম শরীরের স্বরূপ ও স্থিতিকালপ্রভৃতি,
বিষয়গুলি আলোচনা করা হইয়াছে; একঃ সেগানে একথাও
বলা হইয়াছে যে, কন্মী ও উপাসকগণ এই সৃক্ষম শরীরের
সাহায্যেই স্থুল দেহ হইতে বিভিন্ন পথে বহির্গত হয়, আর জীবন্মুক্ত পুরুষের সৃক্ষম শরীর এখানেই বিলীন হইয়া যায়; স্থুতরাং
তাঁহার আর পরলোকগতি বা উৎক্রমণ সন্তবপর হয় না। কন্মীদিগের গতিপ্রণালী পূর্বেই বর্ণিত হইয়াছে, এখন কেবল উপাসকগণের উৎক্রমণ প্রণালী বলা যাইতেছে। পূর্বেই বলা হইয়াছে
যে, উপাসক মৃত্যুকালে হদয়দেশ হইতে অগ্রসর হইয়া মুর্যগ্
নাড়ীপথে নিজ্জান্ত হন, কিন্তু তাহার নিজ্জমণে কোনপ্রকার
অবলম্বন থাকে কি না, সে কথা বলা হয় নাই; এখন বলা
হইতেছে—

#### तथाञ्चमात्री ॥ हारा५७ ॥

উপাসকগণ দেহ হইতে বহির্গমনের সময় হৃদয়নিঃস্ত

মূর্ধন্য নাড়ী-পথে সূর্য্যরশ্মি অবলম্বন করিয়া বহির্গত হন। ঐ নাড়ীটী সকল মুময়েই সূর্য্যরশ্মিবারা উদ্ভাসিত থাকে; কোন সময়ই রশ্মির অভাব হয় না ; এমন কি, রাত্রিকালেও সেই রশ্মি-সম্বন্ধ বিলুপ্ত হয় না। উপনিষদে আছে—"অথ যত্ৰৈতদম্মাৎ শরীরাদ্ উৎক্রামতি, অথৈতৈরেব রশ্মিভিরন্ধমাক্রমতে" অর্থাৎ উপাসক যৎকালে এইভাবে বর্ত্তমান দেহ হইতে উৎক্রমণ করে, তৎকালে এই সকল সূর্য্যরশ্মিযোগেই উৎক্রমণ করে। স্বারও আছে—"অমুম্মাদাদিত্যাৎ প্রতায়ন্তে, তা আস্ত্র নাড়ীরু সপ্তাঃ, .আভ্যো নাড়ীভ্যঃ প্রতায়স্তে, তে অমুগ্মিন্নাদিত্যে স্প্তাঃ" অর্থাৎ সূর্য্যরশ্মি ঐ সক্লল নাড়ী হইতে নির্গত হইয়া সূর্য্যে সংলগ্ন হয়, আবার সূর্য্য হইতে নিগতি হইয়া নাড়ীসমূহে মিলিত হয়। রাত্রিতেও বে, রশ্মি-সম্বন্ধের অভাব হয় না, তাহা—উপনিষদের **"অহরেবৈতদ্** রাত্রো দধাতি" 'সূর্য্যদেব রাত্রিতৈও এইভাবে দিন সম্পাদন করিয়া থাকেন। এই উক্তি হইতে জানিতে পারা রাত্রিতে যদি সূর্য্যরশ্মির কোন সম্বন্ধই না থাকে, তাহা **ছইলে 'রাত্রিতে দিনবিধান করা' উক্তি কখনই স**ক্ষত হইতে পারে না। তাহার পর, গ্রীষ্মকালের রাত্রিতে অন্ধকারের অল্লতা-দর্শনেও অমুমান করা যাইতে পারে যে, তৎকালেও সূর্য্যালোক ক্ষীণতর-ভাবে বিভ্যমান থাকে, নচেৎ অন্ধকারের ঘন-বিরুলভাব সংঘটিত হইতে পারে না। এই সকল কারণে স্বীকার করিতে হয় বে, রাত্রিকালেও প্রত্যেক প্রাণিদেহের সহিত সূর্য্যরশ্মির মৃত্রতর **সম্বন্ধ** অকুণ্ণই থাকে, কেবল মুধ্স্ত-নাড়ীতে তাহার সমধিক বিকাশ ঘটিয়া থাকে মাত্র। বিশেষতঃ মৃত্যুর কাল যখন অনিশ্চিত, দিখা রাত্রি যে কোন সময়ে মৃত্যু সংঘটিত হইতে পারে, তখন রাত্রিমৃত্যুর অপরাধেই যদি উপাসকের ব্রহ্মলোকপ্রাপ্তির পথ নিরুদ্ধ
হইয়া যায়, তাহা হইলে উপাসনার ফল পাক্ষিক বা অনিশ্চিত
(হইতেও পারে, না হইতেও পারে, এইরূপ) হইয়া পড়ে; তাহা
হইলে ক্লেশকর উপাসনায় কোন লোকেরই আগ্রহ থাকিতে পারে
না। তাহার পর, রাত্রিতে মৃত্যু হইলে যে, উৎক্রমণের জন্ত
দিবার অপেক্ষা করিবে, তাহাও বলিতে, পারা যায় না; কারণ,
"স্ব যাবৎ ক্লিপেৎ, মনস্তাবদাদিত্যং গচ্ছতি" এই শ্রুতি দেহত্যাগের সক্লে সক্লেই রশিপ্রাপ্তির কথা বলিছাছে। এই সকল
কারণে বলিতে হইবে যে, উপাসক দিবাতেই দেহত্যাগ করুন,
আর রাত্রিতেই করুন, কোন সময়েই তিনি নাড়ীপথে স্থ্যরশ্মি
পাইতে বঞ্চিত হন না। কেবল তাহাই নহে—

## অভশ্চারনেহপি দক্ষিণে॥ ৪।২।২৯॥

উপাসক যদি দক্ষিণায়নেও দেহত্যাগ করেন, তাহা হইলেও
তিনি বিভার উপযুক্ত ফল পাইতে বঞ্চিত থাকেন না। বিভাফল
দেশকালাদি নিমিন্ত-সাপেক্ষ নহে; এবং পাক্ষিক বা অনিশ্চিতও
নহে। বিভা দেশকালনির্বিশেবে আপনার ফল প্রদান করিয়া থাকে,
অপর কাহারও সাহায্য অপেকা করে না। তবে যে, শান্তেতে
দিনামৃত্যু ও উত্তরায়ণে মৃত্যুর প্রশংসা আছে, তাহা কেবল উপাসমারহিত অভ্য লোকদিগের পক্ষে। জীমাদেব যে, দক্ষিণায়নে
শয়প্যাগত ইইয়াও উত্তরায়পের প্রতীক্ষা করিয়াছিলেন, তাহা

কেবল লোকশিক্ষার অনুরোধে শিফাচারে আদর প্রদর্শনের জন্য, এবং পিতৃপ্রস্যুদের মহিমাখ্যাপনার্থ, (কারণ, তিনি পিতার নিকট হইতে 'ইচ্ছামৃত্যু' বর লাভ করিয়াছিলেন,) কিন্তু নিজের মুক্তিলাভের স্থবিধার জন্ম নহে। তবে যে, ভগবান্ ভগবদগীতায়

"ষত্ৰ কালে স্বনাঁবৃত্তিমাবৃত্তিং চৈব যোগিন:।
প্ৰয়াতা যান্তি তং কালং বক্ষ্যামি ভরতর্মত ॥" (গীতা চাংও)
এই বাক্যে উত্তরায়ণে মৃত যোগিদিগের অপুনরাবৃত্তি (ক্রমমুক্তি)
ও দক্ষিণায়ণে মৃত যোগিদিগের পুনরাবৃত্তির কথা বলিয়াছেন,

ষোগিনঃ প্রতি চ স্মর্যাতে, স্মার্ত্তে চৈতে ॥ ৪।২।২১ ॥

-তাহা কেবল---

কর্মযোগিদিগের জন্ম বলিয়াছেন। যাগারা গীতোক্ত প্রণালী-ক্রমে নিক্ষাম কর্মযোগে সিদ্ধিলাভ করিয়াছেন, তাঁহাদের সম্বন্ধেই ঐপ্রকার উত্তরায়ণ-দক্ষিণায়নের বিধিন্যবন্ধা, কিন্তু বেদোক্ত দিহরবিছা। প্রভৃতি উপাসনায় সিদ্ধ পুরুষগণের জন্ম নহে। বিশেষভঃ উক্ত পথ ঘুইটীও স্মৃতিশাস্ত্রোক্ত, বেদোক্ত নহে। বেদোক্ত পথে যে, 'অচিঃ'প্রভৃতি কথা আছে, সে সকল কথার জর্ম যান বা কালবিশেষ নহে, পরস্তু আতিবাহিক; সে কথা পরে (৪৩৪৪) সূত্রে বিবৃত করা হইবে। অতএব এখানে এই সিদ্ধান্তই স্থির হইল যে, বেদোক্ত উপাসনায় সিদ্ধ পুরুষদিগের উৎক্রমণে দেশকালাদির অপেকা নাই; এবং দেশকালাদিবিশেনে মৃত্যুত্তেও ক্ষমের কোন ভারতম্য মটে না; স্কুত্রাং তাঁকারা

রাত্রিতে বা দক্ষিণায়নে দেহত্যাগ করিলেও যথানির্দ্ধিষ্ট পথে গমন করিতে সমর্থ হন, কোনই ব্যাঘাত ঘটে না в ৪।২।২১ в

# [ ক্রম-মুক্তি ]

পূর্বেব বলা হইয়াছে যে, অপরাবিভার উপাসক মৃত্যু সময়ে স্ব্যুরশ্মি অবলম্বনপূর্বক মুর্ধন্ত নাড়া-পথে (যে নাড়ীটী হৃদয় হইতে নির্গত হইয়া মস্তকে ব্রহ্মরজে যাইয়া মিলিয়াছে,) দেহ হইতে বহির্গত হইয়া আপনার গন্তব্য পথে গমন করেন, কিস্তু তিনি কোন পথে কিরূপে কোন গন্তর্য স্থানে গমন করেন, তাহা আদে বলা হয় নাই, অথচ উপনিষ্দের বিভিন্ন স্থানে বিভিন্নপ্রকার পথের উল্লেখ দেখিতে পাওয়া যায়, এবং গন্তব্য স্থানসম্বন্ধেও পরস্পর-বিরোধী কথা শুনিতে পাওয়া যায়; কাজেই. এ বিষয়ের তত্ত্ব নির্ণয় করা সহজ হয় না; এই কারণে সূত্রকার নিজেই এ বিষয়ের তত্ত্ব-নির্দ্দেশ করিয়া বলিতেছেন—

# অর্চ্চিরাদিনা, তৎপ্রথিতে:॥ ৪।৩।১ ॥

যদিও বিভিন্ন উপনিষদে বিভিন্নপ্রকার কথায়—ভিন্ন ভিন্ন পথের উল্লেখ আছে বলিয়া মনে হউক, তথাপি বৃনিতে হইবে যে, উপাসকগণ শ্রুত্যুক্ত অর্চিরাদিনামক একই পথে গমন করেন, ভিন্ন পথে নহে। প্রকৃত পক্ষে বিভিন্ননামীয় ঐ সকল পথ 'দেবযান' হইতে স্বতন্ত্র নহে। পূর্বেবাক্ত অর্চিঃ অহঃপ্রভৃতিও সেই পথের বিভিন্ন অংশ ভিন্ন আর কিছুই নহে। একই দেবযান-পথ বিভিন্ন স্থলে বিভিন্ন নামে উপদিষ্ট হইয়াটে মাত্র। কোথাও বা আবশ্যুক্ষমতে ঐ পথেরই অংশবিশেষমাত্র উক্ত হইয়াছে, ভদ্মশনে আপাতজ্ঞানে পথভেদের ভ্রান্তি উপস্থিত হইয়া থাকেমাত্র, বস্তুতঃ
সমস্ত পথ একই পথ বা একই পথের অংশবিশেষমাত্র। অতএব উপাসক দেবযান-পথেই ত্রন্ধলোকে গমন করেন, এবং প্রথমে ঐ পথের 'অর্চিঃ' ভূমিতেই উপস্থিত হন, ইহাই সূত্রের সিদ্ধান্ত।

# [ দেবযান-পথের পরিচয় ]

উপাসক দেবযান-পথ অবলম্বনে ব্রহ্মলোকে গমন করেন,
এবং প্রথমে 'অর্চিঃ' ভূমিতে উপস্থিত হন, এ পর্য্যন্ত অবধারিত
হইলেও সংশয়ের অবসান হইতেছে না। উপাসক পর-পর
কোন কোন ভূমি অতিক্রম করিয়া যে, ব্রহ্মলোকে উপস্থিত হন,
ভাহা নিশ্চয় করা যাইতেছে না; কারণ, ভিন্ন ভিন্ন উপনিষদের
মধ্যে দেবযান-পথের পরিচয়সম্বন্ধে বিভিন্নপ্রকার মতবাদ
দেখিতে পাওয়া যায়। সংক্রেপতঃ এম্বলে তুইটীমাত্র উপনিবক্রেম্ব বাক্য উদ্ধৃত করা যাইতেছে, তাহা হইতেই বিরোধের পরিচয়
পাওয়া যাইবে। ছালোগ্যোপনিষদের চতুর্থ অধ্যায়ের পঞ্চদশ
বিশ্বে কথিত আচে—

" তেথ চিসনেবাভিসম্ভবন্তি, অচিবোৰহং, অহু আপৃথ্যমাণপক্ষং, আপৃথ্যমাণপক্ষান বান বজুদঙ্ভেড্ তি মাসান, তান, মাসেভাঃ সংবৎসরং, সংবৎসরাদাদিভাং, আদিভাগে চক্রমসং, চক্রমসো বিহ্যতং, তৎপুরুষোষ্-মানবঃ স এতান ব্রহ্ম গময়তি।"

ইহার অর্থ এই বে, উপাসকগণ দেহত্যাগের পর প্রথমেই অর্চিতে (অগ্নিলোকে) গমন করেন, সেখান হইতে ক্রেমে অবঃ, উত্তপক্ষ, বন্মাসাম্বক উত্তরায়ণে ও সংবৎসরে গমন করেন; সংবৎসরের পর আদিত্যলোকে, আদিত্যলোক হইতে চন্দ্রলোকে এবং সেখান হইতে বিদ্যাৎ-লোকে উপস্থিত হন। সেখানে উপস্থিত হইলেই একজন অমানব (মামুষের মত চেহারা নয়, এমন) পুরুষ আসিয়া ভাঁহাদিগকে এক্ষলোকে লইয়া যায়।—
ছান্দোগ্যোপনিষদে দেবযান-পথের এইপ্রকার পরিচয় প্রদন্ধ
ইয়াছে; কিন্তু কৌষিতকী উপনিষদ আবার অক্যপ্রকার পরিচয়
দিয়াছেন। কৌষাতকী উপনিষদ বলিয়াছেন—

" স এতং দেবধানপন্থানমাপত্ম অগ্নিলোকনাগছনতি, স বায়ুলোকং, স বক্ষালোকং, স ইন্দ্ৰলোকং, স প্ৰজাপতিলোকং, স বন্ধলোকম্ " ইতি।

ব্দর্থাৎ উপাসক মৃত্যুর পর দেবযান-পথে উপস্থিত হইর।
ক্ষািলোকে গমন করেন, বায়ুলোকে গমন করেন, এবং ইন্দ্রলোকে ও প্রকাপতিলোকে যাইয়া শেষে ব্রহ্মলোকে উপস্থিত
বন।

উল্লিখিত উভয় শ্রুণতিতেই ব্রহ্মালোকে বাই বার জন্ম যে, দেশ নান-পথ অবলম্বন করিতে হয়, এবং সে পথে যে, প্রথমেই অগ্নি লোকে উপন্থিত হইতে হয়, এ কথা ঠিক একরপই উক্ত আছে, কিন্তু অগ্নিলোকের পরে ও ব্রহ্মালোকের পূর্বে যে সমস্ত ভানেন ভিতর দিয়া যাইতে হয়, সে সমস্ত ভানসম্বন্ধে উভয় উপনিবদে সম্পূর্ণ ভিন্নমভ দৃষ্ট হয়; ঐ অংশে উভয়ের মধ্যে কিছুমান ঐক্য নাই। বৃহদারণাক উপনিষদে আবার উত্তরায়ণ ছয় মাসের পরে ও আদিত্যের পূর্বের 'দেবলোক্ত' নামে আর একটা ভানের লেখ আছে—" মাসেত দেবলোকং দেবলোকাদাদিত্যম"। পরস্পর-বিরোধী এইসকল বাক্যার্থ আলোচনা করিলে সহজেই তত্ত্বনির্ণয়ের পথ বিষম সংকটময় হইয়া পড়ে। তত্ত্বনির্ণয়ের পরিপদ্ধা এই অসামঞ্জন্ত অপনয়নপূর্বক দেববান-পথের প্রকৃত্ত স্বরূপ প্রস্তাপনের অভিপ্রায়ে সূত্রকার বলিতেছেন—

> বায়্মকীদবিশেষ-বিশেষাভ্যাম্ ॥৪।০।২॥ তড়িতোহধিবরুণঃ ॥৪।০।৩॥

কোষীতকী উপনিষদে যে, দেবযান-পথে বরুণলোক ও বায়ু-লোক প্রভৃতির উল্লেখ আছে, তাহা কেবল গন্তব্যস্থানের নির্দেশ-মাত্র, বস্তুতঃ তাহা ঐ পথের পারম্পর্য্যক্রম-জ্ঞাপক নহে। সেই भाष याहेर है हहेरल एवं नमन्त्र लात्कत जिल्ल निया याहेर हैं है. ু ঐ বাক্যে কেবল তাহাই নিৰ্দ্দেশ করা হুইয়াছে, কিন্তু কোন স্থানের পর কোন স্থানে যাইতে হয়, তাহার নির্দেশ নহে: কারণ, সেখানে পারম্পর্য্যবোধক কোন শব্দ নাই : ছান্দোগাবাক্যে কিন্তু ভাহা আছে—পারম্পর্য্যবোধক পঞ্চমী বিভক্তিদারা, যাহার প**র** ষেখানে গাইতে হইবে, তাহার ক্রমই নিদ্দিন্ট হইয়াছে; স্নতরাং কৌষাতকীর বাকা অপেক্ষা ছান্দোগোর বাক্য এবিষয়ে বলবান। पूर्वत हित्रकाल है वलवारनत अधीन इहेग्रा हरल, हेश है हित्रसन নিয়ম। অভএব কোষীতকীৰ বাক্যকে ছান্দোগ্য-বাক্যের অফু-গামা করিয়া ব্যাখ্যা করিতে হইবে, তাহা হইলেই অদামঞ্জন্ম দূর হইতে পারে। এই অভিপ্রায়ে সূত্রকার বলিয়াছেন, অর্চিঃ হইন্ডে সংবৎসর পর্যান্ত পথের পারম্পর্যা-ক্রম বেরূপ নির্দিষ্ট আছে. তাহা মেই দ্বাস্থয় থাজিবে, কে তা মাবংগরের পর 'দেবলোক' ও

'ৰায়লোক' এই চুইটী লোকের সন্নিবেশ করিতে হইবে; এবং বিদ্যাৎলোকের পরে বরুণলোক, ইন্দ্রলোক ও প্রজাপতিলোকের ষ্মবস্থিতি গ্রহণ করিতে হইবে, তাহা হইলেই দেবযান-পথের একটা নির্দ্দিষ্টভাবের অবয়ব-সন্নিবেশ স্কৃত্বির হইতে পারে, এবং উপনিষদ্-বাক্যের উপর আপাততঃ যে, বিরোধের আশঙ্কা হইয়াছিল, তাহা-রও পরিহার হইতে পারে। বিশেষতঃ কৌষাতকী উপনিষদে যখন কেবল স্থানগুলির উল্লেখমাত্র আছে. ক্রেমের কোন কথাই নাই-কোন স্থান যে, কোন স্থানের পর, ইহার কোনই উল্লেখ নাই, অথচ ছান্দোগ্যোপনিষদে বিশেষভাবে ক্রমনির্দ্দেশ রহিয়াছে, তথন উক্ত প্রকার সন্নিবেশ-কল্পনা করা কখনই দোষাবহ হं ₹७ পারে না। বিশেষতঃ সংবৎসরের পরে এবং আদিত্যের পূর্বের যে, বায়ুর সরি-বেশ বা মর্ম্বিভি, ভাহা বুহদারণ্যকের উক্তি হইতেও প্রমাণিত ছইতেছে। সেখানে ক্ষিত আছে যে, "স বায়ুমাগচ্ছতি, তকৈ স তত্র বিজিহীতে,—যথা রথচক্রন্স খং, তেন স উদ্ধ নাক্রমতে : স আদিত্যমাগচছতি।" অর্থাৎ 'উপাসক পুরুষ অর্চিরাদিক্রমে বায়ু-সমীপে উপস্থিত হন : বায়ু তাঁহার জন্ম আপনার মধ্যে একটী ছিদ্র উৎপাদন করে, যেমন রথচক্রের ছিন্ত। উপাদক সেই ছিদ্রপথে উদ্ধে গমন করেন: এবং আদিতাসমীপে উপস্থিত হন'। এখানে বায়ুর পরে আদিত্যপ্রাপ্তির কথা আছে। সংবৎসরের পরে এবং আদিত্যের পূর্বের য়দি বায়ুর স্থান না হয়, তাহা হইলে উপরি উক্ত বাক্যের অর্থ ই বাধিত হয়। কাজেই আদিতেয়র পূর্বের ও সংবং-্রের পরে বায়র সন্ধিবেশ স্বীকার করা আবশ্যক হয় 18া৩া২—৩া

# [ অচিঃ প্রভৃতির অর্থ—আতিবাহিক ]

এই যে, দেবযান-পথের অংশ 'অচ্চিঃ' 'অহঃ' প্রভৃতির কথা বলা হইল, এসমস্ত কি কোনপ্রকার স্থান ?—যাহার ভিতর দিয়া উপাসকর্গণ ব্রহ্মলোকে গমন করেন ? কিংবা পথের পরিচায়ক চিহুবিশেষ ? অথবা অহ্য কিছু ? ততুত্তরে সূত্রকার বলিতেছেন—

# আতিবাহিকান্তল্লিকাৎ ॥৪।৩।৪॥

এই যে. অচিচিঃ ও অহঃপ্রভৃতি শব্দ, এসকলের অর্থপরের পরিচায়ক চিহুমাত্র নহে, অথবা শুদ্ধ স্থানবিশেষও নহে;
পরস্তু সেই সেই স্থানের অধিপতি—আতিবাহিক পুরুষ। ইহাদের
কার্য্য হইতেছে—অচিচিঃপ্রভৃতি লোকে আগত অতিথিস্থরূপ
উপাসকগণকে পথি-প্রদর্শনপূর্বক পরবর্তী স্থানে লইয়া যাওয়া।
ইহারা উপাসকগণকে একস্থান হইতে অক্সন্থানে লইয়া যান
বিলিয়া 'আতিবাহিক' নামে অভিহিত হন। এখানে একথাও
বলা আবশ্যক যে, মৃত্যুর পর অক্ষলোকগামী জীবের ইন্দ্রিয়বর্গ
সমস্তই বিকল বা নিক্রিয় থাকে, তাহার উপর অচিচিরাণিও
যদি অচেতন জড় পদার্থমাত্র হয়, তাহা হইলে, নেতার অভাবে
উপাসকগণের অক্ষলোক-প্রাপ্তিই অসম্ভব হইয়া পড়ে।

# [ ব্রন্মলোকে যাইবার পথক্রম ]

উপাসকগণের যখন মৃত্যুসময় উপস্থিত হয়—যখন বাগিন্দ্রিয়
মনে, মন—প্রাণে, প্রাণ—দেহাধ্যক্ষ জীবে বিলীন হয়, এবং জীবন্ত
যখন বাগাদিসহকারে তেজঃপ্রভৃতি ভূতসূক্ষেম আশ্রয় লইতে বাধ্য
ইয়, তথন হাদয়ের অগ্রভাগ উচ্ছল আলোকময় হয়, সেই

আলোকের সাহায্যে জীব মুর্ধ গ্র-নাড়ীপথে সূর্য্যরশ্মি অবলম্বন-পূৰ্বক নিৰ্গত হইয়া উৰ্দ্ধগানী হয়—প্ৰথমে প্ৰকাশময় অচিঃস্থানে উপত্বিত হয়: তখন ঐস্থানের অধিপতি অচ্চির দেবতা (১) তাহাকে লইয়া অহ:-স্থানে যান. এবং সেখানে তাহাকে অহ:-দেবতার নিকট সমর্পণ করিয়া নিরত্ত হন। অহর্দেবতা আবার উপাসককে লইয়া শুক্রপক্ষের অধিপতির হস্তে সমর্পণ করিয়া ফিরিয়া আইসেন। শুক্লপক্ষাধিপতিও তাহাকে উত্ত-রায়ণের অধিপত্তির নিকট লইয়া যান, এবং তাঁহার নিকট দিয়া নিবুত্ত হন। উত্তরায়ণাধিপতি আবার সংবৎসরাধিপতির নিকট তাহাকে সমর্পণ করিয়া প্রতিনিবৃত্ত 🕏 ম। । এইভাবে সংবৎসরপত্তি আবার তাহাকে লইয়া দেবলোকপতির নিকট উপস্থিত হন, তিনিও সাবার তাহাকে বায়ুলোকাধিপতির হস্তে সমর্পণ করিয়া নিরস্ত হন। বায়ুলোক ভেদ করিয়া গমন কর্ম কাহারো পক্ষে সম্ভবপর হয় না: এইজন্য বায়ু নিজেই আপনার মণ্ডল-মধ্যে রথচক্রের ছিদ্রের ন্যায় একটা ক্ষুদ্র ছিদ্র প্রস্তুত করেন, এবং সেই ছিদ্রপথে লইয়া যাইয়া উপাসককে আদিতা-লোকাধিপতির নিকট সমর্পণ করেন। আদিতা আবার তাহাকে চন্দ্রলোকাধিপতির নিকট লইয়া যান; চন্দ্র আবার ভাহাকে

<sup>(</sup>১) বিনি বেলানের অধিপতি, তিনি সেই স্থানের নামে পরিচিও হন। বেমন বিদেহাধিপতি বিদেহ নামে এবং কুরুদেশের অধিপতি কুরুনামে পরিচিত, তেমনি আর্চিঃ-স্থানের অধিপতিও আর্চিনামে অভিহিত্ত ইইয়াছেন।

বিচ্ছাৎ-সমীপে সমর্পণ করেন। এখানেই ঐসকল আভিবাহিকের সমস্ত কার্য্য শেষ হইয়া যায়; নিচ্ছাতের (১) অধিপতি আর ভাহাকে লইয়া অগ্রন্থানে যাইতে পারেন না। এইজন্য ব্রহ্মালাক ইইতে একজন অমানব জ্যোতির্ম্য্য পুরুষ সেখানে আসিরা উপস্থিত হন, এবং "তৎপুরুষোহমানবং স এতান্ ব্রহ্ম গময়তি" তিনিই উপাসকগণকে সঙ্গে লইয়া বরুণলোক, ইন্দ্রলোক ও প্রজাপতিলোকের মধ্য দিয়া ক্রনে অগ্রন্থার হইয়া ব্রহ্মালাকে পৌছাইয়া দেন। পথের মধ্যবর্তী বরুণ, ইন্দ্র ও প্রজাপতি আর আতিবাহিকের কার্য্য করেন না, তাহারা পথিমধ্যে আবশ্যকমঙ্গে সমনের সাত্মায়্যাত করেন; স্কুতরাং তাঁহাদিগকে এক্ষেত্রে আতিবাহিক না ধলিলেও চলে। উক্ত অমানব বৈত্যুত পুরুষ উপাসকগণকৈ ব্রহ্মালোকে লইয়া যান সত্য কিন্তু তিনি সকল উপাসকগণকৈ ব্যহ্মায়ে বান না। এ বিষয়ে আচার্য্য বাদরায়ৰ বলেন—

অ-প্রতীকালম্বনান্ নম্নতীতি বাদরামণ:, উভয়থাঞ্দোষাৎ,

তংক্রতুশ্চ । ৪।৩।১৫ ।

ষাহারা প্রতীকের উপাসনা না করিয়া, অন্যপ্রকারে অপরব্রক্ষের

<sup>(</sup>১) বিহাৎলোকেব পৰ যে, অপৰ আতিবাহিকের গতি সম্ভব হয় না, একমাত্র আমানৰ বৈহাত প্রধেরই সম্ভব হয়, তাহা বুঝাইবার জন্য স্ত্রেকার বনিয়াছেন—"বৈহাতেনৈৰ ভতঃ, তচ্ছুতেঃ।" (৪।০)। "ন এতা
ৰক্ষ গামতি" এই শ্রুতি ভমুদারে বুঝিতে হয় যে, বিহাৎলোকে গমনেশ্র
পর, আমানৰ বৈহাত পুরুষই একমাত্র আতিবাহিকের কার্য করেন।

উপাসনা করেন, উক্ত অমানবপুরুষ কেবল তাঁহাদিগকেই পূর্বেবাক্ত নিয়মে জ্বন্দাকে লইয়া যান; কিন্তু যাহারা কেবল প্রতীকের ৰা সম্পদের উপাসনা করেন, তাঁহাদিগকে লইয়া যান না। कांत्रण, यिनि त्य विषद्यत উপामना वा धान करतन. পतिशास তিনি সেই বিষয়ই প্রাপ্ত হন। শ্রুতি বুলিয়াছেন—"তং যথা ৰপোপাসতে, তথা ভবন্তি" 'ব্ৰহ্মকে যে, যেভাবে উপাসনা করেন, উপাসক সেই সেইভংবেই তাঁহাকে প্রাপ্ত হন'। প্রতীকের উপাসকগণ প্রধানতঃ প্রতীক-বস্তকেই ধ্যেয়ুরূপে অবলম্বন করেন. স্তুত্রাং ধ্যেয়রূপে প্রতীকই সেখানে প্রধান, ত্রন্ম সেখানে গৌণ বা অপ্রধানরূপে চিন্তার বিষয় হন মাত্র, কি**র্বা** ধ্যেয়রূপে নহে : কাজেই প্রতীক বা সম্পদ্-উপাসকদিগের পক্ষে ব্রহ্মলাভ সম্ভব-পর হয় না: এইজন্মই অমানব পুরুষ তাঁহাদিগকে ব্রহ্মলোকে লইয়া যান না। প্রকান্তরে ঘাঁহারা প্রধানতঃ—পরই হউক, कर्-অপরই হউক,—ত্রক্ষোপাদনায় বা ব্রহ্মচিস্তায় রত থাকেন, ভাঁহারা ত্রহ্মপ্রাপ্তির অধিকারী বলিয়াই ত্রহ্মলোকে যাইতে পারেন, ইহাই আচার্য্য বাদরায়ণের মত ॥ ৪।৩।১৫ ॥

### [ গস্তব্য ব্রহ্ম-পরব্রহ্ম নহে ]

পূর্ববাদর্শিত উপনিষদের উপদেশ হইতে এইমাত্র জানিতে পারা বায় বে, উপাদকেরা বিহাতের নিকট উপস্থিত হইলে পর, অমানব বৈদ্যাত পুরুষ আদিয়া দেখান হইতে তাঁহাদিগকে ব্রক্ষানীপে লইয়া যান, ("স এতান্ ব্রক্ষা গম্মতি"), কিন্তু সেই ব্রক্ষা কি পরব্রক্ষা ? অথবা অপর ব্রক্ষা ?—যিনি চতুর্মুখ, হিরণ্যগর্ভ ও

কার্য্যব্রহ্ম নামে পরিচিত, ভাহা বুঝিতে পারা যায় না। কারণ, ৰক্ষশব্দ ঐ উভয়বিধ অর্থেই প্রসিদ্ধ। উপাসকের প্রাপ্য ব্রহ্ম यि भवदा इस, जारा इरेटल उदक्त वा जारा देकवलाला छ হওয়া উচিত, ক্ষণকালও পৃথক্ভাবে অবস্থান করা সম্ভব হইতে পারে না। অথচ উপনিষদ তাঁহাদের দীর্ঘকালব্যাপী এক্সলোক-ৰাসের কথা বলিতেছেন—"ব্ৰহ্মলোকান গময়তি, তে তেযু ব্ৰহ্ম-লোকেষ্ পরাঃ পরাবতো বসন্তি।" অর্থাৎ উপাসকগণ ব্রহ্মলোকে নীত হইয়া সেখানে বহু সংবৎসর বাস করেন। ইহা হইতে বৃঝা বায় যে, সেখানে গেলে পর তাহাদের স্থ স্থাই মুক্তি হয় না, মুক্তির জন্য দীর্ঘকাল অপেক্ষা করিতে হয়। ইহা কিন্তু পরব্রকা-প্রাপ্তির পক্ষে সম্ভবপর হয় না। বিশেষতঃ পরত্রন্ম এক অখণ্ড বস্তু, ভাহাতে 'লোক'-শব্দের প্রয়োগ এবং বহুবচন প্রয়োগ কখনই ন্ত্রপত হইতে পারে না: অধিকন্ত ব্রহ্মলোকগামী পুরুষদিগের ভোগশ্রুতিও প্রব্রহ্ম পক্ষে উপপন্ন হয় না। এই সকল কারণে. সূত্রকার আচার্য্য বাদরির সিদ্ধান্তকে স্বসিদ্ধান্তরূপে গ্রহণ করিয়া বলিতেচেন---

#### কার্যাং বাদরিরশু গতাপপত্তে: ॥ ৪।৩।৭ ॥

বাদরিনামক আচার্য্য বলেন—উপাসকগণ আতিবাহিক পুরুষের সাহায্যে যে ব্রহ্মপ্রাপ্ত হন, তাঁহা পরব্রহ্ম নহে, পরস্তু অপর ব্রহ্ম — কার্যাব্রহ্ম; যিনি লোকাধিপতি চতুর্মুপ 'ব্রহ্মা'-নামে প্রসিদ্ধ। কারণ, যাহা দেশবিশেষে অবস্থিত ও কালাদি দ্বারা পরি-চ্ছিন্ন, তাহার নিকটেই গমন করা সম্ভবপর হয়, কিন্তু অপরিচ্ছিন্ন ও দর্শবগত পরত্রক্ষের নিকটে বা তাঁহার লোকে কাহারও কখনও প্রতি সম্ভবপর হয় না, বা হইতে পারে না। এবং রেক্ষেতে লোক-শব্দের, তাহার উপর বহুনচনের যোগ, এবং সেই লোকে দীর্ঘকাল বাস ও মহিমামুভব, ইত্যাদি বিষয়গুলিও পরত্রক্ষের শক্ষে নিতান্ত অসক্ষত ও অসম্ভব হইয়া পড়ে; এইজন্য উপাসক-গণের গন্তব্য ক্রক্ষ কার্যাক্রক্ষই বটে, পরক্রক্ষ নহে। অপর ব্রক্ষণ শরক্রক্ষের সম্বন্ধ অর্তিশয় ঘনিন্ট, অর্থাৎ উভয়ের মধ্যে প্রভেদ শতি অল্ল; এই কারণে, এবং অপর ব্রক্ষপ্রাপ্ত উপাসকগণের শক্ষেও পরব্রক্ষপ্রাপ্তি অতিশয় প্রদা, এই কারণে অপর ব্রক্ষেও (কার্যাব্রক্ষ হিরণাগর্ভেও) ব্রক্ষশব্দের প্রয়োগ দোষাবহ হয় না, বৃঝিতে ইইবে॥ ৪।৩ ৭—৯॥

উপরে যে দিদ্ধান্ত প্রদর্শিত হইল, তাহা কেবল আচার্য্য ৰাদরির অভিমত নহে, সূত্রকার বেদবাদেরও অভিমত। কৈ— ৰাদ আপনার অভিমত দিদ্ধান্তই বাদরির মুখে প্রকাশ করিয়া উহার দৃঢ়তাসাধন করিয়াছেন মাত্র; প্রকৃতপক্ষে উহা বেদ-ব্যাদেরই দিদ্ধান্ত। এই দিদ্ধান্ত বাদরি ও বেদব্যাদের অভিমত হইলেও পূর্বরমীমাংসাকর্তা জৈমিনি মুনি ইহাতে সম্মতি প্রদান করেন নাই; সেইজন্ম সূত্রকার জৈমিনির মত উদ্ধার করিয়া বলিতেছেন—

## भतः किमिनिम् शाखाः ॥॥। **॥**। ॥ । ।

আচার্য্য কৈমিনি মনে করেন, "স এতান্ একা গময়তি"
এই বাক্যন্থ একা অপর একা নছে, পরস্তু পরজ্ঞাই। কেন না,

ব্দ-শব্দ পরত্রক্ষেই মৃথা, অর্থাৎ পরত্রক্ষাই ত্রক্ষাশব্দের মৃথা অর্থ, অহা অর্থসকল গোণ। মৃথাথের সম্ভবসত্বে গোণার্থ গ্রহণ করা সক্ষত হয় না। বিশেষতঃ "ত্রোদ্ধমায়ন অমৃতত্বমেতি" এই ফাতিবচনে ত্রক্ষপ্রাপ্তি পুরুষের অমৃতত্ব (মৃক্তি) ফলপ্রাপ্তি দৃষ্ট হয়। পরত্রক্ষপ্রাপ্তি ব্যুতিরেকে যে, অমৃতত্বফল পাইতে পারা বায় না, এ বিষয়ে কাহারো মতভেদ নাই; এই কারণে, এবং এই ত্রক্ষপ্রাপ্তিতে যে সমস্ত ফল-বিশেষের উল্লেখ আছে, পরত্রক্ষব্যতিথেকে অহাত্র সে সকল ফলের ত্রভিত্ব হেতুতেও এ ত্রক্ষ, পরত্রক্ষ ভিন্ন অহা কেহ নহে। এ সিদ্ধান্ত জৈমিনির অভিমন্ত ইইলেও, সূত্রকারের সিদ্ধান্ত ইহার সম্পূর্ণ বিপরাত, তাহা প্রথমেই দেখান হইয়াছে। 'এইজহা ভাষ্যকার শঙ্করাচার্য্য নানাবিধ মৃক্তিতর্কের সাহায্যে জৈমিনি-মতের অপকর্ষ প্রদর্শন করিয়া সূত্র-বিশেষ অভিমন্ত অপরত্রক্ষপক্ষ সমর্থন করিয়াছেন। বাহুলাভয়ে এখানে সে সকল কথার আলোচনা করা হইল না; জিজ্ঞান্থ পাঠক ভাষ্য দেখিয়া কৌতৃহল চরিতার্থ করিবেন মন্তাত্রত্ব সাচ্যত্র কেইছায় কেইছায় কেইছায় কিছাত্র

# [ ব্রহ্মলোকে শবীরেক্রিয়সম্ভাব ]

অপরা বিভার উপাসকগণ ত্রজালোকে গমন করেন; এবং সেখানে যাইয়া তাঁহারা নানাবিধ বিভাফণ উপভোগ করেন; ইহা—"স যদি পিতৃলোককামো ভবতি, সংকল্পাদেবাম্ম পিতরঃ সমৃত্তিসন্তি", তিনি যদি পিতৃলোক কামনা করেন, তাহা হইলে তাঁহার সংকল্পমাত্রে (ইচ্ছামাত্রে) পিতৃগণ আসিয়া উপন্থিত হন, এবং "ভেষাং সর্বেষু লোকেষু কামচারো ভবতি"

সর্ববিত্র তাঁহাদের কামচার হয়, অর্থাৎ কোন বিষয়েই তাঁহাদের কামনা ব্যাঘাতপ্রাপ্ত হয় না, ইত্যাদি শ্রুতি প্রমাণ হইতে জানিতে পারা যায়। ভোগমাত্রই মন: ও শরীরেন্দ্রিয়সাপেক্ষ, শরীরাদির অভাবে ভোগ নিষ্পান্ন হয় না ও হইতে পারে না; পক্ষান্তরে শরীরের সক্ষে তঃখনজন্ধ যখন অপরিহার্য্য, তখন তঃখভোগও ভাহাদের সস্তাবিত হইতে পারে ? এ কথার উত্তরে আচার্য্য বাদরি বলেন—

## অভাবং বাদরিরাহ ছেবম ॥।।।।১।।

ব্রহ্মলোকগত উপাসকদিগের শরীর ও ইন্দ্রিয় থাকে না; কেবল মনঃমাত্র থাকে। উপাসকগণ সেই মনের সাহাঘ্যেই সর্ববপ্রকার ভোগ নির্বাহ করেন। স্থুল ভোগেই স্থুল শরীর ও ইন্দ্রিয় থাকা আবশ্যক হয়, সৃক্ষ্ম ভোগে নছে। তাঁহাদের ভোগ স্বপ্রকালীন ভোগের স্থায় সৃক্ষ্ম—মানস ভোগ, তাহা কিবল মনের ঘারাই সম্পাদিত হয়, "মনসৈতান কামান্ পশ্যন্ রমতে, য এতে ব্রহ্মলোকে" ইত্যাদি শ্রুতিও কেবল মনের সাহাঘ্যেই ভোগ নিম্পত্তির কথা বলিয়াছেন; অতএব ব্রহ্মলোকগত উপাসক-গণের শরীর ও ইন্দ্রিয় থাকে না, ইহাই বাদরি আচার্য্যের মত। কিন্তু আচার্য্য কৈমিনি এ কথা স্বীকার করেন না। এইজ্যু সূত্রকার কৈমিনির নাম করিয়া বলিতেছেন—

# **छारः कि**मिनिक्विकद्यामननार ॥॥॥॥।ऽ॥

আচার্য্য জৈমিনি বলেন—ত্রহ্মলোকগত উপাসকনিগের বেমন মন পাকে, তেমনি শরীর ইন্দ্রিয়ও থাকে। কারণ, "স একধা ভবতি, ত্রিধা ভবতি" ইত্যাদি শ্রুভিতে যে, ব্রহ্মলোকগামীদের একধা (এক প্রকার) ও ত্রিধাভাবের (অনেক প্রকার হওয়ার)কথা আছে, তাহা ত শরীরভেদ ব্যতিরেকে সম্ভবপর হয় না। আত্মা মরপতঃ এক অথগু ও নির্বিবেশেষ; শরীরাদি না থাকিলে তাহার একধা বা অনেকধাভাব কি প্রকারে সম্ভব হয় ? বিশেষতঃ শরীর না থাকিলে মনই বা থাকিবে কিরুপে ? অভএব ব্রহ্মলোকগড় উপাসকগণেরও শরীর, ইন্দ্রিয় ও মন সমস্তই আছে। একই প্রদীপ হইতে যেমন অনেক প্রদীপ স্ফা হয়, এবং সমস্ত প্রদীপই যেরূপ মূল প্রদীপের প্রকাশ লইয়া প্রকাশমান হয়, র্জন্মনেও (ত্রিধা ন্বধাপ্রভৃতি স্থলেও) সেইরূপ এক আত্মাঘারাই পরজাত সমস্ত শরীর উন্তাসিত বা পরিচালিত হয় বুঝিতে হইবে। স্ত্রকারও এবিষয়ে জৈমিনির মতকেই স্বসিদ্ধান্তরূপে প্রহণ করিয়ার্টিন, বুঝিতে হইবে।

# [ বন্ধলোকগামীদিগের ক্ষমতা ও ভোগুসামা, ]

পূর্ব-উদাহত " সংকল্পাদেবাস্ত " ইত্যাদি শ্রুছি হইতে, এবং " আপ্রোতি স্বারাজ্যন্ " তিনি স্বারাজ্য লাভ করেন, এবং "সর্বেষ্ লোকেষু কামচারো ভবতি" সর্বলাকে তাহার কামনা পূর্ণ হয়, অর্থাৎ তিনি যাহা ইচ্ছা করেন, তাহাই করিতে পারেন; এই সকল শ্রুতিপ্রমাণ হইতে জানা যায় যে, উপাসকগণ ব্রহ্মণোকে বাইয়া অসীম শক্তিশালী হন,—যাহা ইচ্ছা, তাহাই করিতে পারেন। এখন জানিতে ইচ্ছা হয় যে, তাহারা ঈশ্বের

স্পৃষ্টি ব্যবস্থারও বিপর্যায় ঘটাইতে পারেন কি না ? তত্ত্ত্তরে সূত্রকার বলিতেছেন —

জগদ্যাপাববর্জ্জম্, প্রকরণাদসন্নিহিতবাচ ॥৪।৪।১৭॥

ব্রহ্মলোকগত উপাসকগণ অসীম শক্তিলাভ করিলেও ঈশ্বরপ্রবর্ত্তিত জাগতিক বিধিব্যবস্থার বিপর্যয়ে বা অন্তথা করিতে পারেন না;
ইচ্ছা করিলেও দিনকে রাত্রিতে পরিণত করিতে পারেন না,

অথবা চন্দ্রস্থ্যের গতিক্রম পরিবর্ত্তিত করিতে পারেন না। এ সকল
বিষয়ে একমাত্র নিত্যসিদ্ধ পরমেশ্বেরেই নির্বৃঢ় ক্ষমতা, অপবের

বহে। উপাসকগণ অণিমাদি ঐশ্বর্য লাভ করেন, এবং তাহাবারা বছটা সম্ভব, করিতে পারেন ও করেন; তদ্ধিক লিষয়ে তাহাদের

কোন ক্ষমতা নাই, বলিলেও অত্যুক্তি হয় না। বিশেষতঃ—

# ' ভোগমাত্রসামালিক্সাচ্চ ॥।।।।২১॥

ব্রহ্মলোকর্গত ব্যক্তির। যে, সর্ববেভাভাবে ঈশ্বরৈর সমক্ষ্ ইয়া সমান শক্তিলাভ করেন, তাহা নহে। সেখানে যাইয়া তাঁহারা কেবল ঈশ্বরের সঙ্গে ভোগ-সাম্যমাত্র লাভ করিয়া শাকেন: কিন্তু সর্বব বিষয়ে নহে। শুভিতে ঈশ্বর ব্রহ্মলোকবাসী লোকদিগকে লক্ষ্য করিয়া বলিয়াছেন—"তমাহ— আপো বৈ ধল্ মীয়ন্তে, লোকোহসোঁ" অর্থাৎ আমি এই অমৃতময় জল ভোগ করিয়া থাকি, ভোমাদের লোকও এই অমৃতে পূর্ণ হউক। অন্তর্জ আছে—"স যথৈতাং দেবতাং সর্ববাণি ভূতান্তবন্তি, এবং হৈবং বিদম্" তর্থাৎ সমস্ত ভূত এই দেবতাকে (ঈশ্বংকে) যেরূপ রক্ষা করে, এবং বির উল্লেক্ত ও এই রূপট ব্রহণ করে, ইত্যাদি বছ স্থলে কেবল ভোগগত সাম্যের কথাই আছে, অন্য বিষয়ে সমতার কোন উল্লেখই নাই। অতএব "জগদ্যাপার-বর্জ্জং" কথা জ্বশাস্ত্রায় বা অসক্ষত নহে॥ ৪।৪।২১॥

এ পর্যান্ত বলা ইইয়াছে যে, উপাসকগণ ত্রন্ধালাকে যাইয়া
বন্ধানসাযুজ্য প্রাপ্ত হন, এবং ভোগবিষয়ে ঈশ্বরের সমকক্ষ হন,—
সংসারে আর ফিবিয়া আসেন না ইত্যাদি। কিন্তু ত্রন্ধালাক যথম
একটা পরিমিত স্থান ভিন্ন আর কিছুই নহে, তথন নিশ্চয়ই তাহা
নিত্য বা চিরন্থায়ী নহে; তাহাকেও সময়ে ধ্বংসের কবলে পড়িতে
ইইবে, এবং ত্রন্ধার কার্য্য-ভারও যথন নির্দ্ধিন্ত সময়ের জন্ত ন্তন্ত, তথন সেই কার্য্যকাল পূর্ণ ইইলে ত্রন্ধাকেও নিশ্চয়ই প্রস্থাদ করিতে ইইবে। এমত অবস্থায় ত্রন্ধালোকবাসীদিগেরই বা পরিশাম কিরূপ হইবে ? তত্নভারে সূত্রকার বলিতেছেন—

্কার্য্যাত্যয়ে ভদধাক্ষেণ সহাত:পরমভিধ্যানাৎ ॥৪।০।১ •॥

অপর ত্রেক্ষের কার্য্যকাল শেষ হইলে যখন ত্রক্ষালোক লয়োক্ষ্ম হয়, তখন সেই লোকাধিপতি ত্রক্ষার সঙ্গ্রে তাঁহারাও পরত্রক্ষে বিলয় প্রাপ্ত হন। অভিপ্রায় এই যে, দীর্ঘকাল অপর ত্রক্ষবিভার অনুশীলনের ফলে যাহাদের হৃদয় সর্ববিধ দোষমুক্তও বিশুদ্ধ ফটিকের মত উজ্জ্বল হয়। সেই সকল উপাসকই ত্রক্ষলোক্ষে বাইতে সমর্থ হন। তাঁহারা সেখানে গেলে,পর চিত্ত-মালিশ্রের নার কোনই কারণ থাকে না; স্কুতরাং আত্মজ্ঞান লাভেন্ধ কোনপ্রকার বাধা ঘটে না; এইজন্ম কার্য্যক্রক্ষ হিরণ্যার্ভ যথন কার্য্যভার সমাধ্য করিয়া প্রত্রেশে বিলান হন, তথন প্রক্ষালকার্সী উপাসকেরাও (যাহার) সেখানে যাইয়া আত্মজ্ঞান লাভ করিয়াছেন, ভাহারাও) সঙ্গে সজে পরত্রকো বিলীন হন।

> " ব্রাহ্মণা সহ তে সর্ব্বে সংপ্রাপ্তে প্রতিসঞ্চরে। পরস্থান্তে ক্রভাত্মানঃ প্রবিশক্তি পরং পদম্॥"

প্রতিসঞ্চর অর্থ প্রলয়কাল। প্রলয়কাল উপস্থিত হইকে

রক্ষার সঙ্গে জ্ঞান-প্রাপ্ত উপাসকগণও পরব্রন্দে লয় প্রাপ্ত হন।

अनावृज्ञिः भकान् अनावृज्ञिः भकार ॥ 8181२२ ॥

দিন স পুনরাবর্ত্ততে—" ইত্যাদি শব্দই এ বিষয়ে প্রমাণ।
ঐ সকল শ্রুণত প্রমাণ হইতে জানা যায় ই্রি; প্ররব্রেলা লীন
ব্যক্তি আর সংসারমগুলে আবর্ত্তিত হন না, ফিরিয়া আইসেন না।
তাঁহাদের সংসার-সম্বন্ধ দেখানেই চিরকালের জন্ম শেষ হইয়া'
বায় । অপর ব্রহ্মানিস্তার সেবক উপাসকগণের এবংবিদ মৃক্তিকে
'ক্রেমমৃক্তি' বলে, আর জীবন্মুক্তের মুক্তিকে 'বিদেহমুক্তি' বলে।
ক্রমমৃক্তির কথা এখানেই শেষ করা হইল। অতঃপর বিদেহমৃক্তির ক্থা বলা যাইতেছে।

## [জীবন্মুক্ত ও তাহার পুণ্য-পাপ ]

বাঁহারা শম-দম-বিবেক-বৈরাগ্যপ্রভৃতি সাধনসমন্বিভ হইরা প্রজ্ঞাবলে ব্রহ্মসাক্ষাৎকারে সমর্থ হন —দেহ-সন্থেই আপনার ব্রহ্ম-ভাব প্রভ্যক্ষ করিতে পারেন, তাঁহারা জীবমুক্ত নামে অভিহিত হন। ব্রহ্মবিদ্ জীবমুক্ত পুরুষের দেহপাতের পর আর উৎক্রমণ (ব্রহ্মলোকগতি) বা পরলোকগতি হয় না, এথানেই তাঁহার সমস্ত কার্য্য শেষ হইয়া যায়, এ কথা পূর্বেও বলা হইয়াছে, কিন্তু তাঁহার পূর্বসঞ্চিত পুণা ও পাপের গতি কি হয়, ভাহা বলা হয় নাই। যদি তৎকালেও তাহার পুণা ও পাপ অক্ষত অবস্থায় থাকে, ভাহা হইলে ব্রক্ষপ্রাপ্তির পরেও সেই সকল পুণা-পাপের ফল-ভোগার্থ তাহাকে পুনরায় সংসারে ফিরিয়া আসিতে হইবে, অথবা সেই সকল কর্মাফল ভোগের জন্ম ভাহাকেও বাধ্য হইয়া স্বর্গাদিলোকে যাইতে হইবে। ভাহা হইলে জীবন্মক্তের মুক্তিডে আর কন্মীর কর্মাফল-প্রাপ্তিতে কিছুমাত্র প্রভেদ থাকে না।

তদধিগম উদ্ভর-পূর্বাঘয়োরশ্লেষ-বিনাশৌ, তদ্যপদেশাং ॥ ৪।১।১৩ ॥

় জিজ্ঞাস্থ পুরুষ দীর্ঘকাল অনুধ্যানের পর যখন ত্রক্ষের
চিদানন্দঘন স্বরূপ প্রত্যক্ষ করেন, বিমল ত্রক্ষজ্যোতিতে যখন
তাঁহার হৃদ্যদেশ নিয়ত উদ্ধাসিত হইতে থাকে, এবং সংসারের
সর্ববিধ আকর্ষণ যখন ক্ষীণ হইয়া পড়ে, তখন তাঁহার পূর্বসঞ্চিত
পুণ্য ও পাপরাশি বিনফ্ট হইয়া যায়, এবং জ্র্গানোদয়ের পরে
উৎপন্ন কোনপ্রকার পুণ্য বা পাপ তাঁহাকে স্পর্শ করিতে পারে
না (১)। কারণ, ত্রক্ষবিভার প্রকরণে এইরূপই উপদেশ আছে—

<sup>(</sup>১) এই প্রেমাত্র 'অঘ' শবের উল্লেখ থাকার কেবল পাপের সম্বর্জই এই নিরম মনে হইতে পারে সত্য, কিন্তু, ইহার পরেই "ইতরস্থাপাবম-সংশ্লেম্বঃ, পাতে তু'' (৪।১।১৪) প্রতে প্রেমার সম্বন্ধেও প্রেমান্ত নিরমের কিন্তিদেশ করা চইরাছে, এইজ্ঞ আমরা এখানে পাপপুণ্য উভরেরই উল্লেখ করিলাম।

"যধা পুকরপলাশে আপো ন সংশ্লিয়ন্তে, এবনেবংবিদি পাপং কর্ম্মন লিয়াতে ইঙি", পদ্মপত্রে যেমন জল সংলগ্ন হয় না, তেমনি এবংপ্রকার জ্ঞানসম্পন্ন পুরুষেতেও (ব্রহ্মজ্ঞেও) পাপ লিপ্ত হয় না, এবং "তদম্বণা ইথীকাতৃলমগ্নো প্রোতং প্রাদৃয়েত, এবং হাম্ম সর্বেব পাপ্যানং প্রদৃয়ন্তে" অর্থাৎ ইথীকাত্ন তুলা যেরূপ অগ্নিতে নিক্ষিপ্ত হইলে দগ্ধ হইয়া যায়। তাহার পর, "সর্ববং পাপ্যানং তরতি \* \* ব এবং বেদ" যিনি এই প্রকারে জ্ঞানলাভ করেন, তিনি সমস্ত পাপ অতিক্রম করেন ইত্যাদি। উদ্ধৃত ক্রেনে, তিনি সমস্ত পাপ অতিক্রম করেন ইত্যাদি। উদ্ধৃত ক্রেতিয়ের মধ্যে প্রথমটী হারা জ্ঞানোত্তরকালৈ মে সকল পাপ-পুন্যুকর্ম্মের সংশ্লেষ সম্ভাবিত ছিল, তাহা নিবারিত হইয়াছে, আর হিত্তীয় বাক্যে জ্ঞানলাভের পর যে, পাপপুন্য —উছ্যুই ক্ষয়প্রাপ্ত হয়, তাহা নিম্নোদ্ধ্ ত বাক্যে আরও স্পান্টভাষায় বর্ণিত হুইয়াছে,—

"ভিততে হুদরগ্রান্থিভিততে সর্বসংশরা:। কীরন্তে চান্ত কর্মানি তন্মিন্ দৃষ্টে পরাংপরে॥"

অর্থাৎ সেই •পরাৎপর পরব্রন্ধ সাক্ষাৎকার ক্রিলে পর, সাধকের ক্ষমগ্রন্থি (অহকার) ভালিয়া বায়, সমস্ত সংশয় ছির হইয়া বায়, এবং তাঁহার সমস্ত কর্ম—পূর্ববসঞ্জিত পুণা ও পাপ বিনম্ভ হইয়া বায়। এই যে, পাপপুণাক্ষয়ের বিধি প্রদর্শিত হইল, ইংা কিন্তু সমস্ত কর্ম্মসমন্ত্রেই প্রযোজ্য নহে; এইজন্ম সূত্রকার বিশেষ করিয়া বুলিয়া দিতেছেন যে,—

অনারন্ধকার্য্যে এব তু পূর্ব্বে, তদবধে: 🛭 ৪।১।১৫ 🛭

অর্থাৎ এই যে, ব্রহ্মজ্ঞানোদয়ে পাপপুণ্যক্ষয়ের বিধি, তাহা কেবল অনারব্ধকার্য্যসঞ্চিত কর্ম্মের সম্বন্ধেই বুঝিতে হইবে, কিন্তু প্রারব্ধ কর্ম্মের সম্বন্ধে নহে।

অভিপ্রায় এই যে, কর্ম্ম সাধারণতঃ তিন শ্রেণীতে বিভক্ত—
সঞ্চিত, প্রারন্ধ ও ক্রিয়মাণ। তন্মধ্যে, যে সকল কর্ম্ম সাহায্যকারীর অভাবে এখনও ফলপ্রদানের স্থযোগ লাভ, করে নাই,
সহকারী দেশ, কাল ও নিমিত্তাদির অপেক্ষায় বসিয়া আছে,
সেই সকল কর্ম্ম 'সঞ্চিত' নামে অভিহিত। যে সকল কর্ম্ম
নিজেদের ফল দিতে আরম্ভ করিয়াছে, অর্থাৎ যে সকল কর্ম্ম
কলভোগের' নিমিত্ত বর্তমান দেহ প্রাত্তমূর্ত হইয়াছে, সেই
সকল কর্ম্ম 'প্রারন্ধ' নামে পরিচিত। আর যে সকল কর্ম্ম
জ্ঞানোদয়ের পর অনুষ্ঠিত হয়, সেই সকল কর্ম্ম 'ক্রেয়মাণ'
বলিয়া কথিত হয়। এই ত্রিবিধ কর্ম্মের মধ্যে কেবল প্রথমোক্ত
সঞ্চিত কর্ম্মরাশিই জ্ঞানোদয়ের পর ভন্মীভূত হয়, আর ক্রিয়মাণ
কর্ম্মরাশি বিফল হইয়া যায়, অর্থাৎ সে সকল কর্ম্মহারা জ্ঞানীর
পাপ পুণ্য কিছুই হয় না, কিন্ত 'প্রারন্ধ' কর্ম্মসম্বন্ধে এ নিয়ম খাটে
না; প্রারন্ধ কর্ম্মের ফল স্প্রানাকেও ভোগ্য করিতে হয়।

"মা ভূক্তং কীয়তে কর্ম করকোটীশতৈরপি। অবশ্রমেন ভোক্তন্যং ক্তং কর্ম গুলাওতম্ ॥" প্রারক্ত কর্ম্মের ফল শতকোটী কল্পেও ভোগ ব্যতিরেক্তে
ক্ষমপ্রাপ্ত হয় না। প্রারক্ত কর্মের ফল শুভই হউক, আর
ক্ষশুভই হউক, কর্তাকে তাহা ভোগ করিতেই হইবে। সে ভোগ
ইচ্ছায় হউক, অনিচছায় হউক বা পরেচছায় হউক, হইবেই হইবে,
অন্যথা করিবার উপায় নাই (১), এই অভিপ্রায়ে সূত্রকার
বলিতেকেন—

্ভোগেন বিতরে ক্ষপরিতা সম্পদ্ধতে ॥ ৪।১।১৯ ॥

জ্ঞানীরাও প্রারক্ষলক পুণ্য ও পাপের ফল উপভোগ করেন।
উপভোগে প্রারক্ক কর্মের শুভাশুভ ফল । নিঃশেষ করিয়া—
সম্পূর্ণরূপে কর্ম্মণাশ-বিমুক্ত হইয়া ব্রহ্মসম্পন্ন হন, অর্থাৎ রুদ্দের
সহিত তাদাব্যা, প্রাপ্ত হন। তখন তিনি—"ব্রহ্মনিদ্ ব্রক্ষের ভবতি" 'ব্রহ্মজ্ঞ পুরুষ ব্রহ্মই হন' এই বেদবাণীর সার্থকত। সম্পাদ্দন করিয়া চিরদিনের জন্ম সংসাৱ-সম্বন্ধরহিত হন'।

অভিপ্রায় এই যে, সংসারী জীব যে ত্রপনেয় অজ্ঞানের প্রভাবে বিমোহিত হইয়া আপনাকে ভূলিয়া যায়, নিজের নিজ্ঞানির্ম্মুক্ত প্রক্রাভাব উপলব্ধি করিবার সামর্থ্য পর্যান্ত হারায়, এবং জন্ম-জরা-মরণাদি সংসারধর্ম আপনাতে আরোপ করিয়া নিরন্তর

বিহিত প্রায়শ্চিত্ত বা উৎকট তপভাষারা কোন কোন প্রায়ৰ্ছ কর্মের কন মৃত্তাপ্রাপ্ত বা খণ্ডিত হইতে পারে, কিন্তু সকল কল নহে।

হ্লানীর ইচ্ছাকত প্রারক্ত হোগ—ভিক্ষাচর্য্যা প্রভৃতি।
 অনিচ্ছাকত ভোগ—বিষয়-সংযোগাদি।
 প্রেচ্ছাকত ভোগ—ভত্তের উপহারগ্রহণাদি।

ষাতনা পায়, সেই সর্বানর্থের মূলকারণ অজ্ঞান নিরসন করিবার একমাত্র উপায় হইতেছে—জ্ঞান। আলোক ব্যতীত যেমন অন্ধকার নিরস্ত হয় না, তেমনি জ্ঞানব্যতিরেকেও অজ্ঞান বিনষ্ট হয় না। একমাত্র আত্মজ্ঞানই আত্মবিষয়ক অজ্ঞান-নির্তির প্রকৃষ্ট উপায়।

যতদিন সেই আত্মজ্ঞানের উদয় না হয়, ততদিনই বুদ্ধিকৃত কর্ম্মে আত্মার কর্তৃত্ব-ভোক্তৃত্ব আরোপ করিয়া জীবদাত্রই কর্ম্মে ও কর্মাফলে আসক্তি ও অমুরাগ পোষণ করিয়া থাকে। সেই অনুরাগের ফলেই জীবকে কর্মানুযায়ী দের ধারণ করিয়া সংসারে যাতায়াত করিতে হয়। দীর্ঘকাল এইপ্রকার যাতা-য়াতের মধ্যে চুঃসহ যাতনা ভোগ করিতে করিতে প্রাক্তন পুণাকর্ম্মের ফলে যদি কাহারো হৃদয়ে তীত্র বৈরাগ্যের উদয় হয়, এবং সজে সজে শম-দমাদি সাধন-সম্পন্ন হইয়া যদি বৈর্ঘ্যসহকারে বেদাবিভার অনুশীলনে প্রবৃত্ত হয়, তবেই তাঁহার ভাগ্যে আত্ম-জ্ঞানলাভের স্থযোগ-সম্ভাবনা উপন্থিত হয়, এবং উচ্ছল জ্ঞানসূর্য্যোদয়ে পূর্ববতন অজ্ঞান-তিমিররাশি অন্তর্হিত হইয়া যায়। তখন তিনি আপনার ব্রহ্মভাব প্রভাক করিয়া আপনার আনন্দে আপনি পরিতপ্ত থাকেন। তখন অনাত্মবিষয়ক কামনা বা বাসনা এবং তমুল্ক 'সঞ্চিত' কর্ম্মরাশি ভম্মীভূত হইয়া থাকে, 'ক্রিয়মাণ' কর্মরাশিও তাঁহার নিকট হইতে সরিয়া থাকে, তাঁহাকে স্পর্শও করিতে পারে না। তখন তাঁহাকে কেবল প্রারব্ধ কর্ম্মের ফলভোগের জন্য বাধ্য থাকিতে হয়, এবং ভাঁহার ইচ্ছা না খাকিলেও কেবল প্রারক্ক কর্ম্মের ফলভোগের অন্যুরোধেই বাঁচিয়া থাবা—দেহ ধারণ করা আবশ্যক হয়। প্রারক্ক কর্মের ফলভোগ নিঃশেষ হইলেই দেহের প্রয়োজন ফুরাইয়া যায়; ভবন দেহের প্রতনকাল উপস্থিত হয়। উপনিষদ বলিতেছেন—"তদ্য তাবণেব চিরং, যাবৎ ন বিম্যোক্ত অব্য সম্পৎস্যে"। এবং "বিমৃক্তশ্চ বিমৃচ্যতে" অর্থাৎ আত্মন্তর পুরুষের সেই পর্যায়ই বিলম্ব, যে পর্যায়ন্ত দেহ তাঁহাকে ছাড়িয়া না দেয়; দেহপাতের সজেসজেই তাঁহার বিমৃক্তি—ত্রক্ষেতে বিলয় হয়। তিনি জীবদবস্থায়ই অজ্ঞান-বন্ধন হইতে বিমৃক্ত ছিলেন, এখন কেবল দেহ-বন্ধন হইতে বিমৃক্ত হইলেন মাত্রী তথান—

্পিথা নম্বঃ জন্মদানাঃ সমুদ্রেছ-তঃ গচ্ছস্তি নাম-রূপে বিহার। তথা বিঘান নাম-রূপাদ্বিমৃক্তঃ, পরাংপবং পুরুষমুদ্রৈতি দিবাম্॥"

নানাদিগেদশীয় নদনদীসকল বেরপ নিচেদের নাম (গঙ্গা ষমুনা ইত্যাদি) ও রূপ (আকৃতি) পরিত্যাগপূর্বক সমুদ্রে অস্তমিত হয়,—সমুদ্রের সঙ্গে মিলিয়া এক হয়, নামরপাদি-বিভাগ বিলুপ্ত করিয়া সমুদ্রেরপে পরিচিত হয়, বিঘান্—ব্রক্ষাবিদ্ পুরুষও সেইরূপ আপনার নাম ও রূপ অর্থাৎ অজ্ঞানমূলক যতপ্রকার বিভাগ বিভ্যমান ছিল, সে সমস্ত বিভাগ বিসর্ভ্যন দিয়া দেই পরাৎপর পরম পুরুষ পরমান্ত্রীর সহিত মিলাইয়া যান, ভাঁহাতে ভার ব্রক্ষেতে বিন্দুমাত্রও পার্থকা থাকে না, উভরে এক ছইয়া বান—"ত্রক্ষাবিদ্ ত্রক্ষৈব ভবতি"। ইহাই জীবের বিদেহ মুক্তি বা নির্ববাণ। ইহারই অপর নাম কৈবল্য, ইহাই জীবের পরমানন্দময় চিরবিগ্রামভূমি। এখানেই জীবের জীব-ভাব বিলুপ্ত হইয়া বার। এত্যানে যাইয়া কেহই আর ফিরিয়া আসে না, ইহাই শেষ বা চরম অবস্থা, "ন স পুনরাবর্ত্তে, ন স পুনরাবর্ত্তে"—

# "অনাহ্রতিঃ শব্দাৎ, অ<mark>নাহ্রতিঃ শব্দাৎ।"</mark> ডিণসংহার ]

প্রবৃদ্ধের শেষভাগে জন্মান্তর-চিন্তাপ্রসঙ্গে অন্তর-বিজ্ঞনির্বিধ্ শেষে মনুষ্ণানীতেরই মৃত্যুকালীন অবস্থা, পুণ্যাত্মা লোকদিগের চন্দ্রাদিলোকে গভি, গভিক্রম, প্রভ্যাবর্তনের পদ্ধতি, পাপীলোক-দিগের নরকে গভি ও ভোগশেষে পুনরায় স্থাবরাদি জন্মপ্রাপ্তি, এবং অতান্ত অধম লোকদিগের ক্রু প্রাণিরপে জন্ম-মরণ প্রভৃতি বিষয় বিস্তৃতভাবে বলা হইয়াছে, এখানে সে সকল বিষয়ের পুনরুক্তি অনাবশ্যক। ভাহার পর, অপরা বিছার উপাসকগণের উৎক্রমণ-প্রণালী, ব্রহ্মালেকে গভি ও পথের পরিচয়াদিসম্বন্ধেও যাহা বলা হইয়াছে, এবং পরাবিছার সেবক— জীবন্মুক্তদিগেরও মুক্তিলাভের সম্বন্ধে যাহা বলা ইইয়াছে, ভাহাই পর্যাপ্ত হইয়াছে, এবং সে সম্বন্ধে যাহা বলা ইইয়াছে, ভাহাই প্রত্যাং সে সমুদ্র বিষয়ের পুনরায় আলোচনা অনাবশ্যক মনে ইইভেছে; কিন্তু মুক্তির স্বরূপসম্বন্ধে যথেষ্ট মতভেদ আছে; বিশেষভঃ এ পর্যাপ্ত মুক্তিসম্বন্ধে যাহা কিছু বলা হইয়াছে, সে সমস্তই প্রধানতঃ বেদান্তের—বিশেষ চঃ আচার্য্য শঙ্করের অভিনত কথা মাত্র, কিন্তু সে কথার সকলে সম্মতি জ্ঞাপন করেন না, বরং কেছ কেছ সে কথার বিরোধী মতবাদও প্রচার করিয়াছেন। এই কারণে মুক্তিসম্বন্ধে পুনরায় কিঞ্চিৎ আলোচনা করা আবশ্যক বোধ হইতেছে। বলা আবশ্যক যে, এই আুলোচনার সমান্তিতেই আমরা এই প্রবন্ধের পরিসমান্তি করিব।

ভারতীয় আন্তিক সমাজে মুক্তিবাদ স্বীকার করেন না, এরপ লোক নাই বলিলেও অত্যুক্তি করা হয় না। আত্যন্তিক তৃঃখ-নিরন্তিরপ মুক্তি অস্বীকার করা নান্তিকের পক্ষেও সম্ভবপর হয় কি না, সন্দেহের বিষয় (১)। মুক্তিবাদ সর্ববাদিস্মাত হুইলেওঁ উহার উপায় ও অবস্থাসম্বন্ধে যথেষ্ট মতভেদ দেখিতে পাওয়া যায়। প্রচলিত হৈতবাদ, অবৈত্বাদ, শুদ্ধাহৈতবাদ (২), বিশিন্টাহৈতবাদ

আচার্য্য শহরের অভিমন্ত অবৈত্বাদ বিশুদ্ধ অবৈত্বাদনামে পরিচিত, কিছু আমরা স্থানে স্থানে কেবল 'অবৈত্বাদ' বা 'ওদ্ধ অবৈত্বাদ' বলিয়াছি, ভাষা বেন কেছ ভলভাচার্য্যের 'মত' বলিয়া গ্রহণ না করেন।

<sup>(</sup>১) নান্তিক সম্প্রদায়ও ত্:থের আতান্তিক অভাব ও পংমীনন্দ-ভোগ, ইহাই জীবনের সারসর্বস্ব—পরম প্রুযার্থ বালয়া মনে করেন, স্বভরাং ভাহাদের পুক্ষেও উক্ত প্রাংগর মুক্তি অস্বীকার্যা না হইতে পারে।

<sup>(</sup>২) বৈতবাদ, প্রধানতঃ ন্তায়, বৈশেষিক ও জৈমিনিব সমত।
আবৈতবাদ অর্থে বিশুদ্ধাবৈতবাদ বুঝিতে হইবে, তাহা আচার্য্য শকরের
আভিমত, শুদ্ধাবৈতবাদ ভল্লভাচার্য্যের অন্থ্যোদিত। বিশিষ্টাবৈতবাদ
আচার্য্য রামান্ত্রের, দৈতাবৈতবাদ নিশার্কসম্প্রদায়ের এবং অভিন্তাভেদাজেদবাদ গৌড়ীয় বর্ণদেব প্রভৃতির অভিমত।

ও বৈতাবৈত্বাদ প্রভৃতি বাদবাহুল্যই মুক্তিবাদে এত বিবাদ ঘটাইয়াছে। এখানে সে সকল মতবাদের বিস্তৃত বিবরণ প্রদান করা সম্ভবপর না হইলেও, সংক্ষেপতঃ যতটা সম্ভব, আমরা কেবল তাহাই বলিয়া নিবৃত্ত হইব, অভিজ্ঞ পাঠক, নিজেই সে সকলের ভাল মন্দ্ বিচার করিয়া পরিভূষ্ট হইবেন।

মুক্তিসম্বন্ধে নৈয়ায়িক পণ্ডিভগণ বলেন— অজ্ঞান বা প্রান্তিজ্ঞানই জীবের সর্ববিধ দুঃখের কারণ,— জঁনাত্মা দেহেন্দ্রিয়াদিতে
আজ্মন্তম হয় বলিয়াই লোকে দেহাদির অনিষ্ট-সম্ভাবনায় দুঃখের
ভীষণ-চ্ছবি হৃদয়ে প্রভাক্ষ করিয়া থাকে। উক্ত অজ্ঞানের
অবসান না হওয়া পর্যান্ত এ দুঃখধারা অবিচ্ছেদে চলিতে থাকে;
একমাত্র জ্ঞানোদয়ে উহার অনসান ঘটে। লোক যখন আ্লা
ও অনাত্মার প্রকৃত তত্ত্ব প্রভাক্ষ করিতে সমর্থ হয়, তখনই প্রান্তিমূলক এই দুঃখধারার সম্পূর্ণ বিনাশ বা বিচ্ছেদ হয়, এবং তখনই
জীব আভ্যন্তিক দুঃখনিবৃত্তিরূপ মৃক্তির শান্তিময় ক্রোড়ে চিরবিশ্রোমলাত করিতে সমর্থ হয়।

মৃক্তিদশায় জীবাত্মার কোন ইন্দ্রিয় থাকে না, মনও থাকে না; সুভরাং তদবস্থায় জ্ঞান, ইচ্ছা বা স্থগতঃখাদিবোধ কিছুই থাকে না; এবং পরমাত্মা পরমেশ্বরের সহিত মিলিয়াও এক ইয় না। আত্মা তখন অচেতন কাষ্ঠ-পাষাণাদির ভায়ে আপনার ভাবে আপনি অবস্থান করেন।

বৈশেষিক মতাবলম্বা পণ্ডিতগণও মুক্তিদম্বন্ধে প্রায় সর্ববাংশেই নৈয়ায়িকমতের প্রতিধ্বনি করেন। তাহারাও পরমাত্মা হইতে



জাবাজ্মার সম্পূর্ণ স্বাভম্তা স্বীকার করেন, এবং মুক্তিদশার ভাষার কোনপ্রকার বিশেষ গুণ বা স্থ্যত্থাদির সমুভূতি থাকে না, এ কথা স্বীকার করেন। অধিকস্তু নিজাম ধর্ম্মের অমুশীলনই মুক্তিলাভের উপায় বলিয়া নির্দ্ধেশ করিয়া থাকেন।

বৈতাবৈত্বাদী ও অচিন্তা-ভেদাভেদবাদী পণ্ডিতগণ বলেন—পরমাত্মার সহিত জীবাত্মার অত্যন্ত ভেদও নাই, অত্যন্ত অভেদও নাই; পরমার্থিতঃ অভেদ থাকিলেও ব্যবহারতঃ উভ্যের ভেদ আছে, এবং সেই ভেদ চিরকাল আছে ও চিরকাল থাকিবে; স্থতরাং জীব ক্ষনও পরমাত্মার সহিত মিলিয়া এক হইয়া যাইবে না। ভগবানের সালোকা সাযুজ্যাদি অব্যাপ্তিই জীবের মৃক্তি। ভগবৎসন্নিধানে পাকিয়া ভাঁহার সের্বা-রসাত্মাদই মৃক্তির চরম কল। ভক্তিসহকারে ভগবদারাধনাই ঐরূপ মৃক্তিলাভের একমাত্র উপায় ইড্যাদি।

বিণিফ্টাবৈতনাদী পণ্ডিতগণ আবার এ কথায় 3 সমুফ্ট হন না।
তাঁগারা বলেন—"ঈশ্বন্দিদিচিচেতি পদার্থ-ত্রিতয়ং হরিং" ঈশ্বর,
চিৎ (ক্লাব) ও অচিৎ (ক্লড় পদার্থ), এই তিন পদার্থ ই ভগবান
শ্রীহরির রূপ, অর্থাৎ এক শ্রীহরিই ঈশ্বরূপে, চেতন জীবরূপে
এবং অচেতন জগৎরূপে প্রকাশিত হইয়া লীলা করিতেছেন।

বুক্দের শাখা-প্রশাখা প্রভৃতি অংশগুলি পরস্পর বিভিন্ন হইলেও, ঐ সমন্ত অংশবিশিষ্ট বৃক্ষ যেমন এক, তেমনি জীব ও জড়বর্গ-পরস্পর বিভিন্ন হইলেও, তদ্বিশ্রিষ্ট ভগবান্ শ্রীহরি মূলতঃ এক। চেতন ও অচেতনবর্গ হইতেছে বিশেষণ, আর ভগবান্ 🕮 হরি বা বাস্থদেব হইতেছেন ঐ সকলের বিশেষ্য। বিশেষণগুলি প্রস্পর ভিন্ন হইলেও বিশিষ্ট বস্তুটী ভিন্ন হয় না— এক অদ্বিতীয়ই থাকে ; এইজন্ম উক্ত সিদ্ধান্তকে 'বিশিষ্টাদৈতবাদ' বলা হয়। এমতে ঈশ্বর যেমন সত্যু, জীবও তেমনই সত্যু, এবং উহাদের বিভাগও সত্য, •কোনুকালে বা কোন অবস্থায়ই মূল পদার্থ শ্রীহরির সঙ্গে উহারা এক হইয়া যাইবে না, মুক্ত অবস্থায়ও হইবে না। তদবস্থায় জীব ভগবৎ-ধামে যাইয়া তাঁহার প্রমানন্দ-বিভব পূর্ণমাত্রায় অমুভব করিতে থাকেন, এবং পূর্ণমাত্রায় তাঁহার সেবাধিকার লাভ করিয়া থাকেন, ইহারই নাম মুক্তি। কৰ্ন্ত আপ্পনাকে 'ভগবান'—"অহং এক্লাম্মি<sup>"</sup> বলিয়া চিন্তা করিনে না; করিলে অপরাধী হইবে। ভক্তিই মুক্তিলাভের 'একমাত্র উপায়। গুণাম্মৃতি (নিরস্তর শ্মরণ করা) ও উপাসনা-প্রজৃতি শব্দ ভক্তিরই নামান্তর মাত্র। জীবদবন্দায় কেহই মুক্ত হইতে পারে না; স্তরাং জগতে জীবমাুক্ত <sup>ব</sup>লিয়া কেহ ছিল না, বর্ত্তমানেও নাই, এবং ভবিশ্বতেও হইবে না। শাল্তে বে, দীবশুক্তের কথা আছে, তাহা কেবল প্রশংসাবাদমাত্র, ব।স্তবিক সত্য নহে, ইত্যাদি ইত্যাদি।

সাংখ্যদর্শনের ভাষ্যকার বিজ্ঞানভিক্ষু বেদাস্তদর্শনের উপরে একটী ভাষ্য রচনা করিয়াছেন। তিনি এক নৃতন সিদ্ধাস্ত দ্বাপন করিতে প্রয়াস পাইয়াছেন। তাঁহার মতে জীবমাত্রই ব্রক্ষের অংশ, এবং সংখ্যায় অনস্ত। প্রত্যেক জীবই বিভূ— সর্ববিষ্যাপী, নিভা চৈতশ্বস্করপ এবং সমানস্বভাব ও অবিভক্তভাবে অবন্ধিত; এই কারণে শান্ত্রে জীবকে এক ( অবিভাগলকণ একর্বিশিষ্ট ) বলা ছইয়াছে। কোন জীবই প্রক্ষকে আপনার সক্ষে অভিন্নভাবে চিন্তা করিবে না। আত্মাকে জানিলেই আত্ম-বিষয়ক অভ্যান বিনষ্ট হইয়া বায়, তখন আত্মার স্বরূপ অভিব্যক্ত হইয়া পড়ে, ইহাই জীবের মৃদ্ধি, কিন্তু জীব কখনও প্রক্ষের সক্ষে এক হইয়া যায় না ইত্যাদি। ইহা ছাড়া আরও বহু আচার্য্য আছেন, যাহারা বেদান্তদর্শনের ব্যাখ্যা বা তাৎপর্যা-প্রকাশচ্ছলে আপনাদের বিভিন্নপ্রকার মতবাদ প্রকাশ করিয়া-ছেন, এবং কোন কোন অংশে মৃক্তিসন্থক্ষেও স্বতন্ত্র মত প্রকাশ করিয়াছেন; এখানে আর সে সকল মতের স্বতন্ত্র মত প্রকাশ করিয়াছেন; এখানে আর সে সকল মতের স্বতন্ত্র মত প্রকাশ আবশ্যক মনে হইতেছে না। বেকর্যটি মতবাদ বর্ণিত হইল, তাহাদ্বারাই অপরাপর মতেরও অধিকাংশ তত্ত্ব বলা হইল বৃথিতে হইবে। অতঃপর আচার্য্য শঙ্করের অভিমত নিশুদ্ধ অবৈত্রবাদির দুই একটীমাত্র কথা বলিয়াই বক্তব্য শেষ করিছেছে।

আচার্য্য শক্ষরের' অভিমত অবৈতবাদে প্রধান আলোচা বিষয় তিনটী -- জীব, জগৎ ও ব্রহ্ম । তন্মধ্যে ব্রহ্মই এক-মাত্র প্রমার্থ সত্যা, জীব ও জগৎ তাঁহাতে কল্লিভ মাত্র । এই কল্লনার মূল হইতেছে—মায়া । ব্রহ্মেতে যে একটা শক্তি আছে, বাহা সংক্ত অসংক্রপে, কিংবা সদসং—উভয়াত্মক ক্রপে অনির্কাচনীয়, তাতাই মায়া অবিদ্যা ও অভ্যান প্রভৃতি নামে পরিচিত । সেই অনির্বর্চনীয় মায়ার প্রভাতেই এক অভিতায় ব্রহ্মে বৈতভাব (জীব ও জগৎভেদ) আরোপিত হইয়া থাকে। এই আরোপ যে, কোন শুভ মুহূর্ত্তে কল্পিড হইয়াছে, অথবা কতকাল হটতে চলিয়া আদিতেছে, তাহা নির্ণয় করা মানব-বুদ্দির অসাধ্য। অসাধ্য বলিয়াই আজ পর্যান্ত কেই ইহার আদি অন্ত অবধারণ কহিতে পারেন নাই। প্রাচীন আঁচার্য্য ও ঋষিগণের মধ্যে অন্যুকে এ বিষয়ে তুফ্ষীস্তাব অবলম্বন করিয়া তৃপ্তিবোধ করিয়াছেন. আর যাহারা নিতান্ত তর্কপ্রিয়, তর্কের অধিকার অসীন বলিয়া গর্ববান্মুভব করেন, তাহারাও কিয়দ্দুর অগ্রসর হইবার পরই তর্কের পথ অবক্লদ্ধ দেখিয়া সবিশ্বয়ে নিতৃত্ত ছইয়াছেন; তাহাদিগকে লক্ষ্য করিয়া বিদ্যারণ্যসামী বলিয়াছেন—

"নিক্নপরিত্মারকে নিথিলৈরপি পণ্ডিতৈঃ।
 অজ্ঞানং পুরতিভেষাং ভাতি কক্ষান্ত কান্ত্চিং"॥ (পঞ্চশী)

অর্থাৎ ভগতের নিখিল পণ্ডিতমন্তলী একত্রিত হইয়াও যদি এই কুরহ কৈ পিছত নিরপণ করিতে প্রবৃত্ত হন, তাহা হইলেও কিয়দ্র অগ্রসর হইবার পরেই তাহাদের সম্মুখে নিবিড় অন্ধকারপূর্ণ এমন সমস্ত তর্কের বিষয় উপস্থিত হয়, যেখানে তাহাদের ক্ষীণ জ্ঞানালোক কিছুই করিতে পারে না। ইহা ব্ঝিয়াই আচার্য্যাণ তারস্বরে স্প্তি-প্রবাহের অনাদিভাব ঘোষণা ক্রিয়াছেন—

"জীব ঈশো বিশুদ্ধা চিং, বিভাগণ্ট তয়োদ গোঁ: । অবিদ্যা তাঁচেতোৰ্যোগঃ বড়মাকমনাদয়ঃ" ॥ ( সংক্ষেপ শারীরক ) অর্থাৎ জীব, ঈশ্বর ( মায়োপহিত এমা ), বিশুদ্ধা চিৎ ( পর-এমা ), জীবেশ্ব-বিভাগ, অবিদ্যা ও অবিদ্যার সহিত এক্ষোর বোগ, এই ছয়টা পদার্থ আমাদের (বৈদান্তিকগণের) মতে অনাদি,
অর্থাৎ উক্ত ছয়টা বিষয়ের আদি নাই; ইহা আমাদের স্বীকৃত বিষর,
এ সকল বিষয়ে আর তর্কের অবসর নাই। উক্ত ছয়টা পদার্থের
মধ্যে বিশুদ্ধা চিৎ (পরব্রহ্ম) ছাড়া আর সমস্তই অনিত্য বা ধ্বংসের
অধীন। এমন দিন আসিতে পারে, যে দিন, আবের জীবভাব,
ঈশ্বরের ঈশ্বরভাব ও মায়ার স্বরূপ ও সন্তাব পর্যান্ত বিলুপ্ত হইয়া
যাইবে; স্কুতরাং তখন জগৎ, জীব ও মায়া বলিয়া কোন পদার্থ
থাকিবে না। তবে সেরূপ দিন যে, কবে আসিবে, অথবা মোটেই
আসিবে না, তাুহা কেহ বলিতে পারে না।

জীবভাব ও ঈশরভাব অনিত্য বা বিনাশীল ইইলেও ক্রীবচৈত্র ও ঈশর-চৈতনা অনিত্য নহে, উহা স্বরূপতঃ ব্রহ্ম হইতে ভিন্ন
বা পৃথক্ পদার্থ নহে, পরস্ক ব্রহ্ম-চৈতনাস্বরূপ। ব্রহ্ম-চৈতনাই
মায়া ও অন্ধঃকরণরূপ উপাধিযোগে জীবেশরভাব প্রাপ্ত ইইয়া
থাকেন; কাজেই উহাদের স্বরূপোচেছদ হওয়া কখনই সম্ভবপর
হয় না, কিন্তু জগৎ সন্থরে সেকণা বলা চলে না; কারণ, উহা
স্বরূপতই অসত্য—রক্জুতে ব্রুম-কল্লিত সর্পের নাায় বস্তুতই
উহা মিথা।; কাজেই উহাব স্বরূপোচেছদ হইতে পারে। এখানে
এ কথাও বলা আবশ্যক যে, জগৎ মিথা। বা অসত্য হইলেও
'আশ্ভিম্ব' বা আকাশ-কুসুমের ন্যায় অভ্যন্ত অসৎ প্রদার্থ নহে,
উহারও একটা সন্তা আছে, কিন্তু সে সন্তা উহার নিজস্ক নহে।
রক্জুতে কল্লিত সর্প যেমন রক্জুর সন্তায়ু সন্তাবান্ হয়, তেমনি
ব্রক্ষোভে মায়া-কল্লিত জগৎও ব্রক্ষা-সন্তায় সন্তায়ুক্ত হয়ঃ

মুতরাং ব্রহ্মসাক্ষাৎকারে মায়ার অবসান না হওয়া পর্যান্ত জীব ও জগৎ অক্ষত দেহে অবস্থান করিবেই করিবে, পক্ষান্তরে ব্রহ্মসাক্ষাৎকারের পর জ্ঞানীর দৃষ্টিতে আর জীব ও জগতের মৃতন্ত্র সূত্রা থাকে না, কেবল ব্রহ্মস্তাই সর্বব্র প্রতিভাত হইতে থাকে।

কিন্তু ঐরপ সাক্ষাৎকারলাভ সকলের ভাগ্যে সন্তবপর হয় না; এইজক্ত, বাহারা মন্দাধিকারী, তাহারা চিত্ত-শুদ্ধি সম্পাদনের জক্ত নিকাম কর্মপথ অবল্যন করিবেন। যাহারা মধ্যমাধিকারী, ৬:কারা সুগুণ ত্রেলাপাসনায় মনোনিবেশ করিবেন। আর বাঁহারা উক্তম্পিকারী, তাঁহারাই কেবল পরাবিদ্যার অনুশীলনে রক্ত ইবৈন। শম-দমাদি সাধন-সম্পত্তি ও বিবেক-বৈরাগ্যাদি সদ্শ্রণালীই জীবকে উত্তমাধিকার প্রদান করে। সে সকল সাধন-সামন্ত্রী ও সদ্গুণাবলী ঐহিকই হউক বা পারলোকিকই হউক, তাহাতে কোনও ক্ষতি বৃদ্ধি নাই। কলকথা, ঐ সমুদয় সাধন-সম্পন্ন ব্যক্তিই উত্তমাধিকারী; এবং তাঁহার পক্ষেই ত্রন্ধা-জিন্তাসা সার্থক বা সক্ষল হইয়া থাকে; অপরের পক্ষে নহে। দীর্ঘকাল পুনঃপুনঃ অক্ষাজিজ্ঞাসার কলে উত্তমাধিকারী পুরুষের হাদকে আত্মজ্ঞান অন্কুরিত হইয়া থাকে। আলোক ব্যতীত ষেমন অন্ধকার বিন্মই হয় না, তেমনি আত্মজ্ঞান ব্যতীতও আত্মবিষয়ক অজ্ঞান অপনীত হয় না; ইহাই সর্ববাদিসম্মত চিরস্তন নিয়ম।

পূর্বেই বলিয়াছি বে, আচার্য্য শঙ্করের মতে জীব ও এক একই পদার্থ। অবিভা বা অন্তঃকরণরূপ উপাধিদারা উভয়ের বিভাগ কল্লিভ হয়; তাহাতেই অনাত্মা দেহেন্দ্রিয়াদিতে আত্মবৃদ্ধি উপন্থিত হয়। এই অজ্ঞানই—ভান্তিজ্ঞানই জীবের প্রকৃত বন্ধন—ক্ষত্মখাদিময় সংসারের কারণ। জীব-ত্রন্ধের একইজ্ঞানে সেই অজ্ঞান ও তন্মূলক বন্ধের নিবৃত্তি হয়। বন্ধনিবৃত্তি আর মৃক্তি একই কথা। জীব চিরদিনই মৃক্ত কেঘল অজ্ঞানে বে, বন্ধন-বৃদ্ধি উৎপাদন করিয়াছিল, এখন আত্মজ্ঞানপ্রভাবে সেই অজ্ঞান অপনীত হওয়ায় জীবের স্বাভাবিক ত্রন্ধভাবে পেই অজ্ঞান অপনীত হওয়ায় জীবের স্বাভাবিক ত্রন্ধভাব আপনা হইতেই প্রকাশ পাইল মাত্র। জ্ঞানোদয়ের পর জীবের পূর্বস্বিক্ত পুণ্য-পাপ বিনইত হয়, ক্রিয়মাণ কর্ম্মানিও ক্রপ্রায় হয়ুর্ব্বির প্রায় ক্রের ভাগের ক্রের ক্রের ভাগের ক্রের ক্রের ভাগের ক্রের ক্রের ভাগের হয় ক্রের ত্রাণ চলিতে থাকের প্রক্রির ক্রের প্রতির ক্রের প্রভাগের ক্রের প্রভাগের ক্রের প্রভাগের ক্রির আপনার ক্রির প্রভাগের ক্রির প্রভাগের ক্রির আপনার নামর পাদি-বিভাগের ক্রিয়া আইদে না—

"ন স পুনরাবর্ততে, ন স পুনরাবর্ততে।" "ব্রক্সহিদ, ত্রমোব ভবতি।"

R. R. No. 41495 G. R. No. 41495 LIBRARY



# IDEAL BINDERS.